(বাল্মীকীয়ং

রামায়ণম্

(গৌড়ীয়-পাঠসম্বলিতম্)

লোকনাথ-চক্রবর্ত্তিকৃত-টীকয়া টীকান্তরসারভূয়িষ্ঠ-টিপ্পন্যা
বঙ্গানুবাদ-পাঠান্তরাদিভিশ্চ সমলঙ্কৃতম্

আদিকাণ্ডাত্মকম্

কলিকাতা-বিশ্ববিদ্যালয়াধ্যাপকেন এম্-এ, পি-এচ-ডি বিরুদবতা
শ্রীঅমরেশ্বরঠাকুরেণ
সংস্কৃতা—

'মেট্রোপলিটান প্রিন্টিং এণ্ড পাবলিশিং হাউস্ লিঃ'
ইত্যেতস্য কর্ত্তৃভিঃ
'৫৬নং ধর্ম্মতলা ষ্ট্রীট্ কলিকাতা'
ইত্যাখ্যস্থানাৎ প্রকাশিতম্।

বক্তব্য

ভগবৎকৃপায় রামায়ণের আদিকাণ্ড সম্পূর্ণ হইল। যে সময়ে সম্পূর্ণ হওয়া উচিত ছিল, নানা বিঘ্ন বশতঃ ঠিক সেই সময়ের মধ্যে ইহা সম্পূর্ণ করিতে পারি নাই বলিয়া গ্রাহক ও অনুগ্রাহক বর্গের নিকট আন্তরিক দুঃখ নিবেদন করিতেছি। রামায়ণ সম্পাদনসম্বন্ধে এইস্থলে একটী কথা না বলিলে আমার কর্ত্তব্যের হানি হইবে বলিয়া মনে করি। রামায়ণ সম্পাদনের প্রধান উদ্যোক্তা ছিলেন আমার পরমারাধ্য গুরুদেব শ্রীযুক্ত নগেন্দ্রনাথ সিদ্ধান্তরত্ন মহাশয়। মূলে তাঁহার উদ্যোগ উৎসাহ এবং সহযোগ না থাকিলে হয়ত রামায়ণ সম্পাদনের ন্যায় বৃহৎ কার্য্যের কথা আমি ভাবিতেই পারিতাম না। গ্রাহকবর্গ অবশ্যই অবগত আছেন, প্রথম দুইখণ্ড আমাদের উভয়েরই সম্পাদকতায় প্রকাশিত হইয়াছিল। পরে নানা কারণ বশতঃ তিনি তাঁহার নাম রামায়ণের সহিত সংশ্লিষ্ট রাখিতে অসমর্থ হয়েন, কাজেই পরের খণ্ডগুলি মাত্র আমারই নামে বাহির হইয়াছে। অবশ্য তাঁহার নাম রামায়ণে না থাকিলেও তিনি নানাভাবে ইহার সম্পাদনবিষয়ে আমাকে উপদেশ ও সাহায্য প্রদান করিয়া আসিতেছেন এবং আমার আশা আছে, তাঁহার আশীর্ব্বাদে আমি এই কার্য্য সম্পূর্ণ করিতে পারিব।

আর একটী লোক আমাকে নিরবচ্ছিন্নভাবে সাহায্য না করিলে হয়ত এই কার্য্যে অগ্রসর হওয়া আমার পক্ষে অসাধ্য হইত। তিনি সংস্কৃত সাহিত্য পরিষদের অন্যতর আচার্য্য সুপণ্ডিত শ্রীযুক্ত উপেন্দ্রমোহন সাংখ্যতীর্থ। এই গ্রন্থে হয়ত ভ্রম প্রমাদ ত্রুটী অনেক পরিলক্ষিত হইবে, কিন্তু সাংখ্যতীর্থ মহাশয় যদি ইহার জন্য অক্লান্ত যত্ন ও পরিশ্রম না করিতেন তাহা হইলে তাহাদের সংখ্যা বহুল পরিমাণে বাড়িয়া যাইত, ইহা নিঃসন্দেহ। আমি তাঁহার নিকট বিশেষভাবে ঋণী।

মেট্রোপলিটান প্রিণ্টিং এণ্ড পাবলিশিং হাউস্ রামায়ণের মুদ্রণাদি কার্য্যের ভার গ্রহণ করিয়া আমাকে এতৎসম্পর্কীয় আর্থিক চিন্তা হইতে মুক্তিপ্রদান করিয়াছেন, আমি ইহার কর্ত্তৃপক্ষের নিকট সশ্রদ্ধ কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছি।

মেট্রোপলিটান প্রিণ্টিং এণ্ড পাবলিশিং হাউস, লিঃ,
৫৬নং ধর্ম্মতলা ষ্ট্রীট্, কলিকাতা।
১৫ই ফাল্গুন, ১৩৩৮।

আশ্রব—
শ্রীঅমরেশ্বর ঠাকুর

ভূমিকা

বাল্মীকিকৃত সংস্কৃত রামায়ণ দেশভেদে বিভিন্ন আকার ধারণ করিয়াছে, ইহা সুধী ব্যক্তি মাত্রই অবগত আছেন। কুশী লবগণের মুখে মুখে চলিত রামায়ণ যে বিভিন্ন দেশের পণ্ডিতগণের হস্তে বিভিন্ন আকার ধারণ করিবে তাহাতে আশ্চর্য্যের বিষয় কিছুই নাই। জানিনা একই রামায়ণ এই ভাবে কত বিভিন্ন দেশে কত বিভিন্ন রূপ ধারণ করিয়াছিল, জানিনা বিভিন্ন আকারের বহু রামায়ণ কালক্রমে লুপ্ত হইয়াছে কিনা। তবে এখন আমরা যে সমস্ত রামায়ণ দেখিতে পাই তাহা 'বোম্বে দেশীয়', 'বঙ্গদেশীয়' এবং 'পঞ্জাব দেশীয়' এই তিন শ্রেণীতে বিভক্ত হইতে পারে। এই তিন দেশের রামায়ণের মধ্যে পরস্পর পার্থক্য খুব বেশী এবং এই রামায়ণ ত্রয়ের প্রত্যেকেরই বহুল অংশ অন্য দুই রামায়ণ হইতে সম্পূর্ণ নূতন। বোম্বের রামায়ণের অনেক সংস্করণ আমরা মুদ্রিত দেখিতে পাই, বাঙ্গালার রামায়ণ ইউরোপে একবার মুদ্রিত হইয়াছিল তাহা এখন দুষ্প্রাপ্য। পঞ্জাবের রামায়ণ সম্পূর্ণ এখনও প্রকাশিত হয় নাই, কিছুদিন হইল ইহার অযোধ্যা কাণ্ড মাত্র প্রকাশিত হইয়াছে। বঙ্গীয় রামায়ণের ভূমিকা লিখিতে হইলে অন্য দেশের রামায়ণের সহিত ইহার পার্থক্য কোথায়, ইহার নিজস্ব বৈশিষ্ট্য কিছু আছে কিনা, ইহার আলোচনা সমাদর ও প্রচার কিরূপ ছিল, এই সমস্ত বিষয়ের বিচারই অবশ্যম্ভাবী হইয়া পড়ে। মাত্র আদিকাণ্ড ধরিয়া এই সমস্ত বিষয়ের বিচার সম্ভবপর নহে বলিয়া এই স্থানে বিস্তৃত ভূমিকা লিখিবার প্রয়াস হইতে বিরত থাকিয়া সাধারণভাবে রামায়ণের আদিকাণ্ডসম্বন্ধে দুই একটী কথা বলিব।

রামায়ণের আদিকাণ্ড রামায়ণের অবশিষ্টাংশের পরে রচিত বলিয়া Jacobi প্রমুখ ইউরোপীয় পণ্ডিতবৃন্দ সিদ্ধান্ত করিয়াছেন। এই সিদ্ধান্ত আমাদের দেশেও দৃঢ়মূল হইয়াছে। যে যুক্তি অবলম্বন করিয়া ইউরোপীয় পণ্ডিতগণ এই সিদ্ধান্তে উপনীত হইয়াছেন তাহা প্রধানতঃ এই* :—

(ক) রামায়ণের আদিকাণ্ডে দুইটী সূচীপত্র (table of contents) আছে, একটী প্রথম সর্গে এবং অপরটী তৃতীয় সর্গে। প্রথম সূচীপত্রটীতে আদিকাণ্ডের কোন ঘটনার উল্লেখ নাই।

(খ) আদিকাণ্ডে বর্ণিত ঘটনার সহিত পরবর্ত্তী কাণ্ডসমূহে বর্ণিত ঘটনার অনেক অসামঞ্জস্য পরিলক্ষিত হয়।

এই যুক্তি দুইটী বিচারসহ কিনা তাহাই আলোচ্য। এই স্থলে প্রথমেই বক্তব্য যে, ইউরোপীয় পণ্ডিতগণ যাহাকে আদিকাণ্ডের ঘটনা-পরিবর্জ্জিত সূচীপত্র বলিয়া ধরিয়া লইয়াছেন তাহা সূচীপত্ররূপে পরিগণিত হইতে পারে কিনা, ইহাতে সন্দেহ আছে। ব্যাপারটী এই—নারদ আসিয়া বাল্মীকির আশ্রমে উপস্থিত হইয়াছেন। বাল্মীকি তপস্বিপ্রবরের নিকট ঔদার্য্যাদি

* Macdonell's History of Sanskrit Literature, P. 304.

অসংখ্য সদ্‌গুণের উল্লেখ করিয়া তাঁহাকে জিজ্ঞাসা করিলেন, 'এই পৃথিবীতে কোন্ ব্যক্তি এই সমস্ত সদ্‌গুণের অধিকারী?' নারদ বাল্মীকির প্রশ্নের উত্তরে বলিলেন, 'তুমি বহু অথচ দুর্লভ গুণের উল্লেখ করিয়াছ, এই পৃথিবীতে কোন এক ব্যক্তিতে এত গুণ থাকা সম্ভবপর নহে; তবে যে পুরুষরত্ন এই সমস্ত সদ্‌গুণের আধার তাঁহার বিষয় বলিতেছি, শ্রবণ কর।' ইহা বলিয়া তিনি রামচন্দ্রের নাম উল্লেখ করিলেন এবং বলিলেন, 'রাম সংযতাত্মা, জিতেন্দ্রিয়, ধৈর্য্যশালী এবং তুমি আরও যে সকল গুণের কথা বলিয়াছ, সেই সমস্ত গুণসম্পদেও বিভূষিত।' তিনি তাহার পরেই বলিলেন, 'এইরূপ গুণবান্ পুত্রকে রাজা দশরথ যৌবরাজ্যে অভিষিক্ত করিতে ইচ্ছা করিয়াছিলেন, কিন্তু দৈবদুর্বিপাকে তাহা হইয়া উঠিল না কৈকেয়ীর ষড়যন্ত্রে সমস্ত পণ্ড হইয়া গেল।' কবি এই স্থানে রামচন্দ্রের বনবাস হইতে আরম্ভ করিয়া সংক্ষেপে রামায়ণের সমস্ত বৃত্তান্তের উল্লেখ করিয়াছেন। ইহাতেই ইউরোপীয় পণ্ডিতগণ বলেন—যেহেতু সূচীপত্রে আদিকাণ্ডের ঘটনাসমূহ বাদ দিয়া রামায়ণের অন্যান্য ঘটনার উল্লেখ করা হইয়াছে, সেইজন্য বুঝিতে হইবে, আদিকাণ্ড অন্যান্য কাণ্ডসমূহের সহিত একত্র বর্ত্তমান ছিল না—অন্যান্য কাণ্ড রচিত হওয়ার অনেক পরে আদিকাণ্ড রচিত হইয়াছিল।

বাল্মীকির প্রশ্ন ও নারদের উত্তর একটু অনুধাবন করিয়া দেখিলেই এই যুক্তির অসারতা প্রতিপন্ন হইবে। বাল্মীকি গুণসমূহ উল্লেখ করিবার সময় প্রধানতঃ উল্লেখ করিয়াছেন হৃদয়ের মহত্ত্বব্যঞ্জক ঔদার্য্যাদিগুণসমূহের (১।১।৩)। নারদও বাল্মীকির প্রশ্নের উত্তর দানপ্রসঙ্গে ঐ সমস্ত গুণের প্রতি লক্ষ্য রাখিয়াই সাধারণভাবে বলিয়াছেন—রাম সংযতাত্মা, ধৃতিমান্, জিতেন্দ্রিয় (১।১।১২)। ইহার পর রামচন্দ্র সম্বন্ধে যদি বিশেষ করিয়া কিছু বলিতে হয়, তাহা হইলে বাল্মীকির প্রশ্নের ও নারদের উত্তরের আদিতে উল্লিখিত, হৃদয়ের মহত্ত্বব্যঞ্জক ঔদার্য্য সংযম প্রভৃতি গুণের পরিচায়ক ঘটনাবলীর উল্লেখই আবশ্যক হইয়া পড়ে। রামের ঔদার্য্য, সংযম প্রভৃতি গুণের পরিচয় পাওয়া যায় পিতৃপ্রতিশ্রুতিরক্ষার জন্য তাঁহার বনগমনসঙ্কল্পের সময় হইতে। আদিকাণ্ডে রামের হৃদয়ের মহত্ত্বদ্যোতক ঘটনা অতি অল্পই আছে। সম্ভবতঃ এই জন্যই কবি এই স্থানে আদিকাণ্ড-বর্ণিত ঘটনার প্রতি লক্ষ্য করেন নাই।

আমাদের মত এই যে, প্রথম সর্গে যে ঘটনাবলীর সংক্ষেপে উল্লেখ করা হইয়াছে তাহা সূচী-পত্র প্রণয়ন করিবার উদ্দেশ্যে নহে; রামের গুণাবলীর জ্বলন্ত দৃষ্টান্ত প্রদর্শন করিবার উদ্দেশ্যে। যদি ধরিয়াই লওয়া যায় যে, প্রথম সর্গে বাস্তবিকই রামায়ণের একটী সূচীপত্র পাওয়া যায় এবং এই সূচীপত্রটী প্রমাণরূপে গণ্য, তাহা হইলে প্রশ্ন হইতে পারে ইহা কোন্ কাণ্ডের অন্তর্গত? যদি অযোধ্যাকাণ্ডের অন্তর্গত হয়, তাহা হইলে বোম্বের এবং বাঙ্গালার উভয় রামায়ণেই ইহা আদি-কাণ্ডের অন্তর্ভুক্ত হইল কিরূপে? যদি বলা যায় সূচীপত্রটী আদিকাণ্ডেরই অন্তর্গত, তাহা হইলে বুঝিতে হইবে, ইহা রচিত হওয়ার সময় আদিকাণ্ডের অস্তিত্ব ছিল। যদি তাহাই হয়, তাহা হইলে উপরি উক্ত কারণ ব্যতিরেকে আদি কাণ্ডের ঘটনা ইহাতে উল্লেখ না করিবার অন্য কোনও কারণ কল্পনা করা যায় না। এই সমস্ত কারণে ইহাই মনে করা সঙ্গত যে, যাহাকে ইউরোপীয় পণ্ডিত-

গণ সূচীপত্র আখ্যা দিয়াছেন, তাহা প্রকৃতপক্ষে সূচীপত্র নহে, বাল্মীকির প্রশ্নের সম্যক্‌রূপে উত্তরপ্রদান করিবার নিমিত্ত রামচন্দ্রের বিষয়ে কতকগুলি ঘটনার উল্লেখ মাত্র। সূচীপত্র প্রকৃতপক্ষে পাই আমরা আদিকাণ্ডে তৃতীয় সর্গে। বোম্বে এবং বাঙ্গলার উভয় রামায়ণেই এই সর্গে সংক্ষেপে সকল কাণ্ডের ঘটনাবলী উল্লিখিত হইয়াছে। সূচীপত্রসম্বন্ধেও বাঙ্গলার রামায়ণের একটু বৈশিষ্ট্য পরিলক্ষিত হয়। এই রামায়ণে তৃতীয় সর্গের * সূচীপত্রটী অপেক্ষাকৃত বিস্তৃত এবং ইহাতে আদি হইতে উত্তর পর্য্যন্ত সমস্ত কাণ্ডেরই নাম স্পষ্টভাবে উল্লিখিত দেখিতে পাই। এই সূচীপত্রটীর আধুনিকত্ব কল্পনা করিবার কোনও কারণ নাই। ইহা মূল রামায়ণের সমসাময়িক বলিয়াই মনে হয়। কারণ, এই সূচীপত্রে যে সমস্ত ঘটনার উল্লেখ আছে, মূল রামায়ণে সেই সমস্তের বর্ণনা পাওয়া যায় না। দৃষ্টান্ত স্বরূপে আমরা দুই একটী স্থলের উল্লেখ করিতে পারি। সূচীপত্রে অমাত্যবর্ণনের পরেই কৌশল্যার বর্ণনার উল্লেখ (১।১।৪) দেখিতে পাই; কিন্তু মূল রামায়ণে আদিকাণ্ডে কৌশল্যার বর্ণনা নাই। সূচীপত্রে আদিকাণ্ডের শেষ ভাগে অযোধ্যাবাসিগণের প্রমোদ (১।৪।২৮) উল্লিখিত আছে, কিন্তু মূল রামায়ণে আদিকাণ্ডে ইহার বিশেষ কোন বর্ণনা পাওয়া যায় না। ইহাতে মনে হয় সূচীপত্ররচনার সময় রামায়ণে যে সমস্ত ঘটনা বর্ণিত বা সন্নিবিষ্ট ছিল, তাহা কালক্রমে অংশতঃ লুপ্ত হইয়াছে। কাজেই রামায়ণের পূর্ণ কলেবর যখন বিদ্যমান ছিল, এই সূচীপত্র সেই সময়ের এবং একই কবির রচিত—ইহাতে সংশয় করিবার কোন কারণ নাই। তবে প্রশ্ন হইতে পারে যে, বাল্মীকি-প্রণীত রামায়ণেই প্রথম চারি সর্গে বাল্মীকির প্রশ্ন, শিষ্যগণের প্রতি বাল্মীকির উক্তি, বাল্মীকির কাব্যরচনা-বিবরণ প্রভৃতির কিরূপে সঙ্গতি হইবে। এই প্রশ্নের সমাধান দুরূহ নহে। উক্তি-প্রত্যুক্তি এবং ঘটনার বিবরণের সহিত স্বীয় নাম সংসৃষ্ট রাখা সংস্কৃত গ্রন্থকারগণের লিখিবার একটী প্রণালীবিশেষ ইহা সংস্কৃতাভিজ্ঞ ব্যক্তিমাত্রেই অবগত আছেন। বঙ্গীয় রামায়ণের টীকাকার লোকনাথ চক্রবর্ত্তী বলেন,—'মনুপ্রণীত মানব ধর্ম্মশাস্ত্র যেমন ভৃগু সঙ্কলন করিয়াছিলেন সেইরূপ বাল্মীকি-প্রণীত রামায়ণও তাঁহার কোন শিষ্য সঙ্কলন করিয়া গিয়াছেন।' মনুসংহিতায় যেমন 'মনুরুবাচ' 'মনুরব্রবীৎ' প্রভৃতি বাক্য দেখা যায়, রামায়ণেও সেইরূপ 'বাল্মীকিঃ পরিপপ্রচ্ছ' 'বাল্মীকির্বিস্ময়ং যযৌ'—ইত্যাদি বাক্য দৃষ্টিগোচর হয়।

ইউরোপীয় পণ্ডিতগণ আর একটী যুক্তির অবতারণা করেন—আদি কাণ্ডের বর্ণিত ঘটনার সহিত পরিবর্ত্তী কাণ্ড সমূহের বর্ণিত ঘটনার অসামঞ্জস্য লক্ষিত হয়—ইহা পূর্ব্বে বলা হইয়াছে। আমরা একটী মাত্র স্থল—যেখানে তাঁহারা এই অসামঞ্জস্য দেখাইয়াছেন—প্রদর্শন করিব। আদিকাণ্ডে লক্ষ্মণের বিবাহ বর্ণিত আছে। অরণ্য কাণ্ডে (বোম্বে ১৮ সর্গ এবং বঙ্গীয় ২৪ সর্গ) যখন শূর্পণখা আসিয়া রামচন্দ্রকে ভর্ত্তৃরূপে পাইবার আকাঙ্ক্ষা জানায়, তখন রামচন্দ্র বলিলেন 'আমি

---

* গোরেসিওর পুস্তকে যাহা চতুর্থ সর্গ, বাঙ্গলার হস্তলিখিত প্রায় সমস্ত পুস্তকে তাহা তৃতীয় সর্গ এবং গোরেসিওর তৃতীয় সর্গ এই সকল পুস্তকে চতুর্থ সর্গ।

বিবাহিত, লক্ষ্মণ অকৃতদার, তাঁহাকে ভজনা কর এই অসামঞ্জস্য লক্ষ্য করিয়া বৈদেশিক পণ্ডিতগণ বলিয়াছেন আদিকাণ্ডে যে লক্ষ্মণের বিবাহ বর্ণিত আছে তাহা প্রক্ষিপ্ত অর্থাৎ পরে রচিত। এখানে জিজ্ঞাস্য এই, যদি প্রক্ষিপ্তই হইবে তাহা হইলে কি প্রয়োজনবোধে ইহা প্রক্ষিপ্ত হইয়াছে। লক্ষ্মণের বিবাহ আদিকাণ্ডে বর্ণিত না থাকিলে যে রামায়ণ অশুদ্ধ হইয়া যাইত তাহা নহে। যাঁহারা এই প্রক্ষেপের কর্ত্তা তাঁহারা কি এই জাজ্বল্যমান অসামঞ্জস্য লক্ষ্য করিতে পারেন নাই? লক্ষ্মণের বিবাহব্যাপারে বস্তুতঃ কোন প্রকার অসামঞ্জস্য আছে বলিয়াই আমরা মনে করি না। টীকাকারগণ অবশ্য 'অকৃতদার,' শব্দের 'অসহকৃতদার' 'অসন্নিহিত কলত্র' প্রভৃতি ব্যাখ্যা দ্বারা অসামঞ্জস্য নিরাকরণে প্রয়াস পাইয়াছেন। আমরা বলি, এইরূপ ব্যাখ্যার কোনও প্রয়োজন নাই। কারণ, রামচন্দ্র যে শূর্পণখাকে পরিহাস মাত্র করিয়াছিলেন তাহা অরণ্য কাণ্ডের ঐস্থান হইতেই স্পষ্ট প্রতীয়মান হয়। একটু পরেই শূর্পণখাকে কবি 'পরিহাসানভিজ্ঞা' বলিয়া উল্লেখ করিয়াছেন।

এইরূপ অসামঞ্জস্য দুই-এক স্থানে থাকিতে পারে। অসামঞ্জস্যের পরিহার যে সর্ব্বত্রই সম্ভব তাহাও নহে। কিন্তু দুই একটা অসামঞ্জস্যের উপর নির্ভর করিয়া বা সামান্য হেত্বন্তর প্রদর্শন করিয়া কোনও সমগ্র গ্রন্থের বা অধ্যায়ের অস্তিত্ব-নাস্তিত্ব-নির্দ্ধারণ বা পৌর্ব্বাপর্য্যনিরূপণ আদৌ নিরাপদ্ নহে বলিয়াই আমরা মনে করি। রামায়ণের ন্যায় বৃহৎ গ্রন্থ ঠিক একই দিনে রচিত হয় নাই এবং ইহার কাণ্ডগুলির মধ্যে আপেক্ষিক পৌর্ব্বাপর্য্য আছে ইহা বুঝিতে বিশেষ কষ্ট হয় না, কিন্তু একটা দীর্ঘকালব্যাপী যুগ ছিল—যখন রামায়ণের সমগ্র আদিকাণ্ড বিদ্যমানই ছিল না—এইরূপ সিদ্ধান্তের বিনিগমক হেতু আমরা কিছু দেখিতে পাই না।

বাঙ্গলার রামায়ণের বৈশিষ্ট্য সম্পর্কে এই স্থানে কিছু বলিব না বলিয়া স্থির করিলেও একটী বিষয়ের উল্লেখ করিবার লোভ সংবরণ করিতে পারিতেছি না। রাম ও সীতার প্রণয়-বর্ণনপ্রসঙ্গে আমরা বঙ্গীয় রামায়ণে দুইটী শ্লোক দেখিতে পাই। শ্লোক দুইটী এই—

প্রকৃত্যৈব প্রিয়া সীতা রামস্যাসীন্মহাত্মনঃ।
প্রিয়ভাবঃ স তু তয়া স্বগুণৈরভিবর্দ্ধিতঃ॥
তথৈব রামঃ সীতায়াঃ প্রাণেভ্যোঽপি প্রিয়োঽভবৎ।
হৃদয়ং হ্যেব জানাতি প্রীতিযোগং পরস্পরম্॥

(আদিকাণ্ড। ৭৮)

এই শ্লোক দুইটী বোম্বের রামায়ণে নাই। অবশ্য পঞ্জাবের রামায়ণে আছে কিনা তাহা দেখিবার সুযোগ পাই নাই। ভবভূতিকৃত উত্তর রাম চরিতের ষষ্ঠ অঙ্কে রামের সহিত যখন লব ও কুশের সাক্ষাৎ হয়, রাম জিজ্ঞাসা করিলেন 'তোমরা রামায়ণ পাঠ করিয়াছ কিনা'। তাহারা বলিল আমরা সমগ্র রামায়ণই পাঠ করিয়াছি, তবে দুইটী মাত্র শ্লোক আমাদের কণ্ঠস্থ আছে। রাম সেই শ্লোক দুইটী শুনিবার আগ্রহ প্রকাশ করিলে তাহারা আবৃত্তি করিল—

তথৈব রামঃ সীতায়াঃ প্রাণেভ্যোঽপি প্রিয়োঽভবৎ।
হৃদয়ং ত্বেব জানাতি প্রীতিযোগং পরস্পরম্॥
প্রকৃত্যৈব প্রিয়া সীতা রামস্যাসীন্মহাত্মনঃ।
প্রিয়ভাবঃ স তু তয়া স্বগুণৈরভিবর্দ্ধিতঃ॥

বলা বাহুল্য রামায়ণের শ্লোক দুইটীর মধ্যে ও উত্তর চরিতের শ্লোক দুইটীর মধ্যে পার্থক্য নাই বলিলেও চলে। ভবভূতি খৃষ্টীয় সপ্তম শতাব্দীর লোক। সেই সুদূর অতীতেও বঙ্গের বাহিরে বঙ্গীয় রামায়ণের প্রচলন ছিল এবং ভবভূতির ন্যায় পণ্ডিত ব্যক্তির হৃদয়ও ইহার প্রতি আকৃষ্ট হইয়াছিল বলিয়া আমাদের বিশ্বাস।

আদিকাণ্ডে অহল্যার আখ্যান একটী লক্ষ্য করিবার বস্তু। কারণ এই গল্পটী আমাদের প্রাচীন সামাজিক অবস্থার উপর প্রভূত পরিমাণে আলোকপাত করে।

এই আখ্যান বীজাকারে আমরা বৈদিক সাহিত্যে দেখিতে পাই। বৈদিক সাহিত্যে (শতপথ ব্রাহ্মণ ৩।৩।৪।১৮, জৈমিনীয় ব্রাহ্মণ ২।৭৯, ষড়্‌বিংশ ব্রাহ্মণ ১।১ এবং তৈত্তিরীয় আরণ্যক ১।১২) ইন্দ্র 'অহল্যায়ৈ জার' অর্থাৎ অহল্যার উপপতি বলিয়া বর্ণিত হইয়াছেন। গল্পটী পরিপুষ্টি লাভ করিয়াছে পরবর্ত্তী রামায়ণাদি গ্রন্থে। ইন্দ্র কামার্ত্ত হইয়া গৌতমের অনুপস্থিতি কালে গৌতমের বেশ ধারণ করতঃ তাঁহার আশ্রমে আসিয়া উপস্থিত হইলেন। গৌতম-পত্নী অহল্যা তাঁহাকে দেখিয়া চিনিতে পারিলেন কিন্তু ইন্দ্রের প্রতি কুতূহল বশতঃ (দেবরাজকুতূহলাৎ) তিনি প্রবৃত্তি দমন করিলেন না, ব্যভিচারিণী হইলেন। গৌতম আসিয়া দেখিতে না পান এইজন্য ইন্দ্র তাড়াতাড়ি আশ্রম হইতে বহির্গত হইবার চেষ্টা করিলেন, কিন্তু কার্য্যতঃ তাহা হইয়া উঠিল না—গৌতম আশ্রমে প্রত্যাবর্ত্তন করিয়া গৌতমরূপী ইন্দ্রকে দেখিয়া ফেলিলেন। ইন্দ্রকে এই বেশে দেখিয়াই তিনি সমস্ত বুঝিতে পারিলেন এবং তাঁহাকে অভিশাপ দিলেন 'তুমি বৃষণরহিত হও'। অহল্যাকে তিনি অভিশাপ দিলেন 'পাপীয়সি, যেহেতু তুমি ঈদৃশ দুষ্কার্য্য করিয়াছ এই জন্য তুমি বহুকাল অবলম্বনহীনা, ভস্মশায়িনা এবং লোকের অদৃশ্যা হইয়া নিরন্তর সন্তাপ অনুভব করত এই বনে অবস্থান কর। রামচন্দ্র এই বনে আগমন করিলে তাঁহার আতিথ্য করিয়া তুমি পাপ-মুক্তা হইবে এবং আমার সহিত মিলিত হইতে পারিবে'। এইরূপ অভিশাপ প্রদান করিয়া গৌতম তপস্যার জন্য হিমালয়ে গমন করিলেন। কালক্রমে রামচন্দ্র গৌতমাশ্রমে আসিয়া উপস্থিত হইলেন এবং পাপনির্ম্মুক্তমূর্ত্তি অন্যের অদৃশ্যা অহল্যাকে দেখিয়াই তাঁহার পদধারণ করিলেন। অহল্যাও রামের যথাযোগ্য আতিথ্য করিয়া পূর্ব্বাবস্থা প্রাপ্ত হইলেন। গৌতম দিব্য দৃষ্টিতে এই সমস্ত প্রত্যক্ষ করিয়া হিমালয় হইতে আশ্রমে প্রত্যাবর্ত্তন করিলেন এবং অহল্যাকে গ্রহণ করিয়া তাঁহার সহিত পুনরায় তপস্যা করিতে লাগিলেন। জনকপুরোহিত গৌতমপুত্র শতানন্দ বিশ্বামিত্রের মুখে মাতার শাপমুক্তিবৃত্তান্ত ও সৌভাগ্যের বিষয় অবগত হইয়া অপরিসীম আনন্দ অনুভব করিলেন। রামায়ণে বর্ণিত (বঙ্গীয় রামায়ণ ১।৪৯—৫০, বোম্বে রামায়ণ ১।৪৮—৪৯) কথাংশের ইহাই সংক্ষিপ্ত বিবরণ।

এই আখ্যানে ইহাই আমাদের লক্ষ্য করিবার বিষয় যে, অহল্যা গৌতমবেশধারী ইন্দ্রকে চিনিতে পারিয়াও পাপে লিপ্ত হইয়াছিলেন এবং গৌতমও এই জ্ঞানকৃত অপরাধের জন্য তাঁহাকে চিরদিনের জন্য বর্জ্জন করেন নাই। তিনি অভিশাপচ্ছলে পত্নীকে প্রায়শ্চিত্তেরই ব্যবস্থা দিয়াছিলেন এবং এই কঠিন প্রায়শ্চিত্ত দ্বারা তাঁহার মন পাপপরিশূন্য হইলে পুনরায় তাঁহাকে গ্রহণ করিয়াছিলেন।

রামায়ণ আদিকাব্য বলিয়া প্রসিদ্ধ। ইহার বয়স সম্বন্ধে অনেক মতামত থাকিলেও, ইহা যে খ্রীষ্টের জন্মের বহু পূর্ব্বে রচিত তাহাতে কাহারও সন্দেহ নাই। কাজেই রামায়ণে বর্ণিত অহল্যার গল্প একটী অতি প্রাচীন কালের ভাবধারারই সাক্ষ্য বহন করিতেছে। ভাবধারাটী এই—আজন্মশুদ্ধা নারীর যদি কদাচিৎ স্খলন হয় এবং তাহা যদি ইচ্ছাকৃতও হয় তাহা হইলেও তিনি সমাজ এবং স্বামী ও পুত্র কর্ত্তৃক বর্জ্জনীয়া হইবেন না। অনুতাপাদি কার্য্যদ্বারা তাঁহার প্রায়শ্চিত্ত হইতে পারে এবং ইহাতে তাঁহার মন পবিত্র হইলে সমাজের আদর্শ পুরুষও তাঁহার চরণবন্দনা করিতে কুণ্ঠাবোধ করেন না। প্রাচীন ধর্ম্ম শাস্ত্রাদিতেও আমরা এই ব্যবস্থাই দেখিতে পাই। ধর্ম্মশাস্ত্রে সাধ্বী নারীর বহু প্রশংসা এবং ব্যভিচারিণী নারীর বহু নিন্দা আছে সত্য, কিন্তু ক্বচিৎ ব্যভিচারের জন্যই নারী বর্জ্জনীয়া হইবে এই ব্যবস্থা কুত্রাপি নাই—আছে মনোদুষ্টা এবং কর্ম্মদুষ্টা নারীর শাস্তির বিধান এবং প্রায়শ্চিত্তের বিধান (মনু ৫।১০৮, ১১।১৭৭—১৭৮, বশিষ্ঠ ৩।৫৮, ২১।৮, ১২—১৩, বিষ্ণু ৮।৮)। পরবর্ত্তী যুগে এই আদর্শের পরিবর্ত্তন হইয়াছিল এবং জ্ঞানকৃত অপরাধ অমার্জ্জনীয় বলিয়া বিবেচিত হইত, ইহাই মনে হয়। কারণ এই অহল্যার গল্পটীই রামায়ণের পরবর্ত্তী পুরাণাদি গ্রন্থে ভিন্ন আকার ধারণ করিয়াছে। মহাভারতে (উদ্যোগ-পর্ব্ব ১২।৬, শান্তিপর্ব্ব ৩৫১।২৩) অহল্যাকে ইন্দ্রধর্ষিতা বলিয়া দেখিতে পাই। অধ্যাত্ম রামায়ণেও (১।৫) ইন্দ্র অহল্যাকে ধর্ষণ করিয়াছিলেন বলিয়াই উল্লিখিত আছে। অহল্যার অমতে বা অজ্ঞানে ইন্দ্র তাঁহার উপর অত্যাচার করিয়াছিলেন 'ধর্ষণ' কথাটী দ্বারা ইহাই প্রতিপন্ন হয়। ব্রহ্মপুরাণে (৮৭) স্পষ্টই উল্লিখিত রহিয়াছে, অহল্যা ইন্দ্রকে জানিতে না পারায় তাঁহার পাপ-প্রস্তাবে সম্মত হইয়াছিলেন। রামায়ণমঞ্জরী গ্রন্থ খ্রীষ্টীয় একাদশ শতাব্দীতে রচিত। বোম্বের, বাঙ্গালার এবং পঞ্জাবের রামায়ণ পর্য্যালোচনা করিয়া ক্ষেমেন্দ্র এই উপাদেয় গ্রন্থ সরল সংস্কৃতপদ্যে রচনা করেন। ক্ষেমেন্দ্রের সময় অহল্যা প্রাতঃস্মরণীয়া রমণীতে পরিণত হইয়াছেন। তিনি কিরূপে ঈদৃশ পুণ্যবতী অহল্যাকে স্বেচ্ছাকৃতব্যভিচারসম্পন্না বলিয়া বর্ণনা করিতে পারেন? কাজেই অহল্যা ইন্দ্রকে জানিতে পারেন নাই, এইরূপ বলিয়া ক্ষেমেন্দ্রকে অহল্যার সাধ্বীত্ব প্রতিপন্ন করিতে হইয়াছে (রামায়ণমঞ্জরী ১।৩০১)।

সমাজের বৃহত্ত্বের বা পরিপুষ্টির যতই সঙ্কোচ হয়, ব্যক্তির উপর কঠিনতা ততই বৃদ্ধি পাইতে থাকে। ইদানীন্তন সমাজের সতীত্বের আদর্শও তাহারই সাক্ষ্য প্রদান করিতেছে। ইচ্ছাকৃতই হউক অনিচ্ছাকৃতই হউক আজ কাল নারীর স্খলন সমাজ ক্ষমা করিতে চায় না। ফলে বারবনিতার বৃত্তি বা উদ্বন্ধনে প্রাণত্যাগ স্খলিতা নারীর অবলম্বনীয় হইয়া পড়ে। যাহারা অতি সহিষ্ণু তাহারা

সমাজের অজ্ঞাত কোণে নিত্য অব্যবহার্য্য অবস্থায় থাকিয়া অতি দুঃখের দিন যাপন করে। এই অবস্থায় প্রতীকারের চেষ্টা করিয়াছিলেন কয়েক শত বৎসর পূর্ব্বে অন্যতম স্মৃতিকার দেবল। দেবলস্মৃতি (আনন্দাশ্রম সংস্কৃত গ্রন্থাবলী—স্মৃতীনাং সমুচ্চয়ঃ) মুসলমানগণের ভারতবিজয়ের পরে রচিত বলিয়া মনে হয়। ম্লেচ্ছগণ নারীর উপর অত্যাচার করিলে লঘু প্রায়শ্চিত্তের দ্বারাই সে সমাজ এবং স্বামীর দ্বারা পরিগৃহীতা হইতে পারে এই স্মৃতিতে এইরূপ ব্যবস্থাই দেখিতে পাওয়া যায়। এতটা উদার মত পোষণ করে বলিয়াই বোধ হয় এই স্মৃতিখানি নিবন্ধকারগণের নিকট ততটা শ্রদ্ধা লাভ করিতে পারে নাই।

আজকাল শক্তির অভাবেই হউক বা কারণান্তরেই হউক নারীর ধর্ষণ দৈনন্দিন ব্যাপার হইয়া দাঁড়াইয়াছে। ধর্ষিতা নারীর প্রতি আমাদের কর্ত্তব্য কি তাহা ভাবিবার বিষয়। অহল্যার গল্পটী এই ভাবনার পথে দিগ্‌দর্শন করুক, ইহা কামনা করি।

সর্ব্বশেষে বঙ্গীয় রামায়ণের টীকাসম্বন্ধে দুই একটী কথা বলিয়া এই ভূমিকার উপসংহার করিব।

পাশ্চাত্ত্য রামায়ণের বহু টীকা থাকিলেও বঙ্গীয় রামায়ণের টীকা মাত্র একখানি আমরা দেখিতে পাই। টীকাখানি লোকনাথ চক্রবর্ত্তিকৃত এবং ইহার নাম মনোহরা। লোকনাথ চক্রবর্ত্তী যশোহরের লোক। পণ্ডিতাগ্রগণ্য মহামহোপাধ্যায় শ্রীযুক্ত ফণিভূষণ তর্কবাগীশ মহাশয় ইঁহারই বংশের লোক। লোকনাথ চৈতন্যদেবের সমসাময়িক লোক বলিয়া প্রসিদ্ধ। কথিত আছে, তিনি বৈষ্ণব ধর্ম্ম গ্রহণ করায় তাঁহার সমাজ তাঁহাকে অশ্রদ্ধার চক্ষুতে দেখিতে থাকে। লোকনাথ চক্রবর্ত্তীর বংশের একটী পণ্ডিতের নিকট তৎকৃত টীকার পাণ্ডুলিপির অনুসন্ধান করিয়াছিলাম। তিনি বলিলেন 'লোকনাথ চক্রবর্ত্তী আমাদিগকে ত্যাগ করিয়া যাওয়ার পর নবদ্বীপে বসিয়াই লেখা পড়া করিয়াছেন কাজেই আমাদের নিকট তাঁহার কিছুই নাই'।

লোকনাথ চক্রবর্ত্তীর টীকা বিস্তৃত নহে এবং ইহা যে খুব পাণ্ডিত্যপূর্ণ এ কথাও আমরা দৃঢ়তার সহিত বলিতে পারি না। অনেক স্থলেই অনেক অশুদ্ধি এবং অসামঞ্জস্য লক্ষ্য করিয়াছি। অবশ্য ভাল আদর্শলিপিও আমরা পাই নাই।

লোকনাথ তাঁহার পূর্ব্ববর্ত্তী দুইজন টীকাকারের নাম এবং মধ্যে মধ্যে তাঁহাদের মত উল্লেখ করিয়াছেন। এই দুইজন টীকাকারের নাম সর্ব্বজ্ঞ ও বিমলবোধ। ইঁহাদিগকে যে তিনি খুব শ্রদ্ধার চক্ষুতে দেখিতেন তাহার প্রমাণ পাওয়া যায় তাঁহার নমস্কার শ্লোক হইতে। তিনি তাঁহার টীকায় নিঘণ্টু, শব্দার্ণব, অমর, ভূরিপ্রয়োগ প্রভৃতি কোষের নাম উল্লেখ করিয়াছেন। তিনি মেদিনী প্রভৃতি আরও অনেক কোষ ব্যবহার করিয়াছেন, কিন্তু তাহাদের নাম কোথাও স্পষ্ট উল্লেখ করেন নাই।

লোকনাথের বৈশিষ্ট্য এই যে, তিনি টীকা করিতে গিয়া বহু আদর্শ লিপি (manuscript) পর্য্যালোচনা করিয়াছেন এবং টীকার মধ্যে ভিন্ন ভিন্ন পাঠ সন্নিবিষ্ট করিয়াছেন। বোম্বের রামায়ণের সঙ্গে তাঁহার পরিচয় ছিল, ইহা তাঁহার টীকা আলোচনা করিলেই বুঝা যায়। তিনি বোম্বের রামায়ণের শ্লোক উদ্ধৃত করিয়া তাহা পাশ্চাত্ত্যসাম্প্রদায়িক শ্লোক বলিয়া স্পষ্টই নির্দ্দেশ করিয়াছেন (প্রথমসর্গের ৩৪-৩৫ শ্লোকের টীকা দ্রষ্টব্য)।

আদিকাণ্ড-সূচী

প্রথম সর্গ [১]

নারদের প্রতি বাল্মীকির নানা দুর্ল্লভগুণসমন্বিত মানববিষয়ক প্রশ্ন—(১-৬)। উত্তরদান-প্রসঙ্গে নারদকর্ত্তৃক ইক্ষ্বাকুবংশপ্রভব রামের বাল্মীকিপ্রোক্ত গুণসমূহের অধিকারিতাকথন—(৭)। রামের গুণকীর্ত্তন—(৮-১৪)। রামনাম নির্ব্বচন—(১৫)। সংক্ষেপে রামচরিতবর্ণন—(১৫-৪১)। রামায়ণ পাঠ ও শ্রবণের ফল—(৪২-৪৩)।

দ্বিতীয় সর্গ [২]

নারদের বাক্যে বাল্মীকির বিস্ময়, বাল্মীকিকর্ত্তৃক রামচন্দ্রের উদ্দেশে মনে মনে পূজা, নারদের প্রতি সৎকার ও নারদের দেবলোকে গমন—(৪৪)। বাল্মীকির তমসাতীরে গমন—(৪৫)। বাল্মীকিকর্ত্তৃক শিষ্য ভারদ্বাজের নিকট তমসাতীর্থের প্রশংসা—(৪৫-৪৬)। আশ্রম হইতে বল্কল আনয়নের জন্য ভারদ্বাজকে আদেশ প্রদান, ভারদ্বাজের বল্কল আনয়ন, বাল্মীকির তমসাজলে স্নান ও তর্পণ—(৪৬-৪৭)। তমসাতীরস্থ বনে বিচরণশীল ক্রৌঞ্চমিথুন দর্শন, অলক্ষিতভাবে আগত কোনও ব্যাধকর্ত্তৃক ক্রৌঞ্চের বধ—(৪৭)। নিহত ক্রৌঞ্চকে দেখিয়া ক্রৌঞ্চীর বিলাপে বাল্মীকির মনে কারুণ্যের উদয়—(৪৮)। বাল্মীকিকর্ত্তৃক 'মা নিষাদ'—এই বাক্য উচ্চারণ—(৪৯)। 'মা নিষাদ' এই বাক্যের শ্লোকত্ব—(৫০)। সশিষ্য বাল্মীকির ধ্যানমগ্ন চিত্তে অবস্থান ও বাল্মীকির আশ্রমে ব্রহ্মার আগমন—(৫১)। বাল্মীকি-কর্ত্তৃক ব্রহ্মার পূজা—(৫২)। ব্রহ্মার উপবেশন, শোকপরায়ণ বাল্মীকির পূর্ব্বোচ্চারিত 'মা নিষাদ' এই শ্লোকের আবৃত্তি এবং ব্যাধের নিন্দা—(৫৩)। বাল্মীকির প্রতি ব্রহ্মার উক্তি এবং শ্লোকে রামচরিত বর্ণনের উপদেশ—(৫৪-৫৬)। ব্রহ্মার অন্তর্ধান, শিষ্যগণের 'মা নিষাদ' এই শ্লোক আবৃত্তি, বাল্মীকির রামায়ণরচনার সঙ্কল্প এবং রামায়ণ প্রণয়ন—(৫৭-৬০)।

তৃতীয় সর্গ [৩]

রামের রাজ্যপ্রাপ্তির পর বাল্মীকির রামায়ণরচনাবৃত্তান্ত, রামায়ণ রচিত হইলে তাহা বাল্মীকির নিকট ঋষিগণের ও লবকুশের শ্রবণ, রামায়ণের প্রতিপাদ্য, রামের অশ্বমেধাবসানে লব ও কুশকর্ত্তৃক রামায়ণ কীর্ত্তন—(৬১-৬৩)। আদিকাণ্ডের সংক্ষিপ্ত বিবরণ ও শ্লোকসংখ্যা—(৬৩-৭০)। অযোধ্যাকাণ্ডের সংক্ষিপ্ত বিবরণ ও শ্লোকসংখ্যা—(৭০-৭৪)। অরণ্যকাণ্ডের সংক্ষিপ্ত বিবরণ ও শ্লোকসংখ্যা—(৭৪-৮১)। কিষ্কিন্ধ্যা কাণ্ডের সংক্ষিপ্ত বিবরণ ও শ্লোকসংখ্যা—(৮১-৮৬)। সুন্দরকাণ্ডের সংক্ষিপ্ত বিবরণ ও শ্লোকসংখ্যা—(৮৬-৯২)। লঙ্কাকাণ্ডের সংক্ষিপ্ত বিবরণ ও শ্লোকসংখ্যা—(৯২-১০৩)। উত্তরকাণ্ডের সংক্ষিপ্ত বিবরণ ও শ্লোকসংখ্যা—(১০৩-১১১)। রামায়ণ পাঠের ফল—(১১২)।

---

* সূচীমধ্যস্থ সংখ্যাগুলি পত্রাঙ্ক বলিয়া বুঝিতে হইবে।

চতুর্থ সর্গ [৪]

[চতুর্থ সর্গে তৃতীয় সর্গ-বর্ণিত বৃত্তান্তেরই পুনরুল্লেখ]

নারদের নিকট কাব্যের মূলীভূত বস্তু অবগত হইয়া বাল্মীকির কাব্যপ্রণয়নচিন্তা—(১১৩-১১৪)। রামায়ণের বৃত্তান্তসমূহ—(১১৪-১২২)। ত্রিকালদর্শী মুনিকর্ত্তৃক তপস্যা ও যোগবলে রামায়ণোক্ত বৃত্তান্তের প্রত্যক্ষভাবে দর্শনানন্তর কাব্যরচনা—(১২২-১২৩)। লব ও কুশকর্ত্তৃক বাল্মীকির চরণবন্দনা, জগতে প্রচারের জন্য বাল্মীকির নিকট লব ও কুশের রামায়ণ অধ্যয়ন—(১২৩-১২৬)। বাল্মীকিকর্ত্তৃক আদিষ্ট হইয়া কুশ ও লবের ঋষিগণের সভায় রামায়ণ গান—(১২৭-১২৮)। ঋষিগণের আনন্দ ও প্রশংসা এবং লব ও কুশকে পারিতোষিক প্রদান—১২৯-১৩১)। অশ্বমেধ যজ্ঞকালে রামকর্ত্তৃক লব ও কুশের প্রশংসা শ্রবণ এবং তাঁহাদিগকে বিশ্বস্ত লোকদ্বারা অযোধ্যায় আনয়ন—(১৩২)। ঋত্বিগ্‌বর্গ, রাজন্যবর্গ এবং মুনি ও পৌরজানপদ-পরিবেষ্টিত রামের রামায়ণগান শ্রবণ (১৩৩-১৩৫)।

পঞ্চম সর্গ [৫]

অযোধ্যাবর্ণন—(১৩৬-১৪৬)।

ষষ্ঠ সর্গ [৬]

দশরথের বর্ণন—(১৪৭-১৪৮)। দশরথের সুশাসন ও প্রজাবর্গের সুখসমৃদ্ধি—(১৪৮-১৫৫)। পুরীরক্ষার ব্যবস্থাবর্ণন—(১৫৫-১৫৯)।

সপ্তম সর্গ [৭]

দশরথের মন্ত্রিদ্বয় এবং অমাত্যগণের নাম ও তাঁহাদের গুণকথন—(১৬০-১৬৭)।

অষ্টম সর্গ [৮]

অনপত্য দশরথের অপত্যলাভার্থ অশ্বমেধ যজ্ঞ করিবার সঙ্কল্প—(১৬৮)। বশিষ্ঠপ্রমুখ গুরুগণকে আনয়ন করিবার জন্য দশরথের সুমন্ত্রকে অনুরোধ—(১৬৯)। বিভাণ্ডকপুত্র ঋষ্যশৃঙ্গ আসিয়া যে ভাবে লোমপাদের রাজ্যে অনাবৃষ্টি নিবারণ করিবেন, সনৎকুমারের নিকটে শ্রুত সেই বৃত্তান্তের সুমন্ত্রকর্ত্তৃক সংক্ষেপে বর্ণনা—(১৭০-১৭৫)। ঋষ্যশৃঙ্গই দশরথের পুত্রপ্রাপ্তির ব্যবস্থা করিবেন বলিয়া সুমন্ত্র সনৎকুমারের নিকট হইতে যাহা শ্রবণ করিয়াছিলেন, তাহার উল্লেখ—(১৭৬)। ঋষ্যশৃঙ্গের উপাখ্যান বিস্তৃতভাবে বর্ণনা করিবার জন্য দশরথের সুমন্ত্রকে অনুরোধ—(১৭৭)।

নবম সর্গ [৯]

লোমপাদের অমাত্যবর্গ কর্ত্তৃক বারবনিতাগণের সাহায্যে আবাল্য ব্রহ্মচারী ঋষ্যশৃঙ্গকে লোমপাদরাজ্যে আনয়ন করিবার ব্যবস্থা—(১৭৮-১৯২)। বিভাণ্ডককর্ত্তৃক পুত্র ঋষ্যশৃঙ্গের অন্বেষণ—(১৯৩-১৯৪)। ঋষ্যশৃঙ্গের লোমপাদপুরে আগমন ও বারিবর্ষণ—(১৯৫)। লোমপাদ-কর্ত্তৃক ঋষ্যশৃঙ্গের সৎকার—(১৯৫-১৯৬)। স্বকন্যা শান্তাকে লোমপাদকর্ত্তৃক ঋষ্যশৃঙ্গের হস্তে সমর্পণ এবং ঋষ্যশৃঙ্গের লোমপাদরাজ্যে অবস্থিতি—(১৯৬)। বিভাণ্ডকের আশ্রমে প্রত্যাবর্ত্তন—(১৯৭)। [সুমন্ত্রকর্ত্তৃক দশরথের নিকট এই সকল বৃত্তান্তবর্ণন।]

দশম সর্গ [১০]

ঋষ্যশৃঙ্গকে যজ্ঞে বরণ করিয়া দশরথ পুত্র লাভ করিবেন, সুমন্ত্র সনৎকুমারের নিকট হইতে এই ভবিষ্যদ্বাণী যেরূপ শুনিয়াছিলেন তাহার বর্ণনা—(১৯৮-২০১)। ঋষ্যশৃঙ্গকে লোমপাদপুরী হইতে অযোধ্যায় আনয়ন করিবার জন্য দশরথের প্রতি সুমন্ত্রের অনুরোধ—(২০১)। সামাত্য সপুরোহিত দশরথের লোমপাদরাজ্যে গমন (২০২-২০৩)। দশরথের প্রতি লোমপাদের সৎকার এবং লোমপাদের নিকট দশরথের অভিলাষ নিবেদন—(২০৩-২০৪)। ঋষ্যশৃঙ্গের প্রতি লোমপাদের অনুরোধ - (২০৪-২০৬)। শান্তা এবং ঋষ্যশৃঙ্গের সহিত দশরথের অযোধ্যায় আগমন—(২০৬-২০৮)।

একাদশ সর্গ [১১]

বসন্তকাল উপস্থিত হইলে দশরথের অশ্বমেধ যজ্ঞ করিবার সঙ্কল্প—(২০৯)। হোতৃত্বে ঋষ্যশৃঙ্গের বরণ --(২১০)। অন্য হোতৃগণের আনয়ন—(২১১-২১২)। হোতৃগণের নিকট দশরথের সঙ্কল্প নিবেদন—(২১৩)। হোতৃগণের আশ্বাস প্রদান—(২১৪)। যাহাতে যজ্ঞ নির্বিঘ্নে সম্পন্ন হয় তাহার জন্য সুমন্ত্রপ্রভৃতি মন্ত্রিবর্গের প্রতি আদেশ—(২১৪-২১৬)।

দ্বাদশ সর্গ [১২]

যজ্ঞ সম্পাদনের জন্য বশিষ্ঠের প্রতি দশরথের অনুরোধ—(২১৭ ২১৮)। স্থপতি, গণক, লিপিকরপ্রভৃতির আহ্বান—(২১৯)। নিমন্ত্রিত রাজগণ ও ব্রাহ্মণগণের জন্য গৃহনির্ম্মাণ—(২২০)। ভক্ষ্য পানায়প্রভৃতির ব্যবস্থা—(২২১)। ব্রাহ্মণাদি বর্ণচতুষ্টয় এবং রাজগণকে নিমন্ত্রণ করিবার জন্য সুমন্ত্রের প্রতি বশিষ্ঠের আদেশ—(২২২-২২৫)। রাজগণের আনয়নের জন্য স্বয়ং সুমন্ত্রের গমন ও মহর্ষি বশিষ্ঠের নিকট যজ্ঞের আয়োজনবার্ত্তা নিবেদন—(২২৫)। ভৃত্যগণের প্রতি বশিষ্ঠের উপদেশ, রাজগণের আগমন ও তাঁহাদের সৎকার—(২২৬-২২৭)। যজ্ঞের আয়োজন সম্পূর্ণ হইলে যজ্ঞভূমিতে যাওয়ার জন্য রাজার নিকট সুমন্ত্রের নিবেদন—(২২৭)। যজ্ঞারম্ভ—(২২৮)।

ত্রয়োদশ সর্গ [১৩]

সরযূর উত্তর তীরে যজ্ঞভূমি নির্ম্মাণ ও যজ্ঞের পূর্ব্ববর্ত্তী কার্য্যসমূহ—(২২৯-২৩০)। ব্রাহ্মণাদি নিমন্ত্রিতগণের ভোজন ও তৃপ্তি—(২৩১-২৩৪)। অশ্বমেধ যজ্ঞানুষ্ঠান-বর্ণনা—(২৩৫-২৪৭)।

চতুর্দ্দশ সর্গ [১৪]

অশ্বমেধ যজ্ঞাবসানে দশরথের জন্য ঋষ্যশৃঙ্গের পুত্রেষ্টি যজ্ঞ করিবার সঙ্কল্প—(২৪৮)। অশ্বমেধ যজ্ঞে আগত দেবগণের প্রতি দশরথের পুত্রলাভ কামনা পরিপূরণের জন্য ঋষ্যশৃঙ্গের অনুরোধ—(২৪৮-২৫০) ব্রহ্মার নিকট দেবগণের গমন, ব্রহ্মার বরে দৃপ্ত রাবণের অত্যাচার বর্ণন এবং তাহার বধের উপায়নির্ণয়ার্থ ব্রহ্মার নিকট প্রার্থনা—(২৫১-২৫৩)। দেবগণকে ব্রহ্মার আশ্বাস প্রদান ও ব্রহ্মার নিকট বিষ্ণুর আগমন—(২৫৪)। চতুর্ভাগে বিভক্ত

বধে সমর্থ রামকে নিজ হস্তে সমর্পণ করিতে দশরথসমীপে বিশ্বামিত্রের প্রার্থনা জ্ঞাপন—(৩১৫-৩১৭)। বিশ্বামিত্রের বাক্যশ্রবণে দশরথের দুঃখ—(৩১৮)।

ত্রয়োবিংশ সর্গ [২৩]

বিশ্বামিত্রবাক্যের উত্তরদানপ্রসঙ্গে রামের বালকত্ব ও রাক্ষসগণের দুর্জ্জয়ত্বকথনানন্তর দশরথ-কর্ত্তৃক স্বয়ং রাক্ষস-যুদ্ধে যাওয়ার ইচ্ছাপ্রকাশ—(৩১৯-৩২৭)।

চতুর্ব্বিংশ সর্গ [২৪]

দশরথের বাক্যে বিশ্বামিত্রের ক্রোধ—(৩২৮)। বিশ্বামিত্রের ক্রোধ দেখিয়া রামকে বিশ্বামিত্রের সহিত প্রেরণের জন্য বশিষ্ঠের অনুরোধ এবং দশরথকে অভয় প্রদান—(৩২৯-৩৩৩)।

পঞ্চবিংশ সর্গ [২৫]

বশিষ্ঠের বাক্যশ্রবণে দশরথকর্ত্তৃক লক্ষ্মণসহচর রামকে বিশ্বামিত্রের হস্তে প্রদান—(৩৩৪)। রাম ও লক্ষ্মণের বিশ্বামিত্রানুগমন—(৩৩৫-৩৩৬)। বিশ্বামিত্রকর্ত্তৃক রাম ও লক্ষ্মণকে বলা ও অতিবলা নামক বিদ্যাদ্বয় প্রদান ও বিদ্যাদ্বয়ের মাহাত্ম্যখ্যাপন—(৩৩৭-৩৩৯)। রাম ও লক্ষ্মণের বিদ্যাদ্বয় গ্রহণ ও সেই রাত্রি সরযূর তীরে সকলের বাস—(৩৩৯)।

ষড়্‌বিংশ সর্গ [২৬]

প্রাতঃকৃত্য সমাপনানন্তর বিশ্বামিত্রাদির সরযূর নিকটস্থ গঙ্গানদী দর্শন করিতে গমন—(৩৪০-৩৪১)। গঙ্গাতীরে কন্দর্পাশ্রম দর্শন করিয়া তদ্বিষয়ে রাম ও লক্ষ্মণের প্রশ্ন—(৩৪১-৩৪২)। শিবশাপে কিরূপে কন্দর্প দগ্ধ হইয়াছিলেন, বিশ্বামিত্রকর্ত্তৃক তাহার বর্ণনা ও অনঙ্গ নামের নির্ব্বচন—(৩৪২-৩৪৩)। আশ্রমের মুনিগণকর্ত্তৃক বিশ্বামিত্রাদির অভ্যর্থনা—(৩৪৪-৩৪৬)।

সপ্তবিংশ সর্গ [২৭]

নৌকায় সরযূ অতিক্রম—(৩৪৭-৩৪৮)। গঙ্গা-সরযূসঙ্গম বর্ণন ও বিশ্বামিত্রাদির সরযূর দক্ষিণতীরে আগমন—(৩৪৯)। তাড়কাবন দেখিয়া রাম লক্ষ্মণাদির প্রশ্ন—(৩৫০)। মলজ ও করূষনামক সমৃদ্ধ দুইটী জনপদ এই বনে পরিণত হইয়াছে বলিয়া বিশ্বামিত্রের উক্তি, ঐ জনপদ দুইটীর বিবরণ এবং নাম নির্ব্বচন—(৩৫১-৩৫৩)। তাড়কা নামে সুন্দভার্য্যা যক্ষী এই বন অধিকার করিয়া আছে, তাহাকে তুমি বধ কর, রামের প্রতি বিশ্বামিত্রের এই উপদেশ—(৩৫৪-৩৫৫)।

অষ্টাবিংশ সর্গ [২৮]

তাড়কার অসাধারণ বল-বীর্য্য ধারণবিষয়ক প্রশ্নের উত্তরচ্ছলে বিশ্বামিত্রকর্ত্তৃক রামের নিকট তাড়কার ইতিবৃত্ত-বর্ণন—(৩৫৬-৩৫৮)। তাড়কার ন্যায় স্ত্রীবধে পাপ নাই, এইরূপ স্ত্রীবধের দৃষ্টান্ত আরও আছে বলিয়া বিশ্বামিত্রকর্ত্তৃক রামকে উৎসাহপ্রদান—(৩৫৯-৩৬১)।

একোনত্রিংশ সর্গ [২৯]

রামকর্ত্তৃক তাড়কাবধ—(৩৬২-৩৬৫)। তাড়কাবধে ইন্দ্রপ্রমুখ দেবগণের আনন্দ ও রামকে অস্ত্রসমূহ প্রদান করিবার জন্য বিশ্বামিত্রের প্রতি দেবরাজের অনুরোধ—(৩৬৬-৩৬৭)।

ত্রিংশ সর্গ [৩০]

বিশ্বামিত্রকর্ত্তৃক রামকে অস্ত্রসমূহ প্রদান, অস্ত্রসমূহের রামসমীপে আগমন ও তাহাদের প্রতি রামের বাক্য--(৩৬৮-৩৭৪)।

একত্রিংশ সর্গ [৩১]

বিশ্বামিত্রকর্ত্তৃক রামচন্দ্রকে অস্ত্রসমূহের সংহারমন্ত্র প্রদান--(৩৭৫)। বিশ্বামিত্রের নিকট হইতে রামচন্দ্রের অন্যান্য অস্ত্রপ্রাপ্তি, তাহাদের রামসমীপে আগমন এবং তাহাদের প্রতি রামচন্দ্রের উক্তি—(৩৭৬-৩৭৮)। বিশ্বামিত্রাদির সিদ্ধাশ্রমসমীপে আগমন—(৩৭৯-৩৮০)।

দ্বাত্রিংশ সর্গ [৩২]

বামনের পূর্ব্বাশ্রম কথনপ্রসঙ্গে তৎকর্ত্তৃক বলিকে পরাভূত করিয়া ইন্দ্রকে বলিজিত ত্রৈলোক্য রাজ্য দান করার বৃত্তান্ত বর্ণন—(৩৮১-৩৮৫)। বিশ্বামিত্র, রাম ও লক্ষ্মণকে সিদ্ধাশ্রমে সমাগত দেখিয়া সেই আশ্রমের মুনিগণকর্ত্তৃক তাঁহাদের যথাযোগ্য সংকার—(৩৮৬)। রাম ও লক্ষ্মণের কথায় সেইদিনই বিশ্বামিত্রের যজ্ঞদীক্ষা গ্রহণ—(৩৮৭)।

ত্রয়স্ত্রিংশ সর্গ [৩৩]

যজ্ঞদীক্ষিত মুনি বিশ্বামিত্র মৌন অবলম্বন করিয়া থাকিলে, ছয় রাত্রি ব্যাপিয়া রাম ও লক্ষ্মণকর্ত্তৃক যজ্ঞরক্ষা—(৩৮৮-৩৮৯)। ষষ্ঠদিনে মুনিগণকর্ত্তৃক বেদী স্থাপন—(৩৮৯)। সানুচর মারীচ ও সুবাহুর যজ্ঞবিঘ্নোদ্দেশে যজ্ঞভূমির দিকে আগমন—(৩৯০-৩৯১)। মারীচের বক্ষে রামচন্দ্রকর্ত্তৃক মানবাস্ত্র নিক্ষেপ এবং মারীচের অচেতন অবস্থায় সমুদ্রের তীরে পতন—(৩৯১-৩৯২)। রামের আগ্নেয়াস্ত্রপ্রয়োগে সুবাহুর পতন ও বায়ব্যাস্ত্রে অন্যান্য রাক্ষসের নিধন—(৩৯৩)। বিশ্বামিত্রের যজ্ঞসমাপ্তি—(৩৯৪)।

চতুস্ত্রিংশ সর্গ [৩৪]

রাম ও লক্ষ্মণের নিকট তাঁহাদিগকে লইয়া বিশ্বামিত্রের জনকযজ্ঞে যাওয়ার প্রস্তাব—(৩৯৫-৩৯৬)। প্রসঙ্গতঃ জনকধনুর বর্ণনা—(৩৯৬-৩৯৭)। রাম ও লক্ষ্মণের সহিত বিশ্বামিত্রের সিদ্ধাশ্রম ত্যাগ করিয়া জনকপুরী যাত্রা –(৩৯৮-৩৯৯)। সূর্য্যাস্তের পর সেই রাত্রি শোণতীরে বাস, রামচন্দ্রের সেই দেশসম্বন্ধে প্রশ্ন ও বিশ্বামিত্রকর্ত্তৃক সেই দেশের ইতিহাস-বর্ণনারম্ভ—(৪০০-৪০১)।

পঞ্চত্রিংশ সর্গ [৩৫]

বিশ্বামিত্রকর্ত্তৃক কুশনামক রাজা ও তাঁহার পুত্রগণের বিবরণ কথন—(৪০২-৪০৩)। কুশপুত্র বসুর স্থাপিত মাগধীপুরী—(৪০৩)। কুশনাভের শতকন্যা—(৪০৪)। বায়ুকর্ত্তৃক সেই

দ্বিচত্বারিংশ সর্গ [৪২]

ত্রিচত্বারিংশ সর্গ [৪৩]

চতুশ্চত্বারিংশ সর্গ [৪৪]

পঞ্চচত্বারিংশ সর্গ [৪৫]

ষট্‌চত্বারিংশ সর্গ [৪৬]

বিশ্বামিত্রের বাক্যে রামের বিস্ময়—(৪৯৪)। নৌকায় গঙ্গা উত্তীর্ণ হইয়া বিশ্বামিত্রপ্রভৃতির গঙ্গার উত্তরতীরে গমন ও রাজর্ষি বিশালের পুরী দর্শন—(৪৯৫-৪৯৬)। রামের প্রশ্নে বিশ্বামিত্র-কর্ত্তৃক বিশালের বংশবর্ণনার উপক্রম—(৪৯৬-৪৯৭)। দিতি এবং অদিতিনামক কশ্যপের পত্নীদ্বয়ের পুত্রগণের পরস্পর জিগীষা –(৪৯৭-৪৯৮)। অমর হইবার আশায় সমুদ্রে নানা ওষধি নিক্ষেপপূর্ব্বক তাহাদের সমুদ্রমন্থন - (৪৯৮-৪৯৯)। অপ্সরাগণের ও বারুণীর উৎপত্তি—(৪৯৯-৫০০)। সুর ও অসুর নামের ব্যুৎপত্তি—(৫০১)। উচ্চৈঃশ্রবা, কৌস্তুভমণি এবং অমৃতপূর্ণ কলস সহ ধন্বন্তরির উৎপত্তি—(৫০১)। ধন্বন্তরির পরে বিষের উৎপত্তি—(৫০২)। অমৃতের জন্য দেবাসুরের যুদ্ধ এবং অসুরগণের নিধন—(৫০২-৫০৩)।

সপ্তচত্বারিংশ সর্গ [৪৭]

ইন্দ্রহন্তা পুত্রের জন্য কশ্যপের নিকট দিতির প্রার্থনা জ্ঞাপন (৫০৪)। অভিলাষ পূরণার্থ তপস্যা করিতে দিতিকে উপদেশ দিয়া কশ্যপের তপস্যার্থ গমন ও দিতির তপস্যা—(৫০৫)। ইন্দ্র-কর্ত্তৃক দিতির পরিচর্য্যা—(৫০৬)। দিতির সন্তোষ –(৫০৭)। দিতিকে কদাচিৎ অশুচি দেখিয়া তাঁহার শরীরে প্রবেশপূর্ব্বক ইন্দ্রকর্ত্তৃক দিতির গর্ভ ঊনপঞ্চাশ ভাগে বিভক্তকরণ ও ইন্দ্রের বাক্য—(৫০৮-৫১১)।

অষ্টচত্বারিংশ সর্গ [৪৮]

ঊনপঞ্চাশ ভাগে বিভক্ত গর্ভের মরুৎসংজ্ঞা ও মরুৎগণকে সহচর করিবার জন্য ইন্দ্রের নিকট দিতির প্রার্থনা—(৫১২-৫১৫ । ইন্দ্রসেবিত সেই দেশে ইক্ষ্বাকুর পুত্র বিশালনামক রাজার দ্বারা বৈশালী নগরীর নির্ম্মাণবৃত্তান্ত—(৫১৫-৫১৬ । বিশালের বংশবর্ণন—(৫১৬-৫১৭)। বিশ্বামিত্রের আগমন-বার্ত্তা শ্রবণ করিয়া বর্ত্তমান রাজা প্রমতির প্রত্যুদ্গমন এবং যথাবিধি সৎকার —(৫১৮)।

একোনপঞ্চাশ সর্গ [৪৯]

রাম লক্ষ্মণসম্বন্ধে বিশ্বামিত্রের নিকট প্রমতির প্রশ্ন—(৫১৯-৫২০)। প্রমতির প্রশ্নে বিশ্বামিত্রকর্ত্তৃক রাম ও লক্ষ্মণের রাক্ষসবধাদি বৃত্তান্ত বর্ণন এবং প্রমতিকর্ত্তৃক রাম ও লক্ষ্মণের সৎকার—(৫২১)। মিথিলার উদ্দেশে বিশ্বামিত্রাদির যাত্রা এবং গৌতমাশ্রম দর্শন —(৫২১-৫২২)। বিশ্বামিত্রকর্ত্তৃক ইন্দ্র ও অহল্যার বৃত্তান্ত বর্ণন—(৫২৩-৫২৫)। ইন্দ্রের ও অহল্যার প্রতি গৌতমের শাপ—(৫২৬-৫২৮)।

পঞ্চাশ সর্গ [৫০]

অগ্নিপ্রমুখ দেবগণের ও পিতৃগণের প্রসাদে ইন্দ্রের শাপমুক্তিবর্ণন—(৫২৯-৫৩১)। বিশ্বামিত্রের বাক্যে রামকর্ত্তৃক অহল্যার শাপমোচন—(৫৩২-৫৩৪)। অহল্যা ও গৌতমের পরস্পর মিলন—(৫৩৫)।

একপঞ্চাশ সর্গ [৫১]

বিশ্বামিত্রাদির মিথিলায় আগমন—(৫৩৬-৫৩৭)। জনককর্তৃক বিশ্বামিত্রাদির সৎকার ও প্রিয়বাক্যনিবেদন—(৫৩৭-৫৪০)। রাম ও লক্ষ্মণসম্বন্ধে বিশ্বামিত্রের নিকট জনকের প্রশ্ন এবং বিশ্বামিত্রের উত্তরপ্রদান (৫৪০-৫৪২)।

দ্বিপঞ্চাশ সর্গ [৫২]

নিজ মাতা অহল্যার রামকর্তৃক শাপমুক্তিবিষয়ে বিশ্বামিত্রের নিকট জনক-পুরোহিত শতানন্দের প্রশ্ন এবং বিশ্বামিত্রের যথাযথ উত্তরপ্রদান—(৫৪৩-৫৪৫)। বিশ্বামিত্রকে গুরুরূপে লাভ করায় রামের সৌভাগ্য কীর্তনানন্তর শতানন্দকর্তৃক বিশ্বামিত্রোপাখ্যান বর্ণনারম্ভ—(৫৪৬-৫৪৭)। অক্ষৌহিণীপরিবৃত রাজা বিশ্বামিত্রের বশিষ্ঠাশ্রমে আগমনবৃত্তান্ত—(৫৪৮-৫৫০)।

ত্রিপঞ্চাশ সর্গ [৫৩]

বশিষ্ঠকর্তৃক বিশ্বামিত্রের সৎকার এবং পরস্পর কুশলপ্রশ্ন—(৫৫১-৫৫৩)। গমনোদ্যত বিশ্বামিত্রকে আতিথ্যগ্রহণের জন্য বশিষ্ঠকর্তৃক সাগ্রহ নিমন্ত্রণ এবং বিশ্বামিত্রের নিমন্ত্রণ গ্রহণ—(৫৫৪-৫৫৬)। বশিষ্ঠকর্তৃক তাঁহার কামদুঘা ধেনু শবলাকে নানারূপ ভোজ্য দ্রব্যদ্বারা সসৈন্য রাজা বিশ্বামিত্রের তুষ্টিসম্পাদনের অনুরোধ—(৫৫৬-৫৫৭)।

চতুঃপঞ্চাশ সর্গ [৫৪]

নানা ভোজ্যবস্তু উৎপাদন করিয়া বিশিষ্টরূপে শবলার অতিথিসৎকার—(৫৫৮—৫৬০)। শবলার অদ্ভুত ক্ষমতা দর্শন করিয়া বহু অর্থের বিনিময়ে বশিষ্ঠের নিকট বিশ্বামিত্রের শবলা প্রার্থনা—(৫৬০-৫৬১)। বশিষ্ঠের শবলাপ্রদানে অসম্মতি—(৫৬১-৫৬৩)। বশিষ্ঠ ও বিশ্বামিত্রের উক্তিপ্রত্যুক্তি—(৫৬৩-৫৬৬)।

পঞ্চপঞ্চাশ সর্গ [৫৫]

বলপূর্ব্বক শবলাকে গ্রহণ করিয়া বিশ্বামিত্রের গমনোদ্যোগ—(৫৬৭)। শবলার শোক এবং রাজভৃত্যদিগকে বিদূরিত করিয়া বশিষ্ঠের নিকটে প্রত্যাগমন ও শোকনিবেদন—(৫৬৭-৫৬৯)। প্রবল রাজা বিশ্বামিত্রের বিরুদ্ধে শবলাকে রক্ষা করিতে বশিষ্ঠের অক্ষমতাজ্ঞাপন—(৫৬৯-৫৭০)। ক্ষত্রিয়বল হইতে ব্রহ্মবলের আধিক্য বর্ণনানন্তর সৈন্যসৃষ্টি করিতে বশিষ্ঠের অনুমতি-গ্রহণপূর্ব্বক শবলার সৈন্যসৃষ্টি—(৫৭১-৫৭২)। শবলার সৈন্যদ্বারা বিশ্বামিত্রসৈন্যের পরাভব ও বিশ্বামিত্রের স্বয়ং অস্ত্রগ্রহণ—(৫৭২-৫৭৩)।

ষট্‌পঞ্চাশ সর্গ [৫৬]

বিশ্বামিত্রের পুত্র এবং সৈন্যসমূহের নাশ—(৫৭৪-৫৭৫)। বিশ্বামিত্রের নির্ব্বেদ ও তপস্যার্থ বনগমন—(৫৭৬)। বিশ্বামিত্রের তপস্যাতুষ্ট মহাদেবের বরদানোদ্যোগ—(৫৭৭)। মহাদেবের বরে বিশ্বামিত্রের অস্ত্রসমূহলাভ—(৫৭৮-৫৭৯)। বিশ্বামিত্রের বশিষ্ঠাশ্রমে পুনরাগমন এবং আশ্রমদাহ—(৫৭৯)। বশিষ্ঠের ক্রোধ—(৫৮০-৫৮১)।

সপ্তপঞ্চাশ সর্গ [৫৭]

বশিষ্ঠ ও বিশ্বামিত্রের যুদ্ধ—(৫৮২-৫৮৬)। বিশ্বামিত্রের সম্পূর্ণরূপে পরাজয়—(৫৮৭)। বিশ্বামিত্রের নির্বেদ এবং ব্রহ্মত্বলাভের জন্য তপস্যার সঙ্কল্প—(৫৮৭-৫৮৮)।

অষ্টপঞ্চাশ সর্গ [৫৮]

বিশ্বামিত্রের কঠোর তপস্যা—(৫৮৯-৫৯১)।

একোনষষ্টিতম সর্গ [৫৯]

সহস্রবৎসর তপস্যায় রত বিশ্বামিত্রকে ব্রহ্মার রাজর্ষিত্ব প্রদান—(৫৯২)। বিশ্বামিত্রের দুঃখ এবং ব্রহ্মত্বলাভের জন্য পুনর্ব্বার তপস্যা—(৫৯৩)। ইক্ষ্বাকুকুলোৎপন্ন রাজা ত্রিশঙ্কুর সশরীরে স্বর্গগমনের জন্য যজ্ঞ করিবার সঙ্কল্প এবং বশিষ্ঠের নিকট সঙ্কল্পনিবেদন ও বশিষ্ঠকর্ত্তৃক ত্রিশঙ্কুপ্রত্যাখ্যান (৫৯৪)। বশিষ্ঠকর্ত্তৃক প্রত্যাখ্যাত ত্রিশঙ্কুর বশিষ্ঠপুত্রগণের নিকট গমন ও সঙ্কল্পনিবেদন—(৫৯৪-৫৯৭)।

ষষ্টিতম সর্গ [৬০]

বশিষ্ঠ পুত্রগণকর্ত্তৃক ত্রিশঙ্কুপ্রত্যাখ্যান এবং 'চণ্ডাল হও' বলিয়া ত্রিশঙ্কুর প্রতি তাঁহাদের শাপ—(৫৯৮-৬০০)। ত্রিশঙ্কুর চণ্ডালভাবপ্রাপ্তি, বিশ্বামিত্রসমীপে গমন এবং তাঁহার আশ্রয়-গ্রহণ—(৬০০-৬০১)। ত্রিশঙ্কুর বাক্যে বিশ্বামিত্রের করুণা এবং তাঁহার যজ্ঞ সম্পাদন করিবার প্রতিজ্ঞা—(৬০১-৬০৫)।

একষষ্টিতম সর্গ [৬১]

বিশ্বামিত্রের যজ্ঞারম্ভ এবং ঋষিগণকে নিমন্ত্রণ—(৬০৬-৬০৮)। মহোদয়নামক মুনির এবং বশিষ্ঠপুত্রগণের নিমন্ত্রণ প্রত্যাখ্যান ও বশিষ্ঠপুত্রগণের সোপহাসোক্তি—(৬০৮-৬০৯)। তচ্ছ্রবণে বিশ্বামিত্রকর্ত্তৃক তাঁহাদিগকে শাপপ্রদানপূর্ব্বক ভস্মীকরণ—(৬১০-৬১২)।

দ্বিষষ্টিতম সর্গ [৬২]

সমাগত মুনিগণের সহিত বিশ্বামিত্রকর্ত্তৃক ত্রিশঙ্কুর যজ্ঞসম্পাদন—(৬১৩-৬১৪)। যজ্ঞভাগার্থী দেবগণ আগমন না করায় বিশ্বামিত্রের ক্রোধ—(৬১৫)। স্বতপঃপ্রভাবে বিশ্বামিত্রকর্ত্তৃক ত্রিশঙ্কুকে স্বর্গে প্রেরণ—(৬১৫-৬১৬)। ইন্দ্রবাক্যে ত্রিশঙ্কুর স্বর্গ হইতে পতন—(৬১৭)। বিশ্বামিত্রের লোকান্তর সৃষ্টিকরণ—(৬১৮)। বিশ্বামিত্রের প্রতি দেবগণের অনুনয়—(৬১৯)। দেবগণের অনুরোধে বিশ্বামিত্রের সৃষ্টিকার্য্য হইতে নিবৃত্তি এবং ত্রিশঙ্কুর পরিণাম—(৬২০-৬২২)।

ত্রিষষ্টিতম সর্গ [৬৩]

তপস্যার্থ বিশ্বামিত্রের পুষ্করারণ্যে গমন—(৬২৩-৬২৪)। অম্বরীষ রাজার নরমেধ যজ্ঞে নিযুক্ত নরপশুর অপহরণ—(৬২৪)। ঋত্বিগ্‌বর্গের উপদেশানুসারে অম্বরীষের নরপশুর অন্বেষণ ও ঋচীকনামক বহুপুত্র দরিদ্র ব্রাহ্মণের দর্শনলাভ—(৬২৫-৬২৬)। শুনঃশেফনামক

ঋচীকের কনিষ্ঠ পুত্রকে পশুত্বে নিযুক্ত করিবার জন্য ক্রয় ও অম্বরীষের যজ্ঞভূমির উদ্দেশে প্রস্থান—(৬২৭-৬২৯)।

চতুঃষষ্টিতম সর্গ [৬৪]

পুষ্করতীর্থে শুনঃশেফের স্বমাতুল বিশ্বামিত্রকে দর্শন—(৬৩০)। বিশ্বামিত্রের নিকট শুনঃশেফের আশ্রয় ভিক্ষা এবং বিশ্বামিত্রের সান্ত্বনা প্রদান—(৬৩০-৬৩১)। যজ্ঞীয় পশু হইয়া শুনঃশেফকে রক্ষাকরণার্থ পুত্রগণের প্রতি বিশ্বামিত্রের আদেশ—(৬৩১-৬৩২)। পুত্রগণের অসম্মতি প্রকাশ এবং তাহাদের প্রতি বিশ্বামিত্রের শাপ—(৬৩৩-৬৩৪)। বিশ্বামিত্রকর্তৃক শুনঃশেফের রক্ষার উপায়কথন—(৬৩৫-৬৩৬)। শুনঃশেফের মুক্তি ও অম্বরীষের যজ্ঞসমাপন—(৬৩৬-৬৩৭)। পুষ্করতীর্থে বিশ্বামিত্রের তপস্যা—(৬৩৭)।

পঞ্চষষ্টিতম সর্গ [৬৫]

সহস্র বৎসর তপস্যার পরে বিশ্বামিত্রকে ব্রহ্মার ঋষিত্ব প্রদান, বিশ্বামিত্রের অতৃপ্তি এবং পুনরায় তপস্যা—(৬৩৮)। অপ্সরা মেনকাকর্তৃক বিশ্বামিত্রকে মোহিতকরণ—(৬৩৯-৬৪০)। বিশ্বামিত্রের মোহভঙ্গ এবং মেনকাকে বিদায়প্রদান—(৬৪১-৬৪২)। কৌশিকীতীরে বিশ্বামিত্রের পুনর্ব্বার তপস্যা এবং দেবগণের পরামর্শে বিশ্বামিত্রকে ব্রহ্মার মহর্ষিত্ব প্রদান—(৬৪২-৬৪৩)। বিশ্বামিত্রের অতৃপ্তি, ব্রহ্মর্ষিত্বপ্রার্থনা ও কাম ক্রোধ জয় না করিলে ব্রহ্মর্ষিত্ব লাভ করা অসম্ভব বলিয়া ব্রহ্মার উপদেশ—(৬৪৪)। পুনরায় বিশ্বামিত্রের কঠোর তপস্যা—(৬৪৫)। রম্ভার সাহায্যে দেবগণের তপস্যা ভঙ্গ করিবার চেষ্টা—(৬৪৫-৬৪৬)।

ষট্‌ষষ্টিতম সর্গ [৬৬]

তপস্যাভঙ্গে রম্ভার ব্যর্থতা ও তাহার প্রতি বিশ্বামিত্রের অভিশাপ—(৬৪৭-৬৫০)। ক্রোধের বশীভূত হওয়ায় স্বীয় অজিতেন্দ্রিয়তা লক্ষ্য করিয়া বিশ্বামিত্রের পুনর্ব্বার তপস্যা—(৬৫১-৬৫২)।

সপ্তষষ্টিতম সর্গ [৬৭]

বিশ্বামিত্রের উগ্র তপস্যায় ভীত দেবগণের অনুরোধে বিশ্বামিত্রকে ব্রহ্মার ব্রহ্মর্ষিত্ব প্রদান—(৬৫৩-৬৫৮)। শতানন্দের মুখে বিশ্বামিত্রের উপাখ্যানশ্রবণে জনকের পরিতোষ ও বিশ্বামিত্রের প্রতি স্তুতিবাক্য—(৬৫৯-৬৬১)।

অষ্টষষ্টিতম সর্গ [৬৮]

রাম ও লক্ষ্মণকে দিব্যধনু প্রদর্শনকরণার্থ জনকের নিকট বিশ্বামিত্রের অনুরোধ—(৬৬২-৬৬৩)। জনককর্তৃক ধনুর তথ্য বর্ণন—(৬৬৩-৬৬৫)। ধনুর্ভঙ্গকারী বীরকে জনকের সীতাপ্রদানসঙ্কল্প, হীনবল কতিপয় ক্ষত্রিয় রাজার ধনুর্ভঙ্গলভ্যা সীতার পাণিগ্রহণে অভিলাষ, ধনুর্ভঙ্গে অসমর্থ তাহাদের সংবৎসরব্যাপী মিথিলাবরোধ এবং পরিশেষে জনককর্তৃক তাহাদের পরাজয় বৃত্তান্তবর্ণন—(৬৬৬-৬৬৯)।

একোনসপ্ততিতম সর্গ [৬৯]

অষ্টশত পুরুষকর্তৃক সেই ধনুর আনয়ন—(৬৭০-৬৭৩)। বিশ্বামিত্রের বাক্যে রামের ধনুর্ভঙ্গ এবং রামের হস্তে জনকের সীতাপ্রদানসঙ্কল্প—(৬৭৩-৬৭৫)। বিবাহবার্ত্তা জ্ঞাপনপূর্ব্বক দশরথকে মিথিলায় আনিবার জন্য অযোধ্যায় দূত প্রেরণ—(৬৭৬-৬৭৭)।

সপ্ততিতম সর্গ [৭০]

দূতের অযোধ্যায় গমন এবং দশরথের দর্শনলাভ—(৬৭৮)। জনকের বার্ত্তা জ্ঞাপন—(৬৭৯-৬৮১)। দশরথের হর্ষ এবং বশিষ্ঠাদির সহিত তৎপর দিবসেই মিথিলায় যাওয়ার সঙ্কল্প (৬৮১-৬৮২)।

একসপ্ততিতম সর্গ [৭১]

বশিষ্ঠাদি মুনিগণের এবং সৈন্য-সামন্তের সহিত দশরথের মিথিলাভিমুখে যাত্রা—(৬৮৩-৬৮৪)। দশরথের মিথিলায় গমন, দশরথ ও জনকের পরস্পর সমাগম ও মিষ্টালাপ—(৬৮৪-৬৮৬)। বিশ্বামিত্রের সহিত দশরথের সমাগম এবং পরস্পর প্রিয়বাক্যকথন—(৬৮৭-৬৮৮)।

দ্বিসপ্ততিতম সর্গ [৭২]

জনককর্তৃক কনিষ্ঠ ভ্রাতা কুশধ্বজকে দূতদ্বারা সাঙ্কাশ্য নগর হইতে মিথিলায় আনয়ন—(৬৮৯-৬৯০)। দশরথের শিবিরে জনক ও কুশধ্বজের দূতপ্রেরণ এবং বশিষ্ঠাদির সহিত দশরথের তৎসমীপে আগমন—(৬৯১-৬৯২)। বশিষ্ঠকর্তৃক ইক্ষ্বাকুবংশ-বর্ণন—(৬৯২-৬৯৮)। রাম ও লক্ষ্মণের জন্য জনকের নিকট বশিষ্ঠের কন্যাদ্বয়প্রার্থনা—[৬৯৯]।

ত্রিসপ্ততিতম সর্গ [৭৩]

জনককর্তৃক তাঁহার বংশবর্ণন—(৭০০-৭০২)। প্রসঙ্গতঃ সাঙ্কাশ্য নৃপতির কথা ও যুদ্ধে তাহার পরাজয়বৃত্তান্ত—(৭০৩)। রাম ও লক্ষ্মণের হস্তে যথাক্রমে সীতা ও ঊর্ম্মিলাকে প্রদান করিবার প্রস্তাব—(৭০৪)। বিবাহের দিন নির্দ্ধারণ—(৭০৫)।

চতুঃসপ্ততিতম সর্গ [৭৪]

বিশ্বামিত্রকর্তৃক ভরত ও শত্রুঘ্নের জন্য কুশধ্বজের কন্যাদ্বয়প্রার্থনা—(৭০৬-৭০৭)। আনন্দের সহিত এই প্রস্তাবে জনকের সম্মতি দান এবং দশরথের ও জনকের পরস্পর প্রিয়ালাপ—(৭০৮-৭১২)। রামলক্ষ্মণের গোদানক্রিয়া সম্পাদন—(৭১২-৭১৪)।

পঞ্চসপ্ততিতম সর্গ [৭৫]

কেকয়-রাজপুত্র ভরতমাতুল যুধাজিতের মিথিলায় আগমন ও দশরথের সহিত তাঁহার প্রিয়ালাপ—(৭১৫-৭১৬)। রামলক্ষ্মণাদির বিবাহ—(৭১৭-৭২২)।

ষট্সপ্ততিতম সর্গ [৭৬]

রামলক্ষ্মণাদি ও বধূগণের সহিত দশরথের অযোধ্যাভিমুখে যাত্রা—(৭২৩)। জনকের যৌতুকপ্রদান—(৭২৩-৭২৪)। দশরথাদির দুর্নিমিত্তদর্শন—(৭২৫-৭২৬)। পরশুরামের আগমন—(৭২৭-৭২৮)। তাঁহাকে দেখিয়া বশিষ্ঠপ্রভৃতির ভয় এবং অর্ঘ্য প্রদান—(৭২৯)।

সপ্তসপ্ততিতম সর্গ [৭৭]

পরশুরামকর্ত্তৃক দাশরথি রামকে বৈষ্ণবধনু প্রদান এবং তাহা জ্যাযুক্ত করিবার জন্য নির্ব্বন্ধ-প্রকাশ—(৭৩০)। ভীত দশরথকর্ত্তৃক পরশুরামের প্রসন্নতা উৎপাদনের চেষ্টা—(৭৩১-৭৩২)। দশরথের বাক্যে অনাদর প্রকাশপূর্ব্বক রামকর্ত্তৃক ভগ্ন শৈবধনুর এবং নিজ বৈষ্ণব ধনুর বলাবল কথনপ্রস্তাবে পরশুরামকর্ত্তৃক সেই ধনুর্দ্বয়ের আগমবৃত্তান্ত ও শিববিষ্ণুর যুদ্ধবৃত্তান্তবর্ণন—(৭৩৩-৭৩৫)। পিতৃপিতামহক্রমে প্রাপ্ত বৈষ্ণবধনুপ্রভাবে পরশুরামের পৃথিবী জয় ও বারংবার ক্ষত্রিয়জাতি বিনাশ করিবার কথা এবং সেই ধনু জ্যাযুক্ত করিবার জন্য পরশুরামের পুনর্ব্বার নির্ব্বন্ধপ্রকাশ—(৭৩৬-৭৩৮)। পরশুরামের বাক্য শ্রবণে রামের ধনুর্গ্রহণ, তাহাতে জ্যারোপণ এবং শরসন্ধান পূর্ব্বক তাহার লক্ষ্যনির্ণয়ার্থ প্রশ্ন—(৭৩৯-৭৪১)। স্বদত্ত পৃথিবীতে পরশুরামকর্ত্তৃক বাসের অসামর্থ্যজ্ঞাপন ও দিব্যগতি রক্ষার অনুরোধ এবং স্বোপার্জ্জিত পুণ্য-লোকই রামবাণের লক্ষ্যরূপে নির্ণয়—(৭৪২-৭৪৩)। রামকর্ত্তৃক বাণদ্বারা পরশুরামের পুণ্যলোকনিরোধ ও পরশুরামের পুনরায় নিজাশ্রমে গমন—(৭৪৪)।

অষ্টসপ্ততিতম সর্গ [৭৮]

দশরথপ্রভৃতির অযোধ্যাভিমুখে যাত্রা—(৭৪৫)। তাঁহাদের অযোধ্যাপ্রবেশ—(৭৪৬)। কৌশল্যাপ্রভৃতি মহিষীগণকর্ত্তৃক বধূগণের সমাদরপূর্ব্বক গ্রহণ—(৭৪৭)। রাম ও সীতার প্রণয়বর্ণন—(৭৪৮-৭৪৯)।

ঊনাশীতিতম সর্গ [৭৯]

যুধাজিতের সহিত ভরতকে মাতামহগৃহে প্রেরণার্থ দশরথের উক্তি—(৭৫০)। ভরতের মাতামহগৃহে গমনের প্রস্তাব শুনিয়া কৈকেয়ীর হর্ষ—(৭৫০-৭৫১)। প্রস্থানোন্মুখ ভরতের প্রতি দশরথের নানাবিধ উপদেশ—(৭৫২-৭৫৫)। ভরতের মাতামহ গৃহাভিমুখে যাত্রা—(৭৫৫-৭৫৬)। কেকয়রাজ্যের নিকটবর্ত্তী হইলে ভরতকে মাতামহকর্ত্তৃক সমাদরপূর্ব্বক পুরে আনয়ন—(৭৫৭-৭৫৯)। মাতামহকে দেখিয়া ভরতের আনন্দ এবং কেকয়রাজ্যে ভরতের বাস—(৭৫৯-৭৬০)। রামকর্ত্তৃক পিতা, মাতা ও গুরুজনগণের পরিচর্য্যা—(৭৬০)।

অশীতিতম সর্গ [৮০]

বিদ্যাশিক্ষার্থ মাতামহের নিকট ভরতের আচার্য্য নিয়োগপ্রার্থনা—(৭৬১)। ভরতের বেদবেদাঙ্গাদি নানা শাস্ত্রে পারদর্শিতালাভ—(৭৬২-৭৬৪)। কুশলাদি জ্ঞাপনার্থ লব্ধবিদ্য ভরতের পিতৃসকাশে দূতপ্রেরণ—(৭৬৫-৭৬৬)। দূতের অযোধ্যায় আগমন এবং দশরথ-প্রভৃতির সমীপে ভরতের কুশল ও নানাশাস্ত্রে অভিজ্ঞতালাভের বৃত্তান্তবর্ণন, দশরথাদির হর্ষ এবং সেই দূতমুখেই ভরতসমীপে প্রতিসন্দেশপ্রেরণ—(৭৬৭-৭৬৮)।

নিবেদন

পুরাকাল হইতে সমগ্র ভারতে আদিকবি মহর্ষি বাল্মীকি-প্রণীত মহাগ্রন্থ রামায়ণ নানা শ্রেণীর লোকের নিকট নানাভাবে আদৃত হইয়া আসিতেছিল। কেহ কেহ রামায়ণকে বিশিষ্ট ধর্ম্মগ্রন্থরূপে, কেহ কেহ প্রাচীন ইতিহাসগ্রন্থরূপে, কেহ কেহ বা অদ্বিতীয় ভাব-ভাষাময় কাব্যগ্রন্থরূপে আদর করিয়া আসিতেছিলেন।

কিছুদিন পূর্ব্ব পর্য্যন্ত সমগ্র ভারতে এই রামায়ণ সর্ব্বসাধারণের হৃদয়ে নির্ম্মল আনন্দ প্রদান করিত ও দেশবাসীর নীতিগত চরিত্রগঠনে বিশেষ সহায়তা করিত। কালক্রমে পঠন পাঠন, আলোচনা ও অভ্যাসের অভাবে বঙ্গদেশ সে আনন্দ ও সহায়তা হইতে বঞ্চিত হইয়াছে। আমাদের বিশ্বাস রামায়ণের বিশুদ্ধ সংস্করণের বহুল প্রচারের অভাবই ইহার অন্যতম কারণ।

পুরাণালোচনার কেন্দ্রভূমি বঙ্গে পুরাণের এক সম্প্রদায় অতিপ্রাচীন কাল হইতে গঠিত হইয়া উঠিয়াছিল, তাহার ফলে পুরাণসমূহের গৌড়ীয় (বঙ্গীয়) সংস্করণে অনেক বৈশিষ্ট্য পরিলক্ষিত হয়। তুলনামূলক আলোচনার ফলেও দেখা যায় যে, বহুস্থানে গৌড়ীয় সংস্করণই প্রাচীন ও প্রামাণিকরূপে পরিগণিত হইতে পারে।

দুঃখের ও পরিতাপের বিষয়—এই সমস্ত বিদিত হইয়াও আজ পর্য্যন্ত এতদ্দেশীয় কোন মহাজন গৌড়ীয় পাঠযুক্ত রামায়ণ প্রকাশে উদ্‌যুক্ত হয়েন নাই।

প্রায় শতবৎসর পূর্ব্বে গোরেসিয়ো ইতালী হইতে গৌড়ীয় পাঠযুক্ত এই রামায়ণ প্রকাশ করিয়া তাহার শতাবধি টাকা মূল্য নির্দ্ধারণ করিয়াছিলেন। কালক্রমে রামায়ণের সেই সংস্করণও এখন দুর্ল্লভ।

দেশের এই মহা অভাবের আলোচনা করিয়া বর্ত্তমানে সংস্কৃত আলোচনার প্রধান প্রতিষ্ঠান সংস্কৃত সাহিত্যপরিষৎ এই মহাগ্রন্থ মুদ্রণের সঙ্কল্প করেন। প্রায় তিন বৎসর পূর্ব্বে এই সঙ্কল্প কার্য্যে পরিণত করিবার উদ্দেশে তত্রত্য কার্য্যনির্ব্বাহক সমিতির অনুমোদন অনুসারে কতিপয় বিশিষ্ট সদস্য লইয়া একটি রামায়ণসমিতি গঠিত হয়। রামায়ণসমিতির সদস্যগণ ইহার পরিদর্শনভার স্বহস্তে রাখিয়া সম্পাদন সংক্রান্ত কার্য্যের ভার আমাদের উপর ন্যস্ত করেন। আমরা মাননীয় পণ্ডিত শ্রীযুক্ত জানকীনাথ সাহিত্যশাস্ত্রিমহাশয়ের সহিত একযোগে ইহার কার্য্য আরম্ভ করি।

প্রথমে প্রাচ্য ও প্রতীচ্য এই উভয়দেশীয় পাঠ আলোচনা করিয়া প্রাচ্য পাঠ মূলে এবং প্রতীচ্য পাঠ পাদটীকায় সন্নিবেশ পূর্ব্বক প্রাচ্য-পাঠানুগত অপ্রকাশিত লোকনাথ-চক্রবর্ত্তিকৃত টীকা ও বিস্তৃত টিপ্পনী সহ দেবনাগরাক্ষরে ইহা মুদ্রিত করা হইবে এইরূপ স্থিরীকৃত হইয়াছিল, কিন্তু কার্য্য আরম্ভ করিবার পরে উভয়দেশীয় পাঠ সন্নিবিষ্ট করিবার আশা আমাদিগকে পরিত্যাগ করিতে হয়। কারণ উভয়দেশীয় পাঠে এত বৈষম্য যে, উভয়দেশীয় পাঠ যোজনা করিতে হইলে প্রায় দুইখানা রামায়ণ মুদ্রিত করিতে হয়। সেরূপ করা একরূপ অসম্ভব। বিশেষতঃ, ধর্ম্মপ্রাণ আর্য্যগণের নিকট ধর্ম্মগ্রন্থ রামায়ণের তাদৃশ বৈষম্য

উপভোগ্য ও আদরণীয় হইবে না বিবেচনা করিয়া আমরা পাশ্চাত্ত্য পাঠ ত্যাগ করিয়া কেবলমাত্র প্রাচ্য (গৌড়ীয়) পাঠ যোজনা করিয়াই ইহার কার্য্য করিতে থাকি।

প্রায় দেড়বৎসর পরে কোনও অনিবার্য্য কারণে সংস্কৃতসাহিত্যপরিষদের কার্য্য-নির্ব্বাহকসমিতি রামায়ণমুদ্রণের সঙ্কল্প পরিত্যাগ করেন।

এই সময়ে পারিবারিক পীড়া প্রভৃতি দৈবদুর্ব্বিপাকে মাননীয় শ্রীযুক্ত জানকীনাথ সাহিত্যশাস্ত্রিমহাশয়ও কার্য্যভার পরিত্যাগ করেন। এই সমস্ত বাধা-বিঘ্ন উপস্থিত হইলেও দীর্ঘকাল রামায়ণের কার্য্য করিয়া তাহার মাধুর্য্যে ও গৌরবে বিশেষতঃ গৌড়ীয় পাঠের বৈশিষ্ট্যে আমরা ইহাতে এত আকৃষ্ট হইয়াছিলাম যে, ইহার মুদ্রণ ও প্রকাশের আশা পরিত্যাগ করিতে কিছুতেই ইচ্ছা হইল না। কিন্তু এই গুরুতর কার্য্য বহু অর্থব্যয়সাপেক্ষ, সুতরাং প্রবল ইচ্ছা সত্ত্বেও এসম্বন্ধে সহসা কোন কর্ত্তব্য নির্দ্ধারণ করিয়া উঠিতে পারি না।

এই সময়ে বঙ্গলক্ষ্মী কটন মিলের ম্যানেজিং এজেন্ট কোটালীপাড়ানিবাসী দেশহিতৈষী শ্রীযুক্ত সচ্চিদানন্দ ভট্টাচার্য্য মহাশয় রামায়ণমুদ্রণের নিমিত্ত পাচ শত টাকা প্রদানের প্রতিশ্রুতি প্রদান করেন। আমরা তাঁহার সেই অনুগ্রহের উপর নির্ভর করিয়া তদবধি এই কার্য্য সাধনে প্রযত্ন করিয়া আসিতেছি।

রামায়ণের কার্য্য আরম্ভ করিয়া আমরা মুদ্রিত গোরেসিয়ো সাহেবের পুস্তক (ক), মুদ্রিত কেরি সাহেবের পুস্তক (খ), 'পণ্ডিত' পত্রে ৺কাশীধাম হইতে রসিকচন্দ্র চট্টোপাধ্যায় মহাশয় কর্ত্তৃক মুদ্রিত (আদিকাণ্ডমাত্র) (চ), সংস্কৃত সাহিত্যপরিষৎ হইতে প্রাপ্ত তিনখানি হস্তলিখিত (গ-ঘ-ঙ), পঞ্চনদ বিশ্ববিদ্যালয় হইতে আনীত হস্তলিখিত (ছ), বঙ্গীয় সাহিত্যপরিষৎ হইতে আনীত হস্তলিখিত (জ), এসিয়াটিক্ সোসাইটি হইতে আনীত হস্তলিখিত (ঝ), প্রথমে এই নয়খানা পুস্তকের পাঠ আলোচনা ও যোজনা করিতে থাকি। এই সকল পুস্তকের প্রাপ্ত পাঠের মধ্যে যে পাঠ সঙ্গত বলিয়া মনে করিয়াছি, সেই পাঠ মূলে সন্নিবেশিত করিয়া অপর পাঠসমূহ পাদটীকায় সন্নিবেশিত করিয়াছি। সঙ্গতবোধে স্থানে স্থানে লোকনাথ চক্রবর্ত্তিধৃত পাঠও মূলে সন্নিবিষ্ট হইয়াছে।

অষ্টম সর্গ পর্য্যন্ত পাঠ বিচার ও যোজনা করিয়া (খ) কেরি সাহেব মুদ্রিত পুস্তকের পাঠ সম্বন্ধে আমাদের সন্দেহ উপস্থিত হয়। বিশেষ আলোচনার পরে মনে হয় যে, কেরি সাহেব উভয়দেশীয় পুস্তক হইতে যথেচ্ছভাবে পাঠ যোজনা করিয়াছেন। তাঁহার গৃহীত পাঠ গৌড়ীয় নহে। সুতরাং পাঠকবর্গের অবগতির নিমিত্ত অষ্টম সর্গ পর্য্যন্তই ঐ (খ) পুস্তকের পাঠ সন্নিবিষ্ট করিয়াছি।

লোকনাথ চক্রবর্ত্তিকৃত টীকার সমস্ত অংশ অদ্যাপি আমরা সংগ্রহ করিতে পারি নাই। যে দুইখানা হস্তলিখিত পুস্তক আমাদের হস্তগত হইয়াছে, টীকার সমস্ত অংশ তাহাতে নাই। এসিয়াটিক সোসাইটিতে একখানা পূর্ণ পুস্তক ছিল, তাহা সম্প্রতি বিলাতে। আমরা চেষ্টা করিতেছি, ঐ পুস্তক বিলাত হইতে আনাইয়া সমগ্র টীকাই শ্লোকের নিম্নভাগে সন্নিবিষ্ট করিব। বলা বাহুল্য, যদি ঐ পুস্তক যথাসময়ে আমাদের হস্তগত না হয় তবে,

আমরা যতটা সংগ্রহ করিয়াছি, আপাততঃ তাহার অধিক সন্নিবিষ্ট করিতে পারিব না; তবে রামায়ণ শেষ হইলে তাহার সহিত লোকনাথ চক্রবর্ত্তিকৃত সমস্ত টীকা যোজনা করিয়া দিব, ইহাই আপাততঃ স্থির করিয়াছি।

বঙ্গদেশের নিজস্ব সম্পদ্ এই গৌড়ীয় রামায়ণ যাহাতে বঙ্গের প্রতি গৃহে পঠিত হয়, সেই উদ্দেশে দেবনাগরাক্ষরের পরিবর্ত্তে বড় বাঙ্গালা অক্ষরে ইহা মুদ্রণ করিতেছি। সংস্কৃত ভাষায় বিশেষ অভিজ্ঞতা না থাকিলেও যাহাতে বাল্মীকি রামায়ণের অমৃতরসের আস্বাদনে কাহাকেও বঞ্চিত হইতে না হয়, তজ্জন্য নিম্নে সরল অনুবাদ প্রদত্ত হইয়াছে। অনুবাদ সর্ব্বত্র আক্ষরিক হইলে অর্থগ্রহণের অসুবিধা হয়, এজন্য কোন কোন বিষয় টীকা হইতে সংগ্রহ করিয়া অনুবাদ যথাসম্ভব প্রাঞ্জল করা হইয়াছে। মূল ও টীকার অতিরিক্ত কথা অনুবাদে বন্ধনী মধ্যে সন্নিবিষ্ট করা হইয়াছে।

সাধারণের বোধসৌকর্য্যার্থ বিস্তৃত এবং সরল টিপ্পনী প্রদত্ত হইয়াছে। টিপ্পনীতে প্রাচ্য প্রতীচ্য এই উভয়দেশসম্মত দুরূহ পাঠসমূহের রামানুজ, গোবিন্দরাজ, শিরোমণি, মহেশ্বরতীর্থ প্রভৃতি কৃত টীকার সারসংগ্রহ করা হইয়াছে। অন্যান্য দুরূহ স্থানের আলোচনাও আমরা বিশদভাবে করিবার চেষ্টা করিয়াছি। রামায়ণ শেষ হইলে ইহার বিস্তৃত ভূমিকা প্রদত্ত হইবে এবং তাহার মধ্যে রামায়ণ সম্বন্ধে জ্ঞাতব্য বিবিধ বিষয় আলোচিত হইবে।

এই গ্রন্থের এক এক খণ্ড (রয়েল আটপেজি আকারে) ১০৪ পেজে প্রতিমাসে প্রকাশিত হইবে। যাঁহারা ইহার গ্রাহকশ্রেণীভুক্ত হইবেন, তাঁহাদিগকে প্রতি বাঙ্গালা মাসের মধ্যে এক এক খণ্ড পাঠাইয়া দেওয়া হইবে। রামায়ণ বৃহৎ গ্রন্থ, ইহার মুদ্রণ বহুব্যয়সাপেক্ষ। আমাদের প্রধান অবলম্বন দেশবাসিগণের অনুগ্রহ। আমাদের আশা আছে বিদ্যোৎসাহী ব্যক্তিমাত্রই আমাদিগের এই কার্য্যে সহায়তা করিবেন।

নানাশাস্ত্র-পারদর্শী পণ্ডিতপ্রবর শ্রীযুক্ত বনমালী বেদান্ততীর্থ এম্, এ মহাশয় রামায়ণ সম্পাদন বিষয়ে আমাদিগকে বহু উপদেশ প্রদান করিয়া সাহায্য করিয়াছেন। আমরা তাঁহার নিকট আন্তরিক শ্রদ্ধা ও কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছি। বেথুন কলেজের অধ্যাপক শ্রীযুক্ত চিন্তাহরণ চক্রবর্ত্তী এম, এ, কলিকাতাস্থ রাজকীয় সংস্কৃত পাঠশালার ন্যায়শাস্ত্রের অধ্যাপক এবং সংস্কৃত সাহিত্য পরিষদের আচার্য্য শ্রীযুক্ত কালীপদ তর্কাচার্য্য, শ্রীযুক্ত উপেন্দ্রমোহন সাংখ্যতীর্থ, শ্রীযুক্ত রামচন্দ্র স্মৃতিতীর্থ, শ্রীযুক্ত কালীনাথ শাস্ত্রিপ্রভৃতি মহাত্মগণ রামায়ণ মুদ্রণ কার্য্যে আমাদিগকে নানাপ্রকারে সাহায্য করিতেছেন। রামায়ণ সুবৃহৎ গ্রন্থ, ইহাদের এতাদৃশ সাহায্য ব্যতীত আমরা এ কার্য্যে অগ্রসর হইতে পারিতাম কি না সন্দেহ। ইঁহাদের নিকটে আমরা আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছি। কিমধিকমিতি।

সন ১৩৩৮। জ্যৈষ্ঠ সংক্রান্তি
২৯ সদানন্দ রোড, কালীঘাট,
কলিকাতা।

আশ্রব—
শ্রীনগেন্দ্রনাথ সিদ্ধান্তরত্ন
শ্রীঅমরেশ্বর ঠাকুর

পাঠসঙ্কলনার্থমুপাত্তানাং পুস্তকানাং পরিচয়ঃ

ক-পুস্তকম্	ইটালীবাস্তব্যেন গোরেসিয়ো-মহাশয়েন সম্পাদিতম্
খ-পুস্তকম্	শ্রীরামপুরতঃ কেরি-মহাশয়েন সম্পাদিতম্
	(অস্য পাঠা আদিকাণ্ডস্য অষ্টমসর্গাৎ পরং ন গৃহীতাঃ)
গ-পুস্তকম্	(হস্তলিখিতম্) সংস্কৃত-সাহিত্য-পরিষৎ-পুস্তকালয়াৎ প্রাপ্তম্
ঘ-পুস্তকম্	" "
ঙ-পুস্তকম্	" "
চ-পুস্তকম্	" 'পণ্ডিত'পত্রে শ্রীরসিকচন্দ্রচট্টোপাধ্যায়মহাশয়েন বারাণসীতঃ সম্পাদিতম্
ছ-পুস্তকম্	(হস্তলিখিতম্) পঞ্চনদবিশ্ববিদ্যালয়তো লব্ধম্
জ-পুস্তকম্	" বঙ্গীয়সাহিত্যপরিষৎপুস্তকালয়াৎ প্রাপ্তম্
ঝ-পুস্তকম্	" এসিয়াটিক-সোসাইটি-পুস্তকালয়াৎ প্রাপ্তম্

উপাত্তনামৈকদেশানাং টীকানাং বিবৃতিঃ

লো-টী—	লোকনাথকৃতা মনোহরাখ্যা টীকা
গোঃ রাঃ—	গোবিন্দরাজকৃতা রামায়ণভূষণাখ্যা টীকা
তিঃ—	রামায়ণতিলকম্
শিরোঃ—	শিরোমণিটীকা
তীর্থঃ—	মহেশ্বরতীর্থকৃতা টীকা
বি. প. বি—	বিষমপদবিবৃতিঃ

ওঁ রামচন্দ্রায় নমঃ

নারায়ণং নমস্কৃত্য নরঞ্চৈব নরোত্তমম্ ।
দেবীং সরস্বতীং ব্যাসং ততো জয়মুদীরয়েৎ ॥ ১ ॥
রামং লক্ষ্মণপূর্ব্বজং রঘুবরং সীতাপতিং সুন্দরং
কাকুৎস্থং করুণাময়ং গুণনিধিং বিপ্রপ্রিয়ং ধার্ম্মিকম্ ।
রাজেন্দ্রং সত্যসন্ধং দশরথতনয়ং শ্যামলং শান্তমূর্ত্তিং
বন্দে লোকাভিরামং রঘুকুলতিলকং রাঘবং রাবণারিম্ ॥ ২ ॥
জয়তি রঘুবংশতিলকঃ কৌশল্যানন্দিবর্দ্ধনো রামঃ ।
দশবদননিধনকারী দাশরথিঃ পুণ্ডরীকাক্ষঃ ॥ ৩ ॥
জিতং ভগবতা তেন হরিণা লোকধারিণা ।
অজেন বিশ্বরূপেণ নির্গুণেন গুণাত্মনা ॥ ৪ ॥
কৃত্বা পাপসহস্রাণি মহাপাতকজান্যপি ।
মুচ্যতে সর্ব্বপাপেভ্যো রাম রামেতি কীর্ত্তনাৎ ॥ ৫ ॥
নমস্তস্মৈ মুনীন্দ্রায় শ্রীযুতায় তপস্বিনে ।
সর্ব্বজ্ঞানাধিবাসায় নিত্যং বাল্মীকয়ে নমঃ ॥ ৬ ॥
রাম রামেতি রামেতি কূজন্তং মধুরাক্ষরম্ ।
আরূঢ়কবিতাশাখং বন্দে বাল্মীকিকোকিলম্ ॥ ৭ ॥
যত্র যত্র রঘুনাথকীর্ত্তনং তত্র তত্র শিরসা কৃতাঞ্জলিম্ ।
বাষ্পবারিপরিপূর্ণলোচনং মারুতিং নমত রাক্ষসান্তকম্ ॥ ৮ ॥

বাল্মীকীয়ং

রামায়ণম্

আদিকাণ্ডম্

প্রথমঃ সর্গঃ

তপঃস্বাধ্যায়নিরতস্তপস্বী বাগ্‌বিদাং বরঃ[১] ।
নারদং পরিপপ্রচ্ছ বাল্মীকির্ম্মুনিসত্তমঃ ॥ ১ ॥

লোকনাথটীকা

ওঁ নমো রামচন্দ্রায়

নত্বা রঘূত্তমমহং পরমং মহস্তল্লক্লেশবন্ধুনিচয়ান্ধতমোহস্থনোদম্ ।
শ্রীলোকনাথনব এব মনোহরাখ্যাং রামায়ণস্য বিদুষাং প্রমুদে তনোতি ॥
আস্তে যদা বিমলবোধসুবোধটীকা সর্ব্বজ্ঞসংজ্ঞরচিতা চ মনোজ্ঞরূপা ।
তস্যাপি সারপরমস্য বিমৎসরস্য শ্রীলোকনাথরচিতৈব মনো বিধত্তে ॥

মুনিপ্রণীতং মুনিনা বাল্মীকিনা ময়া প্রণীতম্। মুনিনা নারদেন বা প্রণীতম্। গোঃ রাঃ। মুনিপ্রণীতম্—এবং কাব্যনির্ম্মাণমুক্ত্বা তত্র শ্রোতৃনভিমুখীকরোতি—তদিতি। ঈদৃশস্যাপি মিথ্যার্থকত্বেঽনুপাদেয়ত্বং স্যাদত আহ—মুনিপ্রণীতং ব্রহ্মানুগ্রহপ্রাপ্তসত্যবাগৃষিপ্রণীতম্। তিঃ।

রঘুবরচরিতম্—রঘুবংশ্যা রঘবস্তেষু বরো রামস্তচ্চরিতং তচ্চরিতবিষয়কম্। নিশাময়ধ্বম্—পশ্যত। শাম্যতের্দর্শনে মিত্বাভাবাদ্দীর্ঘত্বম্। ণিচশ্চেত্যাত্মনেপদম্। অতএবোক্তং গোবিন্দরাজেন নিশাময়ধ্বমিতি দর্শিন্যান্ প্রতি পরোক্ষতয়োচ্যতে। শ্রবণেঽপি চরিতস্য দর্শনসমত্ত্বা-ভানান্নিশাময়ধ্বমিত্যুপচর্য্যতে ইতি। ভট্টোজিদীক্ষিতেন তু শম আলোচনে ইতি চৌরাদিকস্য ধাতূনামনেকার্থত্বাচ্ছ্রবণে বৃত্তিরিত্যুক্তম্। অতএব 'নিশাময় তদুৎপত্তিং বিস্তরাদ্‌গদতো মম' ইত্যত্র নিশাময়শব্দস্য 'শৃণু' ইত্যেবংরূপোঽর্থঃ পর্য্যবস্যতি। দশশিরসঃ রাবণস্য বধং বধমধিকৃত্য কৃতং গ্রন্থম্। 'অধিকৃত্য কৃতে গ্রন্থে' ইতি বিহিতস্য অণো লুপ্।

সমাস, সন্ধি এবং পদব্যুৎপত্তিযুক্ত, মহর্ষি বাল্মীকিকর্ত্তৃক সম, মধুর এবং স্পষ্টার্থ বাক্যদ্বারা বিরচিত রঘুনাথচরিত এবং রাবণবধ বৃত্তান্ত শ্রবণ করুন ॥৪৮॥

মহর্ষি বাল্মীকিপ্রণীত আদিকাব্য রামায়ণের আদিকাণ্ডে দ্বিতীয় সর্গ সমাপ্ত ॥

১। ছ-'নিশাময়ধ্বম্'। ২। ছ-'মুনিপ্রণীতম্'। ক-গ-ঘ-ঙ-চ-জ পুস্তকেষ্বয়ং শ্লোকো নাস্তি।

তৃতীয়ঃ সর্গঃ*

প্রাপ্তরাজ্যস্য রামস্য বাল্মীকির্ভগবানৃষিঃ।
চকার চরিতং[1] চিত্রং বিচিত্রপদমর্থবৎ ॥ ১॥
পবিত্রং বৈষ্ণবং দিব্যমিদমাখ্যানমুত্তমম্।
বেদৈশ্চতুর্ভিঃ সমিতমিতিহাসং[2] পুরাতনম্ ॥ ২ ॥
শ্রাবয়ামাস বৈ বিপ্রান্ সুব্রতান্নিয়তেন্দ্রিয়ান্।
ধৌম্যমাণ্ডব্যকুশিকান্ সার্ষ্টিসেনান্[3] (ক) সকোশলান্ ॥৩॥

১। লো-টী। প্রাপ্তরাজ্যস্য রাজ্যেঽযোধ্যায়ামবতীর্ণস্য। প্রাপ্তরাজ্যস্য রামস্য বিশেষণে তাৎপর্য্যম্। তেন রাজ্যপ্রাপ্তৌ কাব্যং চক্রে ইত্যর্থঃ।

২। লো-টী। বেদৈশ্চতুর্ভিঃ সমিতং সম্যগ্ ইতং জ্ঞাতং তুল্যমিত্যর্থঃ। সহিতমিতি পাঠে স এবার্থঃ। ইদমাখ্যানং কীর্ত্তিঃ কৃতা, কীর্ত্তিপ্রকাশককাব্যমিত্যর্থঃ।

১। টিপ্পনী। ভগবান্ ব্রহ্মপ্রসাদলব্ধদিব্যজ্ঞানবান্। বিচিত্রপদম্ আশ্চর্য্যপদসন্নিবেশম্। যদ্বা বিবিধানাং চিত্রাণাং শব্দার্থালঙ্কারাণাং পদং স্থানম্। প্রাপ্তরাজ্যস্যেত্যনেন রামরাজ্যকরণকালে রামায়ণকরণমিতি গম্যতে। এতজ্জ্ঞাপনায়ৈব পুনরারম্ভঃ। গোঃ রাঃ।

২। টিপ্পনী। পুরাতনং প্রাচীনম্। 'প্রতিকল্পং রামায়ণম্' ইতি মতাশ্রয়ণেনাত্র কবেস্তথোক্তিরুপপাদনীয়া।

রামচন্দ্র রাজপদে আরোহণ করিলে ভগবান্ ঋষি বাল্মীকি বিচিত্র পদবিন্যাসপূর্ব্বক উদারার্থ মনোরম রামচরিত প্রণয়ন করিলেন ॥ ১ ॥

বেদচতুষ্টয়ের তাৎপর্য্যসমন্বিত, প্রাচীন ইতিহাসস্বরূপ পবিত্র, মনোরম ও বৈষ্ণব এই আখ্যান বাল্মীকি মুনি ইক্ষ্বাকুবংশসম্ভূত মুনিবেশধারী কুশ ও লবকে,

১। ঘ-ঙ-'মাত্মবান্'। ২। খ-'সহিত-'। ৩। ছ-'কাষ্টি-'। *। ক-পুস্তকে সর্গোঽয়ং চতুর্থঃ। অন্য চতুর্থস্তত্র তৃতীয়ঃ।

(ক) যদ্যপি বেদাদৌ সর্ব্বত্রষ্টিষেণশব্দস্য সন্দৃষ্টত্বাদত্র 'সাষ্টিষেণ' ইত্যেব পাঠঃ সন্নিবেশয়িতুং যুজ্যতে তথাপ্যস্মদুপলব্ধেষু সর্ব্বেষ্বেব করাঙ্কিতেষু বঙ্গীয়েষ্বাদর্শেষু, বারাণসীতঃ পণ্ডিতপত্রিকায়াং মুদ্রিতে, তথা 'গোরেসিয়ো' মহোদয়েন মুদ্রিতে পুস্তকে চ 'সার্ষ্টিসেন' ইতি

তৌ চৈবেক্ষ্বাকুদায়াদৌ মুনিবেশৌ কুশীলবৌ।
ধন্যং যশস্যমায়ুষ্যং স্বর্গ্যং স্বস্ত্যয়নং মহৎ ॥ ৪ ॥
কৃতা[১] তু তত্ত্বতঃ কীর্ত্তী রাঘবস্য মহাত্মনঃ ॥
ইহৈবার্থশ্চ ধর্ম্মশ্চ[২] কামশ্চ উপপদ্যতে ॥ ৫ ॥

৪। লো-টী। কুশীলবৌ প্রয়োগকর্ত্তারৌ।
৫। লো-টী। উপপদ্যতে প্রাপ্যতে।

৩। টিপ্পনী। ধৌম্যমাণ্ডব্যকুশিকান্ ধৌম্যশ্চ মাণ্ডব্যশ্চ কুশিকশ্চেতি তান্। ধূমর্ষেরপত্যং যুধিষ্ঠিরপুরোহিতঃ, ব্যাঘ্রপদস্যর্ষেঃ পুত্র উপমন্যোরনুজঃ, পশ্চিমদিগাশ্রিত ঋষিভেদশ্চ। এবং ত্রয়ো ধৌম্যাঃ। মাণ্ডব্যঃ মাণ্ডবীপুত্রঃ, মণ্ডোর্গোত্রাপত্যং, মাণ্ডব্যসংহিতাদিগ্রন্থপ্রণেতা চ। এবং ত্রয়ো মাণ্ডব্যাঃ। কুশিকো বিশ্বামিত্রপিতামহঃ কুশিকগোত্রীয়ো ব্রাহ্মণবিশেষশ্চ। এবমেতেষাং বার্ত্তোপলভ্যতে। কিন্তু তত্র রামায়ণসদসি কঃ ক আসীদিত্যস্য বিনির্ণয়ে মহান্ সংশয় এবাস্মাসু পদং করোতি।

কিম্ভূতান্ তানিত্যাহ—সাঞ্জিসেনান্ আঞ্জিসেনস্য ইমে আঞ্জিসেনাঃ তৈঃ সহ বর্ত্তমানান্। শ্রাবয়ামাস ইতি পরেণান্বয়ঃ।

৪। টিপ্পনী। মুনিবেশৌ বস্তুতো রাজকুমারৌ। গোঃ রাঃ। কুশীলবৌ—শ্রাবয়ামাস ইতি পূর্ব্বেণান্বয়ঃ। ইক্ষ্বাকূণাং দায়াদৌ। 'দায়াদৌ সুতবান্ধবৌ' ইত্যমরঃ। ধন্যং যশস্যমায়ুষ্যং স্বর্গ্যং মহৎ স্বস্ত্যয়নম্ আখ্যানমিতি শেষঃ। ধন্যং পুণ্যম্। ধন্যশব্দস্তু পুণ্যবতি

ধৌম্য, মাণ্ডব্য, কুশিক প্রভৃতি মহর্ষিগণকে, ব্রতপরায়ণ সংযতেন্দ্রিয় ব্রাহ্মণগণকে, আঞ্জিসেন বংশীয় এবং কোশলবাসী জনগণকে শ্রবণ করাইয়াছিলেন ॥ ২-৪ ॥

পুণ্য, যশঃ, আয়ুঃ ও স্বর্গদায়ক, পরম কল্যাণকর এই আখ্যান বাল্মীকি যথার্থভাবে রামচন্দ্রের কীর্ত্তিপ্রকাশার্থ রচনা করিয়াছেন। এই রামায়ণে

১। গ 'সুকৃতা চ তত্তঃ', ঘ ঙ-চ 'কৃত্বা চ তত্ত্বতঃ কীর্ত্তিং। ২। ঘ-'নিখিলেনোপবর্ণ্যতে,' ঙ চ-ছ-ঝ 'নিখিলেনোপপদ্যতে', ক-খ-গ-জ-'পরিকীর্ত্তিতঃ'।

পাঠস্যোপলম্ভাৎ তস্য চাব্যুৎপন্নপ্রাতিপদিকত্বেন ষত্বাভাবস্য তৎপ্রযুক্তস্য ণত্বাভাবস্যাপি কথঞ্চিচ্ছব্দানুশাসনশাস্ত্রেণানুগ্রাহয়িতুং শক্যত্বাচ্চ স এব পাঠোঽস্মাভিরঙ্গীকৃতঃ।

দণ্ডনীতিশ্চ বিপুলা ত্রয়ী বার্ত্তা চ কৃৎস্নশঃ।
য ইদং শৃণুয়ান্নিত্যং যশ্চৈনং[১] পরিকীর্ত্তয়েৎ ॥ ৬ ॥
ইহ ভোগান্ বরান্ প্রাপ্য দেবৈর্গচ্ছতি[২] তুল্যতাম্
ইক্ষ্বাকূণামিদঞ্চৈব জনকস্য চ ধীমতঃ ॥ ৭ ॥
পুলস্ত্যস্য চ দেবর্ষেঃ কীর্ত্তনং সমুদাহৃতম্।
অশ্বমেধাবসানে চ রাঘবস্য মহাত্মনঃ ॥ ৮ ॥
কথিতং তুষ্টিজননমিদমাখ্যানমাদিতঃ।
যচ্চ[৩] ধর্ম্মার্থসংযুক্তং পাপানাং পাবনং[৪] মহৎ[৫] ॥ ৯ ॥

৬। লো-টী। দণ্ডঃ দমনম্ অধার্ম্মিকদমনশাস্ত্রম্, নীতিঃ সামদানাদ্যুপায়শাস্ত্রম্, ত্রয়ী বেদঃ, বার্ত্তা জীবনহেতুঃ কৃষ্যাদি। ইদম্ আখ্যানম্।

৮। লো-টী। পুলস্ত্যস্য কীর্ত্তনং তৎসন্তানকথনদ্বারেণ।

৯। লো-টী। পাপানাং মহৎ পাবনং নাশকমিত্যর্থঃ।

বর্ত্ততে 'স্যাদ্ ধন্যং পুণ্যবতি ত্রিষি'ত্যভিধানাৎ। রামায়ণশ্রবণপঠনেন ধন্যত্বমুপজায়তে, অতস্তদ্রামায়ণে উপচরিতম্। ধনায় হিতমিতি বা। স্বস্ত্যয়নং—স্বস্তি মঙ্গলং 'স্বস্তি স্যান্মঙ্গলে পুণ্যেঽপ্যাশংসায়ামপি ক্বচিৎ' ইতি মেদিনী। তস্য অয়নং পন্থাঃ 'অয়নং বর্ত্ম মার্গাধ্বপন্থানঃ পদবী সৃতিঃ' ইত্যমরঃ। যস্য শ্রবণেন পঠনেন বা মঙ্গলমুপজায়ত ইত্যর্থঃ।

৫। টিপ্পনী। রাঘবস্য কীর্ত্তিঃ কৃতা—রাঘবস্য কীর্ত্তিপ্রকাশককাব্যরূপেণেদমাখ্যানং পরিণতমভূদিত্যাশয়ঃ। ইহৈব রামায়ণে।

৬। টিপ্পনী। 'এন'মিতি পুংস্ত্বমার্ষম্।

৭-৮। টিপ্পনী। ইদং রামায়ণম্। কীর্ত্ত্যতে অনেনেতি কীর্ত্তনং কীর্ত্তিপ্রকাশকং কাব্যম্।

ধর্ম্ম, অর্থ ও কামের, বিস্তৃত দণ্ডনীতির, বেদের অর্থাৎ বেদপ্রতিপাদিত বস্তুসমূহের এবং কৃষিবাণিজ্য প্রভৃতি বার্ত্তাশাস্ত্রের বিবরণ সম্পূর্ণভাবে পাওয়া যায় ॥ ৪-৬ ॥

যে ব্যক্তি প্রতিদিন এই রামায়ণ শ্রবণ করেন, যিনি ইহা কীর্ত্তন করেন, তিনি ইহলোকে পরমোপাদেয় ভোগ্যসমূহ লাভ করিয়া [পরলোকে] দেবগণের তুল্যতা লাভ করেন। এই রামায়ণ ইক্ষ্বাকুবংশীয় রাজগণের, ধীমান্ জনকের এবং দেবর্ষি পুলস্ত্যের কীর্ত্তিপ্রকাশক [কাব্য] বলিয়া প্রসিদ্ধ। মহানুভব

১। 'গ-'যশ্চেদং'। ২। চ-'-র্গচ্ছন্তি'। ৩। ক-খ-ঘ-চ-ছ-ঝ 'যত্র', জ-'অত্র,' 'ধর্ম্মকামার্থ'-। ৪। চ-'বারণং'। ৫। ক-গ-ঘ-ঙ-চ-জ-'শুভম্'।

আদিকাণ্ডমিদং[1] প্রোক্তং বিস্তরশ্চাস্য[2] কথ্যতে।
প্রথমং নারদপ্রশ্নো নদীগমনমেব চ ॥ ১০ ॥
ব্রহ্মণো দর্শনঞ্চৈব বরপ্রাপ্তিশ্চ পুষ্কলা।
শ্লোকানাং পরিমাণঞ্চ যত্রৈতৎ পরিকীর্ত্ত্যতে[3] ॥ ১১ ॥
অযোধ্যাবর্ণনঞ্চৈব রাজ্ঞো দশরথস্য চ।
অমাত্যবর্ণনঞ্চৈব কৌশল্যায়াশ্চ বর্ণনম্ ॥ ১২ ॥

১০-১১। টিপ্পনী। নারদপ্রশ্নঃ প্রথমে সর্গে। নদ্যাং তমসায়াং গমনং বাল্মীকেঃ, তচ্চ দ্বিতীয়ে। ব্রহ্মণো দর্শনং বাল্মীকিনা অত্রৈব সর্গে। বরপ্রাপ্তিঃ 'ন তে বাগনৃতা কাচিদত্র কাব্যে ভবিষ্যতী'ত্যেবংরূপস্য বরস্য ব্রহ্মণঃ সকাশাদ্ বাল্মীকিনা প্রাপ্তিরত্রৈব সর্গে।

শ্লোকানাং পরিমাণঞ্চ তৃতীয়ে সর্গে—'দ্বে সহস্রে শতান্যষ্টৌ শ্লোকাঃ পঞ্চাশদেব তু' ইতি।

১২। টিপ্পনী। অযোধ্যাবর্ণনং পঞ্চমে। রাজ্ঞো দশরথস্য বর্ণনং ষষ্ঠে। অমাত্যবর্ণনং সপ্তমে। কৌশল্যাবর্ণনমত্র কাণ্ডে নোপলভ্যতে।

রামচন্দ্রের অশ্বমেধযজ্ঞ সমাপ্ত হইলে [কুশ ও লব] প্রীতিজনক এই আখ্যান আদি হইতে [অন্ত পর্য্যন্ত] কীর্ত্তন করিয়াছিলেন। ইহা ধর্ম্মার্থসংযুক্ত এবং পাপনাশক ॥ ৬-৯ ॥

ইহা (আলোচ্য অংশ) আদিকাণ্ড বলিয়া কথিত। ইহার বিস্তৃত বিবরণ বর্ণিত হইতেছে। আদিকাণ্ডে প্রথম (১) সর্গে বাল্মীকিকর্ত্তৃক নারদের নিকট [সর্ব্বাপেক্ষা গুণবান্ মানব বিষয়ক] প্রশ্ন, দ্বিতীয় সর্গে (২) মহামুনি বাল্মীকির [মাধ্যাহ্নিক ক্রিয়ার নিমিত্ত তমসা] নদীতে গমন ॥ ১০ ॥

দ্বিতীয় সর্গে (২) বাল্মীকিকর্ত্তৃক ব্রহ্মার দর্শন, ব্রহ্মার নিকট বাল্মীকির উত্তম বরলাভ এবং তৃতীয় (৩) সর্গে রামায়ণের শ্লোকসংখ্যার বিষয় বর্ণিত হইয়াছে ॥ ১১ ॥

পঞ্চম (৫) সর্গে অযোধ্যার, ষষ্ঠ (৬) সর্গে রাজা দশরথের, সপ্তম (৭) সর্গে অমাত্যগণের এবং তৎপরে কৌশল্যার বর্ণনা করা হইয়াছে ॥১২॥

১। গ-ঙ-'মিহ'। ২। খ-'বিস্তার', ঘ-'বিস্তরঞ্চাস্য'। ৩। ঘ-ছ-'- কীর্ত্তিতম্'।

পুত্রার্থঞ্চ নরেন্দ্রস্য মন্ত্রণং সমুদাহৃতম্ ।
অশ্বমেধক্রিয়া চৈব বরপ্রাপ্তিশ্চ পুষ্কলা ॥ ১৩ ॥[১]
ভাগার্থিনাঞ্চ দেবানামাগমঃ সমুদাহৃতঃ ।
রাবণস্য বধোপায়[২]মন্ত্রণং সমুদাহৃতম্ ॥ ১৪ ॥
[৩]স্বর্গাবতরণঞ্চৈব সুরাণাং সমুদাহৃতম্ ।
দিব্যা চ পায়সোৎপত্তিঃ পুত্রজন্ম নৃপস্য চ ॥ ১৫ ॥

১৩। টিপ্পনী। মন্ত্রণং মন্ত্রিভিঃ সহ অষ্টমে সর্গে। অশ্বমেধক্রিয়া—যজ্ঞসম্ভার একাদশে, যজ্ঞারম্ভো দ্বাদশে, যজ্ঞকর্মসমাপ্তিস্ত্রয়োদশে। বরপ্রাপ্তিঃ 'যথাভিলষিতান্ পুত্রানচিরাৎ ত্বমবাপ্স্যসি' ইত্যেবংরূপস্য বরস্য প্রাপ্তিরত্রৈব।

১৪। টিপ্পনী। ভাগার্থিনাং স্বস্বহবির্ভাগস্বীকারার্থিনাং দেবানামাগমশ্চতুর্দ্দশে। রাবণবধোপায়মন্ত্রণমপ্যত্রৈব।

১৫। টিপ্পনী। সুরাণাং স্বর্গাবতরণম্ স্বর্গে অবতরণং প্রবেশঃ। 'ঘন-বীথিবীথিমবতীর্ণবতঃ' ইত্যত্র অবতীর্ণবত ইত্যস্য প্রবিষ্টবত ইত্যেবংক্রমেণ মল্লিনাথ-ব্যাখ্যানাত্তথা 'তদীয়ং দেশমবতীর্য্যে'ত্যাদিপ্রয়োগদর্শনাদবপূর্ব্বকতৄধাতোঃ প্রবেশার্থত্বং লভ্যতে। যদ্বা স্বর্গে অবতরণম্ অন্তর্ধানম্। বক্ষ্যতি চ 'ইত্যুক্ত্বান্তর্হিতা দেবাস্ততঃ শক্রপুরোগমাঃ' ইতি এতদপ্যত্রৈব চতুর্দ্দশে সর্গে। পায়সোৎপত্তিঃ পঞ্চদশে। পুত্রজন্ম উনবিংশে।

অষ্টম (৮) সর্গে পুত্রহীন অযোধ্যাধিপতি দশরথের পুত্রপ্রাপ্তিবিষয়ক মন্ত্রণা, একাদশ (১১) সর্গে অশ্বমেধ যজ্ঞের অনুষ্ঠান। ত্রয়োদশ (১৩) সর্গে উৎকৃষ্ট বরপ্রাপ্তি বর্ণিত হইয়াছে ॥১৩॥

চতুর্দ্দশ (১৪) সর্গে মহারাজ দশরথ কর্ত্তৃক অনুষ্ঠিত যজ্ঞের ভাগগ্রহণার্থ দেবগণের অযোধ্যায় আগমন এবং রাবণের বিনাশ সম্বন্ধে মন্ত্রণা উল্লিখিত হইয়াছে ॥১৪॥

চতুর্দ্দশ (১৪) সর্গে যজ্ঞভাগগ্রহণান্তর দেবগণের স্বর্গে প্রত্যাবর্ত্তন। পঞ্চদশ (১৫) সর্গে দিব্য পায়সের উৎপত্তি এবং উনবিংশ (১৯) সর্গে মহারাজ দশরথের রামাদি পুত্রগণের জন্ম ॥১৫॥

১। খ-ছ-জ 'পরিকীর্ত্তিতঃ'। ২। ঙ 'বধোপায়ো' ক '-বধোপায়ে'। ৩। গ-ছ-জ 'অংশা-', ঘ-চ 'অংশাবতরণঞ্চাত্র', ঙ 'পূর্ণাবতরণঞ্চাত্র'।

কৌশল্যায়াঞ্চ রামস্য কৈকেয্যাং ভরতস্য চ।
যময়োশ্চ সুমিত্রায়াং সম্ভবঃ সমুদাহৃতঃ ॥ ১৬ ॥
বানরাণাঞ্চ সর্ব্বেষামুৎপত্তিঃ[১] পরিকীর্ত্তিতা।
রাজ্ঞো দশরথস্যেহ বিশ্বামিত্রেণ সঙ্গমঃ ॥ ১৭ ॥
প্রদানঞ্চৈব রামস্য রক্ষণার্থং মহাক্রতোঃ।
লক্ষ্মণানুগমশ্চৈব বিদ্যাপ্রাপ্তিশ্চ পুষ্কলা ॥ ১৮ ॥
অনঙ্গাশ্রমবাসশ্চ তাড়কাবনদর্শনম্।
তাড়কায়াশ্চ নিধনমস্ত্রলাভশ্চ[২] কীর্ত্যতে ॥ ১৯ ॥

১৭ লো-টী। ইহ অযোধ্যায়াম।

১৬। টিপ্পনী। কৌশল্যায়াঞ্চ রামস্যেত্যাদীনাং বর্ণনমেকোনবিংশে।

১৭। টিপ্পনী। বানরোৎপত্তির্দ্বিংশে। বিশ্বামিত্রেণ দশরথস্য সঙ্গম একবিংশে।

১৮। টিপ্পনী। রামস্য প্রদানং পঞ্চবিংশে। লক্ষ্মণানুগমশ্চাত্রৈব। বিদ্যাপ্রাপ্তিঃ—বলাতিবলাখ্যবিদ্যাদ্বয়প্রাপ্তিরপ্যত্রৈব।

১৯। টিপ্পনী। অনঙ্গাশ্রমবাসঃ ষড়্‌বিংশে সর্গে। তাড়কাবনদর্শনং সপ্তবিংশে। তাড়কানিধনম্ একোনত্রিংশে। অস্ত্রলাভঃ—অস্ত্রাণাং ব্রহ্মাস্ত্রধর্ম্মাস্ত্রকালাস্ত্রপ্রভৃতীনাং বিশ্বামিত্রাল্লাভস্ত্রিংশে।

ঊনবিংশ (১৯) সর্গে প্রধানা রাজমহিষী কৌশল্যার গর্ভে জ্যেষ্ঠ রামের, দ্বিতীয়া কৈকেয়ীর গর্ভে মহামনা ভরতের, তৃতীয়া সুমিত্রার গর্ভে যমজ লক্ষ্মণ ও শত্রুঘ্নের জন্ম বৃত্তান্ত, একবিংশ (২১) সর্গে বানরগণের জন্ম এবং [তাড়কারাক্ষসীর বিনাশ সাধন করিবার জন্য] মহামুনি বিশ্বামিত্রের দশরথের সহিত সাক্ষাৎকার ॥১৬-১৭॥

পঞ্চবিংশ (২৫) সর্গে মহাক্রতুরক্ষার নিমিত্ত মহারাজ দশরথ বিশ্বামিত্রের হস্তে রামকে প্রদান করেন, রামানুরক্ত লক্ষ্মণ রামের অনুগমন করেন, পথিমধ্যে মহামুনি বিশ্বামিত্র রামকে বলা ও অতিবলানামক শ্রেষ্ঠ বিদ্যাদ্বয় প্রদান করেন ॥১৮॥

ষড়্‌বিংশ (২৬) সর্গে রাম, লক্ষ্মণ ও বিশ্বামিত্র মুনির অনঙ্গাশ্রমে বাস, সপ্তবিংশ (২৭) সর্গে তাড়কা রাক্ষসী যে বনে বাস করিত সেই বনদর্শন,

১। ছ-' ।' ২। গ-জ 'নিধনং মন্ত্র-'।

সিদ্ধাশ্রমনিবাসশ্চ সত্ররক্ষণমেব চ।[১]
সুবাহোর্নিধনঞ্চাত্র[২] মারীচস্য চ ভৎর্সনম্ ॥ ২০ ॥
বিশ্বামিত্রস্য চৈবর্ষেঃ স্ববংশপরিকীর্ত্তনম্।[৩]
গঙ্গায়াঃ প্রভবশ্চৈব পবিত্রঃ পরিকীর্ত্তিতঃ ॥ ২১ ॥
দিব্যগর্ভাবপতনং[৪] কার্ত্তিকেয়স্য সম্ভবঃ।
বিশালস্য চ রাজর্ষের্ব্বংশস্য পরিকীর্ত্তনম্[৫] ॥ ২২ ॥

---

২০ লো-টী। সত্ররক্ষণং যজ্ঞরক্ষণম।

২০ টিপ্পনী। সিদ্ধাশ্রমনিবাসো দ্বাত্রিংশে সর্গে। ক্রতুরক্ষণং ত্রয়স্ত্রিংশে। সুবাহোনিধনং মারীচস্য চ মানবাস্ত্রেণ ভৎর্সনম্ বলতিরস্কারেণ মূর্চ্ছাপাদনরূপমিত্যেতদ্দ্বয়মপ্যত্রৈব।

২১। টিপ্পনী। বিশ্বামিত্রবংশবর্ণনং ষট্ত্রিংশে সর্গে। গঙ্গায়াঃ প্রভবঃ সপ্তত্রিংশে।

২২। টিপ্পনী। দিব্যগর্ভাবপতনং—গঙ্গা বহ্নের্গর্ভং প্রতিপদ্যমানা তং ধারয়িতুমশক্তা সতী কৈলাসশিখরে শরবণোদ্দেশে সমুৎসসর্জেতি বার্ত্তা একোনচত্বারিংশে। কার্ত্তিকেয়স্য সম্ভবোঽপ্যত্রৈব। বিশালস্য চ রাজর্ষের্বংশস্য—রাজর্ষেরিক্ষ্বাকোরলম্বুষায়ামুৎপন্নস্য বিশালস্য রাজ্ঞো বংশস্য পরিকীর্ত্তনম্ অষ্টচত্বারিংশে। ইক্ষ্বাকোশ্চৈব রাজর্ষেরিতি বক্তব্যে তৎপুত্রস্য বিশালস্যোপাদানং তদ্বৈশিষ্ট্যখ্যাপনায়।

ঊনত্রিংশ (২৯) সর্গে রামকর্ত্তৃক তাড়কারাক্ষসীবধ, ত্রিংশ (৩০) সর্গে রামের বিশ্বামিত্র মুনির নিকট ব্রহ্মাস্ত্রাদিলাভ ॥১৯॥

দ্বাত্রিংশ (৩২) সর্গে রাম, লক্ষ্মণ প্রভৃতির সিদ্ধাশ্রমে বাস, ত্রয়স্ত্রিংশ (৩৩) সর্গে রাম ও লক্ষ্মণ কর্ত্তৃক মুনিগণের যজ্ঞরক্ষা, সুবাহুবধ এবং মারীচের মূর্চ্ছোৎপাদন ॥২০॥

ষট্ত্রিংশ (৩৬) সর্গে বিশ্বামিত্র মুনিকর্ত্তৃক নিজের বংশবৃত্তান্ত বর্ণিত হইয়াছে এবং সপ্তত্রিংশ (৩৭) সর্গে গঙ্গার পবিত্র উৎপত্তির বিষয় কীর্ত্তিত হইয়াছে ॥২১॥

ঊনচত্বারিংশ (৩৯) সর্গে বহ্নিবীর্য্যসম্ভূত গর্ভধারণে অসমর্থা গঙ্গার কৈলাসে শরবণে গর্ভনিক্ষেপ, কার্ত্তিকেয়ের উৎপত্তি, এবং অষ্টচত্বারিংশ (৪৮) সর্গে রাজর্ষি বিশালের বংশ বিবৃত হইয়াছে ॥২২॥

১। ক-ঙ-ঝ 'ক্রতু-'। ২। খ 'র্ম্মরণকৈব', -'র্নিধনকৈব'। ৩। গ 'রাজর্ষেঃ'। ৪। খ-গ-ঙ 'গর্ভাবতরণং'। ৫। ঙ 'বংশশ্চ পরিকীর্ত্তিতঃ'।

অহল্যাশাপমোক্ষশ্চ মিথিলায়াশ্চ দর্শনম্ ।
দর্শনং[১] যজ্ঞবাটস্য মৈথিলস্য চ দর্শনম্ ॥ ২৩ ॥

চরিতঞ্চৈব কাৎস্ন্যেন কৌশিকস্য মহাত্মনঃ ।
কথিতং রাঘবস্যাত্র[২] শতানন্দেন ধীমতা ॥ ২৪ ॥

ধনুষো[৩] ভেদনঞ্চৈব কন্যায়াশ্চ নিবেদনম্ ।
রাজ্ঞো দশরথস্যেহ জনকস্য চ সংগমঃ ॥ ২৫ ॥

সীতাদীনাঞ্চ কন্যানাং বিবাহঃ সমুদাহৃতঃ ।
বধূর্গৃহীত্বা নৃপতের্যানং দশরথস্য চ ॥ ২৬ ॥

২৩। টিপ্পনী। অহল্যাশাপমোক্ষশ্চ—অহল্যাং প্রতি শাপপ্রদানং গৌতমেন একোনপঞ্চাশে শাপান্মোক্ষশ্চ পঞ্চাশে সর্গে। মিথিলাদর্শনম্ একপঞ্চাশে। যজ্ঞবাটদর্শনং মৈথিলস্য রাজর্ষের্জনকস্য চ দর্শনমত্রৈব।

২৪। টিপ্পনী। শতানন্দেন গৌতমপুত্রেণ মাতৃশাপমোক্ষশ্রবণহৃষ্টেন রামসমীপে বিশ্বামিত্রস্য চরিতকীর্ত্তনং দ্বিপঞ্চাশে সর্গে।

২৫। টিপ্পনী। ধনুষো ভেদনং সপ্ততিতমে সর্গে। কন্যায়াঃ সীতায়াঃ নিবেদনম্ 'তস্মৈ সীতা ময়া দেয়া বীর্য্যশুল্কা সুতায় তে' ইত্যাদি বাক্যস্য দূতমুখেন কথনং সপ্ততিতমে। দশরথজনকসমাগম একসপ্ততিতমে।

২৬। টিপ্পনী। বিবাহঃ পঞ্চসপ্ততিতমে সর্গে। দশরথস্যাযোধ্যাং প্রতি গমনং ষট্‌সপ্ততিতমে।

পঞ্চাশ (৫০) সর্গে শ্রীরামচন্দ্র কর্ত্তৃক অহল্যার শাপমোচন। একপঞ্চাশ (৫১) সর্গে রাম, লক্ষ্মণ প্রভৃতির মিথিলা, যজ্ঞভূমি এবং মিথিলারাজ জনকের দর্শন ॥২৩॥

দ্বিপঞ্চাশ (৫২) সর্গে গৌতমপুত্র ধীমান্ শতানন্দ কর্ত্তৃক রামচন্দ্রের নিকট বিস্তৃতভাবে মহাত্মা বিশ্বামিত্রের চরিত্রবর্ণন ॥২৪॥

সপ্ততিতম (৭০) সর্গে রাম কর্ত্তৃক রাজর্ষি জনকের হরধনুর্ভঙ্গ, জনক কর্ত্তৃক দূতমুখে দশরথকে রামের হস্তে সীতাসমর্পণ-সংবাদ প্রদান এবং একসপ্ততিতম (৭১) সর্গে দশরথ ও জনকের মিলন ॥২৫॥

১। চ 'গমনং', জ 'যজ্ঞবাটস্য গমনং'। ২। খ-গ-ঙ-ছ 'চাত্র রামস্য'। ৩। জ-পুস্তকে অত আরভ্য [সপ্তবিংশশ্লোকস্য পূর্ব্বার্দ্ধং যাবৎ] ধীমতা' ইত্যন্তঃ শ্লোকসমুদায়ো নাস্তি।

সমাগমশ্চ রামস্য জামদগ্ন্যেন ধীমতা।
জামদগ্ন্যস্য লোকানাং রোধশ্চাত্রানুকথ্যতে[1] ॥ ২৭ ॥
অযোধ্যাসংপ্রবেশশ্চ[2] প্রবাসো ভরতস্য চ।
অযোধ্যাবাসিনাঞ্চৈব প্রমোদঃ[3] পরিকীর্ত্ত্যতে[4] ॥ ২৮ ॥
ইত্যেতৎ প্রথমং কাণ্ডমাদিকাণ্ডমিহোচ্যতে।
সর্গাশ্চৈব চতুঃষষ্টিঃ শ্লোকানাঞ্চাত্র কথ্যতে[5] ॥ ২৯

২৭। টিপ্পনী। জামদগ্ন্যসমাগমঃ ষট্‌সপ্ততিতমে। লোকানাং রোধঃ 'লোকাংস্তু জহি মে পুণ্যান্ শরেণানেন রাঘব' ইত্যুক্তেন রামেণ জামদগ্ন্যলোকরোধঃ সপ্তসপ্ততিতমে সর্গে।

২৮। টিপ্পনী। অযোধ্যাসংপ্রবেশোঽষ্টাসপ্ততিতমে। ভরতস্য প্রবাসঃ ভরতস্য মাতামহগৃহং প্রতি গমনম্ ঊনাশীতিতমে।

অযোধ্যাবাসিনাং প্রমোদঃ পরিকীর্ত্ত্যতে—রামাগমনানন্তরং ভরতপ্রবাসানন্তরং বা পুরবাসিনাং প্রমোদপরিকীর্ত্তনমত্র কাণ্ডে কুত্রাপি বাহুল্যেন নোপলভ্যতে। কেবলম্ ঊনাশীতিতমসর্গে 'তস্য চাপ্যভবন্ প্রীতঃ স রাজা গুরবস্তথা। শীলবৃত্তেন রামস্য সর্বে তে পুরবাসিনঃ॥' ইত্যন্তিমশ্লোকে তস্যোদ্দেশমাত্রং বর্ত্ততে।

পঞ্চসপ্ততিতম (৭৫) সর্গে সীতা প্রভৃতি কন্যাগণের রাম, লক্ষ্মণ প্রভৃতির সহিত বিবাহ এবং ষট্‌সপ্ততিতম (৭৬) সর্গে পুত্রবধূগণ সমভিব্যাহারে দশরথের নিজ রাজধানী অযোধ্যাভিমুখে প্রত্যাগমন ॥২৬॥

ষট্‌সপ্ততিতম (৭৬) সর্গে হরধনুর্ভঙ্গবার্ত্তা শ্রবণে ক্রুদ্ধ পরশুরামের সহিত শ্রীরামচন্দ্রের সমাগম এবং রামকর্ত্তৃক পরশুরামের পুণ্যার্জ্জিত লোকরোধ ॥২৭॥

অষ্টসপ্ততিতম (৭৮) সর্গে মহারাজ দশরথের অযোধ্যায় প্রত্যাগমন, ঊনাশীতিতম (৭৯) সর্গে ভরতের মাতামহরাজধানী গমন এবং অযোধ্যাবাসিগণের আনন্দ ॥২৮॥

এই সমস্ত ঘটনা লইয়া আদিকাণ্ড নামে প্রথম কাণ্ড রচিত হইয়াছে। আদিকাণ্ডে চতুঃষষ্টি সর্গ। এই কাণ্ডের শ্লোকের পরিমাণ উল্লিখিত হইতেছে ॥২৯॥

১। খ '-শ্চ পরিকীর্ত্তিতঃ', ঙ-চ-ছ-জ 'বধশ্চাত্রানুকীর্ত্তিতঃ'। ২। জ 'অযোধ্যায়াং'। ৩। গ-'প্রসাদঃ'। ৪। গ-চ-'পরিকীর্ত্তিতঃ'। ৫। গ-ছ'-ঞ্চৈব কীর্ত্ত্যতে'।

দ্বে সহস্রে শতান্যষ্টৌ শ্লোকাঃ পঞ্চাশদেব[১] তু।
বালচর্য্যা[২] হি যত্রোক্তা রাঘবস্য মহাত্মনঃ ॥ ৩০ ॥

অতঃ পরং দ্বিতীয়ং তদ[৩]যোধ্যাকাণ্ডসংজ্ঞিতম্[৪]।
যত্রাভিষেকসঙ্কল্পো[৫] ব্যাঘাতশ্চৈব কীর্ত্ত্যতে[৬] ॥ ৩১ ॥

কৈকেয্য[৭]নুনয়শ্চৈব শোকো দশরথস্য চ।
বনপ্রয়াণং রামস্য লক্ষ্মণানুগমস্তথা ॥ ৩২ ॥

৩১। টিপ্পনী। অভিষেকসঙ্কল্পঃ প্রথমে সর্গে। ব্যাঘাতঃ—অভিষেকবার্ত্তাং শ্রুত্বা কৈকেয্যা জ্ঞাতিদাস্যা মন্থরায়াঃ পরিদেবনং ষষ্ঠে, কৈকেয়ীং প্রতি মন্থরাবাক্যং সপ্তমে, রামপ্রবাসোপায়চিন্তা অষ্টমে, ভরতাভিষেচনরামবনগমনরূপবরদ্বয়যাচনঞ্চ নবমে।

৩২। কৈকেয্যনুনয়ঃ 'অপি তে চরণৌ মূর্দ্ধা স্পৃশাম্যেষ প্রসীদ মে' ইত্যেবংরূপো নবম এব। শোকো দশরথস্য চ—দশরথবিলাপ ইত্যর্থঃ স দশমে। বনপ্রয়াণমেকোনচত্বারিংশে। লক্ষ্মণানুগমোঽপ্যত্রৈব।

আদিকাণ্ডে দুই হাজার আটশত পঞ্চাশ শ্লোক। এই শ্লোকসমূহদ্বারা মহর্ষি বাল্মীকিকর্ত্তৃক মহাত্মা রামের বাল্যচরিত বর্ণিত হইয়াছে ॥৩০॥

অতঃপর অযোধ্যাকাণ্ডনামক দ্বিতীয় কাণ্ড। অযোধ্যাকাণ্ডের প্রথম (১) সর্গে দশরথ কর্ত্তৃক রামের যৌবরাজ্যাভিষেকসঙ্কল্প, নবম (৯) সর্গে অভিষেক-ব্যাঘাত [দশরথের নিকট কৈকেয়ী কর্ত্তৃক রামের বনগমন এবং ভরতের যৌবরাজ্যপ্রার্থনারূপ বরদ্বয় প্রার্থনা] ॥৩১॥

নবম (৯) সর্গেই দশরথ কর্ত্তৃক কৈকেয়ীর নিকট অনুনয়, দশমে (১০) দশরথের বিলাপ, একোনচত্বারিংশ (৩৯) সর্গে রামের বনগমন এবং লক্ষ্মণ কর্ত্তৃক তাঁহার অনুগমন ॥৩২॥

১। গ ঙ-'পঞ্চদশৈব তু'। ২। ছ-'-চর্য্যাদি'। ৩। ছ-'তম-'। ৪। ঘ-'সংজ্ঞকম্-'।
৫। জ-'সঙ্কল্পে': ৬। ঘ-'কথ্যতে'। ৭। খ-'কৈকেয্যা-'।

বিষাদঃ প্রকৃতীনাঞ্চ তথৈব চ বিসর্জ্জনম্।
নিষাদাধিপসংবাদঃ সূতস্য চ বিসর্জ্জনম্ ॥ ৩৩ ॥
গঙ্গায়াশ্চাপি[১] সন্তারো[২] ভরদ্বাজস্য দর্শনম্।
[৩]ভরদ্বাজাভ্যনুজ্ঞানাচ্চিত্রকূটস্য দর্শনম্ ॥ ৩৪ ॥
বাস্তুকর্ম্মনিবেশশ্চ চিত্রকূটে মহাগিরৌ।
উপাবৃত্তে[৪] সুমন্ত্রে চ রাজ্ঞো মোহাগমঃ পরঃ ॥ ৩৫ ॥

৩৫। লো-টী। উপাবৃত্তে নিবৃত্তে।

৩৩। টিপ্পনী। প্রকৃতীনাং বিষাদ একোনচত্বারিংশে চত্বারিংশে চ। প্রকৃতীনাং তমসাতীরপর্য্যন্তং গতানাং বিসর্জ্জনং ছলেন নির্য্যাপণং চতুশ্চত্বারিংশে। নিষাদাধিপসংবাদঃ নিষাদাধিপেন গুহেন সহ সম্ভাষণং সপ্তচত্বারিংশে। সূতস্য সুমন্ত্রস্য বিসর্জ্জনম্ একপঞ্চাশে।

৩৪। টিপ্পনী। গঙ্গায়াঃ সন্তারঃ নাবা সন্তরণং দ্বিপঞ্চাশে। ভরদ্বাজস্য দর্শনং চতুঃপঞ্চাশে। ভরদ্বাজস্য অভ্যনুজ্ঞানাৎ সম্মত্যা চিত্রকূটস্য দর্শনং ষট্পঞ্চাশে।

৩৫। টিপ্পনী। বাস্তুকর্ম্মনিবেশশ্চ বাস্তুকর্ম্ম শাস্ত্রোক্তপ্রকারেণ যথোচিতমন্দির-নির্ম্মাণম্। গোঃ রাঃ। নিবেশস্তত্র গৃহেঽবস্থানম্। তীঃ

বাস্তুনঃ বাসস্থানস্য আশ্রমস্যেতি শেষঃ কর্ম ক্রিয়া নির্ম্মাণং তত্র নিবেশঃ নিবাসশ্চ। শৈলপাদে দারুপত্রাদিভিরাশ্রমং নির্ম্মায় তং চ বিধিবচ্ছোধয়িত্বা রামাদয়স্তত্রোষুরিতি বার্ত্তা ষট্পঞ্চাশে। উপাবৃত্তে পুনরাগতে অযোধ্যায়ামিতি শেষঃ। সুমন্ত্রোপাবর্ত্তনং সপ্তপঞ্চাশে। রাজ্ঞো মোহাগমোঽত্রৈব।

একোনচত্বারিংশ (৩৯) সর্গে অযোধ্যাবাসী জনগণের বিষাদ, চতুশ্চত্বারিংশ (৪০) সর্গে তমসাতীর পর্য্যন্ত রামের অনুগমনকারী জনগণকে রাম বিদায়দান করেন। সপ্তচত্বারিংশ (৪৭) সর্গে নিষাদাধিপতি গুহের সহিত সম্ভাষণ এবং একপঞ্চাশ (৫১) সর্গে রাম কর্ত্তৃক সুমন্ত্রের বিদায় ॥৩৩॥

দ্বিপঞ্চাশ (৫২) সর্গে নৌকারোহণে রামাদির গঙ্গার পরপারে গমন। চতুঃপঞ্চাশ (৫৪) সর্গে ভরদ্বাজের দর্শনলাভ। ষট্পঞ্চাশ (৫৬) সর্গে ভরদ্বাজের অনুমতি অনুসারে রামাদির চিত্রকূটপর্ব্বতে গমন ॥৩৪॥

ষট্পঞ্চাশ (৫৬) সর্গে মহাগিরি চিত্রকূটে বৃক্ষপত্রাদিদ্বারা আশ্রম নির্ম্মাণ

১। খ-ঘ-জ-ঝ'-শ্চাভি-'। ২। ঘ-'ভার-'। ৩। ভার-'। ৪। জ 'সুমন্ত্রে'।

স্বশাপকথনঞ্চৈব স্বর্গপ্রাপ্তির্নৃপস্য চ।
ভরতাগমনঞ্চৈব[1] তূর্ণং রাজগৃহাদপি ॥ ৩৬ ॥
রামপ্রসাদনার্থঞ্চ[2] ভরতস্য মহাত্মনঃ।
গমনং[3] কীর্ত্ত্যতে বাসো ভরদ্বাজস্য চাশ্রমে ॥ ৩৭ ॥
দর্শনঞ্চৈব রামস্য পিতুশ্চ সলিলক্রিয়া।
প্রসাদনঞ্চ রামস্য বহুশঃ পরিকীর্ত্তিতম্ ॥ ৩৮ ॥

৩৬। টিপ্পনী। স্বশাপকথনঞ্চৈব—শব্দবেধচিকীর্ষয়া যুবরাজো দশরথঃ কদাচিৎ সরযূং প্রাপ্য কেনচিদৃষিকুমারকেণ পূর্য্যমাণস্য জলকুম্ভস্য নিস্বনং শ্রুত্বা বারণবৃংহিতভ্রমেণ শরং বিসৃজ্য তং নিহতবান্। শ্রুত্বৈতদ্বৃত্তান্তস্তস্যান্ধঃ পিতা 'পুত্রশোকাতুরঃ প্রাণান্ সন্ত্যক্ষ্যাম্যবশো যথা। ত্বমপ্যন্তে তথা প্রাণাংস্ত্যক্ষ্যসে পুত্রলালসঃ॥' ইত্যেবংরূপেণ দশরথং শশাপ। এতস্য ব্রহ্মশাপস্য কথনং কৌশল্যায়ৈ দশরথেন ষট্‌ষষ্টিতমে সর্গে। দশরথস্য স্বর্গপ্রাপ্তিঃ সপ্তষষ্টিতমে। রাজগৃহাৎ কেকয়রাজগৃহাদ্ ভরতস্যাগমনমযোধ্যায়াং ত্রিসপ্ততিতমে।

৩৭। টিপ্পনী। ভরতস্য গমনং নবতিতমে সর্গে। ভরদ্বাজাশ্রমে বাস একোনশততমে।

৩৮। টিপ্পনী। রামস্য দর্শনম্ অষ্টশততমে। সলিলক্রিয়া—পিতুর্মরণবার্ত্তাং সংশ্রুত্য রামস্য মন্দাকিনীমবতীর্ণস্য পিতরমুদ্দিশ্য 'এতত্তে নৃপশার্দ্দূল বিমলং তোয়মুত্তমম্। পিতৃলোকেষু পানীয়ং মদ্দত্তমুপতিষ্ঠতু॥' ইত্যনেন তোয়াঞ্জলিদানম্ একাদশশততমে।

করিয়া রামলক্ষ্মণপ্রভৃতির তাহাতে অবস্থান এবং সপ্তপঞ্চাশ (৫৭) সর্গে সুমন্ত্র অযোধ্যায় প্রত্যাবর্ত্তন করিলে রাজা দশরথের গুরুতর মোহপ্রাপ্তির বর্ণন ॥৩৫॥

ষট্‌ষষ্টিতম (৬৬) সর্গে মহারাজ দশরথ চেতনালাভ করিয়া কৌশল্যার নিকট মৃগভ্রমে ঋষিকুমারের বধের বৃত্তান্ত বর্ণনপূর্ব্বক ঋষিদম্পতির অভিশাপ বৃত্তান্ত বর্ণনা করেন। সপ্তষষ্টি (৬৭) সর্গে মহারাজ দশরথের মৃত্যু এবং ত্রিসপ্ততিতম (৭৩) সর্গে মাতুলগৃহ হইতে ভরতের অতি শীঘ্র অযোধ্যায় প্রত্যাবর্ত্তন বর্ণিত হইয়াছে ॥৩৬॥

নবতিতম (৯০) সর্গে রামকে প্রসন্ন করিয়া প্রত্যানয়নের জন্য ভরতের বনগমন। একোনশততম (৯৯) সর্গে তাঁহার ভরদ্বাজাশ্রমে বাস ॥ ৩৭ ॥

অষ্টশততমে (১০৮) রামের সহিত ভরতের মিলন, একাদশশততমে (১১১)

১। -খ-গ-ছ 'ভরতাগমনন্তূর্ণং তথা', জ-ভরতাগমনং তূর্ণং মাতামহগৃহাদপি। ২। ঘ -'নঞ্চৈব'। ৩। ঘ 'গমনে'।

জাবালের্যত্র বাক্যানি বামদেবস্য চোভয়োঃ।
ইক্ষ্বাকূণাঞ্চ বংশস্য কীর্ত্তনং সমুদাহৃতম্ ॥ ৩৯ ॥
অপ্রতিজ্ঞা[1] চ রামস্য[2] গমনে কোশলাং[3] প্রতি।
পাদুকাহরণঞ্চৈব ভরতস্য বিসর্জ্জনম্ ॥ ৪০ ॥

প্রসাদনমারাধনা অনুগ্রহযাচনমিতি যাবৎ। 'সেবা ভক্তিরুপাস্তিপ্রসাদনারাধনোপচারশ্চ' ইতি হলায়ুধঃ। 'প্রোষিতে ময়ি যন্মাত্রা পাপং মৎকারণাৎ কৃতম্। ক্ষুদ্রয়া ন তদিষ্টং মে প্রসীদতু ভবান্ মম॥ কৈকেয়ীং মাতরং মাঞ্চ সুহৃদো বান্ধবাংশ্চ নঃ। পৌরজানপদান্ ভৃত্যাংস্ত্রায়স্ব সকলানিমান্॥" 'আর্য্য প্রসাদং কুরু মে শিরসা ত্বাং প্রসাদয়ে॥ ন চ তদ্বিদিতং পাপং জনন্যা মম যৎ কৃতম্॥ তবাস্মি শিষ্যো দাসশ্চ প্রৈষ্যঃ প্রৈষ্যানুগঃ পরঃ। ন কার্য্যং মম রাজ্যেন যত্ত্বয়া নোপভুজ্যতে॥' ইত্যাদিক্রমেণ রামপ্রসাদনং ত্রয়োদশশততমে সপ্তদশশততমে চ।

৩৯। টিপ্পনী। জাবালের্বাক্যানি—সর্ব্বশাস্ত্রবিন্নৈয়ায়িকো জাবালির্নাস্তিকমতাশ্রয়ণেন রাজ্যগ্রহণায় রামং চোদয়তি ষোড়শশততমে সর্গে। বামদেবস্য বাক্যমত্র নোপলভ্যতে। জাবালিবচঃ শ্রুত্বা তং প্রতি রামস্য সক্রোধোক্তিঃ ষোড়শশততমে, তদ্দর্শিতনাস্তিকবাদনিরাকরণঞ্চ অষ্টাদশশততমে সর্গে দৃশ্যতে। অতো বামদেবস্যেত্যত্র রামচন্দ্রস্যেতি পাঠো ভবেন্ন বেতি বিভাব্যম্। চিত্রকূটাৎ প্রত্যাবর্ত্তনকারিষু জনেষু বামদেবোঽন্যতম ইত্যুপলভ্যতে চতুর্বিংশতিশততমসর্গস্য দ্বিতীয়শ্লোকে। ইক্ষ্বাকূণাঞ্চ বংশস্য কীর্ত্তনং—জ্যেষ্ঠত্বস্যৈব রাজ্যপ্রাপ্তিহেতুত্বেতি দর্শয়িতুং দশরথাবধি রাজর্ষেরিক্ষ্বাকোর্বংশস্য কীর্ত্তনং বশিষ্ঠেন একোনবিংশতিশততমে।

৪০। টিপ্পনী। অপ্রতিজ্ঞা—'স হি রাজা দশরথঃ পিতা জনয়িতা মম। প্রতিজ্ঞাতং ময়া তস্য ন কার্য্যং বাক্যমন্যথা॥' ইত্যাদিক্রমেণাযোধ্যাং প্রতি গমনে রামস্য স্বীকারাভাবো বিংশতিশততমে সর্গে। স্বপ্রতিজ্ঞেতি পাঠে—বনাৎ প্রত্যাগতস্য রামস্য রাজ্যগ্রহণ-

রাম কর্ত্তৃক মৃত পিতা দশরথের তর্পণ, ত্রয়োদশশততম (১১৩) এবং সপ্তদশশততম (১১৭) সর্গে ভরতের রামকে প্রসন্ন করিবার চেষ্টা ॥ ৩৮ ॥

ষোড়শশততম (১১৬) সর্গে জাবালি মুনির রামকে রাজ্য গ্রহণের জন্য অনুরোধ, তৎপরে বামদেবের বাক্য এবং একোনবিংশতিশততম (১১৯) সর্গে বশিষ্ঠ কর্ত্তৃক ইক্ষ্বাকুবংশের কীর্ত্তন ॥ ৩৯ ॥

বিংশতিশততম (১২০) সর্গে রামের অযোধ্যায় প্রত্যাগমনে অস্বীকার।

১। খ 'স্বপ্রতিজ্ঞা-'। ২। ঙ 'তু'। ৩। চ 'কোশলান্'।

নন্দিগ্রামে[১] প্রবেশশ্চ মাতৃণাঞ্চ বিসর্জ্জনম্ ।
অযোধ্যাসংপ্রবেশশ্চ শত্রুঘ্নস্য মহাত্মনঃ ॥ ৪১ ॥
কাণ্ডং দ্বিতীয়মিত্যুক্তমযোধ্যাকাণ্ডসংজ্ঞিতম্ ।
অশীতিঃ সংখ্যয়া সর্গাঃ[২] শ্লোকানাঞ্চাত্র কীর্ত্ত্যতে[৩] ॥ ৪২ ॥
ত্রীণি শ্লোকসহস্রাণি নবশ্লোকশতানি চ ।
শ্লোকানাং দ্বে শতে চৈব ভূয়ঃ শ্লোকাশ্চ সপ্ততিঃ ॥ ৪৩ ॥
অতঃ পরং তৃতীয়ন্তু[৪] আরণ্যকমিতি স্মৃতম্[৫] ।
যত্র[৬] রামো মহাবাহুর্দণ্ডকং প্রাবিশদ্বনম্ ॥ ৪৪ ॥

প্রতিজ্ঞেতি ব্যাখ্যেয়ম্ । একবিংশতিশততমে সর্গে রামোক্তির্যথা 'অনেন ধর্ম্মশীলেন বনাৎ প্রত্যাগতোঽপি সন্ । ভ্রাত্রা সহ ভবিষ্যামি পৃথিব্যাঃ পতিরুত্তমঃ ॥' ইতি ।

পাদুকাহরণঞ্চৈব—শরভঙ্গশিষ্যৈঃ রামায়োপায়নীকৃতয়োঃ কুশপাদুকয়োঃ 'অধিরোপ্যার্য্যপাদাভ্যামিমে গৃহ্লীষ পাদুকে । এতে হি সর্বলোকস্য যোগক্ষেমং করিষ্যতঃ ॥' ইতি—বশিষ্ঠপ্রচোদিতেন ভরতেন গ্রহণং ত্রয়োবিংশতিশততমে । ভরতবিসর্জ্জনমপ্যত্রৈব ।

৪১ । টিপ্পনী । অযোধ্যাপ্রত্যাগতেন ভরতেন মাতৃণাং বিসর্জ্জনং ষড়্‌বিংশতিশততমে সর্গে । শত্রুঘ্নসহিতস্য তস্য নন্দিগ্রামপ্রবেশঃ সপ্তবিংশতিতমে । শত্রুঘ্নস্য অযোধ্যাসংপ্রবেশো নাত্রোপলভ্যতে ।

৪৪ । টিপ্পনী । দণ্ডকপ্রবেশঃ পঞ্চমে সর্গে ।

ত্রয়োবিংশতিশততম (১২৩) সর্গে ভরত রামপাদুকাদ্বয় গ্রহণ করেন এবং রাম ভরতকে প্রতিনিবৃত্ত করেন ॥৪০॥

ষড়্‌বিংশতিশততম (১২৬) সর্গে ভরত কৌশল্যা কৈকেয়ী প্রভৃতি মাতৃগণকে অযোধ্যায় রাখিয়া সপ্তবিংশতিশততম (১২৭) সর্গে শত্রুঘ্নের সহিত নন্দিগ্রামে গমন করেন, তাহার পর মহাত্মা শত্রুঘ্ন অযোধ্যায় আগমন করেন ॥ ৪১ ॥

ইহার নাম অযোধ্যাকাণ্ডনামক দ্বিতীয় কাণ্ড, এই অযোধ্যাকাণ্ডে অশীতি সর্গ । ইহার শ্লোকসংখ্যা বলিতেছি ॥৪২॥

অযোধ্যাকাণ্ডে চারিহাজার একশত সত্তরটি শ্লোক আছে ॥৪৩॥

১ । ঙ-'গ্রাম-', জ 'গ্রামে নিবাসশ্চ' । ২ । ছ 'সর্গঃ' । ৩ । ঘ-চ 'কথ্যতে' । ৪ । খ—গ—চ—জ-ঝ 'কাণ্ডং' । ৫ । চ—ঙ—'শ্রুতম্' । ৬ । ঝ—পুস্তকে অত আরভ্য ষট্‌চত্বারিংশচ্ছ্লোকস্য প্রথমার্দ্ধপর্য্যন্তং নাস্তি ।

অনসূয়াসমস্যা[১] চ অঙ্গরাগস্য চার্পণম্।
বিরাধদর্শনঞ্চৈব বধশ্চ সমুদাহৃতঃ ॥ ৪৫ ॥
ঋষীণাং দর্শনঞ্চাপি[২] মৈথিল্যাশ্চাপি[৩] সান্ত্বনম্[৪]।
শরভঙ্গাশ্রমপ্রাপ্তির্ম্মহেন্দ্রস্য চ দর্শনম্ ॥ ৪৬ ॥

৪৫। টিপ্পনী। অনসূয়া অত্রিপত্নী তয়া সমস্যা সহাবস্থানং মেলনং বা। 'আজ্ঞাপয়ামাস ততঃ সমস্যাং নিশি' ইতি হরিবংশীয়প্রয়োগে সমস্যাশব্দস্য সহাবস্থানরূপার্থস্য 'গৌরীব পত্যা সুভগা কদাচিৎ কর্ত্তেয়মপ্যর্দ্ধতনূসমস্যাম্ ইতি নৈষধচরিতপ্রয়োগে তস্য মেলনরূপার্থস্য চ দর্শনাৎ। অনসূয়াদর্শনং দ্বিতীয়ে সর্গে। তয়া সম্ভাষশ্চতুর্থে। অত্রেরাশ্রমে বাসঃ পঞ্চমে। দণ্ডকারণ্যপ্রবেশাৎ প্রাগেবানসূয়াসঙ্গমঃ। অত্র রামায়ণকথায়াঃ সমাসতো বর্ণনে তাৎপর্য্যং ন তু সর্ব্বত্র ক্রমো বিবক্ষিত ইতি বোধ্যম্।

অঙ্গরাগস্য অর্পণম্—'অঙ্গরাগেণ দিব্যেন রক্তাঙ্গী জনকাত্মজে। ময়া দত্তেন সুভগে ভূষিতা বিচরিষ্যসি॥ অদ্য প্রভৃতি ভদ্রং তে মণ্ডনং খলু শাশ্বতম্। অনুলেপশ্চ সুচিরং গাত্রান্নাপগমিষ্যতি॥' ইত্যুক্ত্বা অনসূয়া সীতায়ৈ বাসাংসি ভূষণানি স্রজোঽঙ্গরাগঞ্চার্পযতি তৃতীয়ে।

বিরাধদর্শনং—সীতাং গ্রহীতুকামস্য বিরাধরাক্ষসস্য দর্শনং সপ্তমে। বধঃ বিরাধস্য, স চ লক্ষ্মণেন অষ্টমে।

৪৬। টিপ্পনী। ঋষীণাং দর্শনং ষষ্ঠে দশমে চ। মৈথিল্যাঃ সান্ত্বনম্—এতত্তু বিরাধ-

অতঃপর অরণ্যকাণ্ডনামক তৃতীয় কাণ্ড বিরচিত হইয়াছে। অরণ্যকাণ্ডের পঞ্চম (৫) সর্গে মহাবাহু শ্রীরামচন্দ্রের দণ্ডকারণ্যে প্রবেশ ॥৪৪॥

দ্বিতীয় (২) সর্গে শ্রীরামচন্দ্র মহর্ষি অত্রির আশ্রমে উপস্থিত হইয়া তৎপত্নী অনসূয়াকে দর্শন করেন এবং সীতা তাঁহার সহিত অবস্থান করেন। তৃতীয় (৩) সর্গে অনসূয়া জানকীকে অঙ্গরাগ প্রদান করেন। সপ্তম (৭) সর্গে শ্রীরামচন্দ্রের সহিত বিরাধের দর্শন সঙ্ঘটিত হয়। অষ্টম (৮) সর্গে লক্ষ্মণ বিরাধ রাক্ষসকে বধ করেন ॥৪৫॥

ষষ্ঠ (৬) এবং দশম (১০) সর্গে শ্রীরামচন্দ্র ঋষিগণের দর্শন লাভ করেন।

১। চ—অনসূয়াগমশ্চাত্র। * খ-গ-ঙ-চ—ছ—'-ঞ্চৈব' খ—গ—ঘ—ঙ—চ—'-শ্চৈব'। ৪। গ—ঘ—ঙ—'দর্শনম্'।

* সহাস্যা সমাস্যা ইতি দাক্ষিণাত্যাঃ। বঙ্গীয়া অপি কেচন পরবর্ত্তিনি সর্গে সমাস্যাঞ্চেতি পঠন্তি। লোকনাথেনাপি স এব পাঠোঽনুমন্যতে।

সুতীক্ষ্ণাশ্রমসংপ্রাপ্তিঃ সংবাদঃ সহ সীতয়া।
মন্দকর্ণেশ্চ কথিতং[1] যত্র শক্রবিসর্জ্জনম্[2] ॥ ৪৭ ॥
ইল্বলস্য চ সংবাদঃ কীর্ত্তনঞ্চ দুরাত্মনঃ।
অগস্ত্যাশ্রমবাসশ্চ তথা সংপরিকীর্ত্তিতঃ ॥ ৪৮ ॥

বধানন্তরম্। যথোক্তম্ অষ্টমে সর্গে—'গম্ভীরমবটং কৃত্বা নিচখান পরন্তপঃ। ততঃ সীতাং পরিষ্বজ্য সমাশ্বাস্য চ বীর্য্যবান্॥ অব্রবীল্লক্ষ্মণং রামো ভ্রাতরং দীপ্ততেজস'মিত্যাদি।

শরভঙ্গাশ্রমপ্রাপ্তির্নবমে। মহেন্দ্রস্য চ দর্শনং—শরভঙ্গাশ্রমাবস্থিতেন রামাগমনমালোকয়তা মহেন্দ্রেণ তমনাপৃচ্ছ্যৈব স্বর্লোকং প্রতি গতমিতি চ নবমে। মহেন্দ্রো রামমদ্রাক্ষীন্ন তু রামো মহেন্দ্রমতো মহেন্দ্রস্যেত্যত্র কর্ত্তরি ষষ্ঠী।

৪৭। টিপ্পনী। সুতীক্ষ্ণাশ্রমসংপ্রাপ্তিরেকাদশে সর্গে। সীতয়া সহ সংবাদঃ সংলাপঃ রামস্যেতি শেষঃ। স চ ত্রয়োদশ-চতুর্দ্দশয়োঃ। মন্দকর্ণির্নাম মহামুনিঃ, পঞ্চভিরপ্সরোভিস্তত্তপোবিঘ্নকরণমিন্দ্রাদীনাং দেবানাং পঞ্চদশে সর্গে। শক্রস্য বিসর্জ্জনম্—এতদত্র নোপলভ্যতে।

৪৮। টিপ্পনী! ইল্বলস্য মহাসুরস্য সংবাদঃ কথা অগস্ত্যেন তন্নিসূদনরূপা ষোড়শে সর্গে। অগস্ত্যাশ্রমবাসোঽষ্টাদশে।

অষ্টম (৮) সর্গে শ্রীরামচন্দ্র কর্ত্তৃক বিরাধাদির ভয়ে ভীতা সীতার সান্ত্বনা। নবম (৯) সর্গে রামের শরভঙ্গ মুনির আশ্রমে গমন এবং মহেন্দ্র কর্ত্তৃক রামচন্দ্রের দর্শন ॥৪৬॥

একাদশ (১১) সর্গে রাম, লক্ষ্মণ ও সীতা সুতীক্ষ্ণ মুনির আশ্রমে উপস্থিত হয়েন। ত্রয়োদশ (১৩) এবং চতুর্দ্দশ (১৪) সর্গে রাম ও সীতার কথোপকথন। পঞ্চদশ (১৫) সর্গে মন্দকর্ণির বৃত্তান্ত এবং তৎপর ইন্দ্রবিসর্জ্জন বর্ণিত হইয়াছে ॥৪৭॥

ষোড়শ (১৬) সর্গে অগস্ত্যমুনিকর্ত্তৃক মহাসুর ইল্বলবধের বৃত্তান্ত বর্ণন। অষ্টাদশ (১৮) সর্গে রাম, লক্ষ্মণ ও সীতার অগস্ত্য মুনির আশ্রমে বাস ॥ ৪৮ ॥

১। খ—জ—'কথনং'। ২। ক—'-বিবর্জ্জিতম্', ছ—'-সা চ বিসর্জনম্'।

দর্শনং পঞ্চবট্যাশ্চ জটায়োশ্চৈব দর্শনম্ ।
জনস্থাননিবাসশ্চ শিশিরস্য চ বর্ণনম্ ॥ ৪৯ ॥
স্মরণং ভরতস্যাথ কৈকেয্যাশ্চৈব গর্হণম্ ।
সংবাদঃ শূর্পণখ্যাশ্চ[১] বিরূপকরণন্তথা ॥ ৫০ ॥

৪৯। টিপ্পনী। পঞ্চবটী গোদাবরীতীরস্থস্থানবিশেষস্য সংজ্ঞা। 'কিন্তু ব্যাদিশ মে দেশং সোদকং বহুকাননম্। যত্রাশ্রমপদং কৃত্বা বসেয়ং নিয়তঃ সুখী ॥' রামেণেত্যনুনীতোঽগস্ত্যঃ 'ইতো দ্বিযোজনে রাম স্বাদুমূলফলৈর্যুতঃ। দেশঃ শুচিজলঃ শ্রীমান্ পঞ্চবটীতি বিশ্রুতঃ ॥ তত্র গত্বাশ্রমং কৃত্বা রাম সৌমিত্রিণা সহ। নিবস ত্বং পিতুর্ব্বাক্যং যথোক্তমনুপালয়ন্ ॥' ইত্যাদিভিঃ পঞ্চবটীতি খ্যাতো দেশ এবাশ্রমনির্মাণযোগ্যস্থানমিতি তমবোচৎ। অতো রামস্য লক্ষ্মণস্য চ পঞ্চবটীবিষয়কং দর্শনং পরোক্ষজ্ঞানং সঞ্জাতম্। ততস্তৌ যথোপদিষ্টেন পথা পঞ্চবটীমুদ্দিশ্য প্রজগ্মতুঃ। এতৎ সর্ব্বমেকোনবিংশে সর্গে। জটায়ুষো দর্শনং বিংশে। জনস্থাননিবাসশ্চ—অগস্ত্যবচনেন পঞ্চবট্যাম্ আশ্রমং নির্মায় রামাদয়স্তত্র বাসং কল্পয়ামাসুঃ। এতত্তু একবিংশতিতমে সর্গে। পঞ্চবটী জনস্থানান্তর্বর্তিনী। অতএব জনস্থাননিবাসশ্চেত্যুক্তম্। জনস্থানং পুনর্দণ্ডকারণ্যস্থভূভাগবিশেষঃ। শিশিরস্য বর্ণনং দ্বাবিংশতিতমে।

৫০। টিপ্পনী। স্মরণং ভরতস্য—অহো দুঃসহে হিমর্ত্তৌ ভরতস্তপশ্চরতীত্যাদিক্রমেণ ভরতস্য স্মরণম্। কৈকেয্যা এব স ঈদৃশকষ্টভাগী কৃত ইত্যাদিক্রমেণ চ কৈকেয্যা গর্হণং দ্বাবিংশতিতম এব।

শূর্পণখ্যাঃ সংবাদো রামেণ ত্রয়োবিংশতিতমে লক্ষ্মণেন চ চতুর্বিংশতিতমে। লক্ষ্মণেন তস্যা বিরূপকরণমপি চতুর্বিংশতিতমে।

একোনবিংশ (১৯) সর্গে অগস্ত্য রামাদিকে পঞ্চবটীতে গমন করিয়া তথায় অবস্থিতির উপদেশ প্রদান করিলে রাম তথায় গমন করেন। বিংশ (২০) সর্গে রাম জটায়ুকে দর্শন করেন। একবিংশ (২১) সর্গে রামাদির জনস্থানবাসের বৃত্তান্ত। দ্বাবিংশ (২২) সর্গে শীত ঋতুর বর্ণন ॥ ৪৯ ॥

দ্বাবিংশ (২২) সর্গে রামকর্ত্তৃক ভরতের স্মরণ এবং একমাত্র কৈকেয়ীই ভরতের দুঃখের কারণ মনে করিয়া কৈকেয়ীর নিন্দা। ত্রয়োবিংশ (২৩)

১। ক—খ—গ—ঙ—চ—ছ—'শূর্পণখয়া'।

খরস্য চ বধো ঘোরো দূষণত্রিশিরোবধঃ।

লঙ্কাপ্রবেশো রাক্ষস্যাঃ শূর্পণখ্যাঃ প্রকীর্ত্তিতঃ ॥ ৫১ ॥

সীতায়া লোভনঞ্চৈব রাবণস্যানুশব্দিতম্[১]।

মারীচাশ্রমসংপ্রাপ্তী রাবণস্য দুরাত্মনঃ ॥ ৫২ ॥

৫১। টিপ্পনী। খরস্য শূর্পণখায়া ভ্রাতুর্বধো রামেণ পঞ্চত্রিংশত্তমসর্গে। দূষণঃ সেনাপতিস্তস্য বধো রামেণ দ্বাত্রিংশে সর্গে। দূষণবধাৎ পরং বাহিনীপতিত্বে নিযুক্তস্ত্রিশিরা নাম রাক্ষসস্তস্য বধোহপি রামেণ ত্রয়স্ত্রিংশে। রাক্ষস্যাঃ শূর্পণখায়া লঙ্কাপ্রবেশঃ ষট্‌ত্রিংশে। শূর্পণখীতি রূপমপাণিনীয়ম্। 'নখমুখাৎ সংজ্ঞায়া'মিত্যনেন ঙীষো নিষেধাৎ। শূর্পণখ্যা ইতি ঙীষত্রার্ষ ইতি গোবিন্দরাজঃ।

৫২। টিপ্পনী। সীতায়া লোভনঞ্চৈব—সীতাবিষয়ে রাবণস্য লোভোৎপাদনমিত্যর্থঃ। তত্তু শূর্পণখয়া 'যস্য ভার্য্যা ভবেৎ সীতা যং চ হৃষ্টা পরিষ্বজেৎ। অপি জীবেৎ স লোকেষু দেবেষ্বিব পুরন্দরঃ॥ এবং সীতা মহারাজ রূপেণাপ্রতিমা ভুবি। তবানুরূপা ভার্য্যা সা ত্বং চ তস্যাঃ পতিস্তথা॥' ইত্যাদিক্রমেণ কৃতম্ অষ্টত্রিংশে সর্গে। রাবণস্যানুশব্দিতম্— 'কশ্চ রামঃ কুতো রামঃ কিংবীর্য্যঃ কিংপরাক্রমঃ। কিমর্থং দণ্ডকারণ্যং প্রবিষ্টশ্চ সুদুর্গম'-মিত্যাদিকম্। তদপ্যত্রৈব। মারীচাশ্রমসংপ্রাপ্তিরেকোনচত্বারিংশে।

সর্গে রামের সহিত শূর্পণখার কথোপকথন। চতুর্ব্বিংশ (২৪) সর্গে শূর্পণখা লক্ষ্মণের নিকট উপস্থিত হইয়া কথোপকথনে প্রবৃত্ত হইলে লক্ষ্মণ তাহার নাসিকা ও কর্ণচ্ছেদন করেন ॥ ৫০ ॥

পঞ্চত্রিংশ (৩৫) সর্গে রাম শূর্পণখার ভ্রাতা দুর্দ্দান্ত খরকে বিনাশ করেন। দ্বাত্রিংশ (৩২) সর্গে খরের সেনাপতি দূষণের এবং ত্রয়স্ত্রিংশ (৩৩) সর্গে সেনাপতিপদে নিযুক্ত ত্রিশিরার বিনাশ। ষট্‌ত্রিংশ (৩৬) সর্গে রাক্ষসী শূর্পণখার লঙ্কায় প্রবেশ ॥ ৫১ ॥

অষ্টত্রিংশ (৩৮) সর্গে শূর্পণখা সীতাবিষয়ে রাবণের লোভোৎপাদন করে। এবং রাবণ 'কে রাম; কেন এখানে আসিয়াছে' ইত্যাদি বাক্যে ঘোরতর আস্ফালন করে। একোনচত্বারিংশ (৩৯) সর্গে দুরাত্মা রাবণের মারীচের আশ্রমে আগমন, এবং সীতাহরণার্থ তাঁহার সাহায্য প্রার্থনা ॥ ৫২ ॥

১। খ—'-স্য চ', চ—'-স্যাত্র'

মারীচশ্চ মৃগো ভূত্বা বৈদেহীং সমলোভয়ৎ।
লোভয়িত্বা চ বৈদেহীং রাঘবস্যাপকর্ষণম্[১] ॥ ৫৩ ॥
মারীচস্য বধশ্চৈব লক্ষ্মণস্য চ গর্হণম্।
সীতায়া হরণঞ্চৈব সৌমিত্রেশ্চাত্র[২] সঙ্গমঃ ॥ ৫৪ ॥
জটায়ুষো বধশ্চৈব সীতায়াশ্চ প্রবেশনম্।
লক্ষ্মণস্য চ সংবাদো রাঘবেণ মহাবনে[৩] ॥ ৫৫ ॥

৫৩। টিপ্পনী। মারীচশ্চেত্যাদি—এতত্ত্ব নবচত্বারিংশে সর্গে। রাঘবস্যাপকর্ষণং মারীচস্য বধশ্চ পঞ্চাশে। লক্ষ্মণস্য চ গর্হণং—রামস্বরসদৃশং স্বরমালম্ব্য হা লক্ষ্মণেতি ত্রায়স্বেতি ম্রিয়মাণে মারীচে প্রক্রোশনং কৃতবতি রামস্যাহিতমাশঙ্কমানয়া সীতয়া তং প্রত্যনুধাবনে লক্ষ্মণস্য প্রচোদনম্, রামমহিমবর্ণনেন তদ্বিপদাশঙ্কা অমূলেতি প্রতিপাদয়ন্তং তামেকাকিনীং হিত্বা আশ্রমং ত্যক্তুমনিচ্ছন্তঞ্চ লক্ষ্মণং প্রতি সীতায়াঃ পরুষভাষণঞ্চৈকপঞ্চাশে। সীতাহরণং পঞ্চপঞ্চাশে। সৌমিত্রেঃ সঙ্গমঃ---সীতায়াঃ পরুষং বাক্যমসহমানস্যাশ্রমং ত্যক্ত্বা রামং প্রত্যনুধাবতো লক্ষ্মণস্য মারীচবধানন্তরম্ আশ্রমং প্রত্যাবর্ত্তমানেন রামেণ সঙ্গমশ্চতুঃষষ্টিতমে।

৫৫। টিপ্পনী। জটায়ুর্বধঃ সপ্তপঞ্চাশে সর্গে। সীতায়াশ্চ প্রবেশনং লঙ্কায়ামিতি শেষঃ, ষষ্টিতমে সর্গে। যথোক্তং—'প্রবেশিতায়াং সীতায়াং লঙ্কাং প্রতি পিতামহঃ। ব্রহ্মা প্রোবাচ দেবেন্দ্রং পরিতুষ্টঃ শতক্রতু'মিত্যাদি। লক্ষ্মণস্য চ সংবাদো রাঘবেণ ষট্‌ষষ্টিতমে।

ঊনপঞ্চাশ (৪৯) সর্গে রাবণের প্রার্থনানুসারে মায়াবী মারীচ মৃগরূপ ধারণ করিয়া বৈদেহীকে প্রলুব্ধ করেন এবং পঞ্চদশ (৫০) সর্গে শ্রীরামচন্দ্রকে আশ্রম হইতে দূরে আনয়ন করেন ॥ ৫৩ ॥

পঞ্চাশ (৫০) সর্গে রামকর্ত্তৃক মারীচবধ। একপঞ্চাশ (৫১) সর্গে সীতা লক্ষ্মণকে তিরস্কার করেন। পঞ্চপঞ্চাশ (৫৫) সর্গে রাবণকর্ত্তৃক সীতার হরণ। চতুঃষষ্টিতম (৬৪) সর্গে পথিমধ্যে লক্ষ্মণের সহিত রামের মিলন ॥ ৫৪ ॥

সপ্তপঞ্চাশ (৫৭) সর্গে রাবণ কর্ত্তৃক জটায়ুবধ, ষষ্টিতম (৬০) সর্গে সীতার

১। ঘ—'-স্যাপি', চ—ছ—'-স্যাথ'। ২। খ—গ—ঙ—চ—ছ—ঞ—'-শ্চাত্র'। ৩। খ—ছ—'মহাত্মনা'। গ—ঘ—ঙ—ছ—'রাঘবস্য মহাত্মনঃ'।

হৃতাং চ জানকীং মত্বা বিলাপো রাঘবস্য চ।

জটায়োর্দর্শনঞ্চৈব[1] সৎকারশ্চ মহাত্মনঃ[2] ॥ ৫৬ ॥

খগরাজস্য রামেণ কৃতা চৈব জলক্রিয়া।

কবন্ধস্য বধঃ প্রোক্তঃ স্বর্গপ্রাপ্তিশ্চ পুষ্কলা ॥ ৫৭ ॥

কবন্ধস্য চ বাক্যেন সুগ্রীবান্বেষণং স্মৃতম্[3]।

শবরীদর্শনঞ্চৈব পম্পায়াং পরিদেবনম্[4] ॥ ৫৮ ॥

৫৬। টিপ্পনী। রাঘববিলাপঃ সপ্তষষ্টিতমে অষ্টষষ্টিতমে চ। জটায়ুর্দর্শনং দ্বিসপ্ততিতমে সর্গে তৎসংকারশ্চ ত্রিসপ্ততিতমে।

৫৭। টিপ্পনী। জলক্রিয়া খগরাজমুদ্দিশ্য রামলক্ষ্মণাভ্যাং গোদাবরীং গত্বোদকদানং ত্রিসপ্ততিতমে সর্গে। কবন্ধস্য বধো রামলক্ষ্মণাভ্যাং পঞ্চসপ্ততিতমে। স্বর্গপ্রাপ্তিঃ ষট্‌সপ্ততিতমে। সুগ্রীবান্বেষণং সপ্তসপ্ততিতমে। শবরীদর্শনমত্রৈব। পম্পায়াং পরিদেবনং নবসপ্ততিতমে।

লঙ্কায় প্রবেশ। ষট্‌ষষ্টিতম (৬৬) সর্গে মহারণ্যে রামের সহিত লক্ষ্মণের সীতাসম্বন্ধীয় কথোপকথন ॥ ৫৫ ॥

সপ্তষষ্টি ও অষ্টষষ্টিতম (৬৭।৬৮) সর্গে সীতাকে অপহৃতা মনে করিয়া তাঁহার জন্য রামের বিলাপ। দ্বিসপ্ততিতম (৭২) সর্গে সীতার অন্বেষণ করিতে করিতে পথিমধ্যে পতিত মৃত জটায়ুর দর্শনলাভ। ত্রিসপ্ততিতম (৭৩) সর্গে রামকর্ত্তৃক মহাত্মা জটায়ুর দাহাদি ॥ ৫৬ ॥

ত্রিসপ্ততিতম (৭৩) সর্গে রাম ও লক্ষ্মণ গোদাবরী নদীতে গমন করিয়া পক্ষিরাজ জটায়ুর তর্পণ করেন এবং পঞ্চসপ্ততিতম (৭৫) সর্গে কবন্ধকে বিনাশ করেন। ষট্‌সপ্ততিতম (৭৬) সর্গে কবন্ধের অবিনশ্বর স্বর্গলাভ ॥ ৫৭ ॥

সপ্তসপ্ততিতম (৭৭) সর্গে কবন্ধের বাক্যানুসারে রাম ও লক্ষ্মণ সুগ্রীবের অন্বেষণে প্রবৃত্ত হইয়া শবরীর দর্শনলাভ করেন। নবসপ্ততিতম (৭৯) সর্গে পম্পানামক সরোবরতীরে রামচন্দ্র সীতার নিমিত্ত বিলাপ করেন ॥ ৫৮ ॥

১। গ—ঙ—'জটায়ুষো দর্শনঞ্চ', ঘ—'জটায়ুদর্শনঞ্চৈব'। ২। খ—'মহাত্মনা', জ—অয়ং শ্লোক এব নাস্তি। ৩। খ—গ—ঙ—জ—'পরম্', ছ—'তদা'। ৪। ক—খ—'পরিবেদনম্'।

ইতি[1] কাণ্ডং তৃতীয়ন্তু[2] আরণ্যকমিতি স্মৃতম্ ।
সর্গাণাঞ্চ শতং[3] জ্ঞেয়ং সর্গাশ্চৈব[4] চতুর্দ্দশ ॥ ৫৯ ॥
চত্বারি[5] চ সহস্রাণি শ্লোকানাং কীর্ত্তিতানি চ ।
শতঞ্চৈবাত্র বিজ্ঞেয়ং শ্লোকাঃ পঞ্চাশদেব[6] তু ॥ ৬০ ॥
অতঃ পরং চতুর্থন্তু[7] কিষ্কিন্ধ্যাকাণ্ডসংজ্ঞিতম্[8] ।
ঋষ্যমূকগিরিপ্রাপ্তী[9] রাঘবস্য মহাত্মনঃ ॥ ৬১ ॥
হনুমদ্দর্শনঞ্চৈব[10] সংবাদশ্চাত্র কথ্যতে ।
আরোহণঞ্চ শৈলস্য ঋষ্যমূকস্য কীর্ত্তিতম্ ॥ ৬২ ॥

৬১ । টিপ্পনী । ঋষ্যমূকগিরিপ্রাপ্তিঃ প্রথমে সর্গে । হনুমদ্দর্শনং দ্বিতীয়ে । তেন সহ সংবাদস্তৃতীয়ে ।

৬২ । টিপ্পনী । ঋষ্যমূকস্যেতি কর্ম্মণি ষষ্ঠী । ঋষ্যমূকস্যারোহণং মলয়পর্ব্বতগমনার্থম্ । সুগ্রীবস্তদা মলয়পর্বতে স্থিত আসীদিতি 'মলয়স্যোত্তরে শৃঙ্গে সুগ্রীবস্ত স্থিতোঽভবৎ' । ইতি প্রথমসর্গতোঽবগম্যতে । রামলক্ষ্মণাবাদায় হনুমান্ মলয়পর্ব্বতমেবাজগামেতি চ 'ঋষ্যমূকাত্তু হনুমান্ গত্বা মলয়পর্ব্বতম্ । কথয়ামাস তৌ বীরৌ সুগ্রীবায় মহাত্মনে ॥' ইত্যতঃ শ্লোকাচ্চতুর্থসর্গে স্পষ্টম্ ।

এই সমস্ত বিষয়ে পরিপূর্ণ তৃতীয় কাণ্ড অরণ্যকাণ্ড নামে কথিত হইয়াছে। অরণ্যকাণ্ডে একশত চতুর্দ্দশ সর্গ আছে ॥ ৫৯ ॥

অরণ্যকাণ্ড চারিহাজার একশত পঞ্চাশটী শ্লোক দ্বারা রচিত হইয়াছে ॥ ৬০ ॥

অতঃপর কিষ্কিন্ধ্যানামক চতুর্থ কাণ্ড। কিষ্কিন্ধ্যাকাণ্ডের প্রথম সর্গে মহাত্মা রামচন্দ্রের ঋষ্যমূক পর্ব্বতে গমনের বৃত্তান্ত বর্ণিত হইয়াছে ॥ ৬১ ॥

দ্বিতীয় (২) সর্গে রাম ও লক্ষ্মণ কর্ত্তৃক হনুমানের দর্শন। তৃতীয় (৩)

১। ঘ—"এতৎ। ২। গ—ঙ—"তৃতীয়ন্তুদা-'। ৩। খ—গ—ছ—'শতঞ্চৈব'। ৪। গ—'চতুর্দ্দশ তথাপরম্'। ৫। খ—গ—ঘ—ছ—জ—'চত্বারীহ'। ৬। ক—'পঞ্চদশৈব'। ৭। খ—'চতুর্থঞ্চ ততঃ কাণ্ডং কিষ্কিন্ধ্যা পরিকীর্ত্তাতে।' ৮। ক—'কিষ্কিন্ধ্যানামসংজ্ঞিতম্'। ঘ—'কিষ্কিন্ধ্যাকাণ্ডমুত্তমম্'। ঙ—'চতুর্থঞ্চ কৈষ্কিন্ধ্যকমিতি স্মৃতম্'। ৯। ক—গ—ঘ—ঙ—জ—ঝ—'ঋষ্যমুখ'। ১০। জ—'শৈচব'।

রামসুগ্রীবসখ্যঞ্চ বালিপৌরুষকীর্ত্তনম্ ।
সপ্তসাল[1]প্রভেদশ্চ প্রত্যয়োৎপাদনং তথা ॥ ৬৩ ॥
বালিসুগ্রীবযুদ্ধ[2]ঞ্চ বালিনো বধ এব চ ।
অন্তঃপুরবিলাপশ্চ তারাকারুণ্যমেব চ ॥ ৬৪ ॥
সুগ্রীবস্যাভিষেকশ্চ বালিপুত্রসমর্পণম্[3] ।
বিলাপো রাঘবস্যাত্র লক্ষ্মণেন চ সান্ত্বনম্ ॥ ৬৫ ॥

৬৩। রামসুগ্রীবসখ্যং চতুর্থে সর্গে। বালিপৌরুষকীর্ত্তনং সুগ্রীবেণ রামসবিধে নবমে। সপ্তসালপ্রভেদশ্চ 'যদি ভিন্দ্যাদ্ ভবান্ সালানিমানেকেষুণা ততঃ। জানীয়াং ত্বাং মহাবাহো সমর্থং বালিনো বধে ॥' সুগ্রীবেণেত্যুক্তো রাম একেন বাণেন যুগপদেব সালসপ্তকং বিভেদেতি বার্ত্তৈকাদশে। প্রত্যয়োৎপাদনং 'রামো বালিবধে সমর্থঃ' ইতি সুগ্রীবপ্রত্যয়স্য উৎপাদনমেতেনৈব কর্ম্মণৈকাদশে।

৬৪। টিপ্পনী। বালিসুগ্রীবযুদ্ধং পঞ্চদশে। বালিবধঃ পঞ্চদশে প্রাণোদ্গমস্ত্বেক-বিংশে। অন্তঃপুরবিলাপ একোনবিংশে। তারাবিলাপ একোনবিংশে বিংশে চ।

৬৫। টিপ্পনী। সুগ্রীবাভিষেকঃ পঞ্চবিংশে। বালিপুত্রসমর্পণম্ 'ত্বং গতিঃ সর্বভূতানাং শরণং চ পরন্তপ। প্রতিগৃহ্ণীষ্ব মে পুত্রমঙ্গদং কনকাঙ্গদম্ ॥' ইত্যুক্ত্বা মরণকালে

সর্গে রাম হনুমানের সহিত কথোপকথন করেন। চতুর্থ (৪) সর্গে সুগ্রীবের নিকট গমনের জন্য রাম ও লক্ষ্মণ ঋষ্যমূক পর্ব্বতে আরোহণ করেন ॥ ৬২ ॥

চতুর্থ (৪) সর্গে রাম ও সুগ্রীবের মধ্যে বন্ধুত্ব স্থাপিত হয়। নবম (৯) সর্গে সুগ্রীব রামের নিকট বালীর বীরত্ব কীর্ত্তন করেন। [কথোপকথনে বালীর পরাজয়ে রামের সামর্থ্য আছে কি না, সুগ্রীবের মনে এই সন্দেহ উপস্থিত হইয়াছে জানিতে পারিয়া] একাদশ (১১) সর্গে রামচন্দ্র একবাণে সাতটি সালবৃক্ষ ভেদ করিয়া সুগ্রীবের প্রত্যয় উৎপাদন করেন ॥ ৬৩ ॥

পঞ্চদশ (১৫) সর্গে বালি-সুগ্রীবে যুদ্ধ এবং বালিবধ। একবিংশ (২১) সর্গে অন্তঃপুরচারিণীগণ বালীর নিমিত্ত বিলাপ করেন। একোনবিংশ (১৯) এবং বিংশ (২০) সর্গে বালীর পত্নী তারার বিলাপ ॥ ৬৪ ॥

একবিংশ (২১) সর্গে বালী পুত্র অঙ্গদকে রামের হস্তে অর্পণ করেন।

১। ক—গ—ঘ—ঙ—চ—জ—ঝ—'তাল' 'শ্চ-'। ২। খ—'যুদ্ধন্তু'। ৩। গ—ঘ—ছ—জ—করণঞ্চাশ্রমস্য চ।

প্রাবৃড্বিলাপশ্চৈবাত্র শরদ্বর্ণনমেব চ[১]।
বিলাপশ্চৈব শরদি সময়স্য চ লঙ্ঘনম্ ॥ ৬৬ ॥

সুগ্রীবং প্রতি রামস্য প্রকোপো[২] যত্র[৩] কীর্ত্তিতঃ।
রামস্য কোপং বিজ্ঞায়[৪] লক্ষ্মণস্য চ সম্ভ্রমঃ ॥ ৬৭

রামায় বালিনা স্বপুত্রস্যার্পণম্। বিলাপো রাঘবস্য—সীতামুদ্দিশ্য প্রস্রবণে গিরৌ ষড়্বিংশে। লক্ষ্মণস্য চ সান্ত্বনমত্রৈব।

৬৬। টিপ্পনী। প্রাবৃড্বিলাপঃ—প্রাবৃষি জলদাগমে রামস্য বিলাপঃ সপ্তবিংশতিতমে। শরদ্বর্ণনমেকোনত্রিংশে। বিলাপশ্চাত্রৈব। সময়স্য তু লঙ্ঘনং—শ্রাবণাদিকার্ত্তিকপর্য্যন্তান্ চতুরো বার্ষিকান্ মাসান্ সমতিক্রম্য রাবণবধে অস্মাভির্যতিতব্যমিতি রামকৃতস্য সুগ্রীবানুমতস্য চ সময়স্য সুগ্রীবেণ লঙ্ঘনং বর্ষাপগমেঽপি রাজ্যসুখাসক্তস্য তস্য নিরুদ্যোগতয়াবস্থানাৎ। এতত্তু ত্রিংশে।

৬৭। টিপ্পনী। সুগ্রীবং প্রতি রামস্য প্রকোপস্ত্রিংশসর্গে। সময়ানুসারেণ রামসন্নিধাবনাগমনং সীতান্বেষণশৈথিল্যঞ্চ সুগ্রীবং প্রতি রামস্য কোপকারণমিতি বিজ্ঞায় লক্ষ্মণস্য সম্ভ্রমশ্চিত্তসংবেগঃ। 'সমৌ সংবেগসম্ভ্রমৌ' ইত্যমরঃ। স চৈকত্রিংশে।

পঞ্চবিংশ (২৫) সর্গে কিষ্কিন্ধ্যারাজ্যে সুগ্রীবের অভিষেক। ষড়্বিংশ (২৬) সর্গে প্রস্রবণ পর্ব্বতে আরোহণ করিয়া রামচন্দ্র সীতার নিমিত্ত বিলাপ করেন এবং লক্ষ্মণ তাঁহাকে সান্ত্বনাপ্রদান করেন ॥ ৬৫ ॥

সপ্তবিংশ (২৭) সর্গে বর্ষাকাল উপস্থিত হইলে [মেঘমালা দর্শন করিয়া সীতার বিরহে অধীর হইয়া] রাম বিলাপ করিতে আরম্ভ করেন। একোনত্রিংশ (২৯) সর্গে রামকর্ত্তৃক শরদ্বর্ণন এবং পুনর্ব্বিলাপ। ত্রিংশ (৩০) সর্গে সুগ্রীবের প্রতিজ্ঞালঙ্ঘনের বিষয় বর্ণিত হইয়াছে ॥ ৬৬ ॥

ত্রিংশ (৩০) সর্গে সুগ্রীবের প্রতিজ্ঞালঙ্ঘনে তাঁহার প্রতি রামের ক্রোধ, রামচন্দ্রের ক্রোধ দর্শনে লক্ষ্মণের উত্তেজনা ॥ ৬৭ ॥

১। জ—'শরদ্দর্শন'। ২। খ—গ—ঙ—ছ—ক—'কোপো যত্র প্রকীর্ত্তিতঃ'। ৩। চ-'হুত্র প্রকীর্ত্তিতঃ', ঘ—'-পস্তত্র'। ৪। জ—'প্রজ্ঞায়'।

প্রেষণং[১] লক্ষ্মণস্যাথ দৌত্যেন গমনন্তথা।
সুগ্রীবস্য তথা[২] চাত্র গমনং রাঘবাশ্রমে[৩] ॥ ৬৮ ॥
প্রসাদনঞ্চ রামস্য বানরাণাঞ্চ সংগ্রহঃ।
পৃথিব্যা বর্ণনঞ্চৈব সুগ্রীবেণ মহাত্মনা ॥ ৬৯ ॥
প্রস্থাপনং[৪] বানরাণামঙ্গুরীয়স্য চার্পণম্।
হনুমৎপ্রভৃতীনাঞ্চ বিন্ধ্যপর্ব্বতলঙ্ঘনম্ ॥ ৭০ ॥

৬৮। টিপ্পনী। লক্ষ্মণস্য প্রেরণং রামেণৈকত্রিংশে। লক্ষ্মণস্য প্রয়াণমপ্যত্রৈব। কিষ্কিন্ধ্যায়াং তৎপ্রবেশশ্চ ত্রয়স্ত্রিংশে। সুগ্রীবস্য রাঘবাশ্রমে গমনমষ্টত্রিংশে।

৬৯। টিপ্পনী। রামপ্রসাদনমষ্টত্রিংশে। সুগ্রীবেণ বানরাণাং সংগ্রহ আহরণং নানাদিগ্‌দেশেভ্য একস্থীকরণম্ একোনচত্বারিংশে। পৃথিব্যা বর্ণনং সীতান্বেষণায় দিক্ষু সৈন্যপ্রেষণপ্রসঙ্গেন সুগ্রীবকর্তৃকং ভূভাগানাং বর্ণনমিত্যর্থঃ। তত্তু চত্বারিংশে একচত্বারিংশে, ত্রিচত্বারিংশে চতুশ্চত্বারিংশে চ সর্গে।

৭০। টিপ্পনী। সুগ্রীবেণ বানরাণাং প্রস্থাপনং সীতান্বেষণায় প্রেরণং চত্বারিংশমারভ্য চতুশ্চত্বারিংশং যাবৎ সর্গজাতে। অঙ্গুরীয়স্য চার্পণং রামনামাঙ্কিতস্যাঙ্গুরীয়স্য রামেণার্পণং হনুমতে। এতদ্দৃষ্ট্বা হনুমান্ রামপক্ষীয় ইতি যথা সীতায়াঃ পরিজ্ঞানং ভবেৎ ইত্যেতদর্থম্। এতচ্চ দ্বিচত্বারিংশে। বিন্ধ্যপর্ব্বতলঙ্ঘনম্—সীতান্বেষণায় বিন্ধ্যপর্ব্বতারোহণং বানরাণাং পঞ্চপঞ্চাশে। বিন্ধ্যমতীত্য সমুদ্রতীরাগমনং ত্রিপঞ্চাশে।

একত্রিংশ (৩১) সর্গে রামের দৌত্য গ্রহণ করিয়া লক্ষ্মণ কিষ্কিন্ধ্যায় সুগ্রীবের নিকট গমন করেন। অষ্টত্রিংশ (৩৮) সর্গে সুগ্রীব রামের আশ্রমে আগমন করেন ॥ ৬৮ ॥

অষ্টত্রিংশ (৩৮) সর্গে সুগ্রীব মহামনা রামের প্রসন্নতা উৎপাদনের চেষ্টা করেন। একোনচত্বারিংশ (৩৯) সর্গে বানরসমূহকে একত্র করিয়া তিনি চত্বারিংশ, একচত্বারিংশ, ত্রিচত্বারিংশ এবং চতুশ্চত্বারিংশ (৪০।৪১।৪৩।৪৪) সর্গে নানাদিকে সৈন্য প্রেরণ প্রসঙ্গে পৃথিবীস্থ ভূভাগসমূহের বর্ণনা করেন ॥ ৬৯ ॥

চত্বারিংশ (৪০) সর্গে সুগ্রীব সীতার অন্বেষণের জন্য বানরদিগকে প্রেরণ করেন। দ্বিচত্বারিংশ (৪২) সর্গে রামচন্দ্র স্বনামাঙ্কিত অঙ্গুরীয় হনুমানের

১। চ—'প্রণয়ো'। ২। 'ভত্র'। ৩। খ—'শ্রমম্'। ৪। খ—ঘ—চ—ছ—জ—'প্রস্থানং বানরাণাঞ্চ অঙ্গ…'।

স্বয়ংপ্রভাগুহায়াশ্চ[১] প্রবেশ[২] ইহ কীর্ত্তিতঃ।
অপ্রবৃত্তৌ চ বৈদেহ্যা বিষাদগমনস্তথা[৩] ॥ ৭১।
প্রায়োপবেশনঞ্চৈব বানরাণাং মহাত্মনাম্।
দর্শনঞ্চাত্র সম্পাতের্গৃধ্ররাজস্য ধীমতঃ ॥ ৭২

৭১। টিপ্পনী। স্বয়ংপ্রভা নাম তাপসী হেমসাবর্ণের্দুহিতা, তস্যা গুহায়া আশ্রয়স্থানভূতস্য বিলস্য প্রবেশঃ সীতান্বেষণায় বানরাণামেকপঞ্চাশে। বৈদেহ্যাঃ সীতায়া অপ্রবৃত্তৌ বার্ত্তায়ামপ্রাপ্তায়ামিত্যর্থঃ। 'বার্ত্তা প্রবৃত্তির্বৃত্তান্ত' ইত্যমরঃ। বিষাদগমনং বিষাদস্য বিষণ্ণতায়া গমনং প্রাপ্তিঃ ত্রিপঞ্চাশে।

৭২। টিপ্পনী। প্রায়োপবেশনম্—প্রায়ঃ সন্ন্যাসবত্যনশনে। সন্ন্যাসঃ সম্যক্ ন্যাসঃ আত্যন্তিকস্ত্যাগস্তদ্‌যুক্তেঽনশনেঽভোজনে। 'সন্ন্যাসবত্যনশনে পুমান্ প্রায়ঃ।' ইত্যমরঃ। তদর্থমুপবেশনম্। বৈদেহ্যা বৃত্তান্তেঽনুপলব্ধে বানরাণাং প্রাণপরিত্যাগার্থং সন্ন্যাসপূর্ব্বকমনশনেনোপবেশনমিত্যর্থঃ। যদ্বা প্রায়ো মরণং তদর্থমুপবেশনম্। 'প্রায়শ্চানশনে মৃত্যৌ প্রায়ো বাহুল্যতুল্যয়ো'রিতি বিশ্বঃ। মাসাভ্যন্তরে সীতাসন্দেশানুপলম্ভে বানরাণাং প্রাণত্যাগাত্মকং কার্য্যং ময়া কর্ত্তব্যমিতি পূর্ব্বং সুগ্রীবেণ সময়পূর্ব্বকং বিজ্ঞাপিতম্। গতো মাসঃ, তদভ্যন্তরে সীতাসন্দেশলাভে অসমর্থা বানরাঃ স্বয়মেব মরণায় কৃতনিশ্চয়া উপবিবিশুরিত্যর্থঃ। প্রায়োবেশনসংকল্পস্ত্রিপঞ্চাশে প্রায়োপবেশনারম্ভস্তু পঞ্চপঞ্চাশে সর্গে।

মহাত্মনামিতি বিশেষণেন বানরা অপি তে প্রতিজ্ঞাতমর্থং পরিত্যক্তুং নোদসহিষত, পরং তদর্থং প্রাণপরিত্যাগ এব বদ্ধাশয়া অভূবন্নিতি সূচিতম্। সম্পাতির্জটায়ুষো জ্যেষ্ঠভ্রাতা। তদ্দর্শনং ষট্‌পঞ্চাশে।

হস্তে অর্পণ করেন। ঊনপঞ্চাশ এবং পঞ্চাশ (৪৯।৫০) সর্গে হনুমান প্রভৃতি বানরগণ বিন্ধ্যপর্ব্বতে আরোহণ করিয়া সীতার অন্বেষণ করে ॥ ৭০ ॥

একপঞ্চাশ (৫১) স্বর্গে সীতান্বেষণার্থ বানরগণের স্বয়ংপ্রভানাম্নী তাপসীর গুহার মধ্যে প্রবেশ। ত্রিপঞ্চাশ (৫৩) সর্গে সীতার সন্ধান না পাইয়া তাহাদের বিষণ্ণতা ॥ ৭১ ॥

ত্রিপঞ্চাশ (৫৩) সর্গে বানরগণের প্রায়োপবেশনসঙ্কল্প, পঞ্চপঞ্চাশ (৫৫) সর্গে প্রায়োবেশন আরম্ভ। ষট্‌পঞ্চাশ (৫৬) সর্গে বানরগণের সহিত ধীমান্ গৃধ্ররাজ সম্পাতির সাক্ষাৎকার ॥ ৭২ ॥

১। গ—চ—জ—'গুহায়াঞ্চ'। ২। চ—'—শঃ পরি-'। ৩। ক—গ—ঙ—ছ—জ—ঝ—'স্তথ'।

চতুর্থমেতৎ[১] কাণ্ডস্তু কৈষ্কিন্ধ্যমিতি সংজ্ঞিতম্ ।
সর্গাশ্চৈবাত্র বিজ্ঞেয়াশ্চতুঃষষ্টিস্তু[২] সংখ্যয়া ॥ ৭৩ ॥
শ্লোকানাং দ্বে সহস্রে চ অষ্টৌ শ্লোকশতানি চ ।
শ্লোকানাঞ্চ শতং জ্ঞেয়ং পঞ্চবিংশতিরেব চ ॥ ৭৪
অতঃ পরং প্রবক্ষ্যামি কাণ্ডং সুন্দরসংজ্ঞিতম্ ।
হনুমৎপ্লবনং যত্র সুরসায়াশ্চ দর্শনম্ ॥ ৭৫ ॥
মৈনাকস্য গিরেশ্চৈব দর্শনং পরিকীর্ত্তিতম্ ।
নিধনং সিংহিকায়াশ্চ লঙ্কাদর্শনমেব চ ॥ ৭৬ ॥

৭৫ । টিপ্পনী । হনুমৎপ্লবনম্ । হনুমতঃ সাগরলঙ্ঘনং পঞ্চমে সর্গে । সুরসা নাম নাগমাতা তস্যা দর্শনং ষষ্ঠে ।

৭৬ । টিপ্পনী । মৈনাকদর্শনং সপ্তমে । সিংহিকা নাম রাক্ষসী, তস্যা নিধনমষ্টমে । লঙ্কাদর্শনং নবমে ।

কিষ্কিন্ধ্যানামক এই চতুর্থ কাণ্ড কথিত হইল, এই কাণ্ডের সর্গসংখ্যা চতুঃষষ্টি ॥ ৭৩ ॥

কিষ্কিন্ধ্যা কাণ্ডে দুই হাজার নয় শত পঁচিশটী শ্লোক সন্নিবিষ্ট হইয়াছে ॥ ৭৪ ॥

অনন্তর সুন্দরকাণ্ডের কথা বলিতেছি। সুন্দরকাণ্ডের পঞ্চম (৫) সর্গে সম্পাতির উপদেশ অনুসারে হনুমান্ সাগর লঙ্ঘন করেন। সাগর লঙ্ঘনকালে ষষ্ঠ (৬) সর্গে হনুমানের সহিত নাগমাতা সুরসার দর্শন ঘটে ॥ ৭৫ ॥

অতঃপর সপ্তম (৭) সর্গে হনুমান্ কর্ত্তৃক মৈনাকপর্ব্বত দর্শন, অষ্টম (৮) সর্গে সিংহিকানাম্নী রাক্ষসীর বধ এবং নবম (৯) সর্গে লঙ্কাদর্শন ॥ ৭৬ ॥

১। ক—'কাণ্ডং চতুর্থমিত্যুক্তং কিষ্কিন্ধ্যানামসংজ্ঞিতম্'। ২। ঘ—ঙ—'ষষ্টিশ্চ'।

প্রবেশশ্চৈব লঙ্কায়া বর্ণনং বিচয়স্তথা।[১]

মার্গণঞ্চৈব বৈদেহ্যা রাবণান্তঃপুরে শুভে॥

[২] দর্শনং পুষ্পকস্যেহ আপানস্য চ বর্ণনম্॥ ৭৭॥

দর্শনং রাক্ষসেন্দ্রস্য রাবণস্য দুরাত্মনঃ।

বিচয়ঃ পুষ্পকস্যেহ জানক্যাশ্চৈব মার্গণম্॥ ৭৮॥

অদর্শনে[৪] চ বৈদেহ্যাঃ শোকোপগমনন্তথা।

প্রবিশ্যাশোকবনিকাং বৈদেহ্যাশ্চৈব দর্শনম্॥ ৭৯॥

৭৭। লো-টী। মার্গণম্ অনুসন্ধানম্। আপানস্য মদিরাপানস্থানস্য।

৭৭। টিপ্পনী। লঙ্কাপ্রবেশো নবমে। লঙ্কাবর্ণনমপ্যত্রৈব। বিচয়ঃ লঙ্কায়াং কুত্র কিমাস্তে অন্বিষ্যান্বিষ্য তদ্দর্শনং দশমে। বৈদেহ্যা মার্গণমনুসন্ধানং দ্বাদশে। পুষ্পকস্য বিমানস্য দর্শনং ত্রয়োদশে। আপানস্য পানভূমের্বর্ণনং চতুর্দ্দশে।

৭৮। টিপ্পনী। রাবণস্য দর্শনং হনুমতা বিংশতিতমে সর্গে। বিচয়ঃ পুনর্বিচয় ইত্যর্থঃ। 'ভূয়স্তাবদ্বিচেষ্যামি ন যত্র বিচয়ঃ কৃতঃ'। ইতি হনুমদ্বাক্যাৎ। পুষ্পকস্য তন্নাম্নো বিমানস্য। পুষ্পকস্য পুনর্বিচয়ো জানক্যাশ্চ পুনর্মার্গণং পঞ্চদশে।

৭৯। টিপ্পনী। শোকোপগমনং পঞ্চদশে। অশোকবনিকাপ্রবেশঃ ষোড়শে। বৈদেহী-দর্শনমষ্টাদশে।

নবম (৯) সর্গে হনুমান্ লঙ্কায় প্রবেশ করেন এবং লঙ্কাবর্ণনা করেন। দশম (১০) সর্গে লঙ্কার কোন্ স্থানে কি আছে তাহার অনুসন্ধান করেন। দ্বাদশ (১২) সর্গে হনুমান্ রাবণের সুরম্য অন্তঃপুরে সীতাদেবীর অনুসন্ধান করেন। ত্রয়োদশ (১৩) সর্গে পুষ্পকদর্শন, চতুর্দ্দশ (১৪) সর্গে হনুমান্ কর্ত্তৃক পানভূমির বর্ণনা॥ ৭৭॥

অনন্তর বিংশতিতম (২০) সর্গে হনুমান্ কর্ত্তৃক রাক্ষসেন্দ্র দুরাত্মা রাবণের দর্শন এবং পঞ্চদশ (১৫) সর্গে পুষ্পক ও সীতাদেবীর অন্বেষণ॥ ৭৮॥

বৈদেহীর অনুসন্ধান না পাইয়া পঞ্চদশ (১৫) সর্গে হনুমানের শোক।

১। জ—'দর্শনম্'। ২। ক—ইদমর্দ্ধং নাস্তি। ৩। খ—'নিচয়ঃ'। ৪। গ—'অদর্শনেন', ঘ—'অদর্শনঞ্চ'।

প্রবেশো রাবণস্যেহ রক্ষসঃ প্রমদাবনে।[1]

প্রলোভনঞ্চ সীতায়া[2] রাবণস্য চ ভৎর্সনম্[3] ॥ ৮০ ॥

গর্জ্জিতং[4] রাক্ষসীনাঞ্চ হনুমদ্দর্শনন্তথা।

অভিজ্ঞানপ্রদানঞ্চ[5] সীতাসম্ভাষণন্তথা[6] ॥ ৮১ ॥

চূড়ামণিপ্রদানঞ্চ প্রতিসন্দেশ এব চ।

বনপ্রভঙ্গঃ[7] ক্রূরাণাং রাক্ষসানাঞ্চ ভৎর্সনম্ ॥ ৮২ ॥

৮০। টিপ্পনী। রাবণপ্রবেশ একবিংশতিতমে। সীতাপ্রলোভনং দ্বাবিংশে। রাবণস্য ভৎর্সনং সীতয়া ত্রয়োবিংশে।

৮১। টিপ্পনী। রাক্ষসীনাং গর্জ্জিতং পঞ্চবিংশে। হনুমদ্দর্শনং ত্রিংশে। অভিজ্ঞান-প্রদানম্ অভিজ্ঞানস্য অভিজ্ঞায়তে অনেনেত্যভিজ্ঞানং রামপ্রদত্তমঙ্গুরীয়কমিত্যর্থস্তস্য প্রদানং দ্বাত্রিংশে। সীতাসম্ভাষণং ত্রয়স্ত্রিংশে।

৮২। টিপ্পনী। চূড়ামণিপ্রদানম্—চূড়ামণিঃ বেণীগ্রথিতঃ মণিরত্নং তস্য প্রদানং সীতয়া রামস্যাভিজ্ঞানার্থমিত্যর্থঃ। তচ্চ ষট্ত্রিংশে। প্রতিসন্দেশঃ—'মাসমেকং চ জীবেয়ং তবাগমনকাঙ্ক্ষয়া। ততঃ পরং ন শক্ষ্যামি জীবিতুং শোককর্ষিতা॥' ইত্যাদি বাচিকস্য

ষোড়শ (১৬) সর্গে হনুমান্ অশোকবনে প্রবেশ করেন এবং অষ্টাদশ (১৮) সর্গে সীতাদেবীর দর্শনলাভ করেন ॥ ৭৯ ॥

অনন্তর একবিংশ (২১) সর্গে রাবণ প্রমদকানন অশোকবনে প্রবেশ করেন এবং দ্বাবিংশ (২২) সর্গে নানাপ্রকার প্রলোভন প্রদর্শন করিয়া সীতাকে বশীভূত করিতে চেষ্টা করেন। সীতাদেবী ত্রয়োবিংশ (২৩) সর্গে [রাবণের প্রলোভনে ঘৃণা প্রকাশ করিয়া] রাবণকে ভৎর্সনা করেন ॥ ৮০ ॥

পঞ্চবিংশ (২৫) সর্গে রাক্ষসীরা সীতাকে লক্ষ্য করিয়া তর্জ্জন গর্জ্জন করে। ত্রিংশ (৩০) সর্গে সীতাদেবী হনুমান্‌কে দেখিতে পান। দ্বাত্রিংশ (৩২) সর্গে হনুমান্ সীতাদেবীর হস্তে রামের অঙ্গুরীয় অভিজ্ঞান স্বরূপ প্রদান করেন এবং ত্রয়স্ত্রিংশ (৩৩) সর্গে সীতার সহিত কথোপকথন করেন ॥ ৮১ ॥

ষট্‌ত্রিংশ (৩৬) সর্গে সীতাদেবী হনুমানের হস্তে প্রত্যভিজ্ঞানস্বরূপ

১। ঘ—জ—'প্রমদাবনম'। ২। ছ—'বৈদেহ্যা'। ৩। ঘ—'-স্যাবভৎর্-'। ৪। চ—ঙ—'তর্জ্জিতম্', জ—'তর্জ্জনম্'। ৫। চ—'অভিজ্ঞানঞ্চ সীতায়াঃ'। ৬। ঘ—'সন্দর্শনস্তথা', ক-পুস্তকে 'গর্জ্জিত'মিত্যারভ্য 'ভৎর্সন'মিত্যন্তশ্লোকদ্বয়ং নাস্তি। ৭। ক—'ভঙ্গশ্চ'।

কিঙ্করাণাং বধশ্চাত্র[১] মন্ত্রিপুত্রবধস্তথা।
সেনাপতিবধশ্চাত্র অক্ষস্য চ বধস্তথা[২] ॥ ৮৩ ॥
কীর্ত্তিতং[৩] দ্বন্দ্বযুদ্ধঞ্চ হনুমন্মেঘনাদয়োঃ।
ব্রহ্মাস্ত্রেণ চ বন্ধো বৈ মারুতেঃ পরমাদ্ভুতঃ ॥ ৮৪ ॥
নিবেদনঞ্চ দূতস্য ভৎর্সনঞ্চ হনূমতঃ।
লাঙ্গূলদীপনঞ্চৈব[৪] লঙ্কাদাহস্তথৈব চ ॥ ৮৫ ॥

প্রেরণং রামং প্রতি সীতয়া সপ্তত্রিংশে। বনপ্রভঙ্গঃ বনস্য প্রমদাবনস্যাশোকবনস্যেত্যর্থঃ ভঙ্গো হনুমতাত্রৈব। রাক্ষসানাং চ ভৎর্সনং—'নেয়মস্তি পুরী লঙ্কা ন যূয়ং ন চ রাবণঃ। যস্য বৈ লোকবীরেণ বদ্ধং বৈরং মহাত্মনা॥ নাশয়িত্বা পুরীং লঙ্কামভিবাদ্য চ মৈথিলীম্। স সিদ্ধার্থো গমিষ্যামি মিষতাং সর্বরক্ষসাম্॥' ইত্যাদিরূপমষ্টাত্রিংশে। 'ভৎর্সনং ত্বপকারগীঃ' ইত্যমরঃ। অপকারগীরপকারার্থং ভাষণং তচ্চ 'চৌরোঽসি ত্বাং ঘাতয়িষ্যামি' ইত্যেবং-প্রকারমিতি তট্টীকা।

৮৩। টিপ্পনী। কিঙ্করাণাং তন্নামরাক্ষসানাং বধোঽষ্টত্রিংশে একোনচত্বারিংশে চ। মন্ত্রিপুত্রবধশ্চত্বারিংশে। সেনাপতিবধ একচত্বারিংশে। কুমারস্যাক্ষস্য বধো দ্বিচত্বারিংশে।

৮৪। টিপ্পনী। দ্বন্দ্বযুদ্ধং চতুশ্চত্বারিংশে। ব্রহ্মাস্ত্রেণ হনুমতো বন্ধনমপ্যত্রৈব।

৮৫। টিপ্পনী। নিবেদনঞ্চ দূতস্য—'নিবেদয়ামাস কপীশ্বরস্য দূতঃ সকাশাদহ-

চূড়ামণি প্রদান করিয়া সপ্তত্রিংশ (৩৭) সর্গে ['তোমার বিরহে আমি একমাস মাত্র জীবিত থাকিব' ইত্যাদি] প্রতিসন্দেশ নিবেদন করেন। সপ্তত্রিংশ (৩৭) সর্গে হনুমান্ অশোকবন ভঙ্গ করেন এবং অষ্টত্রিংশ (৩৮) সর্গে ক্রূর রাক্ষসগণকে ভৎর্সনা করেন ॥ ৮২ ॥

অষ্টত্রিংশ এবং একোনচত্বারিংশ (৩৮।৩৯) সর্গে হনুমান্ রাবণের কিঙ্করনামক রাক্ষসগণ, চত্বারিংশ (৪০) সর্গে মন্ত্রিপুত্রগণ, একচত্বারিংশ (৪১) সর্গে সেনাপতিগণকে এবং দ্বিচত্বারিংশ (৪২) সর্গে অক্ষকে বিনাশ করেন ॥৮৩॥

চতুশ্চত্বারিংশ (৪৪) সর্গে হনুমান্ এবং ইন্দ্রজিতের দ্বন্দ্বযুদ্ধ এবং ইন্দ্রজিৎকর্ত্তৃক বায়ুপুত্রের অদ্ভুত ব্রহ্মাস্ত্রবন্ধনের বিষয় কীর্ত্তিত হইয়াছে ॥ ৮৪ ॥

সপ্তচত্বারিংশ (৪৭) সর্গে হনুমান্ 'আমি কপীশ্বর সুগ্রীবের দূত হইয়া

১। গ—ঙ—'শ্চৈব'। ২। ঙ—'বধ এব চ'। ৩। ঘ—'সীতাসন্দর্শনস্তথা'। ৪। খ—'লাঙ্গূলোদ্দী-', চ—ছ—জ—'লাঙ্গূলা-'।

সীতায়া দর্শনং ভূয়ঃ প্রত্যাগমনমেব চ।
জাম্বুবৎপ্রমুখৈশ্চৈব হরিভিঃ সহ সঙ্গমঃ ॥ ৮৬ ॥
তথা মধুবনপ্রাপ্তির্ম্মধূনাঞ্চ বিলুণ্ঠনম্।
দেবমার্গাভিরোহশ্চ ভঙ্গো মধুবনস্য চ ॥ ৮৭ ॥
অঙ্গদপ্রমুখাণাঞ্চ হরীণাং রামদর্শনম্।
হনূমতঃ পরিষ্বঙ্গো রাঘবেণ মহাত্মনা ॥ ৮৮ ॥

৮৮। লো-টী। পরিষ্বঙ্গ (!) আলিঙ্গনম্।

মাগতোঽস্মী'তি হনুমদ্বচনাৎ স এবাত্র দূতস্তন্নিবেদনন্তু রাবণায় সপ্তচত্বারিংশে। হনুমতো ভর্ৎসনং তদ্বধাজ্ঞাপ্রদানরূপমত্রৈব। লাঙ্গূলদীপনমেকোনপঞ্চাশে। লঙ্কাদাহঃ পঞ্চাশে।

৮৬। টিপ্পনী। সীতায়া দর্শনং ত্রিপঞ্চাশে। প্রত্যাগমনং বানরৈঃ সঙ্গমশ্চ পঞ্চপঞ্চাশে।

৮৭। টিপ্পনী। মধুবনপ্রাপ্তির্বানরাণামেকোনষষ্টিতমে। মধূনাং বিলুণ্ঠনং পানার্থং ষষ্টিতমে। দেবমার্গাভিরোহশ্চ দেবমার্গঃ আকাশস্তত্রাভিরোহ উৎপতনং বানরৈঃ রামাদিদর্শনার্থম্। স চ চতুঃষষ্টিতমে। মধুবনভঙ্গঃ ষষ্টিতম এব।

৮৮। টিপ্পনী। বানরাণাং রামদর্শনং পঞ্চষষ্টিতমে। 'এষ সর্ব্বস্বভূতো মে পরিষ্বঙ্গোঽনিলাত্মজ। অবস্থাকালসদৃশং গৃহাণ ত্বমিমং মম॥' ইত্যুক্তবতা রাঘবেণ হনুমতঃ পরিষঙ্গঃ সপ্ততিতমে।

লঙ্কায় প্রবেশ করিয়াছি' এই সংবাদ রাবণকে জ্ঞাপন করেন। এই সর্গেই রাক্ষসগণ হনুমানকে ভর্ৎসনা করেন এবং একোনপঞ্চাশ (৪৯) সর্গে তাঁহার লাঙ্গূলে অগ্নিসংযোগ করেন। পঞ্চাশ (৫০) সর্গে হনুমান্ লাঙ্গূলের অগ্নিদ্বারা লঙ্কা দাহ করেন ॥ ৮৫ ॥

অনন্তর ত্রিপঞ্চাশ (৫৩) সর্গে হনুমান্ পুনর্ব্বার সীতাদেবীর সহিত সাক্ষাৎ করেন এবং পঞ্চপঞ্চাশ (৫৫) সর্গে তিনি লঙ্কা হইতে কিষ্কিন্ধ্যারাজ্যে প্রত্যাগমন করিয়া জাম্বুবান্‌প্রমুখ বানরগণের সহিত মিলিত হয়েন ॥ ৮৬ ॥

১৮। টিপ্পনী। সাধ্বসং ভয়ং তদ্ গতঃ প্রাপ্তঃ, ভীতো বভূব ইত্যর্থঃ। 'ত্রাসোত্রাসৌ দরো ভীতমাতঙ্কো ভীশ্চ সাধ্বসম্' ইতি শব্দার্ণবঃ। তনুমধ্যমাঃ তনুঃ ক্ষীণঃ কৃশ ইত্যর্থঃ মধ্যমঃ দেহমধ্যভাগো যাসাং তাঃ। 'মধ্যমো মধ্যজেঽন্যবৎ। পুমান্ স্বরে মধ্যদেশেঽপ্যবলগ্নে তু ন স্ত্রিয়াম্' ইতি মেদিনী।

১৯। তেন জন্মপ্রভৃতি তথাবিধা নার্য্যো বা পুরুষা বা ন দৃষ্টপূর্ব্বাঃ। অন্যে বা পুররাষ্ট্রনিবাসিনো ন দৃষ্টপূর্ব্বা ইত্যন্বয়ঃ। পুররাষ্ট্রনিবাসিনঃ—পুরং নগরং রাষ্ট্রং বিষয়ো জনপদো বা। 'রাষ্ট্রোঽস্ত্রী বিষয়ে স্যাদুপদ্রবে' ইত্যমরঃ।

'ন তেন জন্মপ্রভৃতি দৃষ্টপূর্ব্বং তপস্বিনা। স্ত্রী বা পুমান্ বা যচ্চান্যৎ সত্ত্বং নগররাষ্ট্রজম্ ॥' ইতি পাশ্চাত্ত্যশ্লোকঃ। তত্র নগরজং সত্ত্বমশ্বগজাদি, রাষ্ট্রজং শূকরকুক্কুটাদি। তিঃ। নগরজমশ্বাদি, রাষ্ট্রজং কুক্কুটাদি। গোঃ রাঃ। নগররাষ্ট্রজানি অশ্বগজকুক্কুটাদীনি সত্ত্বান্যপি ঋষ্যশৃঙ্গ ইতঃ প্রাক্ ন দৃষ্টবান্।

ঋষিপুত্র ঋষ্যশৃঙ্গ অভূতপূর্ব্ব সেই সমস্ত ব্যাপার দেখিয়া বিস্মিত এবং ভীত হইলেন। তিনি ক্ষীণমধ্যা সেই সমস্ত সর্ব্বাঙ্গসুন্দর বারাঙ্গনা দেখিয়াই অতিশীঘ্র আশ্রম হইতে বহির্গত হইলেন ॥ ১৮ ॥

ঋষ্যশৃঙ্গ জন্ম হইতে আরম্ভ করিয়া নগর বা জনপদবাসী তাদৃশ অন্য [কোন] পুরুষ বা নারী দর্শন করেন নাই ॥ ১৯ ॥

১। ঙ—'অভূতপূর্ব্বাং তাং দৃষ্ট্বা,' গ—'অদৃষ্ট'। ২। গ—'তাং দৃষ্ট্বা', ঘ—'তং দৃষ্ট্বা'। ৩। গ—'সাধু'। অস্য পূর্ব্বার্দ্ধাৎ পরম্ জপুস্তকে 'সুচিত্রাভরণাবেশা গায়ন্তী মধুরস্বরাঃ' ইত্যধিকঃ, ঝপুস্তকে পুনরধিকোঽয়ং শ্লোকাংশঃ পূর্ণশ্লোকাৎ পরম্। ৪। গ—ঙ—চ—ছ—'চ স চার্ব্বঙ্গী-', ঘ—জ—ঝ—'চ সুচার্ব্বঙ্গী-'। ৫। ঙ—জ—ঝ— তস্মাদৃষ্য-'। ৬। ঙ—'অন্যে', চ—'-শ্চান্যে'।

স তং দেশমুপাগম্য জাতকৌতূহলস্তদা।
বিভাণ্ডকসুতো রাজংস্তস্থৌ পরমবিস্মিতঃ ২০
তাশ্চ তং বিস্মিতং দৃষ্ট্বা জগুঃ কলপদাক্ষরম্।
গীতং মধুরভাষিণ্যো জহসুশ্চায়তেক্ষণাঃ ॥ ২১ ॥
অব্রুবংশ্চৈনমভ্যাসমাগত্য মদবিহ্বলাঃ।[১]
কোঽসি কস্য সুতশ্চ ত্বং ত্বরাবান্ সমুপাগতঃ ॥ ২২ ॥
একশ্চ বিজনেঽরণ্যে কস্মাচ্চরসি শংস নঃ।[২]
জ্ঞাতুং ত্বাং বয়মিচ্ছামস্তত্ত্বমাচক্ষ্ব নঃ প্রভো ॥ ২৩ ॥[৩]

২২। লো-টী। অভ্যাসং সমীপম্।

২১। টিপ্পনী। কলপদাক্ষরম্—কলানি অব্যক্তমধুরাণি পদানি অক্ষরাণি চ যস্মিংস্তদ্ যথা স্যাত্তথা গীতং জগুঃ। 'কলশ্চ মধুরোঽব্যক্ত' ইতি হলায়ুধঃ।

২২। টিপ্পনী। অভ্যাসমন্তিকমিত্যর্থঃ। 'অভ্যাসোঽভ্যসনেঽন্তিকে' ইতি দন্ত্যান্তেষু বিশ্বমেদিন্যৌ। ত্বরাবান্ ত্বরা আবেগস্তদ্বান্। 'আবেগস্তু ত্বরা ত্বরী' ইতি বাচস্পতিঃ।

২৩। টিপ্পনী। তত্ত্বং যাথার্থ্যং স্বরূপতো ভবদ্বৃত্তান্তজাতম্ আচক্ষ্ব কথয়। 'তত্ত্বং ব্রহ্মণি যাথার্থ্যে' ইতি কোষঃ।

হে রাজন্! কৌতূহলপরবশ হইয়া বিভাণ্ডকপুত্র ঋষ্যশৃঙ্গ সেই স্থানে উপস্থিত হইলেন এবং পরম বিস্মিত হইয়া অবস্থান করিতে লাগিলেন ॥ ২০ ॥

মধুরভাষিণী আয়তলোচনা সেই সকল বারনারী ঋষিপুত্র ঋষ্যশৃঙ্গকে বিস্মিত দেখিয়া অব্যক্তমধুর পদে ও অক্ষরে গান গাহিতে লাগিল এবং হাসিতে লাগিল ॥ ২১ ॥

মদবিহ্বল বারাঙ্গনাগণ, ঋষিপুত্রের নিকটে আসিয়া তাঁহাকে বলিল ত্বরান্বিত হইয়া উপস্থিত হইয়াছ, তুমি কে, কাহার পুত্র ॥ ২২ ॥

তুমি একা এই নির্জ্জন অরণ্যে কেন বিচরণ করিতেছ, তাহা আমাদিগকে

১। গ—ঙ—ছ—'-মাগম্য'। ২। গ—ঘ—'-ন্বসি', ঙ—'ন্বৎসাসি', চ—'-ন্বমসি'। ৩। অতঃ পরং ঋপুস্তকে 'এবমুক্তঃ স তাভিস্তু বিভাণ্ডকসুতো বশী।' ইত্যধিকঃ।

অদৃষ্টপূর্ব্বাস্তা[1] দৃষ্ট্বা[2] কামরূপাস্ততঃ[3] স্ত্রিয়ঃ।
ঋষিপুত্রস্তদাত্মানমাখ্যাতুমুপচক্রমে[4] ॥ ২৪ ॥
পিতা বিভাণ্ডকো[5] নাম মহর্ষিঃ কাশ্যপোত্তমঃ[6]।
তস্যাহমৌরসঃ পুত্র ঋষ্যশৃঙ্গ ইতি শ্রুতঃ ॥ ২৫ ॥
যূয়ং কিমর্থমায়াতাস্ত্বরাবন্তো মমাশ্রমম্।
কিঞ্চ বঃ ক্রিয়তাং কার্য্যং ক্ষিপ্রং শংসিতুমর্হথ[7] ॥ ২৬ ॥
আশ্রমোঽয়মিহাস্মাকং স্বাদুমূলফলান্বিতঃ[8]।
করিষ্যে তত্র পূজাং[9] বঃ সর্ব্বেষামভিগম্যতাম্[10] ॥ ২৭ ॥

২৬। লো-টী। ত্বরাবন্ত ইতি স্ত্রীপুরুষভেদাজ্ঞানাৎ। করবৈ করিষ্যে। ক্রিয়তামিতি পাঠে কিং ময়া প্রিয়ং কর্ত্তব্যমিত্যর্থঃ।

২৪। টিপ্পনী। কামরূপাঃ—কামেন স্বেচ্ছয়া রূপং যাসাং তাঃ।

২৭। টিপ্পনী। পূজাম্ অতিথিসংকাররূপামিত্যর্থঃ।

বল। হে প্রভো, আমরা তোমার বিষয় জানিতে ইচ্ছা করি, তুমি আমাদিগকে সত্য কথা বল ॥ ২৩ ॥

অনন্তর ঋষিপুত্র ঋষ্যশৃঙ্গ পূর্ব্বে অদৃষ্ট কামরূপিণী সেই রমণীদিগকে দেখিয়া আপনার পরিচয় বলিতে আরম্ভ করিলেন ॥ ২৪ ॥

কাশ্যপকুলশ্রেষ্ঠ বিভাণ্ডকনামক মহর্ষি আমার পিতা, আমি তাঁহার ঔরস পুত্র ঋষ্যশৃঙ্গনামে খ্যাত ॥ ২৫ ॥

তোমরা ত্বরাযুক্ত হইয়া কি নিমিত্ত আমার আশ্রমে আসিয়াছ? তোমাদের কি কার্য্য আমি করিতে পারি তাহা শীঘ্র বল ॥ ২৬ ॥

এই বনে স্বাদু ফলমূল পরিপূর্ণ আমাদের এই আশ্রম; সেই স্থানে আমি তোমাদের সকলের পূজা করিব, তোমরা আগমন কর ॥ ২৭ ॥

১। গ—ঙ—'-রূপা'। ২। ঙ—ছ—'কাম্য-'। ৩। গ '-স্তথা'। ৪। ক—ৰ '-মাখ্যান-'। ৫। গ—ঙ '-কশ্চৈব'। ৬। ছ—'কশ্যপোপমঃ,' ক 'কাশ্যপো মম'। ৭। গ—ঘ—ঙ—চ—ছ—ইদমর্দ্ধং নাস্তি। ৮। জ—'-ফলাশিনঃ'। ৯। ঘ—'পূজাঞ্চ', ঝ-'পূজা বঃ'। ১০। ঘ—'সর্ব্বাসা'।

ঋষিপুত্ত্রবচঃ শ্রুত্বা তাসাং রতিরজায়ত[1]।
তদাশ্রমপদং[2] দ্রষ্টুং প্রজগ্মুঃ[3] সহিতাস্ততঃ ॥ ২৮ ॥
আসাং[4] পূজাং ততশ্চক্র[5] ঋষ্যশৃঙ্গ ঋষেঃ[6] সুতঃ।
পাদ্যার্ঘ্যাসনদানেন স্বাদুমূলফলেন চ ॥ ২৯ ॥
প্রতিগৃহ্য[7] তু তাং পূজাং সর্ব্বাস্তাঃ পরিশঙ্কিতাঃ।
ঋষেঃ শাপভয়োদ্বিগ্না গমনায় মনো[8] দধুঃ ॥ ৩০ ॥
ঊচুশ্চৈনং সুমধুরং তা হসন্ত্য ইদং বচঃ।
অস্মাকমপ্যর্ষেঃ পুত্র স্বাদূনীমানি ভক্ষয়।
ফলান্যাশ্রমজাতানি যদি তে রোচতেঽনঘ ॥ ৩১ ॥

২৮। টিপ্পনী। রতিরনুরাগঃ অভিলাষ ইতি যাবৎ।

২৯। টিপ্পনী। ততঃ তাভিঃ সহ আশ্রমং প্রাপ্য ইত্যর্থঃ।

৩০। টিপ্পনী। ঋষের্বিভাণ্ডকাৎ পরিশঙ্কিতাঃ। যদ্যকস্মাদ্‌বিভাণ্ডকঃ সমাগচ্ছেদিতি শঙ্কয়া পীড়িতা ইত্যর্থঃ।

ঋষিপুত্র ঋষ্যশৃঙ্গের বাক্য শ্রবণ করিয়া বারনারীগণের সেই আশ্রমস্থান অবলোকনে অভিলাষ জন্মিল। তাহারপর [তাহারা] ঋষ্যশৃঙ্গের সহিত [আশ্রমে] গমন করিল ॥ ২৮ ॥

[বারনারীগণের সহিত আশ্রমে উপস্থিত হইয়া] ঋষিপুত্র ঋষ্যশৃঙ্গ পাদ্য, অর্ঘ্য, আসন ও স্বাদু ফলমূল প্রদান করিয়া তাহাদের পূজা করিলেন ॥ ২৯ ॥

সেই পূজা গ্রহণ করিয়া তাহারা সকলে ঋষি [বিভাণ্ডকের আগমন আশঙ্কায়] শঙ্কিত এবং শাপভয়ে ভীত হইয়া গমন করিতে ইচ্ছা করিল ॥ ৩০ ॥

তাহারা সুমধুর হাস্য করিয়া এই কথা বলিল—'হে নিষ্পাপ, হে ঋষিপুত্র! যদি তোমার অভিরুচি হয়, তবে আমাদের আশ্রমজাত অতিমধুর এই সকল ফল ভক্ষণ কর ॥ ৩১ ॥

১। গ—ঘ—ঙ—চ—ছ—ঝ—ঝ 'মতি-'। ২। গ—ঙ—ছ—'তমা-'। ৩। ঘ—'-স্তথা'। ৪। গ—ঙ—চ—ঝ—ঝ—'তাসাং'। ৫। চ-'তদা চ', ঙ—'তত্র'। ৬। গ—ঙ—ছ—'শৃঙ্গো মুনেঃ'। ৭। ঘ 'চ'। ৮। ঘ—চ—ঝ—'মতিং'।

অথাস্মৈ প্রদদুঃ স্বাদূন্ মোদকান্ ফলসন্নিভান্।

অন্যাংশ্চ বিবিধান্ ভক্ষ্যান্ মধূনি মধুরাণি চ ॥ ৩২ ॥

তীর্থোদকমিদং তাবৎ পীয়তামিতি সুব্রত[1]।

পরিষস্বজিরে চৈনং হসন্ত্যো মদবিহ্বলাঃ ॥ ৩৩ ॥

পরিপস্পৃশিরে চৈনং[2] পীনৈরুরসিজৈর্ম্মুহুঃ।

শ্রোত্রমূলে চোপজেপুর্ব্বদনৈর্ম্মধুগন্ধিভিঃ ॥ ৩৪ ॥

সোঽমন্যত ফলানীতি মোদকাংস্তান্[3] সুবর্ত্তিতান্।

ভক্ষ্যাংশ্চাস্বাদ্য[4] বিবিধান্ ফলাকারান্ সুযোজিতান্[5] ॥ ৩৫ ॥

৩২। টিপ্পনী। অথানন্তরম্ ইত্যুক্তেত্যর্থঃ। মধূনি মদ্যানি। 'মধু পুষ্পরসে ক্ষৌদ্রে মদ্যে না তু মধুদ্রুমে' ইতি কোষঃ।

৩৪। টিপ্পনী। উপজেপুর্ম্মৃদুস্বরেণ সম্ভাষন্তে স্ম।

৩৫। টিপ্পনী। সুবর্ত্তিতান্ সুবর্ত্তুলান্। সুযোজিতান্ সুনির্ম্মিতান্।

[এই কথা বলিয়া সেই বারনারীগণ] মুনিপুত্র ঋষ্যশৃঙ্গকে ফলাকার স্বাদু মোদকসমূহ, অন্য নানাবিধ খাদ্য এবং মধুর মদ্য প্রদান করিল ॥ ৩২ ॥

হে সুব্রত! তীর্থ হইতে আনীত এই জল পান কর, এই কথা বলিয়া মদবিহ্বল সেই বারনারীগণ হাসিতে হাসিতে ঋষিপুত্র ঋষ্যশৃঙ্গকে আলিঙ্গন করিল এবং পীবর স্তনের দ্বারা বার বার তাঁহাকে স্পর্শ করিতে লাগিল ও তাঁহার কর্ণমূলে মদ্যগন্ধযুক্ত মুখে মৃদুস্বরে নানা কথা বলিতে লাগিল ॥ ৩৩-৩৪ ॥

ঋষিপুত্র ঋষ্যশৃঙ্গ সুগোল মোদকসমূহ এবং সুন্দররূপে নির্ম্মিত ফলাকার [অন্য] নানাবিধ খাদ্য আস্বাদন করিয়া [সেই গুলিকে] ফল বলিয়া মনে করিলেন ॥ ৩৫ ॥

১। ঙ—চ—ছ—ঝ—'ভুপতে', গ—'চাব্রবন্'। ২। ঙ—'চৈব'। ৩। ক—খ—ঝ—'মোদকাংশ্চ'। ৪। চ—'শ্চান্যাংশ্চ', ঙ—'শ্চ সোঽন্য'। ৫। ঝ 'সুমোদিতান্'।

অনাস্বাদিতপূর্ব্বাণি ফলান্যাস্বাদ্য তানি সঃ।
মধুনি[১] চ সুগন্ধীনি পীত্বা প্রমুদিতো[২]ঽভবৎ॥ ৩৬ ॥

সুকুমারৈশ্চ তৈরঙ্গৈস্তাভিঃ স্পৃষ্টো ব্যমুহ্যত[৩]।
স্পৃহয়ামাস[৪] তাসাঞ্চ স্পর্শস্য ললিতস্য চ ॥ ৩৭ ॥

অথাপৃচ্ছ্য[৫] মুনেঃ পুত্রং[৬] তাঃ স্ত্রিয়ঃ প্রযযুস্ততঃ।
স্বমাশ্রমপদং নাম ব্যপদিশ্যাবিদূরতঃ ॥ ৩৮ ॥

তাসু প্রতিগতাস্বেব ঋষ্যশৃঙ্গঃ সমুৎসুকঃ।
তদ্গতেনৈব মনসা ন নিদ্রামধ্যগচ্ছত ॥ ৩৯ ॥

অথাজগাম ভগবান্ কাশ্যপঃ[৭] স্বং নিবেশনম্।
ধ্যায়মানঞ্চ[৮] তং দৃষ্ট্বা ঋষ্যশৃঙ্গং সমুৎসুকম্ ॥ ৪০ ॥

৩৭। লো-টী ললিতস্য স্পর্শস্য ললিতায় স্পর্শায়

৪০। লো-টী নিবেশনম্ আশ্রমম্।

৩৮। টিপ্পনী। মুনেঃ পুত্রম্ ঋষ্যশৃঙ্গম্ আপৃচ্ছ আমন্ত্র্য অবিদূরতঃ অনতিদূরে স্বমাশ্রমপদং ব্যপদিশ্য নির্দ্দিশ্য প্রযযুঃ। নাম ইত্যলীকে।

সেই ঋষ্যশৃঙ্গ অনাস্বাদিতপূর্ব্ব সেই সমস্ত ফল (অর্থাৎ কলাকার খাদ্য) আস্বাদন করিয়া এবং সুন্দর গন্ধযুক্ত নানাবিধ মদ্য পান করিয়া অত্যন্ত আহ্লাদিত হইলেন ॥ ৩৬ ॥

সেই রমণীগণকর্ত্তৃক সুকুমার অঙ্গসমূহ দ্বারা স্পৃষ্ট হইয়া তিনি মুগ্ধ হইলেন এবং তাঁহাদের কোমল স্পর্শের আকাঙ্ক্ষা করিতে লাগিলেন ॥ ৩৭ ॥

অতঃপর সেই রমণীগণ মুনিপুত্র ঋষ্যশৃঙ্গকে বিদায়কালীন সম্ভাষণ করিয়া এবং অনতিদূরে নিজেদের আশ্রমস্থান নির্দ্দেশ করিয়া প্রত্যাবর্ত্তন করিল ॥ ৩৮ ॥

তাহারা প্রতিনিবৃত্ত হইবামাত্র ঋষ্যশৃঙ্গ উৎকণ্ঠিত হইলেন এবং মন তাহাদের চিন্তাতেই নিমগ্ন থাকায় নিদ্রালাভ করিতে পারিলেন না ॥ ৩৯ ॥

অনন্তর ভগবান্ কাশ্যপ নিজ আশ্রমে আগমন করিলেন, এবং পুত্র

১। 'মধুগন্ধীনি'। ২। গ—'চ মুদিতো'। ৩। ঙ—'পস্পৃশিরে মুদা'। ৪। ঙ—'স্পৃহয়ামাস', জ—'পৃচ্ছয়ামাস'। ৫। ঙ—'অথাপৃচ্ছুঃ'। ৬। ঘ—'ঋষেঃ'। ৭। গ—ঙ—হ—'-পশ্চ'। ৮। চ—'-মানন্তু।

পপ্রচ্ছ কাশ্যপঃ পুত্রং কস্মান্মাং নাভিনন্দসি।
চিন্তাসাগরমধ্যস্থমদ্য ত্বাং তাত লক্ষয়ে ॥ ৪১ ॥
নহীদৃশং[১] তাপসানাং রূপং ভবতি কর্হিচিৎ।
শীঘ্রমাচক্ষ্ব[২] মে[৩] পুত্র[৪] কিমিদং বৈকৃতং[৫] কৃতম্ ॥ ৪২ ॥
এবমুক্তঃ কাশ্যপেন প্রোবাচ পিতরং তদা।
ভগবন্নিহ মে দৃষ্টাস্তাপসাঃ[৬] শুভলোচনাঃ ॥ ৪৩ ॥
সুকুমারৈরুরসিজৈঃ পীনৈরত্যদ্ভুতোপমৈঃ।
পরিপস্পৃশিরে মাঞ্চ গাঢ়মালিঙ্গ্য সর্ব্বশঃ ॥ ৪৪ ॥

৪২। লো-টী। বৈকৃতং বিকারঃ। বৈক্লবমিতি পাঠে বিকলতা।

৪১। টিপ্পনী। ধ্যায়মানং চিন্তয়ন্তম্। আত্মনেপদমার্ষম্। তম্ ঋষ্যশৃঙ্গম্।
৪৪। টিপ্পনী। অত্যদ্ভুতোপমৈঃ অত্যদ্ভুতা অতিবিচিত্রা সুদুর্ল্লভেতি যাবৎ উপমা যেষাং তৈঃ।

ঋষ্যশৃঙ্গকে সমুৎকণ্ঠিত এবং চিন্তাকুল দেখিয়া তাহাকে জিজ্ঞাসা করিলেন—
হে বৎস, কেন আমাকে অভিনন্দিত করিতেছ না? আজ তোমাকে চিন্তাসাগরে পতিত বলিয়া লক্ষ্য করিতেছি ॥ ৪০-৪১ ॥

কোন কালেই তাপসদিগের এতাদৃশ আকৃতি হয় না। হে পুত্র! শীঘ্র বল, কেন [তোমার] এই বিকার উপস্থিত হইয়াছে ॥ ৪২ ॥

[পিতা] কাশ্যপকর্তৃক এই প্রকারে কথিত হইয়া ঋষ্যশৃঙ্গ তখন পিতাকে বলিলেন—হে ভগবন্, এখানে আমি সুন্দরনয়ন তাপসগণকে দেখিয়াছি ॥ ৪৩ ॥

[তাহারা] সর্ব্বাঙ্গে গাঢ়রূপে আলিঙ্গন করিয়া অতিসুন্দর ও দুর্ল্লভোপম পীবর স্তনসমূহদ্বারা আমাকে স্পর্শ করিয়াছে ॥ ৪৪ ॥

১। ক—ঘ—'নহীদৃশী'। ২। গ—'আচক্ষসে'। ৩। ঘ—'বৈ'। ৪। চ 'তাত'। ৫। গ—ঙ—ছ—'বৈক্লবম্'। ৬। গ-'দৃষ্টাঃ পুরুষাঃ শাহুলোচনাঃ', ঘ—দৃষ্টাঃ পুরুষাঃ', ঙ—চ—ছ—জ—ঝ—'দৃষ্টাঃ পুরুষাঃ সাধুলোচনাঃ'।

গায়ন্তি স্বকুমারাণি মনোজ্ঞানি মুহুর্ম্মুহুঃ।
ক্রীড়ন্তি চাদ্ভুতাকারৈর্নয়নভ্রূবিচেষ্টিতৈঃ ॥ ৪৫ ॥
অব্রবীদ্ ভগবাঞ্ছ্রুত্বা ঋষ্যশৃঙ্গবচস্তদা।
রক্ষাংসি তেন রূপেণ তপসো নাশনায় বৈ ॥ ৪৬ ॥
বিশ্রম্ভস্তে ন কর্ত্তব্যস্তেষু পুত্র কথঞ্চন।
এবমুক্ত্বা ঋষ্যশৃঙ্গং সমাশ্বাস্য চ কাশ্যপঃ।
উষিত্বা রজনীমেকামরণ্যং স জগাম হ ॥ ৪৭ ॥
অথাপরেদ্যুস্তং দেশমাজগাম পুনস্ত্বরন্।
মনোজ্ঞরূপাস্তা যত্র দৃষ্টা বৈ চারুমধ্যমাঃ ॥ ৪৮ ॥

৪৭। লো-টী। বিশ্রম্ভো বিশ্বাসঃ। বিশ্বস্তমিতি বা পাঠঃ। তে ত্বয়া।

৪৬। টিপ্পনী। তেন রূপেণ আজগ্মুরিতি শেষঃ।
৪৮। টিপ্পনী। অপরেদ্যুঃ পরস্মিন্নহনীত্যর্থঃ। তং দেশং যত্র যস্মিন্ দেশে পূর্ব্বেদ্যুঃ মনোজ্ঞরূপাস্তা দৃষ্টাঃ।

[তাহারা] বার বার মনোজ্ঞ ও সুকুমার গীতসকল গান করে এবং নয়ন ও ভ্রূর আশ্চর্য্যরূপ বিভ্রমের সহিত ক্রীড়া করে ॥ ৪৫ ॥

তখন ভগবান্ [কাশ্যপ] ঋষ্যশৃঙ্গের বাক্য শ্রবণ করিয়া বলিলেন, তপস্যার নাশের নিমিত্ত রাক্ষসগণ সেই রূপে [আসিয়াছিল] ॥ ৪৬ ॥

হে পুত্র! তোমার সেই তাপসগণে কোনও প্রকারে বিশ্বাস করা উচিত নহে। কাশ্যপ ঋষ্যশৃঙ্গকে এই কথা বলিয়া এবং আশ্বস্ত করিয়া এক রাত্রি আশ্রমে বাস করিয়া অরণ্যে গমন করিলেন ॥ ৪৭ ॥

[পিতা বিভাণ্ডক বনে গমন করিলে] পরদিন যে স্থানে মনোহর-রূপশালিনী সুন্দর-কটিবিশিষ্ট সেই সকল বারবনিতাদিগকে দেখিয়াছিলেন, ঋষ্যশৃঙ্গ ত্বরাযুক্ত হইয়া পুনরায় সে স্থানে আগমন করিলেন ॥ ৪৮ ॥

১। ঙ—'-নয়নৈর্ভ্রূ-'। ২। গ—চ—ছ—'-স্যেতেন', ঙ—'-স্যেতানি'। ৩। গ—'তপসাং', ঙ—'তাপসাং'। ৪। গ—ঙ—'চ'। ৫। ঘ—'বিশ্বাস-'। ৬। চ—'পুনঃ স্মরন্'। ৭। ঘ—'স্তাস্তত্র'। ৮। ঙ—'দর্শনাঃ', ঘ—'লোচনাঃ'।

তাশ্চ দৃষ্ট্বৈব দূরাত্তমায়ান্তং কাশ্যপাত্মজম্‌ ।
প্রত্যুদ্‌গম্যাব্রুবন্‌ বাক্যং প্রহসন্ত্য ইদং তদা ॥ ৪৯ ॥
এহ্যাশ্রমপদং রম্যং পশ্যাস্মাকমপি প্রভো ।
তত্র পূজামবাপ্যাগ্র্যাং পুনরভ্যাগমিষ্যসি ॥ ৫০ ॥
শ্রুত্বৈতদ্বচনং তাসাং স্ত্রীণামতিমনোহরম্‌ ।
গমনায় মতিঞ্চক্রে তাশ্চৈনং নিন্যুরঙ্গনাঃ ॥ ৫১ ॥
আনীয়মান এবাথ তস্মিন্নৃষিসুতে ততঃ ।
প্রববর্ষ তদা দেবস্তস্য রাষ্ট্রে মহীপতে ॥ ৫২ ॥

৫১। টিপ্পনী। নিন্যুরঙ্গনা ইতি ভঙ্গ্যন্তরেণ বিশদীকুর্ব্বন্নাহ রামায়ণমঞ্জর্য্যাং ক্ষেমেন্দ্রঃ। তথাচ—'অযত্নালিঙ্গিতস্তঙ্গকুচকুম্ভপুরঃসরৈঃ। হ্রিয়মাণঃ স শনকৈর্নীতস্তাভির্নিজাং পুরীম্‌ ॥' গমনায় মতিং নিশ্চয়ং চক্রে।

গঙ্গায়াং পূর্ব্বস্থাপিতাং নাবমারোপ্য প্রবাহেণৈবাঙ্গদেশং নিন্যুরিতি মহাভারতে। তিঃ। বক্ষ্যতি চাত্রৈব সর্গে 'ঋষিপুত্রোঽপি ধর্ম্মাত্মা নৌযানবরমাস্থিত' ইত্যাদি।

তখন সেই কামিনীরা দূর হইতে কাশ্যপপুত্র ঋষ্যশৃঙ্গকে আসিতে দেখিয়া প্রত্যুদ্‌গমনপূর্ব্বক (অভ্যর্থনাপূর্ব্বক আনিবার উদ্দেশ্যে কিছুদূর গমন করিয়া) [মধুর] হাস্য করিতে করিতে এই বাক্য বলিল ॥ ৪৯ ॥

হে প্রভো, আসুন, আমাদের রমণীয় আশ্রমস্থান দর্শন করুন, আশ্রমে অতিমহতী অর্চ্চনা লাভ করিয়া প্রত্যাগমন করিবেন ॥ ৫০ ॥

সেই বারবনিতাগণের সেই অতি মনোহর বাক্য শ্রবণ করিয়া [মুনিপুত্র ঋষ্যশৃঙ্গ তাহাদের আশ্রমে] গমনের সঙ্কল্প করিলেন। সেই অঙ্গনাগণও তাঁহাকে লইয়া চলিল ॥ ৫১ ॥

হে মহীপতে, ঋষিপুত্র সেই ঋষ্যশৃঙ্গকে আনয়ন করিবার পরই লোমপাদরাজের রাজ্যে দেবতারা বারিবর্ষণ করিলেন ॥ ৫২ ॥

১। গ—'কস্য'। ২। ঙ—'-ব্রবীদ্‌'। ৩। ঙ—'তথা'। ৪। ঘ—'যত্রাস্মাকমিদং', ৫। চ—ছ—ঝ—'-মিদং'। ৬। গ—ঙ—'রভ্যাগমেষ্যসি', ক—গ—ঘ—ঙ—ছ—ঝ—'-গমিষ্যতি'।

বিভাণ্ডকশ্চ বিপ্রর্ষিরাজগাম স্বমালয়ম্ । [১] [২]

বন্যং মূলফলং প্রাপ্য ভারার্ত্তশ্চিন্তয়ংস্তদা ॥৫৩॥ [৩] [৪]

শূন্যমাবসথং দৃষ্ট্বা পুত্রদর্শনলালসঃ ।

পরিশ্রান্তস্তথৈবাসাবকৃত্বা পাদধাবনম্ ।

চুক্রোশ ঋষ্যশৃঙ্গেতি সর্ব্বতঃ প্রবিলোকয়ন্ ॥৫৪॥ [৫]

ন চাপশ্যৎ সুতং তত্র কাশ্যপো ভগবান্ ঋষিঃ । [৬]

নিষ্ক্রম্য চ বনাত্তস্মাদ্‌গ্রামং দদর্শ কাশ্যপঃ ॥ ৫৫ ॥ [৭]

গ্রামাংশ্চ পরিপপ্রচ্ছ গোকুলানি সমন্ততঃ । [৮] [৯]

কস্যৈষ বিষয়ঃ সৌম্যো গ্রামাশ্চ বহুগোকুলাঃ ॥ ৫৬ ॥ [১০]

৫৩। টিপ্পনী। ভারার্ত্তঃ মূলফলানাং ভারেণ আর্ত্তঃ পীড়িতঃ শ্রান্ত ইতি যাবৎ। চিন্তয়ন্ পূর্ব্বাদিবসদৃষ্টং পুত্রস্য অবস্থান্তরং ভাবয়ন্ ইত্যর্থঃ। আবসথং বাসস্থানং গৃহম্।

৫৪। টিপ্পনী। চুক্রোশ ঋষ্যশৃঙ্গ ঋষ্যশৃঙ্গ ইতি উচ্চৈরাহূয়ামাস।

৫৬। টিপ্পনী। গ্রামস্য সমন্ততশ্চতুর্দ্দিক্ষু গোকুলানি গোষ্ঠান্ গ্রামাংশ্চাধিকৃত্য ইত্যর্থঃ। পপ্রচ্ছ গোষ্ঠজীবিন ইতি শেষঃ।

[সেই সময়ে] বিপ্রর্ষি বিভাণ্ডক বনজাত ফলমূল প্রাপ্ত হইয়া এবং তাহারই ভারে পীড়িত হইয়া চিন্তা করিতে করিতে নিজের আশ্রমে আসিলেন ॥ ৫৩ ॥

পুত্রদর্শনে অভিলাষী পরিশ্রান্ত বিভাণ্ডকমুনি আশ্রম শূন্য দেখিয়া পাদপ্রক্ষালন পর্য্যন্ত না করিয়া সেই অবস্থাতেই চতুর্দ্দিকে দৃষ্টি করিতে করিতে 'ঋষ্যশৃঙ্গ' 'ঋষ্যশৃঙ্গ' বলিয়া ডাকিতে লাগিলেন ॥ ৫৪ ॥

তপোধন ভগবান্ কাশ্যপ বনমধ্যে পুত্রকে দেখিতে পাইলেন না এবং সেই বন হইতে নির্গত হইয়া গ্রাম দেখিতে পাইলেন ॥ ৫৫ ॥

[তিনি সেই গ্রামের] চতুর্দ্দিকে অবস্থিত গোষ্ঠ ও গ্রামসমূহ সম্বন্ধে

১। ঝ 'ব্রহ্মর্ষি-'। ২। গ-ঙ-ছ-জ-'সমাশ্রমম্'। ৩। ঙপুস্তকটিপ্পন্যাং 'বহু', চ-'সুমাম্'। ৪। ঘ-'-র্ত্তঃ সোঽভবত্তদা,' গ ঙ ছ-জ-ঝ'-র্ত্তঃ সোঽবিশত্তদা' ৫। ঘ-'সর্ব্বতঃ সং', গ ঙ-ছ-'সর্ব্বশঃ'। ৬। অতঃ পরং ঙপুস্তকে 'নিজাশ্রমাস্নিশ্চক্রাম তদান্বেষ্টুং সুতস্ততঃ।' ইত্যধিকঃ। ৭। গ-ঘ-ঙ-ছ-জ-পুস্তকেষ্বিদমর্দ্ধং নাস্তি। ৮। চ ঝ 'পথি'। ৯। গ-ঘ-ঙ-চ-ছ-জ-ঝ-'চ সর্ব্বশঃ'। ১০। ঘ-'সৌম্যা'।

ঋষের্ব্বচনমাজ্ঞায় সর্ব্বে[১] তে গোষুজীবিনঃ[২]।
কৃতাঞ্জলিপুটা ভূত্বা বিনয়েনাচচক্ষিরে[৩] ॥ ৫৭ ॥
অঙ্গেষু প্রথিতো রাজা লোমপাদ ইতি শ্রুতঃ।
তেনাভিসৃষ্টা ব্রহ্মর্ষে[৪] গ্রামা হ্যেতে সগোকুলাঃ[৫]।
পূজার্থমৃষ্যশৃঙ্গস্য বিভাণ্ডকসুতস্য বৈ ॥ ৫৮ ॥
এবমুক্তস্তু স ঋষির্দৃষ্ট্বা[৬] বৈ ধ্যানচক্ষুষা।
ভবিষ্যমেবং তজ্জ্ঞাত্বা[৭] প্রীতাত্মা[৮] স ন্যবর্ত্তত ॥ ৫৯

৫৭। লো-টী। গোষুজীবিন ইত্যলুক্‌সমাসঃ

৫৭। টিপ্পনী। আজ্ঞায় সম্যগ্‌জ্ঞাত্বা তস্য প্রশ্নবিষয়ং সম্যগববুদ্ধ্যেত্যর্থঃ।
৫৮। টিপ্পনী। অভিসৃষ্টাঃ প্রদত্তাঃ।

[তত্রত্য গোপগণকে] জিজ্ঞাসা করিলেন, এই রমণীয় দেশ এবং গোষ্ঠবহুল গ্রামসমূহ কাহার? ॥ ৫৬ ॥

গোপালনদ্বারা জীবিকার্জ্জনকারী গোপসকল ঋষি বিভাণ্ডকের বাক্য বুঝিতে পারিয়া কৃতাঞ্জলিপুটে বিনয়ের সহিত কহিল ॥ ৫৭ ॥

হে ব্রহ্মর্ষে, অঙ্গদেশে লোমপাদনামক বিখ্যাত রাজা আছেন, তিনি বিভাণ্ডকতনয় ঋষ্যশৃঙ্গের সম্মাননার নিমিত্ত ধেনুপরিপূর্ণ এই সকল গ্রাম উৎসর্গ করিয়াছেন ॥ ৫৮ ॥

[গোপালগণ] কর্ত্তৃক এই প্রকারে কথিত হইয়া সেই ঋষি বিভাণ্ডক ধ্যাননেত্রে দর্শনপূর্ব্বক 'ভবিতব্য এইরূপ' তাহা জানিতে পারিয়া প্রীতহৃদয়ে প্রতিনিবৃত্ত হইলেন ॥ ৫৯ ॥

১। চ-'মাদায়'। ২। ঙ-ছ-'গোষ্ঠজীবিনঃ'। ৩। চ-'-ন চচক্ষিরে'। ৪। চ-ঝ-'বিপ্রর্ষে',। ৫। ঙ-'সমাকুলাঃ'। ৬। গ ঙ-চ-ছ-ঝ-'-বিপ্রর্ষি-'। ৭। ঘ-'ভবিষ্যদেতজ্‌জ্ঞাত্বা চ', গ-চ-ছ-ঝ-'-মেতজ্‌জ্ঞাত্বা চ', ঙ-ঝ-'জ্ঞাত্বা চ'। ৮। ঙ-'প্রীতো বা সং-'।

ঋষিপুত্রোহপি ধর্ম্মাত্মা নৌযানবরমাস্থিতঃ।[1]
মেঘনাদেন মহতা কৃত্বা সতিমিরং নভঃ।[2]
মহাজলৌঘবর্ষেণ রাজধানীমুপাযযৌ ॥ ৬০ ॥
বর্ষেণৈবাগতং বিপ্রং স হি মত্বা নরাধিপঃ।[3]
প্রত্যুদ্গম্যার্চ্চয়াংচক্রে শিরসা চ মহীং যযৌ ॥ ৬১ ॥
অর্ঘঞ্চ প্রদদাবস্মৈ পুরস্কৃত্য পুরোহিতম্।
সান্তঃপুরজনশ্চৈনং[4] প্রপেদে সান্ত্বয়ন্নিব[5] ॥ ৬২ ॥

৬২। লো-টী। সান্ত্বয়ন্ শান্তো ভবন্ ঋষ্যশৃঙ্গং প্রপেদে হর্ষমিতি শেষ ইতি বা।

[আদিকাণ্ডে নবমঃ সর্গঃ ॥]

৬০। টিপ্পনী। নৌযানবরং—যাতি অনেন ইতি যানং, নৌরেব যানং নৌযানং তত্র বরং শ্রেষ্ঠং তৎ। অতিমহতীং নৌকামারুহ্য ইত্যর্থঃ। ধর্ম্মাত্মা ঋষিপুত্র ঋষ্যশৃঙ্গ উপাযযৌ ইতি পরেণাম্বয়ঃ। মেঘনাদাদিকং তদাগমনজন্যমিতি তস্মিন্ কর্তৃত্বারোপঃ।

৬১। টিপ্পনী। বর্ষেণ বৃষ্ট্যা করণেন।

ধর্ম্মাত্মা ঋষিপুত্র ঋষ্যশৃঙ্গও বৃহৎ জলযানে আরোহণপূর্ব্বক আকাশ-দেশ অন্ধকারাচ্ছন্ন করিয়া গম্ভীর মেঘশব্দ ও প্রভূত বারিবর্ষণের সহিত রাজধানীতে উপনীত হইলেন ॥ ৬০ ॥

বিপ্র ঋষ্যশৃঙ্গ সমাগত হইয়াছেন বারিবর্ষণের দ্বারাই সেই রাজা লোমপাদ ইহা বুঝিয়া প্রত্যুদ্গমন করিয়া তাঁহার অর্চ্চনা করিলেন এবং [নমস্কার উদ্দেশ্যে] মস্তকদ্বারা ভূমিস্পর্শ করিলেন ॥ ৬১ ॥

লোমপাদ পুরোহিতকে অগ্রবর্ত্তী করিয়া ঋষ্যশৃঙ্গকে অর্ঘ্য প্রদান করিলেন, এবং ঋষিপুত্রের সান্ত্বনার উদ্দেশ্যেই যেন অন্তঃপুরিকাবর্গের সহিত তাঁহার নিকট উপস্থিত হইলেন ॥ ৬২ ॥

১। চ-'নৌযানং'। ২। ব-'কৃত্বাতিমিরস্তথা'। ৩। চ-ঝ-'মহাত্মা স নরাধিপঃ'। ৪। গ-ঘ-ঙ-ছ ঝ-'-শ্চৈব'। ৫। ঝ-'হর্ষয়ন্নিব'।

মহার্হৈশ্চেপ্সিতৈর্ভোগৈর্যোজৈনং প্রসাদয়ন্।
স্বয়ং[১] চোপচচারৈনং মন্যুর্[২]মাস্য ভবেদিতি ॥ ৬৩ ॥
দদৌ[৩] চাস্মৈ[৪] তদা কন্যাং ভার্য্যাং[৫] কমললোচনাম্।
শান্তাং শান্তেন মনসা দত্ত্বা হর্ষমবাপ সঃ ॥ ৬৪ ॥
এবং স ন্যবসত্তত্র তেন রাজ্ঞাভিপূজিতঃ।
ঋষ্যশৃঙ্গো মহাতেজাঃ শান্তয়া সহ ভার্য্যয়া ॥ ৬৫ ॥

৬৩। টিপ্পনী। এনম্ ঋষ্যশৃঙ্গং প্রসাদয়ংস্তস্য প্রসন্নতামুৎপাদয়িতুং মহার্হৈর্মহামূল্যৈরীপ্সিতৈরভিলষিতৈর্ভোগৈস্তং যুযোজ যুক্তমকরোৎ। তস্মৈ ঈদৃশান্ ভোগসমূহান্ প্রাযচ্ছদিত্যর্থঃ। অস্য মন্যুঃ ক্রোধো মা ভবেদিতি স্বয়মেনম্ উপচচার পরিচচার, তস্য পরিচর্য্যাং কৃতবান্। 'মন্যুর্দৈন্যে ক্রতৌ ক্রুধি' ইত্যমরঃ।

৬৪। টিপ্পনী। শান্তেন নির্দুঃখেন মনসা উপলক্ষিতঃ। প্রসাদকার্য্যোপদর্শনাৎ প্রসন্নত্বং সিদ্ধম্। গোঃ রাঃ।

৬৫। টিপ্পনী। মহাতেজাঃ পরমতেজস্বী। মহাতেজা ইত্যুক্ত্যা ঋষের্গণিকাস্পর্শজন্যদোষাসংসর্গত্বং ধ্বনিতম্। তেন রামোপাসনায়াঃ প্রভাবাতিশয়ঃ সূচিতঃ। অত্রার্থে 'যথা বিধিনিষেধৌ হি মুক্তং নৈবোপসর্পতঃ। তথা ন স্পর্শতো রামোপাসকং বিধিপূর্ব্বকম্ ॥' ইত্যাদিবচনং সানুকূলম্। শিরোঃ।

মহারাজ লোমপাদ তাঁহাকে প্রসন্ন করিবার জন্য মহামূল্য এবং অভিলষিত ভোগ্যবস্তু সমূহ তাঁহাকে অর্পণ করিলেন। ঋষিপুত্র ঋষ্যশৃঙ্গের ক্রোধ না জন্মে এই নিমিত্ত তিনি স্বয়ং তাঁহার পরিচর্য্যা করিতে লাগিলেন ॥ ৬৩ ॥

লোমপাদ শান্তহৃদয়ে কমললোচনা শান্তা কন্যাকে ভার্য্যারূপে তাঁহার হস্তে প্রদান করিলেন। দান করিয়া তিনি পরম হর্ষ প্রাপ্ত হইলেন ॥ ৬৪ ॥

এই প্রকারে রাজা লোমপাদ কর্ত্তৃক সম্যক্‌রূপে পূজিত হইয়া অতিতেজস্বী ঋষ্যশৃঙ্গ ভার্য্যা শান্তার সহিত সেখানে বাস করিতে লাগিলেন ॥ ৬৫ ॥

১। ঘ-'স্বয়ঞ্চাপি'। ২। ঙ-'-র্মাস্য ভবোদিতম্', ক-ঘ-ঞ-'র্মাস্যেহ ত্বদিতি'। ৩। গ-ঘ-ঙ-ছ-ঞ-ঝ-'কন্যাং'। ৪। গ-ঘ-ঙ-ছ-জ-ঝ-'চাস্মৈ'। ৫। ঞ-'রম্যাং'।

সর্ব্বমেতদশেষেণ[1] শ্রুত্বা ব্রহ্মর্ষিসত্তমঃ[2] ।
বিভাণ্ডকো মহাতেজা গতমন্যুর্দ্বিজোত্তমঃ[3] ।
জগাম তপসে ধীমান্[4] পুনরেবাশ্রমং প্রতি ॥ ৬৬ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে আদিকাণ্ডে নবমঃ সর্গঃ ॥ ৯

৬৬। টিপ্পনী। অশেষেণেতি—পূর্ব্বমেতদ্ বৃত্তং গোপেভ্যঃ সংক্ষেপেণ শ্রুতং, ধ্যানচক্ষুষা চ স্থূলতো দৃষ্টম্ ইদানীং পুনঃ প্রতিগমনাবসরে পান্থেভ্যঃ প্রপঞ্চেন শ্রুত্বা গতমন্যুরভবদিতি ভাবঃ।

নন্থ গণিকাস্পর্শন-তৎস্পৃষ্টফলভক্ষণাদিভিরস্য তপোহানৌ কথং তদ্গমনমাত্রেণ বৃষ্টিঃ ? [অত্রোচ্যতে] নির্ম্মলব্রহ্মচর্য্যেণ ব্রহ্মজ্ঞতয়া সর্ব্বত্র ব্রহ্মদৃষ্ট্যা চ দোষ-লেশস্যাপ্যস্পর্শাৎ। যত্তু ক্বচিদ্ বিভাণ্ডকস্য পুত্রান্বেষণং ক্রোধেন ততো মার্গে ঋষ্যশৃঙ্গায় শান্তাদানাদিবৃত্তান্তলাভেন পুনরাশ্রমং পরাবৃত্যাগমনবর্ণনং তদপি তত্ত্বজ্ঞত্ব এবোপপদ্যতে। অন্যথা স্বপুত্রস্য গণিকাদ্বারকব্রহ্মচর্য্যবিলোপকৃতো রোমোহজ্ঞস্য তস্য কেনাপ্যুপায়েন বারয়িতুমশক্য ইত্যলম্। তিঃ।

ব্রহ্মর্ষিশ্রেষ্ঠ দ্বিজোত্তম মহাতেজা ধীমান্ বিভাণ্ডক এই সমস্ত বৃত্তান্ত বিস্তৃত ভাবে শ্রবণ করিয়া ক্রোধবিরহিতচিত্তে তপস্যার নিমিত্ত আশ্রমে গমন করিলেন ॥ ৬৬ ॥

মহর্ষি বাল্মীকিপ্রণীত আদিকাব্য রামায়ণের আদিকাণ্ডে নবম সর্গ সমাপ্ত ॥

১। ক-ছ-জ-ঝ-পুস্তকেষু 'সর্ব্বমি'ত্যারভ্য 'প্রতি' ইত্যন্তো নাস্তি। ঘ-'সর্ব্বমেবমশেষেণ'। ২। ঘ-ট 'ঋষিসত্তমঃ'। ৩। গ ঙপুস্তকয়োরিদমর্দ্ধং নাস্তি। ৪। ঘ-'শ্রীমান্'।

দশমঃ সর্গঃ

ভূয় এব মহারাজ শৃণু[১] মেঽবহিতং[২] বচঃ ।
সনৎকুমারাদ্‌বদতঃ[৩] শ্রুতং[৪] মে বচনং যথা ॥ ১ ॥
ইক্ষ্বাকুবংশজো রাজা ভবিষ্যতি মহাযশাঃ ।
নাম্না দশরথো নাম ধীমান্[৫] সত্যপরাক্রমঃ ॥ ২ ॥
সখ্যং তস্যাঙ্গরাজেন ভবিষ্যতি মহাত্মনঃ ।
কন্যা চাস্য[৬] মহাভাগা শান্তা নাম ভবিষ্যতি ॥ ৩ ॥
অঙ্গরাজোঽনপত্যস্তু লোমপাদো ভবিষ্যতি ।
স রাজানং দশরথং প্রার্থয়িষ্যতি ভূমিপঃ ॥ ৪ ॥

১। টিপ্পনী। পূর্ব্বং দশরথপ্রশ্নস্যোত্তরমুক্ত্বা সুমন্ত্রঃ কথাশেষেণ স্ববক্তব্যমুপসংহরতি ভূয় ইত্যাদিনা। অবহিতং সাবধানং যথা স্যাত্তথা শৃণু।

২। টিপ্পনী। সত্যপরাক্রমঃ অমোঘপরাক্রমঃ সর্ব্বরক্ষণশক্ত ইতি যাবৎ। গোঃ রাঃ।

৩। টিপ্পনী। অঙ্গরাজেন লোমপাদেন তস্য দশরথস্য। মহাভাগা মহান্ ভাগঃ ভাগ্যং যস্যাঃ সা। 'ভাগো ভাগ্যম্' ইতি শব্দরত্নাবলী।

[মন্ত্রী সুমন্ত্র দশরথকে সম্বোধন করিয়া পুনর্ব্বার বলিলেন], হে মহারাজ! সনৎকুমার যখন বলিতেছিলেন, তখন তাঁহার নিকট হইতে যে কথা আমি শুনিয়াছিলাম, তাহা অবহিত চিত্তে আমার নিকট হইতে আপনি পুনর্ব্বার শ্রবণ করুন ॥ ১ ॥

ইক্ষ্বাকুবংশে উৎপন্ন দশরথনামক মহাযশস্বী, বুদ্ধিমান্ অমোঘ-পরাক্রম এক রাজা হইবেন ॥ ২ ॥

অঙ্গরাজ লোমপাদের সহিত মহামনা সেই দশরথের মিত্রতা হইবে এবং তাঁহার শান্তানাম্নী মহাভাগ্যবতী কন্যা জন্মগ্রহণ করিবে ॥ ৩ ॥

অঙ্গরাজ লোমপাদ সন্তানহীন হইবেন। সেই ভূমিপতি লোমপাদ রাজা দশরথের নিকট প্রার্থনা করিবেন—৪ ॥

১। খ-ঝ-'মহাবাহো'। ২। ঝ '-ষাবহিতো', ক-'সুহিতং'। ৩। গ ঙ চ '-দতঃ'। ৪। 'শ্রুতোঽহং বচনং তথা'। ৫। গ 'শ্রীমান্'। ৬। গ চ 'তস্য'।

অনপত্যায় মে কন্যাং সখে দাতুং ত্বমর্হসি।[১]

শান্তাং শান্তেন মনসা পুত্ত্রার্থং[২] বরবর্ণিনীম্ ॥ ৫ ॥

শ্রুত্বা দশরথো বাক্যং প্রকৃত্যা করুণাত্মকঃ।

দাস্যতে তাং তদা কন্যাং শান্তামঙ্গাধিপায় সঃ ॥ ৬ ॥

প্রতিগৃহ্য চ[৩] তাং কন্যাং স রাজা বিগতজ্বরঃ।

স্বপুরং যাস্যতি প্রীতঃ কৃতার্থেনান্তরাত্মনা ॥ ৭ ॥

৫। টিপ্পনী। মম পুত্ত্রার্থং যথা তয়া মে পুত্ত্রকৃত্যং শ্রাদ্ধাদিকং সিধ্যেৎ, তদর্থম্। সা মে পুত্ত্রিকা ভবত্বিতি যাবৎ। যদ্বা যথা তাং পুত্ত্রীরূপেণ প্রাপ্য তৎপুত্ত্রেণ মম পুত্ত্রলাভফলং নিষ্পদ্যেত তদর্থম্। তথা চ মনুঃ—অপুত্ত্রোঽনেন বিধিনা সুতাং কুর্ব্বীত পুত্ত্রিকাম্। যদপত্যং ভবেদস্যাং তন্মম স্যাং স্বধাকরম্ ॥ (৯।১২৭) বরবর্ণিনীম্—বরঃ শ্রেষ্ঠো বর্ণো যস্যা অস্তি তাম্। 'বরারোহা মত্তকাশিন্যুত্তমা বরবর্ণিনী' ইত্যমরঃ।

৬। টিপ্পনী। করুণাত্মকঃ—করুণ আত্মা স্বভাবো যস্য সঃ। 'ধর্ম্মঃ স্বভাব আত্মা স্যাদ্' ইতি হলায়ুধঃ।

৭। টিপ্পনী। বিগতজ্বরঃ নষ্টসন্তাপঃ। অনপত্যস্য লোমপাদস্য সন্তানাভাবোত্থঃ সন্তাপঃ শান্তালাভেনাপগতো ভবিষ্যতীত্যর্থঃ। কৃতার্থেন—কৃতঃ সাধিতঃ অর্থঃ অভিপ্রায়ো যস্য ঈদৃশেন অন্তরাত্মনা মনসা উপলক্ষিতঃ। 'অভিধেয়াভিপ্রায়প্রয়োজনদ্রব্যবাচকেষ্বর্থ' ইতি হলায়ুধঃ।

হে সখে! আমি সন্তানহীন, আমি যাহাতে পুত্ত্রফল লাভ করিতে পারি তাহার জন্য তুমি শান্তচিত্তে আমার হস্তে উত্তমা কন্যা শান্তাকে [কন্যারূপে] প্রদান কর ॥ ৫ ॥

স্বভাবতই করুণ-স্বভাব রাজা দশরথ [এই] বাক্য শ্রবণ করিয়া তখন অঙ্গাধিপ লোমপাদের হস্তে সেই কন্যা শান্তাকে [কন্যারূপে] দান করিবেন ॥৬॥

সেই কন্যাকে গ্রহণ করিয়া রাজা লোমপাদের সন্তাপ দূর হইবে। তিনি প্রীত হইয়া কৃতার্থমনে নিজ-পুরীতে গমন করিবেন ॥ ৭ ॥

১। অতঃ পরং চপুস্তকে 'স কন্যাং পুত্ত্রিকাহেতোর্ব্বরয়ে ত্বাং প্রসীদ মে।' ঙ-পুস্তকে-'তাং কন্যাং পুত্ত্রিকাহেতোর্ব্বরয়ে ত্বাং প্রসাদয়ে।' ইত্যধিকঃ। ২। চ-'পুত্ত্রার্থে'। ৩। চ 'তু'।

তাং কন্যামৃষ্যশৃঙ্গায় প্রদাস্যতি স পার্থিবঃ।
ঋষ্যশৃঙ্গোঽপি চ প্রীতো লব্ধা ভার্য্যাং ভবিষ্যতি ॥ ৮ ॥
তং চ রাজা দশরথো যষ্টুকামঃ কৃতাঞ্জলিঃ।
ঋষ্যশৃঙ্গং দ্বিজশ্রেষ্ঠং বরয়িষ্যতি ধর্ম্মবিৎ ॥ ৯ ॥
যজ্ঞার্থং প্রসবার্থঞ্চ স্বর্গার্থঞ্চ নরেশ্বরঃ।
লপ্স্যতে চ স তং কামমৃষিপুত্রাদ্বিশাং পতিঃ ॥ ১০ ॥

৮। টিপ্পনী। তাং কন্যাং প্রদাস্যতি ভার্য্যারূপেণেত্যর্থঃ।

৯। যষ্টুকামঃ যষ্টুং যাগং কর্ত্তুং কামোঽভিলাষো যস্য সঃ। 'লুম্পেদবশ্যমঃ কৃত্যে তুং কামমনসোরপি' ইতি মকারলোপঃ। এবংভূতো রাজা তং বরয়িষ্যতি ঋত্বিগ্রূপেণেতি শেষঃ। বরো বরণং 'তৎ করোতি' ইতি ণিচ্। গোঃ রাঃ।

১০। টিপ্পনী। যজ্ঞঃ প্রসবকারণং, প্রসবঃ স্বর্গকারণমিতি বোধ্যম্। তং কামং প্রার্থিতং কাম্যযজ্ঞম্। তিঃ। যজ্ঞার্থং পুত্রকামেষ্ট্যর্থং, তদ্দ্বারা প্রসবার্থং পুত্রার্থং, তদ্দ্বারা স্বর্গার্থম্, 'নাপুত্রস্য লোকোঽস্তী'তি শ্রুতেঃ। কামং কাম্যক্রতুম্। গোঃ রাঃ।

যজ্ঞার্থং যজ্ঞায় ইদমিতি। প্রসবার্থং প্রসূয়তে ইতি প্রসবঃ সুতস্তদর্থম্। 'উৎপাদে স্যাদপত্যেঽপি ফলেঽপি কুসুমেঽপি চ' ইতি মেদিনী। অত এব স্বর্গার্থং, পুত্রলাভাৎ স্বর্গলাভবিরোধিদুরদৃষ্টজন্যনরকাদীনাং নাশঃ স্যাৎ 'পুন্নাম্নো নরকাদ্ যস্মাত্ত্রায়তে পিতরং সুতঃ' ইত্যাদিবচনাৎ। ততশ্চ স্বর্গলাভঃ সুশকো ভবতি। কিঞ্চ 'স্বর্গকামোঽশ্বমেধেন যজেত' ইতি বিধিপ্রতিপাদিতোঽশ্বমেধস্তু কারণান্তরনিরপেক্ষোঽপি স্বয়মেব স্বর্গসাধকো ভবতীতি তদর্থলাভায়।

রাজা লোমপাদ সেই কন্যাকে ঋষ্যশৃঙ্গের হস্তে অর্পণ করিবেন। ঋষ্যশৃঙ্গও ভার্য্যা লাভ করিয়া প্রীত হইবেন ॥ ৮ ॥

নরাধিপতি ধর্ম্মবিৎ রাজা দশরথ অশ্বমেধ যজ্ঞ করিবার সঙ্কল্প করিয়া যজ্ঞসম্পাদনের নিমিত্ত এবং [তদ্দ্বারা] পুত্র ও স্বর্গলাভের নিমিত্ত কৃতাঞ্জলিপুটে দ্বিজশ্রেষ্ঠ সেই ঋষ্যশৃঙ্গকে বরণ করিবেন। জননায়ক দশরথ এই ঋষিপুত্র হইতে তাঁহার সেই অভিলষিত বস্তু প্রাপ্ত হইবেন ॥ ৯-১০ ॥

১। গ ঙ 'সংপ্রদাস্যতি'। ২। অতঃপরং জ-ঝ-পুস্তকয়োঃ 'আত্মব্যতিক্রমাদ্ধ্যেতোর্ব্বিষয়ে নাস্য বর্ষতি। তদভ্যাগমনাদেব বর্ষিষ্যতি শতক্রতুঃ॥' ৩। গ-ঙ 'বরয়ামাস'। ৪। গ-ঙ-ছ 'নরাধিপঃ'। ৫। ঝ 'স ততঃ কামমৃষিপুত্রান্নরাধিপঃ,' ছ 'স ততঃ কামমৃষিপুত্রান্নরেশ্বরঃ'; গ 'তু স তং কামমৃষিপুত্রান্নরাধিপঃ', ঘ 'স চ তং কামমৃষিপুত্রান্নরেশ্বরঃ।'

পুত্রাশ্চাস্য ভবিষ্যন্তি চত্বারোঽমিততেজসঃ।
কুলকীর্ত্তি[1]যশোমানধর্ম্মসন্তানবর্দ্ধনাঃ ॥ ১১ ॥
এবং স দেবর্ষিবরো ভবিষ্যমিদ[2]মুক্তবান্।
সনৎকুমারো ভগবান্ পুরা মুনিসমাগমে ॥ ১২ ॥
স ত্বং নৃপতিশার্দ্দূল তমানেতু[3]মিহার্হসি।
বিভাণ্ডকসুতং গত্বা বরয়িত্বাত্মনো গুরুম্ ॥ ১৩ ॥

স দশরথ ঋষিপুত্রাদৃষ্যশৃঙ্গাৎ তং কামম্ অভিলাষম্ 'কামোঽভিলাষঃ' ইত্যমরঃ, আশংসিতং যজ্ঞং, পুত্রং স্বর্গঞ্চেত্যর্থঃ। বিশাং জনানাং পতির্নায়কঃ রাজা ইতি যাবৎ। 'পুমান্ পঞ্চজনো না চ পুরুষঃ পূরুষশ্চ বিট্' ইতি হলায়ুধঃ।

স্বর্গার্থং রাবণোপক্রতস্বর্গাদিস্বাস্থ্যার্থঞ্চ বরয়িষ্যতি। শিরোঃ।

১১। টিপ্পনী। অমিততেজসঃ অপরিচ্ছিন্নপরাক্রমাঃ। কীর্ত্তিশ্চ যশশ্চ মানশ্চ দর্ম্মশ্চ কীর্ত্তিযশোমানধর্ম্মাঃ কুলস্যৈতে। এতেষাং সন্তানেনাবিচ্ছেদেন বর্দ্ধনা বর্দ্ধনকারকাঃ। যথৈতে অনারতং বৃদ্ধিং প্রাপ্নুয়ুস্তথৈবৈতে পুত্রাঃ প্রবর্ত্তিষ্যন্ত ইতি ভাবঃ।

'দানাদিপ্রভবা কীর্ত্তিঃ শৌর্য্যাদিপ্রভবং যশ' ইতি মাধবী। জীবতঃ খ্যাতির্যশো মৃতস্য খ্যাতিঃ কীর্ত্তিরিতি কেচিৎ। তন্ন সাধু, 'কীর্ত্তিস্তে নৃপ দৃতিকে'তি প্রয়োগদর্শনাদিতি ভরতঃ, ইতি শব্দকল্পদ্রুমঃ।

১৩। টিপ্পনী। আত্মনো গুরুং বশিষ্ঠং বরয়িত্বা সংপ্রার্থ্য।

এই রাজার বংশের কীর্ত্তি (দানাদিজন্য খ্যাতি), যশ (শৌর্য্যাদিজন্য খ্যাতি), সম্মান ও ধর্ম্মের অবিচ্ছেদে বর্দ্ধনকারী অমিতবিক্রম পুত্রচতুষ্টয় জন্মগ্রহণ করিবে ॥ ১১ ॥

পূর্ব্বকালে মুনিগণের সভায় দেবর্ষিপ্রবর ভগবান্ সনৎকুমার এই প্রকার ভবিষ্যৎ বলিয়াছিলেন ॥ ১২ ॥

হে নৃপতিশ্রেষ্ঠ, নিজ-গুরু বশিষ্ঠের নিকট প্রার্থনা জানাইয়া [লোমপাদরাজ্যে] গমন করত, সেই বিভাণ্ডকপুত্র ঋষ্যশৃঙ্গকে এখানে আনয়ন করা আপনার উচিত ॥ ১৩ ॥

১। জ 'শীল'। ২। ঋ '-দিদ-'। ৩। গ-ঘ-ঙ-চ-ছ 'মানয়িতুমর্হসি'।

ইতি শ্রুত্বা দশরথঃ সুমন্ত্রস্য সুমন্ত্রিতম্[1]।
বশিষ্ঠমুপগম্যৈনমিদং[2] বচনমব্রবীৎ ॥ ১৪ ॥
সুমন্ত্রোঽয়ং বদত্যেবমনুজ্ঞাং দাতুমর্হসি।
বশিষ্ঠোঽপি চ তচ্ছ্রুত্বা[3] তথেতি প্রত্যপদ্যত ॥ ১৫ ॥
সোঽনুজ্ঞাতো বশিষ্ঠেন রাজা সুপ্রীতমানসঃ।
সুমন্ত্রবচনাত্তূর্ণং প্রযাতুমুপচক্রমে ॥ ১৬ ॥
ঋষ্যশৃঙ্গং বরয়িতুং সামাত্যঃ সপুরোহিতঃ।
সান্তঃপুরজনশ্চৈব যত্রাসৌ দ্বিজসত্তমঃ ॥ ১৭ ॥
সোঽতীত্য[4] বিবিধান্ দেশান্ রাজা নাতিচিরে[5] ততঃ।
লোমপাদপুরীং রম্যাং[6] প্রবিবেশাভি[7]পূজিতঃ ॥ ১৮ ॥

১৫। টিপ্পনী। তথেতি প্রত্যপদ্যত তথৈব ক্রিয়তামিত্যনুজ্ঞাতবান্। ময়ি স্থিতে কথমন্যমাহ্বয়তীতি বশিষ্ঠঃ কুপ্যেদতস্তদনুজ্ঞালাভপ্রযত্নঃ।

১৮। টিপ্পনী। নাতিচিরে অনতিবিলম্বেন ত্বরয়েত্যর্থঃ। ঋষ্যশৃঙ্গানয়নোৎসুকস্য তস্য দেশাদিদর্শনেঽপি নৌৎসুক্যমিত্যর্থঃ। 'বনানি সরিতশ্চৈব ব্যতিক্রম্য শনৈঃ শনৈঃ ॥' ইতি

দশরথ সুমন্ত্রের এই সুপরামর্শ শ্রবণ করিয়া বশিষ্ঠের নিকট গমন পূর্ব্বক তাঁহাকে এই কথা বলিলেন—॥ ১৪ ॥

এই সুমন্ত্র এই প্রকার বলিতেছে, [এখন] আপনি [এই বিষয়ে] আদেশ করুন। বশিষ্ঠও তাহা শুনিয়া 'তাহাই কর' এই বলিয়া অনুজ্ঞা প্রদান করিলেন ॥ ১৫ ॥

বশিষ্ঠ কর্ত্তৃক অনুজ্ঞাত রাজা দশরথ প্রসন্নচিত্ত হইয়া অমাত্য, পুরোহিত এবং অন্তঃপুরিকাগণের সহিত সুমন্ত্রবচনানুসারে ঋষ্যশৃঙ্গকে বরণ করিবার নিমিত্ত যেখানে দ্বিজশ্রেষ্ঠ ঋষ্যশৃঙ্গ বাস করিতেন, সেই স্থানে শীঘ্র গমন করিবার উপক্রম করিলেন ॥ ১৬-১৭ ॥

১। ঘ 'সুমন্ত্রিণঃ'। ২। গ 'বশিষ্ঠমুপসংগম্য ততো', চ-ঝ 'স বশিষ্ঠমুপাগম্য ততো'; ছ '-বশিষ্ঠং সমুপাগম্য ততো', জ '-বশিষ্ঠমুপগম্যেবং ততো', ঙ-'-বশিষ্ঠমুপগম্যৈব-'। ৩। গ-ঙ-ছ 'বচঃ শ্রুত্বা'। ৪। গ-ছ-জ-ঝ 'অতীত্য বিবিধান্ দেশান্', চ 'অতীত্য বিবিধান্ দেশান্ রাজা নাতিচিরেণ সঃ', ঙ-'অতীত্য বিবিধান্ রাজা দেশান্নাতিচিরেণ সঃ'। ৫। দ-'নাতিচিরেণ তৎ'। ৬। গ-ঘ-ঙ-চ-ছ-জ-ঝ 'শ্রীমান'। ৭। গ-'-শান্তি-'।

তত্রাসসাদ[1] বৈ রাজা লোমপাদনিবেশনে।
ঋষিপুত্রং দশরথো[2] দীপ্যমানমিবানলম্ ॥ ১৯ ॥
ততো রাজা দশরথং প্রিয়াতিথিমুপাগতম্[3]।
পূজয়া প্রতিজগ্রাহ প্রীয়মাণোঽনুরূপয়া[4] ॥ ২০ ॥
স এবং সৎকৃতস্তেন বসংস্তত্র জনর্ষভঃ[5]।
সপ্তাষ্টদিবসং যাবৎ ততো বচনমব্রবীৎ ॥ ২১ ॥

২০। লো-টী। প্রিয়াভিঃ সমুপাগতম্—প্রিয়াভির্মহিষীভিঃ। প্রিয়াতিথিমিতি চ পাঠঃ। পাশ্চাত্ত্যাঃ। 'শনৈঃ শনৈরি'ত্যনেন বনাদিবিলোকনকুতুকিত্বং দ্যোত্যতে ইতি যদাহ গোবিন্দরাজস্তদসমীচীনমিব প্রতিভাতি, পুত্রলালসস্য বনাদিদর্শনজন্যকালহরণে যুক্তি-বিরহাৎ। অভিপূজিতঃ লোমপাদেনেতি শেষঃ।

২০। টিপ্পনী। রাজা লোমপাদঃ। প্রীয়মাণোঽতিহৃষ্টঃ। অনুরূপয়া রাজযোগ্যয়া।

২১। টিপ্পনী। দিবসমিত্যত্রৈকবচনমার্ষম্। সপ্ত অষ্ট বা দিবসানিত্যর্থঃ। পাশ্চাত্ত্যাস্তু—'সপ্তাষ্টদিবসান্' ইতি পঠন্তি। সপ্তাষ্টদিবসান্ পঞ্চদশ দিনানীতি শিরোমণিঃ। সপ্তাষ্টেতি লোকবচনপরিপাটী সংখ্যানিয়মোপেক্ষাকৃতা। গোঃ রাঃ।

রাজা দশরথ অনতিবিলম্বে নানা দেশ অতিক্রম করিয়া [লোমপাদ কর্ত্তৃক] পূজিত হইয়া রমণীয় লোমপাদপুরীতে প্রবেশ করিলেন ॥ ১৮ ॥

রাজা দশরথ সেই লোমপাদরাজার গৃহে প্রদীপ্ত অগ্নিসদৃশ ঋষিপুত্র ঋষ্যশৃঙ্গকে প্রাপ্ত হইলেন ॥ ১৯ ॥

অনন্তর রাজা লোমপাদ প্রীত হইয়া সমাগত প্রিয় অতিথি দশরথকে রাজোচিত পূজা দ্বারা অভ্যর্থনা করিলেন ॥ ২০ ॥

সেই রাজা দশরথ এই প্রকারে সৎকৃত হইয়া সাতআট দিবস সেস্থানে অবস্থানপূর্ব্বক পরে এই কথা বলিলেন—॥ ২১ ॥

১। গ-ঘ-চ-ছ-ঝ-'রাজা স'। ২। জ-'দদর্শাথ'। ৩। 'প্রিয়াভিঃ সমুপাগতম্'-লোঃ। ৪। গ-ঘ-ঙ-ছ-পুস্তকেম্বেকবিংশশ্লোকাৎ ত্রয়োবিংশশ্লোকপর্য্যন্তং নাস্তি। ৫। চ-'নরর্ষভঃ'।

শান্তা তব সুতা বীর সহ ভর্ত্রা বিশাং পতে।
মদীয়ং[1] নগরং যাতু কার্য্যং হি মহদুদ্যতম্[2] ॥ ২২ ॥
তথেতি রাজা সংশ্রুত্য গমনং[3] তস্য ধীমতঃ।
লোমপাদোঽগমত্তূর্ণমৃষিপুত্রায়[4] ধীমতে ॥ ২৩ ॥
ঋষ্যশৃঙ্গায় চৈবৈনং ন্যবেদয়দনন্তরম্।
অয়ং রাজা দশরথঃ সখা মে দয়িতো ভৃশম্ ॥ ২৪ ॥

২৩। লো-টী। নগরং নগরগমনং সংশ্রুত্য প্রতিশ্রুত্য। ঋষিপুত্রায়েতি কর্ম্মণি

সমুৎকণ্ঠিতস্য তস্য কথমেতাবতঃ কালস্য হরণমিতি চেৎ, সহাবস্থানেন কালাত্যয়োঽভীষ্টসিদ্ধেঃ সহায়কঃ স্যাদিতি।

২২। টিপ্পনী। তব সুতা ত্বৎপুত্রীরূপেণ ত্বদ্‌গৃহে স্থিতত্বাৎ। উদ্যতম্ উৎ উৎকৃষ্টঃ যতঃ প্রযত্নো যস্মিন্ তন্মহদুৎকৃষ্টং যাগরূপং বস্তু কার্য্যম্। শিরোঃ। উদ্যতম্ উপক্রান্তম্। তিঃ। উদ্যতম্ উদ্যুক্তম্। গোঃ রাঃ।

২৩। টিপ্পনী। সংশ্রুত্য প্রতিজ্ঞায়। তিঃ। তস্য গমনং সংশ্রুত্য অঙ্গীকৃত্য ইত্যর্থঃ।

২৪। টিপ্পনী। ঋষ্যশৃঙ্গস্য গমনৌচিত্যং দর্শয়তি—মম সখেত্যাদিনা। যতো মম সখা, দয়িতঃ প্রিয়শ্চ 'অভীষ্টেঽভীপ্সিতং হৃদ্যং দয়িতং বল্লভং প্রিয়ম্' ইত্যমরঃ। ততস্তদ্বাক্যমবশ্যং রক্ষণীয়মিত্যর্থঃ।

হে জনপতি বীর! তোমার কন্যা শান্তা ভর্ত্তা ঋষ্যশৃঙ্গের সহিত আমার রাজ্যে গমন করুক। [যজ্ঞরূপ] মহৎ কার্য্য উপস্থিত হইয়াছে ॥ ২২ ॥

রাজা লোমপাদ তাহাই হউক বলিয়া ধীমান্ ঋষ্যশৃঙ্গের গমনে প্রতিশ্রুতি প্রদান করিয়া ঋষিপুত্র ঋষ্যশৃঙ্গের নিকট গেলেন ॥ ২৩ ॥

অনন্তর রাজা লোমপাদ সেই দশরথের কথা ঋষ্যশৃঙ্গকে বলিলেন—এই রাজা দশরথ আমার সখা এবং অতিশয় প্রিয় পাত্র ॥ ২৪ ॥

১। চ 'মদীয়-'। ২। চ-'মহদুচ্চাতাম্', জ-ঝ-'তাবদুচ্যতাম্'। ৩। চ-'বচনং', জ-ঝ-লো-'নগরং'। ৪। ক-খ-গ-ঘ ও চ-ছ-'বদবাক্য-'।

অনেন মেঽনপত্যায় দত্তেয়ং বরবর্ণিনী।
১ ২
যাচতে পুত্রকৃত্যায় শান্তা প্রিয়তমাত্মজা ॥ ২৫ ॥
সোঽয়ং তে শ্বশুরো ব্রহ্মন্ যথৈবাহং তথা নৃপঃ।
শরণং ত্বামনুপ্রাপ্তঃ পুত্রার্থী দ্বিজসত্তম ॥ ২৬ ॥

২৫। লো-টী। মে মহ্যং যাচতে। পুত্রকৃতিকা পুত্রবদ্ধিতৈষিণী। তথা শব্দার্ণবে—'সা কন্যা পুত্রকৃতিকা পুত্রবদ্ যা হিতৈষিণী'তি বিমলবোধঃ। পুত্রিকাকৃত্যে ইতি পাঠে পুত্রিকা পুত্রপ্রতিনিধিরিতি সর্ব্বজ্ঞঃ। কৃত্যে পারলৌকিকে কর্ম্মণি পুত্রিকা পুত্রপ্রতিনিধিরিয়ং প্রিয়তমাত্মজা প্রিয়তমা কন্যা শান্তা মে মহ্যং যাচতে দত্তা। যদ্বা মহ্যং দত্তা পুত্রিকা মম পুত্রপ্রতিনিধিঃ। স্যা চ কৃত্যে দশরথপুত্রোৎপত্তিকার্য্যে যাচতে তথান্বয়ভিন্নামিতি শেষঃ (?)। যদ্বা শান্তা আত্মজা মহ্যং দত্তা যা চ তে তব প্রিয়তমা ভার্য্যেত্যর্থঃ।

[আদিকাণ্ডে দশমঃ সর্গঃ ॥]

২৫। টিপ্পনী। যাচতে পুত্রকৃত্যায় মে ইত্যন্বয়ঃ। পুত্রকৃত্যায় পুত্রঃ কৃত্যং প্রয়োজনং যস্য তাদৃশায়। যাচতে 'অনপত্যায় মে কন্যাং সখে দাতুং ত্বমর্হসী'তি প্রার্থয়মানায় মে শান্তা দত্তা। অনেন পুনরপি গমনানুকূলা যুক্তিঃ প্রদর্শিতা। অনপত্যায় মে শান্তাং দত্ত্বানপত্যভাবজন্যদুঃখাদ্ যদয়ং মাং মোচয়ামাস, তদিদানীং সুতাভাবাৎ তপ্যমানস্য ময়াপ্যবশ্যমস্য প্রার্থনপূরণেন সন্তাপোঽপনেয় ইতি ভাবঃ।

অনেন মেঽনপত্যায়েতি শ্লোকদ্বয়ং শিরোমণিটীকায়াং পৌরাণিকগাথাত্বেন তিলকটীকায়াঞ্চ 'ক্বচিচ্চৈবং পঠ্যতে হি' ইতি নির্দ্দেশপুরঃসরমুদাহ্রিয়তে।

২৬। টিপ্পনী। গমনস্যৌচিত্যং পুনরপি দর্শয়তি—সোঽয়ং তে ইত্যনেন। যথাহং তথায়মপি নৃপস্তে শ্বশুরঃ। অতো মদ্বাক্যমিব তদ্বাক্যং পালনীয়ম্। শ্বশুরত্বাৎ তদ্‌গৃহগমনে মানক্ষতিরপি ন ভবেৎ। পুত্রার্থী দশরথস্ত্বাং শরণম্ অনুপ্রাপ্তঃ। ত্বং দ্বিজোত্তমঃ অতঃ পুত্রকামস্য বিশেষতঃ শরণাগতস্য তস্য প্রণয়ঃ প্রতিপালনীয় এব।

সন্তানহীন অবস্থায় আমি পুত্রপ্রয়োজনে [আমাকে তোমার কন্যা পুত্রীরূপে দান কর এইরূপ] প্রার্থনা করিলে এই রাজা প্রিয়তমা উত্তমা কন্যা এই শান্তাকে দান করিয়াছিলেন ॥ ২৫ ॥

হে ব্রাহ্মণ! আমার ন্যায় এই নৃপতি দশরথও তোমার শ্বশুর। হে দ্বিজশ্রেষ্ঠ, ইনি পুত্রপ্রার্থী হইয়া তোমার শরণাপন্ন হইয়াছেন ॥ ২৬ ॥

১। গ-'কৃত্যে চ', ঘ-ঙ-চ-ছ 'কৃত্যে চ', জ-ছটিপ্পন্যাঞ্চ 'কৃতিকা'। ২। গ-ঙ-চ-ছ-জ 'তরাত্মজা'।

পুত্রকামমিমং তাবৎ ত্বং যাজয়িতুমর্হসি।
তারয়ৈনমিতো[১] গত্বা শান্তয়া ভার্য্যয়া সহ ॥ ২৭ ॥
ঋষিপুত্রস্তথেত্যুক্ত্বা তদ্বাক্যসমনন্তরম্[২]।
তমনুজ্ঞাপ্য নৃপতিং প্রযযৌ সহ ভার্য্যয়া ॥ ২৮ ॥
লোমপাদস্ততো রাজা পরিষ্বজ্যাভিপূজ্য চ।
অনুজজ্ঞে পুরং[৩] গন্তুং ভূয়ো দশরথং স্বকম্[৪] ॥ ২৯ ॥
ততস্তেনাভ্যনুজ্ঞাতস্[৫]তমাদায় দ্বিজর্ষভম্।
শান্তয়া সহিতঃ কালে প্রযাতুমুপচক্রমে ॥ ৩০ ॥
অথ রাজা দশরথঃ পুরুষানাপ্তকারিণঃ।
স্বপুরং[৬] প্রেষয়ামাস প্রিয়াখ্যানপুরঃসরান্[৭] ॥ ৩১ ॥

২৮। টিপ্পনী। তমনুজ্ঞাপ্য তং কৃতানুজ্ঞং কৃত্বা তস্যানুজ্ঞাং লব্ধ্বেত্যর্থঃ।
৩১। টিপ্পনী। আপ্তকারিণঃ—আপ্তং যথা স্যাৎ তথা কুর্ব্বন্তীতি, বিশ্বস্তভৃত্যানিত্যর্থঃ। লোকনাথেন তু আপ্তাশ্চ তে কারিণঃ কার্য্যিণশ্চেতি প্রাগ্ ব্যাখ্যাতম্।

পুত্রাভিলাষী এই নৃপতির দ্বারা তোমার যজ্ঞ করান উচিত। এই স্থান হইতে পত্নী শান্তার সহিত গমন করিয়া ইঁহাকে তুমি উদ্ধার কর ॥ ২৭ ॥

লোমপাদের বাক্য শেষ হইলে ঋষিপুত্র 'তাহাই হউক' বলিয়া সেই নৃপতির অনুজ্ঞা গ্রহণ করিয়া ভার্য্যা শান্তার সহিত অযোধ্যায় গমন করিলেন ॥ ২৮ ॥

অনন্তর রাজা লোমপাদ পুনর্ব্বার আলিঙ্গন এবং অর্চ্চনা করিয়া দশরথকে নিজের পুরীগমনে সম্মতি জ্ঞাপন করিলেন ॥ ২৯ ॥

অতঃপর রাজা দশরথ লোমপাদকর্ত্তৃক অনুজ্ঞাত হইয়া শান্তার সহিত দ্বিজশ্রেষ্ঠ ঋষ্যশৃঙ্গকে গ্রহণ করিয়া [যথা] সময়ে যাত্রা করিলেন ॥ ৩০ ॥

অনন্তর রাজা দশরথ প্রিয়সংবাদনিবেদক বিশ্বস্তভাবে কার্য্যকারক কতিপয় পুরুষকে নিজ পুরীতে প্রেরণ করিলেন ॥ ৩১ ॥

১। গ-ঘ-ঙ-ছ-জ-ঝ 'সহ জায়য়া'। ২। ঘ 'তদ্বাক্যং তদনন্তরম্', জ ঝ 'তদ্বাক্যং'। ৩। ঝ 'পুরীং'। ৪। ঘ-'দশরথস্য তম্'। ৫। ক-'জ্ঞাতঃ সন্না-'। ৬। গ ঙ ছ-জ-'স্বপুরীং'। ৭। চ-'পুরঃসরম্'।

ইতঃ শীঘ্রতরং গত্বা যুষ্মাভির্মম শাসনাৎ।
ক্রিয়তাং মে পুরং[১] শীঘ্রং সর্ব্বতঃ[২] সমলঙ্কৃতম্ ॥ ৩২ ॥

তে হৃষ্টমনসো গত্বা শীঘ্রং নৃপতিশাসনাৎ।
তথা চক্রুর্যথাজ্ঞপ্তং[৩] পুরং[৪] সর্ব্বমশেষতঃ ॥ ৩৩ ॥

ততঃ স্বলঙ্কৃতং রাজা স্বপুরং প্রবিবেশ তৎ[৫]।
সর্ব্বতূর্য্যনিনাদেন পুরস্কৃত্য দ্বিজর্ষভম্ ॥ ৩৪ ॥

ততো মুমুদিরে পৌরা দৃষ্ট্বা রাজানমাগতম্।
সহ[৬] তেনর্ষিপুত্রেণ জ্বলিতানলবর্চ্চসা[৭] ॥ ৩৫ ॥

তমৃষ্যশৃঙ্গং[৮] স্বপুরং প্রবেশ্য নৃপতিস্ততঃ[৯]।
কৃতকৃত্যমিবাত্মানং মেনে পূর্ণমনোরথঃ ॥ ৩৬ ॥

৩৪। টিপ্পনী। তূর্য্যনিনাদেন বাদিত্রশব্দেন। তূর্য্যং বাদ্যমিতি হেমচন্দ্রঃ।
৩৬। টিপ্পনী। পূর্ণমনোরথঃ স দশরথঃ আত্মানং কৃতকৃত্যমিব কৃতার্থমিব মেনে

[দশরথ তাহাদিগকে বলিলেন] আমার আদেশে তোমরা এই স্থান হইতে শীঘ্র গমন করিয়া ত্বরায় আমার পুরী অযোধ্যার সকল স্থান সজ্জিত করিবে ॥ ৩২ ॥

নরপতির আদেশে তাহারা তাড়াতাড়ি অযোধ্যায় গমন করিয়া রাজা যেইরূপ আজ্ঞা করিয়াছিলেন, সেইরূপে সকল পুরী অশেষ প্রকারে সজ্জিত করিলেন ॥ ৩৩ ॥

অনন্তর রাজা দশরথ দ্বিজশ্রেষ্ঠ ঋষ্যশৃঙ্গকে অগ্রে করিয়া সর্ব্বপ্রকার বাদ্যধ্বনি সহকারে সুশোভিত নিজ-রাজ্যে প্রবেশ করিলেন ॥ ৩৪ ॥

অনন্তর পৌরবর্গ প্রজ্বলিত অগ্নির ন্যায় তেজঃসম্পন্ন ঋষিপুত্র ঋষ্যশৃঙ্গের সহিত রাজা দশরথকে সমাগত দেখিয়া আনন্দিত হইল ॥ ৩৫ ॥

অনন্তর পরিপূর্ণমনোরথ নৃপতি দশরথ সেই ঋষ্যশৃঙ্গকে স্বীয় পুরীতে প্রবেশ করাইয়া, নিজেকে চরিতার্থ বলিয়া মনে করিলেন ॥ ৩৬ ॥

১। ক-'সর্ব্বাং'। ২। জ 'প্রত্যলঙ্কৃতম্'। ৩। গ-'গুপ্তং পুরে যত্ন'। ৪। গ 'পুরীং সর্ব্বাং নি-' ঙ 'পুরীং সর্ব্বং বি-', চ ছ-জ-'পুরে'। ৫। গ-ঙ চ 'হ'। ঘ পুস্তকে ইদমর্দ্ধং নাস্তি। ৬। ছ 'সহিতম্ ঋষি-'। ৭। গ-ঙ'-বর্চ্চসম্'। ৮। ঝ 'স ঋষ্য'-। ৯। ঘ 'তথা'।

অন্তঃপুরজনশ্চাপি দৃষ্ট্বা শান্তামুপাগতাম্

মুমুদেঽপূজয়চ্চৈনাং সহ ভর্ত্রা বিলাসিনীম্ ॥৩৭॥

স পূজ্যমানঃ পরয়া মুদান্বিতো[১]

মহর্ষিপুত্রো নরদেবসদ্মনি।

উবাস তস্মিন্ সহ শান্তয়া সুখী

যথা মহেন্দ্রস্য পুরে বৃহস্পতিঃ ॥ ৩৮ ॥

ত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে আদিকাণ্ডে দশমঃ সর্গঃ ॥ ১০ ॥

'কৃতকৃত্যং তদাত্মানং মেনে তস্যোপবাহনাৎ' ইতি পাশ্চাত্ত্যাঃ। তস্য ঋষেরুপবাহনাৎ স্বসমীপপ্রাপণাৎ। রাঃ।

৩৭। টিপ্পনী। বিলাসিনীং রাজদুহিতৃত্বাৎ অপত্যহীনেনাপত্যরূপেণ গৃহীতত্বাচ্চ বিলাসবতীম্। 'বিশালাক্ষী'মিতি পাশ্চাত্ত্যাঃ।

অন্তঃপুরবাসিনীগণও শান্তা আসিয়াছেন দেখিয়া প্রমুদিত হইলেন এবং বিলাসবতী সেই শান্তাকে পতির সহিত পূজা করিলেন। ইন্দ্রের পুরীতে বৃহস্পতি যেমন [সুখে] বাস করেন, সেইরূপ মহর্ষিপুত্র ঋষ্যশৃঙ্গ পূজিত হইয়া অতিরিক্ত হর্ষের সহিত সেই রাজসদনে শান্তার সহিত সুখে বাস করিতে লাগিলেন ॥ ৩৭-৩৮ ॥

মহর্ষি বাল্মীকিপ্রণীত আদিকাব্য রামায়ণের আদিকাণ্ডে দশম সর্গ সমাপ্ত ॥

১। খ 'আ'।

একাদশঃ সর্গঃ

অথ কালে ব্যতিক্রান্তে শিশিরে তদনন্তরম্।
বসন্তসময়ে প্রাপ্তে রাজা যষ্টুং মনো দধে ॥ ১

১। টিপ্পনী। এবং দশরথঃ সর্ব্বকামসমৃদ্ধোঽপি পুত্রালাভসন্তপ্তস্তন্মূলানি পাপানি স্বাধিকারানুরূপেণাশ্বমেধেন বিনা ন বিনশ্যন্তীতি মন্বানঃ 'সর্ব্বং পাপ্মানং তরতি, তরতি ব্রহ্মহত্যাং যোঽশ্বমেধেন যজেত' ইতি শ্রুত্যা 'রাজা সার্ব্বভৌমোঽশ্বমেধেন যজেত' ইতি স্মৃত্যা চ বিহিতমশ্বমেধং যষ্টুং সঙ্কল্প্য তদানীমুদ্বুদ্ধসংস্কারেণ সুমন্ত্রেণোদীরিতবচনাজ্জামাত্র্যপপালনব্যাজেন শান্তয়া সহ ঋষ্যশৃঙ্গমানীয় প্রাপ্তকালে পূর্ব্বং সঙ্কল্পিতমশ্বমেধং কর্ত্তুমারভতে। গোঃ রাঃ।

অথ ঋষ্যশৃঙ্গস্যাযোধ্যানয়নানন্তরম্। শিশিরে কালে শীতর্ত্তৌ অপক্রান্তেঽতীতে তদনন্তরং বসন্তসময়ে প্রাপ্তে উপস্থিতে চ ইত্যর্থঃ। 'রাজযজ্ঞোঽশ্বমেধঃ' (২০।১) ইতি শ্রুত্যা রাজা দশরথঃ যষ্টুমশ্বমেধং যজ্ঞং কর্ত্তুং মনো দধে।

'ততঃ কালে বহুতিথে কস্মিংশ্চিৎ সুমনোহরে। বসন্তে সমনুপ্রাপ্তে রাজ্ঞো যষ্টুং মনোঽভবৎ ॥' ইতি পাশ্চাত্ত্যসম্মতঃ শ্লোকঃ। এবং নিশ্চিতমবগতং পুত্রদাতৃত্বং যস্য তাদৃশ ঋষ্যশৃঙ্গ আনীতে সকলপাপক্ষয়কারিতয়া পূর্ব্বসংকল্পিতত্বেন চাশ্বমেধং প্রস্তৌতি—তত ইতি। বহুতিথেঽনল্পে কালে। সুমনোহরে শাস্ত্রোক্তদোষরহিতে তিঃ। সুমনোহরে দোষোপদ্রবাদিরাহিত্যেন সমুচিততিথ্যাদিপ্রাপ্তত্বেন রমণীয়ে কস্মিংশ্চিদ্বিলক্ষণে বসন্তে। রাঃ। বহুতিথেঽনল্পে কালে গতে, সংখ্যাসংজ্ঞাদ্বহুশব্দাৎ পূরণার্থে ডটি 'বহুপূগগণসঙ্ঘস্য তিথুগ্' ইতি তিথুগাগমঃ। কস্মিংশ্চিন্মলিম্লুচাদিদোষরহিততয়া বিলক্ষণে সুমনোহরে পৌর্ণমাস্যাঃ কালত্বেনাতিমনোজ্ঞে বসন্তে সমনুপ্রাপ্তে প্রারব্ধে, চৈত্র্যাং পৌর্ণমাস্যামিত্যর্থঃ। রাজ্ঞো দশরথস্য যষ্টুং সাংগ্রহণীমিষ্টিং কর্ত্তুং মনো মনোরথঃ অভূৎ। চৈত্র্যাং পৌর্ণমাস্যাং প্রাতরশ্বমেধেন যক্ষ্যে ইতি সঙ্কল্প্য 'সাংগ্রহণ্যেষ্ট্যা যজেত' ইতি স্মরণাৎ। গোঃ রাঃ।

ঋষ্যশৃঙ্গ মুনিকে আনয়নের পর শীতকাল অতীত হইলে এবং তাহার পর বসন্তকাল উপস্থিত হইলে, রাজা [দশরথ] যজ্ঞ করিতে মনোনিবেশ করিলেন ॥ ১ ॥

স ঋষ্যশৃঙ্গমভ্যেত্য প্রণিপত্যাভিপূজ্য চ।
হোতারং[১] বরয়ামাস যজ্ঞে সন্তানকারণাৎ ॥ ২ ॥
তথেতি চ স রাজানমুক্ত্বা[২] ভূয়োঽভ্যভাষত[৩]।
সম্ভারয়াশু নৃপতে সম্ভারান্ যজ্ঞসাধকান্[৪] ॥ ৩ ॥
সহায়ানপরাংশ্চাত্র হোতৄন্[৫] যজ্ঞে সমানয়।
বশিষ্ঠপ্রভৃতীনন্যান্[৬] মন্যসে যানপি দ্বিজান্[৭] ॥ ৪ ॥

২। লো-টী। হোতারং হোমকর্ত্তারম্।

৩। লো-টী। সম্ভারয় সম্পাদয়।

৪। লো-টী। অপরাংশ্চ সহায়ান্ উদ্গাথাদীন্। হোতৄংশ্চান্যান্। সহায়াংশ্চাপরানত্রেতি পাঠঃ ক্বচিৎ।

২। টিপ্পনী। বরয়ামাস বৃতো ভবেতি প্রার্থয়ামাস। 'যজ্ঞায় বরয়ামাস সন্তানার্থং কুলস্য চ' ইতি পাশ্চাত্ত্যাঃ। যজ্ঞায় যজ্ঞং প্রবর্ত্তয়িতুং বরয়ামাস ব্রহ্মত্বেন স্বীচকার। চ শব্দ এবার্থে। শিরোঃ। ঋত্বিগ্‌বরণে প্রাপ্তে প্রথমম্ ঋষ্যশৃঙ্গং ব্রহ্মত্বেন বৃতবানিত্যর্থঃ। গোঃ রাঃ।

৩। টিপ্পনী। সম্ভারান্ দ্রব্যসমূহান্। সম্ভারয় সংগৃহাণ।

তিনি ঋষ্যশৃঙ্গ মুনির নিকটবর্ত্তী হইয়া প্রণিপাত এবং পূজা করিয়া সন্তানলাভের নিমিত্ত যজ্ঞে তাঁহাকে হোতৃত্বে বরণ করিবার প্রার্থনা জানাইলেন ॥ ২ ॥

সেই ঋষ্যশৃঙ্গ রাজাকে তাহাই হউক বলিয়া পুনর্ব্বার বলিলেন, হে নৃপতে! শীঘ্র যজ্ঞসাধনোপযোগী দ্রব্যসমূহ সংগ্রহ কর ॥ ৩ ॥

এই যজ্ঞে বশিষ্ঠপ্রভৃতি অপর সাহায্যকারী হোতৃগণকে এবং অন্য যে সকল ব্রাহ্মণকে সহায় বলিয়া মনে কর, তাঁহাদিগকে আনয়ন কর ॥ ৪ ॥

১। খ—'যজ্ঞসংস্থান-', গ—ঙ—'রাজ্ঞঃ'। ২। খ—'মূর্দ্ধি-,' ৩। চ—'চৈবাস্য-'। ৪। ঙ—'-সম্ভবান্'। ৫। গ '-ন্ যাংস্তং মন্যসেঽন্যানপি দ্বিজান্', চ—'ন্ যাংশ্চ মন্যসেঽন্যানপি দ্বিজান্'। ৬। খ '-তীংশ্চান্যান্ মন্যসে যান্ দ্বিজোত্তমান্', ছ 'তীংশ্চান্যান্'। ৭। গপুস্তকে ইদমর্দ্ধং নাস্তি।

ততো রাজাব্রবীদেবং[1] সুমন্ত্রমভিতঃ স্থিতম্।
শীঘ্রমানয় মে সূত[2] গুরূন্ সর্ব্বানশেষতঃ ॥ ৫
বেদবিদ্যাবিদঃ[3] স্নাতান্[4] বেদকর্ম্মসু নিষ্ঠিতান্।
সূত্রভাষ্যবিদশ্চৈব বেদবেদাঙ্গপারগান্ ॥ ৬ ॥

৫। লো-টী। সর্ব্বান্ অশেষতো ন বিদ্যতে শেষোঽবশেষো যেষাং তান্, ন হি কাংশ্চিৎ পরিত্যক্ষ্যসীত্যর্থঃ। যদ্বা নন্থ সর্ব্বানানয়েত্যুক্তে মূর্খা আনেতব্যাঃ? সত্যম্, তানপীত্যাহ—ন বিদ্যতে শেষা পণ্ডিতত্বেন প্রশংসা যেষাং তান্। 'শেষা প্রশংসা নির্ম্মাল্যে স্ত্রিয়াং শেষো হলায়ুধে' ইতি ভূরিঃ।

৬। লো-টী। স্নাতান্ স্নাতকান্ সূত্রং ন্যায়াদিসূত্রম্। ভাষ্যং সূত্রার্থপ্রকাশকঞ্চ তদ্বিদঃ।

৫। টিপ্পনী। অথ 'অপদাতীনৃত্বিজঃ সমাবহন্ত্যাসুব্রহ্মণ্যায়া' ইতি বিহিতমধ্বর্য্যু-প্রভৃতিবরণমাহ—ততো রাজেত্যাদিনা। অস্যাঃ শ্রুতেরয়মর্থঃ—তস্য তস্য গৃহে গত্বা সোম-প্রবাকবৃতানধ্বর্য্যুব্রহ্মহোতৃনাগ্নীধ্রঞ্চ হস্ত্যশ্বাদিকমারোপ্য রাজগৃহমানয়ন্তি রাজপুরুষাঃ। অন্তরায়ামমাবাস্যায়াং পূর্ব্ববৃতা এব তে সংজ্ঞানেষ্ট্যর্থং পুনর্ব্ব্রিয়ন্তে। অথ বৈশাখ্যাং পৌর্ণমাস্যাং প্রাজাপত্যর্ষভপশ্বর্থং পূর্ব্ববৎ সোমপ্রবাকবৃতৌ মৈত্রাবরুণপ্রতিপ্রস্থাতারৌ হস্ত্যাদিকমারোপ্যা-নয়ন্তি রাজপুরুষাঃ। অনন্তরায়ামমাবাস্যায়াং তথৈব বৃতমুদ্গাতারং হস্ত্যাদিভিরানয়ন্তি। অথাগামিনি বসন্তে পঞ্চদশ্যাং হস্ত্যাদিভিঃ প্রস্তোতারমানয়ন্তি ত্রৈধাতবীয়ার্থং যত্র দীক্ষারম্ভ-স্তদ্দিবসাদূর্দ্ধং তৃতীয়াদিষহঃস্বহরহরিতরানষ্টাবৃত্বিজো হস্ত্যাদিকমারোপ্যানয়ন্তি ব্রাহ্মণা-চ্ছংসিনমচ্ছাবাকং নেষ্টারং প্রতিহর্ত্তারং গ্রাবস্তুতং পোতারমুন্নেতারং সুব্রহ্মণ্যমিতি সোমার্থ-মেবমাসুব্রহ্মন্যাহ্বানাদপদাতীনৃত্বিজ আবহন্তীতি। এবংক্রমেণ কর্ত্তব্যানি ঋত্বিগ্বরণানি কার্য্যাকরত্বাৎ সংগ্রহেণ দর্শয়তি। গোঃ রাঃ।

ঋষ্যশৃঙ্গ এই কথা বলিলে, রাজা সম্মুখে অবস্থিত সুমন্ত্রকে এইপ্রকার বলিলেন—হে সূত! কেহ অবশিষ্ট না থাকে এইভাবে তুমি বেদবিদ্যা-বিশারদ স্নাতক, বেদোক্ত কার্য্যসমূহে নিপুণ সূত্র এবং ভাষ্যে অভিজ্ঞ, বেদ ও বেদাঙ্গপারদর্শী গুরুগণকে শীঘ্র আমার নিকট আনয়ন কর ॥ ৫-৬ ॥

১। ঘ '-দেবং', জ '-দেতং', ছ—ঝ '-দেতৎ'। ২। গ—ঙ—চ—ছ—ঝ—ঋ 'গত্বা'। ৩। ঘ-পুস্তকেষু ষষ্ঠসপ্তমশ্লোকৌ ন স্তঃ। ৪। গ—ঙ—'ব্রত'।

গৃহমেধিনো দরিদ্রান্[১] বৃদ্ধাংশ্চাপি কলত্রিণঃ।
শ্রোত্রিয়াংশ্চ[২] বিদেশস্থান্ সৎকৃত্য সমুপানয় ॥ ৭ ॥
স[৩] রাজবচনং শ্রুত্বা সুমন্ত্রস্ত্বরিতস্তদা।
আনয়ামাস হোতৄংস্তান্ বেদবেদাঙ্গপারগান্ ॥ ৮ ॥
সুযজ্ঞং বামদেবঞ্চ জাবালিমথ কাশ্যপম্।
পুরোহিতং বশিষ্ঠঞ্চ তথান্যান্[৪] দ্বিজসত্তমান্ ॥ ৯ ॥
তানাগতান্ পূজয়িত্বা রাজা দশরথস্তদা।
ইদং[৫] ধর্ম্মার্থসহিতং বচনং শ্লক্ষ্ণমব্রবীৎ ॥ ১০ ॥

৭। টিপ্পনী। 'গৃহমেধিন' ইতি পদন্তু মল্লিনাথেনৈবং ব্যাখ্যাতং রঘুবংশ-টীকায়াং (১।৭)—গৃহৈর্দারৈর্মেধন্তে সঙ্গচ্ছন্তে ইতি গৃহমেধিনঃ। 'দারেষ্বপি গৃহা' ইত্যমরঃ। 'জায়া চ গৃহিণী গৃহ'মিতি হলায়ুধঃ। মেধৃ সঙ্গমে ইতি ধাতোর্ণিনিঃ। গৃহমেধিনো দরিদ্রান্ বৃদ্ধাংশ্চাপি কলত্রিণঃ কৃত্বা সমুপানয়েত্যন্বয়ঃ। মা নাম গৃহমেধিনো জনাঃ স্বস্বকলত্রং বিহায়াপ্যাগচ্ছেয়ুরিত্যুক্তং কলত্রিণ ইতি।

শ্রোত্রিয়ান্ বেদজ্ঞান্। 'ওঙ্কারপূর্ব্বিকাস্তিস্রঃ সাবিত্রীর্যশ্চ বিন্দতি। চরিতব্রহ্মচর্য্যঞ্চ স বৈ শ্রোত্রিয় উচ্যতে ॥ জন্মনা ব্রাহ্মণো জ্ঞেয়ঃ সংস্কারৈর্দ্বিজ উচ্যতে। বেদাভ্যাসাত্তুবেদ্-বিপ্রঃ শ্রোত্রিয়স্ত্রিভিরেব হি ॥" ইত্যাদ্যনুশাসনাৎ।

৮। টিপ্পনী। আনয়ামাসেত্যার্ষম্।

১০। টিপ্পনী। ধর্ম্মার্থসহিতং ধর্ম্মার্থরূপপ্রয়োজনযুক্তম্। শ্লক্ষ্ণং মধুরম্। গোঃ রাঃ

দরিদ্র ও বৃদ্ধ গৃহস্থদিগকে সপত্নীক আনয়ন কর। বিদেশস্থ শ্রোত্রিয়-দিগকেও সৎকারপূর্ব্বক আনয়ন কর ॥ ৭ ॥

রাজা দশরথের বাক্যশ্রবণানন্তর সুমন্ত্র ত্বরান্বিত হইয়া সুযজ্ঞ, বামদেব, জাবালি, কাশ্যপ, পুরোহিত বশিষ্ঠ এবং অপর দ্বিজশ্রেষ্ঠ বেদবেদাঙ্গপারগ প্রসিদ্ধ হোতৃগণকে আনাইলেন ॥ ৮-৯ ॥

সমাগত সেই সমস্ত [ব্যক্তিগণকে] অর্চ্চনা করিয়া রাজা দশরথ তখন ধর্ম্মার্থরূপ প্রয়োজনবিশিষ্ট এই মধুর বাক্য বলিলেন—॥ ১০ ॥

১। ঝ 'দরিদ্রাংশ্চ', গ 'দরিদ্রাংশ্চ বৃদ্ধানপি'। ২। গ—ঙ '-স্থানপি'। ৩। গ—ঙ—চ—ঝ 'ন্যূচ্চাপি'। ৪। ক—ছ 'তথা দ্বিজোত্তমানন্যান্'। ৫। গ—ঙ—'ইমং'।

কাঙ্ক্ষতো হ্যনুরূপা মে সন্ততির্নোপপদ্যতে।
তদর্থং বাজিমেধেন যজেয়[1]মিতি মে মতিঃ ॥ ১১ ॥
তদহং যষ্টু[2]মিচ্ছামি হয়মেধেন সাম্প্রতম্[3]।
ঋষিপুত্রপ্রসাদেন ভবতাং চাপি তেজসা।
অনুগৃহ্ণন্তু[4] মামত্র ভবন্তঃ শরণাগতম্ ॥ ১২ ॥
ততঃ সাধ্বিতি তদ্বাক্যং ব্রাহ্মণাস্তে[5]ঽভ্যপূজয়ন্।
বশিষ্ঠপ্রমুখাঃ প্রীতাঃ প্রশশংসুশ্চ[6] তং নৃপম্ ॥ ১৩ ॥
ঋষ্যশৃঙ্গপুরোগাস্তে তমূচুর্নৃপতিং[7] পুনঃ।
সম্ভারাঃ সংভ্রিয়ন্তাঞ্চ[8] তুরগশ্চ বিমুচ্যতাম্ ॥ ১৪ ॥

১১। টিপ্পনী। অনুরূপা সন্ততিঃ সুত ইত্যর্থঃ, সুতায়া বিদ্যমানত্বাৎ।
১২। টিপ্পনী। তদহং যষ্টুমিচ্ছামীত্যাদি। অনুষ্ঠানারম্ভায় চ পুনরুপন্যাসঃ। তিঃ। ঋষের্ব্বিভাণ্ডকস্য পুত্র ঋষ্যশৃঙ্গস্তস্য প্রসাদোঽনুগ্রহস্তেন।
১৪। টিপ্পনী। সম্ভারাঃ যজ্ঞীয়াশ্বমোচনোপকরণানি 'দ্বাদশারত্নী রশনা ভবতি'

আমি [সন্তান] কামনা করিতেছি, কিন্তু আমার কামনানুরূপ সন্ততি (পুত্র) জন্মগ্রহণ করিতেছে না। সন্তানলাভের নিমিত্ত অশ্বমেধযজ্ঞ করা উচিত বলিয়া আমার মনে হইতেছে ॥ ১১ ॥

অতএব এখন আমি ঋষিপুত্র ঋষ্যশৃঙ্গের অনুগ্রহে ও আপনাদের তেজঃপ্রভাবে অশ্বমেধ যজ্ঞের অনুষ্ঠান করিতে ইচ্ছা করি। আমি শরণাগত, আপনারা এই বিষয়ে আমাকে অনুগ্রহ করুন ॥ ১২ ॥

রাজা দশরথ এই কথা বলিলে বশিষ্ঠপ্রমুখ সেই সমস্ত ব্রাহ্মণগণ প্রীত হইয়া 'সাধু' এই বলিয়া সেই বাক্য অভিনন্দন করিলেন এবং সেই রাজাকে প্রশংসা করিলেন ॥ ১৩ ॥

তাঁহারা (বশিষ্ঠপ্রমুখ ব্রাহ্মণগণ) ঋষ্যশৃঙ্গকে অগ্রবর্ত্তী করিয়া পুনর্ব্বার নৃপতিকে বলিলেন, যজ্ঞের দ্রব্যসমূহ সংগ্রহ করুন এবং অশ্ব মোচন করুন ॥১৪॥

১। গ—ঙ—ছ—ঝ 'যজেঽহমিতি'। ২। ঙ-ছ-ঝ '-বাজি-'। ৩। গ—ঙ 'শাশ্বতম্'। ৪। ঘ 'সম্প্রত্য'। ৫। ঘ '-স্তম'। ৬। ঘ '-স্তুতো'। ৭। জ 'প্রতি'। ৮। গ—ঘ—ঙ—চ—জ—ঝ '-ঞ্চ'।

প্রাপ্তাসি[১] নিয়তং পুত্রানীপ্সিতান্ পরমদ্যুতীন্।
পুত্রার্থং[২] ধর্ম্মসংযুক্তা যস্য তে মতিরীদৃশী ॥ ১৫ ॥
ততঃ প্রীতোঽভবদ্রাজা শ্রুত্বৈতদৃষিভাষিতম্।
সুমন্ত্রপ্রভৃতীংশ্চৈবমব্রবীন্মন্ত্রিসত্তমান্ ॥ ১৬ ॥
গুরূণামাজ্ঞয়ৈষাং[৩] মে যজ্ঞসম্ভারবিস্তরঃ।
আশু সংভ্রিয়তাং কৃৎস্নো[৪] যুষ্মাভির্ম্মম চাজ্ঞয়া[৫]।
যথা ন ভবতি চ্ছিদ্রং কেনচিৎ তদ্বিধীয়তাম্ ॥ ১৭ ॥

১৫। লো-টী। প্রাপ্তোঽসি ভবিষ্যে ভূতবন্নির্দ্দেশঃ। প্রাপ্স্যসীত্যর্থঃ। প্রাপ্তাসীতি বা পাঠঃ।

ইত্যুক্ত্যা দ্বাদশারত্নিপরিমিতা মুঞ্জাখ্যতৃণবিশেষনির্ম্মিতা রশনা। চতুষ্টয্য আপো ভবন্তি ইত্যনুবাকোক্তাঃ আতপতিবর্ষ্যাঃ কূপ্যাঃ স্থাবরা বহন্ত্যশ্চেতি চতুর্ব্বিধা আপ ইত্যাদীনি। গোঃ রাঃ।

পরমদ্যুতীন্ পরমাঃ শ্রেষ্ঠা দ্যুতয়ঃ শোভা যেষাং তান্। 'শোভা কান্তির্দ্যুতিশ্ছবি'-রিত্যমরঃ। প্রাপ্তাসি প্রাপ্স্যসি লুটি রূপম্।

১৫। টিপ্পনী। যস্য তে ধাম্মিকী বুদ্ধিরিয়ং পুত্রার্থমাগতা ইতি পাশ্চাত্ত্যাঃ। ধাম্মিকী প্রজাসংরক্ষণরূপধর্ম্মপ্রয়োজনা। তিঃ

১৭। টিপ্পনী। ছিদ্রমপরাধঃ। গোঃ রাঃ। কেনচিৎ উপায়েনেতি শেষঃ।

আপনার [যখন] পুত্রলাভের নিমিত্ত ধর্ম্মসঙ্গত এই বুদ্ধি [হইয়াছে], [তখন] আপনি নিশ্চয়ই পরমশোভাসম্পন্ন অভিলষিত পুত্রসকল প্রাপ্ত হইবেন ॥ ১৫ ॥

অনন্তর ঋষিগণের এই বাক্য শ্রবণ করিয়া রাজা দশরথ প্রীত হইলেন এবং সুমন্ত্রপ্রভৃতি শ্রেষ্ঠ মন্ত্রিগণকে বলিলেন—॥ ১৬ ॥

এই সকল গুরুগণের এবং আমার আদেশে যজ্ঞীয় দ্রব্যসমূহ সমস্তই শীঘ্র সংগ্রহ কর। যাহাতে ত্রুটি না থাকে, যে কোন উপায়ে তাহার ব্যবস্থা কর ॥ ১৭ ॥

১। গ—ঙ—ঝ 'প্রাপ্তোঽসি'। ২। চ 'পুত্রার্থে'। ৩। জ '-মাজ্ঞয়ায়ং'। ৪। ঝ 'কৃৎস্নং'। ৫। গ—ঙ—চ—ঘ—ঝ—'শাসনাৎ'।

সুমন্ত্রাধিষ্ঠিতশ্চাশ্বঃ সোপাধ্যায়ো বিমুচ্যতাম্।
সরয্বাশ্চ[1] পরে তীরে[2] যজ্ঞভূমির্বিধীয়তাম্ ॥ ১৮ ॥
শান্তয়শ্চৈব[3] তত্রৈব ক্রিয়ন্তাং বিধিনির্ম্মিতাঃ।
শক্যোঽবাপ্তু[4]ময়ং যজ্ঞো নাশক্তেন মহীক্ষিতা।
ন চৈবাশ্রদ্দধানেন ন চাল্পদ্রবিণেন চ[5] ॥ ১৯ ॥
ছিদ্রং হি মৃগয়ন্ত্যত্র[6] যজ্ঞঘ্না ব্রহ্মরাক্ষসাঃ।
বিঘ্নে তু তস্য[7] যজ্ঞস্য সংযষ্টাপি[8] বিনশ্যতি ॥ ২০ ॥

১৮। লো-টী। সুমন্ত্রাধিষ্ঠিতশ্চাশ্বঃ অশ্বমোক্ষণকালে সুমন্ত্রস্য উপাধ্যায়স্য গমনং ন তু তব গমনমিত্যর্থঃ।

১৯। লো-টী। শান্তয়ঃ গ্রহপূজাদিকাঃ।

২০। লো-টী। স যষ্টা যজ্ঞসম্ভারকর্ত্তা। সংযষ্টেতি ক্বচিৎ পাঠঃ।

১৮। টিপ্পনী। 'সমর্থাধিষ্ঠিতশ্চাশ্বঃ' ইতি পাশ্চাত্ত্যাঃ। সমর্থৈশ্চতুঃশতা রক্ষন্তি ইতি শ্রূয়মাণৈ রাজপুত্রাদিভিরধিষ্ঠিতঃ রক্ষিতঃ। সোপাধ্যায় উপাধ্যায়ৈশ্চতুর্ভির্ঋত্বিগ্‌ভিঃ সহিতঃ অশ্বঃ বিমুচ্যতাম্। 'চত্বার ঋত্বিজঃ সমুক্ষন্তি' ইত্যারভ্য 'শতেন রাজপুত্রৈঃ সহ অধ্বর্য্যুঃ শতেনারাজভিরুগ্রৈঃ সহ ব্রহ্মা শতেন সূতগ্রামণীভিঃ সহ হোতা শতেন ক্ষত্রসংগ্রহীতৃভিঃ সহোদ্গাতা' ইতি শ্রুতেঃ। সংগৃহীতঞ্চ ভট্টভাস্করৈঃ 'সন্নাহবন্তঃ ক্ষিতিপালপুত্রাঃ সন্নদ্ধসূতঃ শতমস্য তল্প্যাঃ। গোপায়িতারঃ শতমেবমুগ্রাঃ সন্নাহিনস্তাদৃশসূত্রযুক্তাঃ ॥ বৈশ্যাঃ শতং প্রাস্তচরাঃ পথি স্যুর্ব্বরূথিনস্তৈঃ শতমেব শূদ্রাঃ ॥' ইতি। গোঃ রাঃ।

১৯। টিপ্পনী। তত্রৈব সরয্বাস্তীরে বিধিনির্ম্মিতা বেদবিহিতাঃ শান্তয়ঃ যজ্ঞবিঘ্ননাশায় শান্তিকর্ম্মাণি। নাশক্তেন অসমর্থেন হীনশক্তিনেত্যর্থঃ। অশ্রদ্দধানেন শ্রদ্ধাবিরহিতেন অল্পদ্রবিণেন অল্পধনেন অল্পকাঞ্চনেন বা। যজ্ঞদক্ষিণার্থং প্রভূতকাঞ্চনস্যাবশ্যকত্বাৎ। জনেনেতি শেষঃ। 'দ্রবিণং কাঞ্চনে ধনে' ইতি হেমঃ।

সুমন্ত্রের দ্বারা সুরক্ষিত করিয়া এবং ঋত্বিগ্‌গণকে সঙ্গে দিয়া অশ্ব মোচন কর ও সরযূর অপর তীরে যজ্ঞভূমি নির্ম্মাণ কর এবং সেই স্থানেই বিধিবোধিত শান্তিসমূহের অনুষ্ঠান কর। অশক্ত শ্রদ্ধাহীন অল্পধন রাজা এই

১। গ—ঘ-'পারে', চ-'সরয্বাশ্চাপরে পারে'। ২। ঙ—অয়ং শ্লোকো নাস্তি। ৩। ক—'শান্তয়শ্চৈব ক্রিয়ন্তাং বিধিনা'। ৪। গ—ছ-ঝ-'হ্যাপ্তু-'। ৫। গ—ঙ-'চাল্পভরণেন চ'। ৬। ঘ-'-স্ত্যোতে'। ৭। ঘ—বিঘ্নস্তস্য চ যজ্ঞস্য সমাহর্ত্তা', গ—ঙ-চ-'বিঘ্নিতস্য চ', ঝ—'বিঘ্নিতস্যাপি'। ৮। ঝ—'স যষ্টাপি', ক—ঘ-ঙ-চ-জ-'সংহর্ত্তাপি'।

তদ্ যথায়মবিঘ্নেন মম যজ্ঞঃ সমাপ্যতে।
তথা সমস্তৈর্যজ্ঞোঽয়ং[1] ভবদ্ভিঃ সংবিধীয়তাম্ ॥ ২১ ॥
তথেতি চ নৃপস্যাজ্ঞাং মন্ত্রিণঃ প্রতিগৃহ্য[2] তে।
যথাজ্ঞপ্তমশেষেণ চক্রুর্নৃপতিশাসনম্ ॥ ২২ ॥
ততো[3] দ্বিজাস্তে রাজানমামন্ত্র্য প্রতিপূজ্য চ।
অবিঘ্নমস্ত্বিত্যুক্ত্বা[4] চ প্রতিজগ্মুর্যথাগতম্[5] ॥ ২৩ ॥
তেষ্বথ দ্বিজমুখ্যেষু গতেষু স নরাধিপঃ।
শেষানুষ্ঠানমাজ্ঞাপ্য বিবেশান্তঃপুরং[6] ততঃ ॥ ২৪ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে আদিকাণ্ডে একাদশঃ সর্গঃ ॥ ১১ ॥

২৪। টিপ্পনী। শেষং শিষ্টমনুষ্ঠানং করণীয়ং কার্য্যম্ আজ্ঞাপ্য তৎসম্পাদনায় মন্ত্রিণ আদিশ্যেত্যর্থঃ।

যজ্ঞের অনুষ্ঠান করিতে পারেন না। এই যজ্ঞে যজ্ঞনাশক ব্রহ্মরাক্ষসগণ ছিদ্র অন্বেষণ করে। এই যজ্ঞে বিঘ্ন ঘটিলে যজ্ঞকর্ত্তাও বিনাশপ্রাপ্ত হয় ॥ ১৮-২০ ॥

অতএব যে প্রকারে আমার এই যজ্ঞ নির্ব্বিঘ্নে সম্পন্ন হয়, আপনারা সকলে মিলিত হইয়া সেই প্রকারে এই যজ্ঞের অনুষ্ঠান করুন ॥ ২১ ॥

সেই মন্ত্রীরা তাহাই হউক ইহা বলিয়া নৃপতির আদেশ গ্রহণ করিয়া যে ভাবে আদিষ্ট হইয়াছিলেন, সেই ভাবে সম্পূর্ণরূপে রাজার আদেশ পালন করিলেন ॥ ২২ ॥

অনন্তর সেই ব্রাহ্মণগণ রাজা দশরথকে আমন্ত্রণপূর্ব্বক অভিনন্দিত করিয়া [আপনার যজ্ঞ] বিঘ্নহীন হউক ইহা বলিয়া, যে ভাবে আসিয়াছিলেন সেই ভাবে গমন করিলেন ॥ ২৩ ॥

অনন্তর সেই শ্রেষ্ঠ ব্রাহ্মণগণ গমন করিলে, রাজা দশরথ অবশিষ্ট অনুষ্ঠান [সম্পাদন করিবার জন্য মন্ত্রীদিগকে] আদেশ করিয়া পরে অন্তঃপুরে প্রবেশ করিলেন ॥ ২৪ ॥

মহর্ষি বাল্মীকিপ্রণীত আদিকাব্য রামায়ণের আদিকাণ্ডে একাদশ সর্গ সমাপ্ত ॥

১। ছপুস্তকটিপ্পন্যাং 'র্যজ্ঞোঽয়ং'। ২। জ—ঝ 'চ'। ৩। ছ 'গৃহ্য চ'। ৪। ঘ '-মস্তু চৈবোক্ত্বা'। ৫। গ—ঙ—ঝ '-গতাঃ'। ৬। গ—ঙ '-পুরে'।

দ্বাদশঃ সর্গঃ

পুনঃ প্রাপ্তে বসন্তে তু পূর্ণঃ[১] সংবৎসরোঽভবৎ।
অভিবাদ্য বশিষ্ঠং স ন্যায়তঃ প্রতিপূজ্য চ।
অব্রবীৎ প্রশ্রিতং বাক্যং প্রসবার্থং[২] নরাধিপঃ ॥ ১ ॥

১। লো-টী। প্রশ্রিতং সুবিমলম্।

১। টিপ্পনী। 'সংবৎসরান্তে দীক্ষেত' ইতি সূত্রোক্তবিধিনা পূর্ব্ববসন্তেঽশ্বমেধীয়োঽশ্বো বিসৃষ্ট ইত্যুক্তম্ পুনর্ব্বসন্তপ্রাপ্তৌ যাগপ্রবৃত্তিরিত্যাহ—পুনরিত্যাদিভিঃ। যস্মিন্ বসন্তে পুনঃ প্রাপ্তে সতি সংবৎসরঃ পূর্ণোঽভবৎ তস্মিন্নশ্বোৎসর্জ্জনকালিকবসন্তাদুত্তরকালিকবসন্তে প্রাপ্তে সতীত্যর্থঃ। শিরোঃ।

প্রথমবসন্তে চৈত্রপৌর্ণমাস্যাং সাংগ্রহণেষ্টিং বিধায় দ্বিতীয়েঽহ্নি ব্রহ্মৌদনমেধ্যাশ্ব-বন্ধনস্নাপনপ্রোক্ষণবিমোচনাদিকং চত্বার ঋত্বিজঃ সমুক্ষন্তীত্যুক্তরীত্যা কৃত্বা সাবিত্রমষ্টাকপালং প্রাতর্নির্ব্বপতীত্যুক্তরীত্যা প্রতিদিনং সাবিত্রাদিষু কর্ম্মস্বনুষ্ঠীয়মানেষু সংবৎসরে পূর্ণে দেবযজনং প্রতি প্রস্থানং দর্শয়তি—পুনঃ প্রাপ্ত ইত্যাদি। পুনর্ব্বসন্তে দ্বিতীয়বসন্তে প্রাপ্তে সংবৎসরঃ পূর্ণোঽভবৎ অমাবাস্যা প্রাপ্তেত্যর্থঃ। গোঃ রাঃ।

মহাভারতেঽপি প্রতিপ্রদানং পৃথিব্যাঃ। তথাচ—'ততো যুধিষ্ঠিরঃ প্রাদাৎ ব্রাহ্মণেভ্যো যথাবিধি। কোটীঃ সহস্রং নিষ্কাণাং ব্যাসায় তু বসুন্ধরাম্ ॥ প্রতিগৃহ্য ধরাং রাজন্ ব্যাসঃ সত্যবতীসুতঃ। অব্রবীদ্ ভরতশ্রেষ্ঠং ধর্ম্মরাজং যুধিষ্ঠিরম্। বসুধা ভবতস্ত্বেষা সংন্যস্তা রাজসত্তম। নিষ্ক্রিয়ো দীয়তাং মহ্যং ব্রাহ্মণা হি ধনার্থিনঃ ॥ (৮৯ অঃ, ৭-১৩)। 'দ্বৈপায়নস্তথা কৃষ্ণঃ পুনরেবাভ্যভাষত। প্রোবাচ মধ্যে বিপ্রাণামিদং সংপূজয়ন্ মুনিঃ ॥ দত্তৈষা ভবতা মহ্যং তাং তে প্রতিদদাম্যহম্। হিরণ্যং দীয়তামেভ্যো ব্রাহ্মণেভ্যো ধরাস্তু তে ॥ ততোঽব্রবীদ্বাসুদেবো ধর্ম্মরাজং যুধিষ্ঠিরম্। যথাহ ভগবান্ ব্যাসস্তথা ত্বং কর্ত্তুমর্হসি ॥ ইত্যুক্তঃ স কুরুশ্রেষ্ঠঃ

[তিনি সেই যজ্ঞে ঋত্বিক্‌দিগকে দশ কোটী সুবর্ণ, তাহার চতুর্গুণ অর্থাৎ চল্লিশ কোটী রজত, এবং যথাভিলষিত অন্যান্য কাম্য [বস্তুসমূহ] প্রদান করিয়াছিলেন ॥ ৪২ ॥

১। গ-ছ-জ—'চতুর্গুণাঃ', ঘ-'চতুর্গুণান্'। ২। গ-ঙ—'যথোচিতান্'। ৩। অতঃ পরম্ ঘ—'ততস্তে যাজকাস্তত্র ঋষয়শ্চ তথা পরে।' ঙ—'ততশ্চ যাজকাঃ সর্ব্বে ঋষয়শ্চ তপোধনাঃ।' ইত্যধিকঃ। ৪। ছ—'দক্ষিণাঃ'। ৫। অতঃ পরম্ গ-ছ-পুস্তকয়োঃ। 'ততশ্চ যাজকাঃ সর্ব্ব ঋষয়শ্চ তপোধনাঃ' ইত্যধিকঃ।

তানব্রবীৎ হৃষ্টমনা[1] রাজা দশরথো দ্বিজান্।
ইচ্ছামি চতুরঃ পুত্রান্মুদারান্ খ্যাতবিক্রমান্[2] ॥ ৪৫ ॥
তথেতি[3] চ তে রাজানং তমূচুর্ব্ব্রহ্মবাদিনঃ।
যথাভিলষিতান্ পুত্রানচিরাত্ত্বমবাপ্স্যসি ॥ ৪৬ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে আদিকাণ্ডে ত্রয়োদশঃ সর্গঃ ॥ ১৩ ॥

প্রীতাত্মা ভ্রাতৃভিঃ সহ। কোটিকোটিগুণং প্রাদাদ্দক্ষিণাং ত্রিগুণাং ক্রতোঃ॥' (অশ্বমেধপর্ব্ব, ৮৯, অঃ, ১৬-২০)।

রজতদানমুপলক্ষ্য গোবিন্দরাজঃ—'অত্র রজতানি প্রতিনিধিত্বেন দত্তানি, ন তু দক্ষিণাত্বেন, অতঃ 'তস্মাদ্বিরজতমদাক্ষিণ্যম্' ইতি শ্রুত্যা ন বিরোধঃ।

৪৪। টিপ্পনী। কামং কাম্যং বস্তু ধ্যায় চিন্তয়, কিন্তে কাম্যং তচ্চিন্তয়িত্বা কথয়েতি ভাবঃ।

নিগ্রহানুগ্রহে সমর্থ যজ্ঞকার্য্যে অভ্যুদয়প্রাপ্ত সেই রাজা তখন জাবালি, বশিষ্ঠ, বামদেব এবং ঋষ্যশৃঙ্গকে [অভিলষিত বস্তুসকল প্রদান করিলেন] ॥ ৪৩ ॥

দক্ষিণা গ্রহণ করিয়া প্রীতচিত্ত ব্রাহ্মণগণ তখন সেই স্থানে দশরথকে বলিলেন—[তুমি] চিন্তাপূর্ব্বক তোমার অভিলাষ ব্যক্ত কর ॥ ৪৪ ॥

প্রসন্নচিত্ত রাজা দশরথ সেই ব্রাহ্মণগণকে বলিলেন—[আমি] উদার, বিখ্যাতপরাক্রম চারিটি পুত্র কামনা করি ॥ ৪৫ ॥

ব্রহ্মবাদী সেই ব্রাহ্মণগণ সেই রাজাকে তাহাই হইবে, তুমি অচিরে অভিলাষানুরূপ পুত্রগণ প্রাপ্ত হইবে [এই কথা] বলিলেন ॥ ৪৬ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের আদিকাণ্ডে ত্রয়োদশ সর্গ সমাপ্ত ॥

১। খ—'হৃষ্টাত্মা'। ২। গ-ঙ—'খ্যাতি'। ৩। গ-ঘ-ঙ-চ-ছ-জ-ঝ—'চৈব'।

চতুর্দ্দশঃ সর্গঃ

অথর্ষ্যশৃঙ্গো রাজানং পুনরেবাভ্যভাষত।
ইষ্টিং তেঽন্যাং করিষ্যামি পুত্রীয়াং পুত্রকারণাৎ ॥ ১ ॥
ততঃ প্রচক্রমে কর্ত্তুমিষ্টিং কামসমৃদ্ধয়ে।
তস্য রাজ্ঞো হিতান্বেষী বিভাণ্ডকসুতো বশী ॥ ২ ॥
তত্র দেবাঃ সগন্ধর্ব্বাঃ সিদ্ধাশ্চ মুনিভিঃ সহ।
ভাগপ্রতিগ্রহার্থং[১] বৈ পূর্ব্বমেব সমাগতাঃ ॥ ৩ ॥

১। টিপ্পনী। পুত্রীয়াং পুত্রোৎপত্তিনিমিত্তভূতাম্। 'পুত্রাচ্ছ চ' ইতি ছপ্রত্যয়ঃ। ইষ্টিং যাগবিশেষম্। গোঃ রাঃ। পুত্রীয়াং পুত্রপ্রাপ্তিকারণভূতাম্। তিঃ। পুত্রীয়াং পুত্রপ্রাকট্য-হেতুভূতাম্। শিরোঃ। পুত্রকারণাৎ পুত্রপ্রাপ্তিহেতোঃ। তিঃ।

৩। টিপ্পনী। তত্র তস্মিন্ যজ্ঞস্থানে ভাগপ্রতিগ্রহার্থং স্বস্বহবির্ভাগাঙ্গীকারায়। পূর্ব্বমেব অশ্বমেধযজ্ঞকাল এব। পাশ্চাত্ত্যপুস্তকে পুনঃ—'ততো দেবাঃ সগন্ধর্ব্বাঃ সিদ্ধাশ্চ পরমর্ষয়ঃ। ভাগপ্রতিগ্রহার্থং বৈ সমবেতা যথাবিধি॥' ইতি শ্লোকোঽঙ্গীকৃতঃ। অত্র তাবৎ 'পূর্ব্ব'-মিতিপদস্যানুল্লেখাৎ তত ইতি পদস্য পুত্রেষ্ট্যাঃ সান্নিধ্যাত্তেনৈব সম্বন্ধঃ স্যাৎ, ততশ্চ পুত্রেষ্টিপ্রক্রমাদনন্তরমিত্যর্থস্যোপলম্ভাত্তদৈব দেবানামাগমনং ন ত্বশ্বমেধকালে ইত্যেবার্থঃ পর্য্যবস্যতি। এবঞ্চ বঙ্গীয়েনানেন পাঠেন মহান্ বিরোধঃ। যত্তু রামানুজেন ততস্তত্র ইত্যুক্তম্, তেনাপি প্রসঙ্গতস্তত্র পুত্রেষ্ট্যামিত্যেব বক্তুং যুজ্যত ইতি কথং বিরোধসমাধানং তচ্চিন্ত্যমেব। গোবিন্দরাজেন তু ততস্তত্রাশ্বমেধে ইতি ব্যাখ্যায় যদ্ যথাকথঞ্চিদ্ ব্যবস্থা পরিকল্পিতা সাপি অশ্বমেধস্য ব্যবহিতত্বাদসমঞ্জসেব প্রতিভাতি।

অনন্তর ঋষ্যশৃঙ্গ রাজা দশরথকে বলিলেন, তোমার পুত্রলাভের নিমিত্ত পুনর্ব্বার পুত্রপ্রদ অন্য যজ্ঞ করিব ॥ ১ ॥

অতঃপর রাজা দশরথের হিতাকাঙ্ক্ষী জিতচিত্ত বিভাণ্ডকপুত্র ঋষ্যশৃঙ্গ কামনাসিদ্ধির নিমিত্ত যজ্ঞ করিতে প্রবৃত্ত হইলেন ॥ ২ ॥

সেই যজ্ঞস্থলে গন্ধর্ব্বগণের সহিত দেবগণ এবং মুনিগণের সহিত সিদ্ধগণ যজ্ঞীয় হবির্ভাগগ্রহণের নিমিত্ত পূর্ব্বেই (অশ্বমেধ যজ্ঞকালেই) উপস্থিত হইয়াছিলেন ॥ ৩ ॥

১। ক—'-র্থায়'

ব্রহ্মা সুরেশ্বরঃ স্থাণুস্তথা নারায়ণঃ প্রভুঃ।
চত্বারো লোকপালাশ্চ দেবতানাঞ্চ মাতরঃ ॥ ৪ ॥
যক্ষাস্তথৈব[১] সর্ব্বে তু দেবতাঃ[২] সহিতাস্তথা[৩]।
ইন্দ্রশ্চ ভগবান্[৪] সাক্ষান্মরুদ্‌গণবৃতঃ[৫] প্রভুঃ।
অশ্বমেধে মহাযজ্ঞে রাজ্ঞস্তস্য মহাত্মনঃ ॥ ৫ ॥
তত্র[৬] ভাগার্থিনো দেবানাগতান্ সোঽভ্যাযাচত[৭]।
অয়ং[৮] রাজা দশরথঃ পুত্রার্থী[৯] তপ্তবাংস্তপঃ।
ইষ্টবানশ্বমেধেন ভবতঃ শ্রদ্ধয়ান্বিতঃ ॥ ৬ ॥

৬। লো-টী। তত্র ভাগার্থিনো দেবানাগতান্ সোঽভ্যভাষত। সোঽভ্যাযাচতেতি ক্বচিৎ পাঠঃ।

৪। টিপ্পনী। সুরেশ্বরোঽত্র ব্রহ্মণো বিশেষণম্, ইন্দ্রস্যৈকতো লোকপালেষন্তর্ভাবদপরতঃ প্রাধান্যেন পৃথগুপাদানাৎ। সুরজ্যেষ্ঠত্বাদ্ ব্রহ্মণঃ সুরেশ্বরত্বমুপপাদনীয়ম্। স্থাণুর্ম্মহাদেবঃ। প্রভুর্নিগ্রহানুগ্রহসমর্থঃ। লোকপালা ইন্দ্রযমকুবেরবরুণাঃ ক্রমেণ পূর্ব্বদক্ষিণোত্তরপশ্চিমদিক্‌পালাঃ। সংজ্ঞাসমাবেশেন সুরাণাং নির্দ্দেশস্তথা দেবসকাশে ঋষ্যশৃঙ্গস্য প্রার্থনা পাশ্চাত্ত্যপুস্তকেষু নোপলভ্যতে।

৫। টিপ্পনী। লোকপালেষু ইন্দ্রস্যান্তর্ভাবাৎ পুনরিন্দ্রশ্চেতি যদুক্তম্, তন্মরুদ্গণবৃতত্বরূপবিশেষণতাৎপর্য্যাভিপ্রায়েণ, লোকপালেষপ্রাধান্যেনোপন্যাসাৎ প্রাধান্যখ্যাপনাভিপ্রায়েণ বা।

৬। টিপ্পনী। স ঋষ্যশৃঙ্গঃ।

সুরেশ্বর ব্রহ্মা, মহাদেব এবং নিগ্রহানুগ্রহে সমর্থ নারায়ণ, [ইন্দ্র, যম, কুবের, বরুণ এই] চারি লোকপাল, দেবমাতৃগণ, যক্ষসকল, মিলিত দেবতাসকল, মরুদ্‌গণপরিবৃত, ষড়ৈশ্বর্য্যশালী, প্রভু, সাক্ষাৎ ইন্দ্র মহামনা সেই রাজার মহাযজ্ঞ অশ্বমেধে [উপস্থিত হইয়াছিলেন] ॥ ৪—৫ ॥

সেই ঋষ্যশৃঙ্গ সেই যজ্ঞে ভাগগ্রহণের নিমিত্ত সমাগত দেবতাগণের নিকট

১। গ-ঙ-ছ—'যজ্ঞে তথৈব'। ২। ক—গ-'দেবাশ্চ', ঘ—'দেবৈশ্চ'। ৩। অস্য পরার্দ্ধস্য স্থানে জ-পুস্তকে 'যজ্ঞাস্তথৈব সর্ব্বে তু বেদাঙ্গসহিতাস্তথা', ঝ—পুস্তকে 'আসংস্তথৈব সর্ব্বে তু বেদাশ্চ সহিতাস্তথা।' ৪। ঘ—'সর্ব্বজ্ঞ-'। ৫। গ-ঙ-চ-জ—'সমাবৃতঃ'। ৬। চ—'তস্য'। ৭। ঘ-ঙ-চ-জ-ঝ—'ভাষত'। ৮। গ—'সোঽহম্'। ৯। গ—'পুত্রার্থং'।

ইষ্টিঞ্চ পুত্রকামোঽন্যাং পুনঃ কর্ত্তুং[১] সমুদ্যতঃ।
তদস্য পুত্রকামস্য প্রসাদং কর্ত্তুমর্হথ ॥ ৭ ॥
অভিযাচে[২] স বঃ সর্ব্বানস্যার্থেঽহং কৃতাঞ্জলিঃ।
ভবেয়ুরস্য চত্বারঃ পুত্রাস্ত্রৈলোক্যবিশ্রুতাঃ ॥ ৮ ॥
তে[৩] তথেত্যব্রুবন্ দেবা ঋষিপুত্রং কৃতাঞ্জলিম্।
মাননীয়োঽসি নো বিপ্র রাজা চৈব বিশেষতঃ ॥ ৯ ॥
প্রাপ্স্যতে পরমং কামমেতয়েষ্ট্যা[৪] নরাধিপঃ।
ইত্যুক্ত্বান্তর্হিতা দেবাস্ততঃ শক্রপুরোগমাঃ ॥ ১০ ॥

৮। লো-টী। সোঽহং প্রতিযাচে অভিযাচেয়ম্ ইতি বা পাঠঃ।

১০। লো-টী। প্রাপ্স্যতে পরমং কামমেতদিষ্ট্যা নরাধিপঃ। এতদিষ্ট্যা এতয়া ইষ্ট্যা। কামং কাম্যম্।

৮। টিপ্পনী। সোঽহং বঃ সর্ব্বান্ অস্যার্থে অস্য দশরথস্য পুত্রোৎপত্তিনিমিত্তম্।

৯। টিপ্পনী। সদৈবোগ্রে তপসি নিরতত্বাত্ত্বং 'মহতী দেবতা হ্যেষা নররূপেণ তিষ্ঠতি' (মনু। ৭।৮।) ইতি বচনেন রাজ্ঞো দেবত্বখ্যাপনাদ্ রাজাপি বিশেষেণ নঃ অস্মাকং মাননীয়ঃ।

১০। টিপ্পনী। অন্তর্হিতা যজ্ঞস্থানাত্তত্র স্থিতানামপ্রত্যক্ষেণ স্থানান্তরং গতাঃ। পাশ্চাত্ত্যানাম্ অত্রেদৃশঃ শ্লোকো নাস্তি।

প্রার্থনা করিলেন,—এই রাজা দশরথ পুত্রোৎপত্তির নিমিত্ত তপস্যা করিয়াছেন এবং শ্রদ্ধার সহিত আপনাদের উদ্দেশে অশ্বমেধ যাগ করিয়াছেন, পুত্রকামনা করিয়া পুনর্ব্বার অপর যজ্ঞ করিতে আরম্ভ করিয়াছেন, অতএব পুত্রাভিলাষী এই রাজার সম্বন্ধে [আপনারা] অনুগ্রহ করিবেন ॥ ৬—৭ ॥

আমি ইহাঁর নিমিত্ত কৃতাঞ্জলি হইয়া আপনাদের সকলের নিকট প্রার্থনা করিতেছি,—ইহার ত্রিলোকবিখ্যাত চারি পুত্র হউক ॥ ৮ ॥

সেই দেবতারা করপুটে অবস্থিত ঋষিপুত্রকে তাহাই হইবে এবং হে ব্রাহ্মণ, আপনি ও রাজা দশরথ আমাদের বিশেষ মাননীয়, ইহা বলিলেন ॥ ৯ ॥

১। চ—'-মার্থাং'। ২। গ—'বরং'। ৩। গ-চ-ছ-জ-ঝ—'তৃং'। ৪। গ-ঘ-ঝ—'-মেতদিষ্ট্যা'।

তাং[১] দৃষ্ট্বা বিধিবদ্দীক্ষাং[২] ক্রিয়মাণাং[৩] মহর্ষিণা।
উপেত্য লোককর্ত্তারং প্রজাপতিমিদং বচঃ।
ঊচুঃ প্রাঞ্জলয়ঃ সর্ব্বে ব্রহ্মাণং বরদন্তথা ॥ ১১ ॥
ত্বৎপ্রদিষ্টবরো[৪] ব্রহ্মন্ রাবণো নাম রাক্ষসঃ।
সর্ব্বান্ নো বাধতে দর্পান্মহর্ষীং[৫]শ্চ তপোরতান্[৬] ॥ ১২

১১। লো টী। তং দৃষ্ট্বা বিধিবৎ খ্যাতং ক্রিয়মাণং মহর্ষিণা। তং খ্যাতং প্রসিদ্ধম্

১১। টিপ্পনী। লোকনং লোকঃ দৃষ্টিঃ, তৎকর্ত্তারং যজ্ঞদ্রষ্টৃত্বেনাহূতম্। শিরোঃ। দীক্ষাং যজ্ঞম্। বিধিবৎ ক্রিয়মাণাং দীক্ষাং দৃষ্ট্বা তত্রৈবোপেত্য প্রজাপতিমিদং বচঃ প্রোচুঃ। তত্রৈবেত্যধ্যাহারেণ এবং ব্যাখ্যানে 'তাঃ সমেত্য যথান্যায়ং তস্মিন্ সদসি দেবতাঃ। অব্রুবন্ লোককর্ত্তারং ব্রহ্মাণং বচনং ততঃ॥' ইতি পাশ্চাত্যপঠিতশ্লোকেন কথমপ্যবিরোধঃ স্যাৎ। অন্তর্দ্ধানাৎ পরং যজ্ঞস্থানাদন্যত্র দেবানাং ব্রহ্মসমাগমে 'তস্মিন্ সদসি' ইতি পাশ্চাত্যসম্মতঃ পাঠো দুঃশক ইবৈকবাক্যতাং লম্ভয়িতুম্।

১২। টিপ্পনী। ত্বয়া প্রদিষ্টঃ প্রদত্তো বরো যস্মৈ সঃ। 'সুপর্ণযক্ষনাগানাং দৈত্যদানবরক্ষসাম্। অবধ্যঃ স্যাং প্রজাধ্যক্ষ দেবতানাঞ্চ সর্ব্বশঃ॥ ন হি চিন্তা মমান্যেষু প্রাণিষু প্রপিতামহ। তৃণভূতা হি তে সর্ব্বে প্রাণিনো মানুষাদয়ঃ॥' রাবণেনেত্যভিভাষিতো ব্রহ্মা 'ভবিষ্যত্যেতদেবং বৈ তব রাক্ষসপুঙ্গব।' ইত্যুক্ত্বা তস্মৈ প্রার্থিতং বরং দদৌ। ইতি বার্ত্তোত্তরকাণ্ডে দশমসর্গ উপলভ্যতে।

অতঃপর শক্রপ্রমুখ দেবতারা [রাজাকে সম্বোধন করিয়া] হে নরাধিপ, এই যজ্ঞদ্বারা শ্রেষ্ঠ কামনা অর্থাৎ পুত্র প্রাপ্ত হইবে, এই কথা বলিয়া অন্তর্হিত হইলেন ॥ ১০ ॥

মহর্ষি ঋষ্যশৃঙ্গ কর্তৃক যজ্ঞ যথাবিধি সম্পাদিত হইতেছে দেখিয়া [সকল দেবতারা] পুনর্ব্বার যজ্ঞস্থানে উপস্থিত হইয়া লোককর্ত্তা বরপ্রদ প্রজাপতি ব্রহ্মাকে কৃতাঞ্জলি হইয়া এই বাক্য বলিলেন—॥ ১১ ॥

হে ব্রহ্মন্, তোমার বরপ্রাপ্ত রাবণনামক রাক্ষস দর্পবশতঃ আমাদের সকলকে এবং তপোনিরত মহর্ষিগণকে পীড়াপ্রদান করিতেছে ॥ ১২ ॥

১। গ-ঘ-ঙ-চ-ছ-জ-ঝ—'তং'। ২। গ-ঘ-ঙ-চ-ছ-জ-ঝ—'বৎ-খ্যাতং'। ৩। গ-চ-ঝ—'ক্রিয়মাণং', ঘ-ছ-'ভ্রিয়মাণং'। ৪। ক—'-দিষ্টো'। ৫। গ-ঘ-ঙ-ছ—'ঘৃক্ষ-'। ৬। গ-ঘ-ঙ-চ-ছ-ঝ—'-ধনান্'।

ত্বয়া হ্যস্য বরো দত্তঃ প্রীতেন ভগবন্ পুরা।
দেবদানবযক্ষাণামবধ্যোঽসীতি কামতঃ।
মানয়ন্তশ্চ তে বাক্যং সর্ব্বমস্য সহামহে[২] ॥ ১৩ ॥
স বাধয়তি লোকাংস্ত্রীন্ বিহিংসন্[৩] রাক্ষসাধিপঃ[৪]।
দেবর্ষিযক্ষগন্ধর্ব্বানসুরান্[৫] মানবাংশ্চ সঃ।
অন্যায়তঃ পীড়য়তি বরদানেন দর্পিতঃ ॥ ১৪ ॥
ন তত্র সূর্য্যস্তপতি ন ভয়াদ্ বাতি মারুতঃ।
নাগ্নির্জ্বলতি বৈ তত্র যত্র তিষ্ঠতি রাবণঃ ॥ ১৫ ॥

১৩। লো-টী। অস্য রাবণস্য।

১৩। টিপ্পনী। মানয়ন্তঃ সর্ব্বদেবতাবধ্যত্বরূপ-ত্বদ্দত্তবরং পরিপালয়ন্তঃ। তিঃ। মানয়ন্তঃ পূজয়ন্তঃ। গোঃ রাঃ। অস্যেতি সম্বন্ধসামান্যে ষষ্ঠী। সর্ব্বম্—অপরাধং পীড়নং বা। কামতঃ স্বাভিলাষানুসারেণ।

১৫। টিপ্পনী। সূর্য্যো ন তপতি, স চ সদৈব ভয়েন মন্দকিরণঃ সন্ তিষ্ঠতি, তত্র

হে ভগবন্, তুমি প্রীত হইয়া পূর্ব্বকালে তোমার ইচ্ছানুসারে, তুমি দেবতা, দানব ও যক্ষগণের অবধ্য হইবে, এই বর ইহাকে প্রদান করিয়াছিলে। তোমার বাক্যের মর্য্যাদা রক্ষা করিয়া [আমরা] ইহার সকল [অত্যাচার] সহ্য করিতেছি ॥ ১৩ ॥

সেই রাক্ষসাধিপতি রাবণ তিনলোকের হিংসা করিয়া পীড়া প্রদান করিতেছে। সেই রাবণ [তোমার] বরদানে দর্পিত হইয়া অন্যায়ভাবে দেবতা, ঋষি, যক্ষ, গন্ধর্ব্ব, অসুর ও মানবগণকে পীড়াপ্রদান করিতেছে ॥ ১৪ ॥

সেই স্থানে অর্থাৎ রাবণের রাজধানীতে [তাহার] ভয়ে সূর্য্য [প্রখর] কর দান করে না, বায়ু [প্রবল ভাবে] চলাচল করে না, যেখানে রাবণ অবস্থান করে, সেখানে অগ্নিও [উজ্জ্বল ভাবে] প্রজ্বলিত হয় না ॥ ১৫ ॥

১। গ-ঘ-ঙ—'তস্য'। ২। ঝ—'সহামহে', অস্মাচ্ছ্লোকাৎ পরং জ-পুস্তকে—ব্যতিক্রমমুপেক্ষন্তে মুনয়ো দেবতাস্তথা ইত্যধিকঃ। ৩। জ—'বিহরন্'। ৪। গ—'-সেশ্বরঃ'। ৫। গ-ঘ-ঙ—ধ-'-স্তথা'।

মহোর্ম্মিমালী[1] তং দৃষ্ট্বা সমুদ্রোঽপি[2] প্রকম্পতে।
নষ্টো বৈশ্রবণস্ত্যক্ত্বা লঙ্কাং তদ্বীর্য্যপীড়িতঃ ॥ ১৬ ॥
তস্মান্নঃ পাহি ভগবন্ রাবণাল্লোকরাবণাৎ।
উপায়ং তদ্বধার্থায় স্রষ্টুমর্হসি কামদ ॥ ১৭ ॥
ইতি বিজ্ঞাপিতো দেবৈর্ধ্যাত্বা ব্রহ্মেদমব্রবীৎ।
হন্তায়ং বিহিতস্তস্য বধোপায়ো দুরাত্মনঃ ॥ ১৮ ॥

১৬। লো-টী। জলোর্ম্মিমালী তং দৃষ্ট্বা সমুদ্রোঽপি ন কম্পতে। সমুদ্রোঽপি ন কম্পতে অস্য তরঙ্গোঽপি ন ভবতীত্যর্থঃ। সমুদ্রোঽপি চ কম্পতে ইতি চ পাঠঃ। নষ্টঃ তস্যাদর্শনং গতঃ।

১৮। লো-টী। হন্ত হে দেবাঃ।

খরকরদানে ন তস্য শক্তিরিত্যর্থঃ। তথা মারুতোঽপি ন বাতি শনৈর্বাতি মন্দগামী ভবতীত্যর্থঃ। পুষ্পবাটিকাদিষু পুষ্পপতনাদিভয়াদিতি ভাবঃ। অগ্নির্ন জ্বলতি নাধিকং জ্বলতি রাবণভয়েন নিষ্প্রভো ভবতীত্যর্থঃ।

১৬। টিপ্পনী। সমুদ্রোঽপি প্রকম্পতে ধৈর্য্যাবতারঃ সমুদ্রোঽপি তদ্ভয়েন স্বাভাবিকং ধৈর্য্যং বিহায় কম্পমানস্তিষ্ঠতি।

'চলোর্ম্মিমালী তং দৃষ্ট্বা সমুদ্রোঽপি ন কম্পতে।' ইতি পাশ্চাত্ত্যপাঠঃ। চলোর্ম্মিমালী সদা চঞ্চলস্বভাবতরঙ্গপঙ্‌ক্তিমান্ ন কম্পতে। গর্ব্বিতোঽয়মুল্ললতীতি শোষণভয়াদিতি ভাবঃ। গোঃ রাঃ।

বৈশ্রবণঃ কুবেরস্তদ্বীর্য্যপীড়িতঃ রাবণপরাক্রমক্লিষ্টঃ লঙ্কাং ত্যক্ত্বা নষ্টঃ পলায়িতঃ। ণশ অদর্শনে ইত্যস্মাদ্ধাতোঃ। কুবেরস্য লঙ্কাত্যাগ উত্তরাকাণ্ড একাদশসর্গে বর্ত্ততে।

১৭। টিপ্পনী। লোকান্ রাবয়তীতি লোকরাবণঃ সর্ব্বলোকানামাক্রন্দয়িতা। তস্মাৎ।

মহোর্ম্মিমালী সমুদ্রও তাহাকে দেখিয়া অত্যন্ত কম্পিত হয়। তাহার (সেই রাবণের) পীড়ায় পীড়িত হইয়া কুবের লঙ্কা ত্যাগ করিয়া পলায়ন করিয়াছে ॥ ১৬ ॥

হে ভগবন্, অতএব [আপনি] লোকপীড়ক সেই রাবণ হইতে আমাদিগকে রক্ষা করুন। হে কামদ, তাহার বিনাশের নিমিত্ত উপায় সৃষ্টি করুন ॥ ১৭ ॥

১। গ-ঘ-ঙ-চ-ছ জ-ঝ—'জলো-'। ২। ছ—'ন', গ-চ-ঝ-'চ'।

তেন দেবর্ষিগন্ধর্ব্বযক্ষরাক্ষসপন্নগৈঃ।

অবধ্যঃ স্যামিতি প্রোক্তং তথেত্যুক্তঞ্চ তন্ময়া ॥ ১৯ ॥

অবজ্ঞায়[১] তু তদ্রক্ষো মানুষান্[২] নাম্বকীর্ত্তয়ৎ।

তস্মাৎ স মানুষেণৈব বধ্যঃ পাপো ভবিষ্যতি ॥ ২০ ॥

ইতি শ্রুত্বা হিতং[৩] বাক্যং ব্রহ্মণা সমুদাহৃতম্।

দেবাঃ শক্রপুরোগাস্তে হর্ষিতাঃ সর্ব্বতোঽভবন্ ॥ ২১ ॥

এতস্মিন্নন্তরে বিষ্ণুস্তত্রাগাদ্[৪] ভগবান্ স্বয়ম্।

ব্রহ্মণা মনসা[৫] ধ্যাতস্তদ্বধায়ামিতদ্যুতিঃ ॥ ২২ ॥

১৮। টিপ্পনী। দুরাত্মনঃ প্রাপ্তরক্ষঃস্বভাবেন দুষ্টমনসস্তস্য রাবণস্য অয়ং বধোপায়ো বিহিতঃ পরমাত্মনৈব বিনির্ম্মিতঃ। হন্ত ইতি হর্ষে। শিরোঃ। হন্তেত্যুপায়স্মরণজে হর্ষে। গোঃ রাঃ। হন্তেত্যনুকম্পায়াম্। তিঃ।

২২। টিপ্পনী। অথ পরমকারুণিকো ভগবান্ 'পরিত্রাণায় সাধূনাং বিনাশায় চ দুষ্কৃতাম্। ধর্ম্মসংস্থাপনার্থায় সম্ভবামি যুগে যুগে ॥' ইত্যুক্তরীত্যা ধর্ম্মসংস্থাপনাদিত্রয়কৃতে

এই প্রকারে দেবগণকর্ত্তৃক বিজ্ঞাপিত হইয়া ব্রহ্মা চিন্তা করিয়া বলিলেন, হে দেবগণ! সেই দুরাত্মার বধের এই উপায় বিহিত হইয়াছে ॥ ১৮ ॥

সেই রাবণ দেবতা, ঋষি, গন্ধর্ব্ব, যক্ষ, রাক্ষস ও পন্নগগণের [আমি] অবধ্য হইব, এই কথা বলিয়াছিল আমিও তাহা সেইরূপই হইবে [এই কথা] বলিয়াছিলাম ॥ ১৯ ॥

সেই রাক্ষস অবজ্ঞা করিয়া মানুষের নাম করে নাই, অতএব সেই পাপাত্মা মানুষেরই বধ্য হইবে ॥ ২০ ॥

ইন্দ্রপ্রমুখ সেই দেবগণ ব্রহ্মকল্পিত এইপ্রকার হিতকর বচন শ্রবণ করিয়া সর্ব্বপ্রকারে আনন্দিত হইলেন ॥ ২১ ॥

এই সময়ে অর্থাৎ দেবগণের সন্তোষলাভ কালে রাবণবধের নিমিত্ত ব্রহ্মকর্ত্তৃক মনে মনে চিন্তিত হইয়া, মহাপ্রভাবশালী স্বয়ং ভগবান্ বিষ্ণু সেস্থানে আগমন করিলেন ॥ ২২ ॥

১। জ—'-জ্ঞয়া চ'। ২। ঘ—'মানুষং নাম্ন'। ৩। ঘ—'হি তদ্-'। ৪। গ-ঙ-ছ—'-ত্রাদ্-'। ৫। গ-ঙ-ছ—'মনসা ব্রহ্মণা'।

অব্রবীত্তং ততো ব্রহ্মা বিষ্ণুং দেবগণৈঃ[1] সহ।
আর্ত্তানামসি লোকানামার্ত্তিহা মধুসূদন ॥ ২৩ ॥
যাচামহেঽতস্ত্বামার্ত্তাঃ শরণং নো ভবাচ্যুত।
ক্রূত[2] কিং করবাণীতি বিষ্ণুস্তানব্রবীদ্ বচঃ।
ইতি তস্য বচঃ শ্রুত্বা পুনরূচুরিদং সুরাঃ ॥ ২৪ ॥

স্বারাধকদশরথমনোরথপুরিপূরণায় চাবতিতীর্ষুস্তত্রাজগাম ইত্যাহ—এতস্মিন্নন্তর ইতি। এতস্মিন্নন্তরে রক্ষাপেক্ষাসময়ে। অনেন চিরমস্যাবসরপ্রতীক্ষত্বং গম্যতে। সর্ব্বজ্ঞোঽপি হি দেবেশঃ সদা কারুণিকোঽপি সন্। সংসারতন্ত্রবাহিত্বাদ্রক্ষাপেক্ষাং প্রতীক্ষতে॥' ইতি হ্যক্তম্। বিষ্ণুঃ সর্ব্বান্তর্যামিতয়া ব্যাপ্য বর্ত্তমানঃ। ভোগাদপ্যাসেধনমেব বরমিতি স্থিত ইত্যর্থঃ। মহাদ্যুতিঃ রক্ষণাবকাশলাভসমুদিতহর্ষপ্রকর্ষকৃতকান্তিবিশেষযুক্তঃ। অনেন ইতঃ পূর্ব্বং সংসারিজনদুর্দ্দশাবলোকনেন দূয়মানমানসত্বমুক্তম্। 'স একাকী ন রমতে' ইতি শ্রুতেঃ। গোঃ রাঃ। এতস্মিন্নন্তরে সর্ব্বদেবতাসন্তোষকালে। বিষ্ণুঃ সদা ভূভারোদ্ধারাদিকর্ত্তা। তিঃ।

মহাদ্যুতিঃ, 'দিবি সূর্য্যসহস্রস্য ভবেদ্ যুগপদুত্থিতা। যদি ভাঃ সদৃশী সা স্যাদ্ভাসস্তস্য মহাত্মনঃ॥' ইত্যাদ্যুক্তদুঃসহাপ্রমেয়তেজোবত্ত্বেঽপি তাদৃশতেজসঃ সর্ব্বজনাহ্লাদকত্বং ব্যজ্যতে। বিষ্ণুর্মহাদ্যুতিরিতি স্বরূপবৎ দ্যুতেরপরিমেয়ত্বং ধ্বনিতম্। তনিঃ।

'ভাগপ্রতিগ্রহার্থং দেবা আগতা' ইতি পূর্ব্বমুক্তম্। তত্র দেবেষু বিষ্ণোরপ্যন্তর্ভাবাৎ তস্য তত্রৈব বর্ত্তমানত্বমিতি কথং পুনরিদানীমাগমনম্ ইতি প্রশ্নে ভাগং প্রতিগৃহ্য অন্তর্হিতেষু তেষু বিষ্ণুবিহীনানামেবাগমনমিতি বিভাব্যমিতি। অন্যে ত্বেবমাহুঃ পূর্ব্বমেব তত্র স্থিতোঽপীদানীং বিগ্রহেণাভিব্যক্ত ইতি।

অধ্যাত্মরামায়ণে দেবানামেব বিষ্ণোঃ সবিধে ক্ষীরসমুদ্রতীরে গমনম্, ন তু তত্র দেবসকাশে বিষ্ণোরাগমনম্। তথা চ—'তস্মাৎ ক্ষীরসমুদ্রতীরমগমদ্ ব্রহ্মাথ দেবৈর্বৃতঃ' (১।২।৮)। পাদ্মে পুনঃ ব্রহ্মাদিদেবানাং কৈলাসে শিবসন্নিধৌ গমনম্, ততশ্চ শিবেন সহ সর্ব্বেষাং নারায়ণসকাশে গমনম্। তথাচ—'ক্ষণং ধ্যাত্বা যযৌ ব্রহ্মা কৈলাসং ত্রিদশৈঃ সহ।' (পাতালখণ্ডে।৪।৫৪।) 'সোঽপি তদ্বচনং শ্রুত্বা দৈন্যশোকসমন্বিতম্। ত্রিদশৈঃ সহিতঃ সর্ব্বৈরাজগাম হরেঃ পদম্' (পাতালখণ্ডে ৪।৬০-৬১।)।

অনন্তর দেবগণের সহিত ব্রহ্মা তাঁহাকে বলিলেন, হে মধুসূদন, [তুমি] আর্ত্ত লোকগণের পীড়ানাশক, অতএব আর্ত্ত হইয়া আমরা তোমার নিকট প্রার্থনা

১। গ-ঘ-ঙ-চ-ছ-ঝ-ঞ—'সুর-'। ২। ঘ—'ব্রূহি'।

রাজা দশরথো নাম তপ্তবান্ সুমহত্তপঃ।
ইষ্টবাংশ্চাশ্বমেধেন[1] প্রজাকামঃ স চাপ্রজঃ॥ ২৫॥
ধর্ম্মশীলো গুণশ্লাঘী সত্যবাদী দৃঢ়ব্রতঃ।
অস্মন্নিয়োগাত্ত্বং[2] বিষ্ণো তস্য পুত্রত্বমাপ্নুহি॥ ২৬॥
তস্য ভার্য্যাসু তিসৃষু শ্রীকল্পাসু জনার্দ্দন।
চতুর্দ্ধাংশং[3] বিভজ্য ত্বং[4] প্রাদুর্ভবিতুমর্হসি॥ ২৭॥

২৬। লো-টী। গুণশ্লাঘী পরগুণশ্লাঘী। অস্মন্নিয়োগাত্ত্বং বিষ্ণো তস্য পুত্রত্বমাপ্নুহি। অস্মন্নিয়োগাৎ অস্মন্নিবেদনাৎ।

২৫। টিপ্পনী। অপ্রজঃ সুতরহিতঃ, প্রজাকামঃ পুত্রকামঃ কন্যায়া বর্ত্তমানত্বাৎ। পাশ্চাত্ত্যানাম্ 'স চাপ্যপুত্রো নৃপতিস্তস্মিন্ কালে মহাদ্যুতিঃ। অযজৎ পুত্রীয়ামিষ্টিং পুত্রেপ্সুররিসূদনঃ॥' ইতি শ্লোকে তু সংশয়াবসর এব নাস্তি।

২৬। টিপ্পনী। নিয়োগঃ নিয়োজনং প্রার্থনমিতি যাবৎ।

২৭। টিপ্পনী। শ্রীকল্পাসু। শ্রীর্দ্দক্ষকন্যা তৎসদৃশীষু। '—হ্রীশ্রীকীর্ত্ত্যুপমাসু চ। বিষ্ণো পুত্রত্বমাগচ্ছ কৃত্বাত্মানং চতুর্ব্বিধম্॥' ইতি পাশ্চাত্ত্যাঃ। হ্রীশ্রীকীর্ত্তয়ো দক্ষকন্যাস্তা উপমা যাসাং তাস্তথা। চাতুর্ব্বিধ্যবিধানং রাবণ-রাবণি-লবণগন্ধর্ব্ববিনাশায়। গোঃ রাঃ। আত্মানং সোপকরণমাত্মানম্। 'অন্যেদ্যুঃ পাঞ্চজন্যাত্মা কৈকেয্যাং ভরতোঽভবৎ।

করিতেছি, হে অচ্যুত, [তুমি] আমাদের রক্ষক হও। [এই কথা শুনিয়া] বিষ্ণু [আমি] কি করিব, ইহা তাঁহাদিগকে (দেবতাদিগকে) বলিলেন। (বিষ্ণুর) এই বাক্য শ্রবণ করিয়া সুরবৃন্দ পুনর্ব্বার ইহা বলিলেন—॥ ২৩-২৪॥

দশরথনামক রাজা সুমহৎ তপস্যা করিয়াছেন। ধর্ম্মশীল, গুণদ্বারা প্রশংসিত সত্যবাদী দৃঢ়প্রতিজ্ঞ সেই রাজা পুত্রহীন বলিয়া পুত্রের নিমিত্ত অশ্বমেধদ্বারা যজ্ঞ করিয়াছেন। হে বিষ্ণো! আমাদের প্রার্থনায় তুমি তাহার পুত্ররূপে জন্মগ্রহণ কর॥ ২৬॥

হে জনার্দ্দন, তুমি চারি অংশে বিভক্ত হইয়া তাঁহার তিন ভার্য্যাতে প্রাদুর্ভূত হও॥ ২৭॥

১। গ—ঙ-ছ-'-নশ্ব-'। ২। ঘ—অস্মি-'। ৩। ব—'র্ধা সংবিভজ্য'। ৪। গ-ঘ-ঙ-ছ—'ষং'।

স নিযুক্তস্তদা[১] দেবৈঃ সাক্ষান্নারায়ণঃ প্রভুঃ।
তানুবাচ ততো দেবানিদং বচনমর্থবৎ ॥ ২৮ ॥
কিং ময়া তত্র কর্ত্তব্যং প্রাদুর্ভূর্তেন বঃ সুরাঃ।
কার্য্যং কুতো বাপি ভয়ং যুষ্মাকমিদমীদৃশম্[২] ॥ ২৯ ॥
ইতি শ্রুত্বা বচস্তস্য বিষ্ণোরূচুরিদং সুরাঃ[৩]।
রাক্ষসান্নো ভয়ং বিষ্ণো রাবণাল্লোকরাবণাৎ ॥ ৩০ ॥
মানুষীং তনুমাস্থায় সমুদ্ধর্ত্তুং[৪] ত্বমর্হসি।
ত্বত্তো হি নান্যস্তং পাপং শক্তো হন্তুং দিবৌকসাম্ ॥ ৩১ ॥

২৯। লো-টী। ইদমীদৃশং বিজাতীয়মিদং ভয়ম্।
৩১। লো-টী। সমুদ্ধর্ত্তুং তদ্ভয়মুন্মূলয়িতুম্।

তদন্যেভ্যঃ সুমিত্রায়ামনন্তাত্মা চ লক্ষ্মণঃ। সুদর্শনাত্মা শত্রুঘ্নো দ্বৌ জাতৌ যুগপৎ প্রিয়ে ॥' ইতি পাদ্মোক্তেঃ। তিঃ।

২৮। টিপ্পনী। নিযুক্তঃ প্রার্থিতঃ। তিঃ। সাক্ষাৎ প্রত্যক্ষেণাবস্থিতঃ।

অনন্তর নিগ্রহানুগ্রহসমর্থ প্রত্যক্ষভাবে অবস্থিত নারায়ণ, দেবগণকর্তৃক [রাবণবধের জন্য] প্রার্থিত হইয়া সেই দেবতাগণকে অর্থযুক্ত এই বাক্য বলিলেন ॥ ২৮ ॥

হে সুরবৃন্দ, আমি সেখানে (দশরথের গৃহে) জন্মগ্রহণ করিয়া তোমাদের কি কার্য্য সম্পন্ন করিব ? কোথা হইতে তোমাদের ঈদৃশ বিজাতীয় ভয় [জন্মিল] ॥ ২৯ ॥

সেই বিষ্ণুর এই বাক্য শ্রবণ করিয়া সুরগণ ইহা বলিলেন—হে বিষ্ণো ; লোকের উপদ্রবকারী রাক্ষস রাবণ হইতে আমাদের ভয় [জন্মিয়াছে] ॥ ৩০ ॥

তুমি মনুষ্যশরীর ধারণ করিয়া [আমাদিগকে] উদ্ধার করিতে পার। দেবগণের মধ্যে তুমি ভিন্ন অন্য কেহ সেই পাপিষ্ঠকে নাশ করিতে সমর্থ নহে ॥ ৩১ ॥

১। ক-খ-চ-ছ-জ-ঝ—'স্তথা'। ২। ঘ—'-প্সিতম্'। ৩। গ—'বচঃ'। ৪। গ-ঙ ছ—'সর্ব্বামুদ্ধর্ত্তুং'।

স দীর্ঘং তপ্তবান্ কালং তপোঽত্যুগ্রমরিন্দম।
তেনায়ং[১] পরিতুষ্টোঽস্য বভূব প্রপিতামহঃ ॥ ৩২ ॥
ততোঽস্মৈ প্রদদৌ[২] তুষ্টো বরদো ভগবান্ পুরা।
অভয়ং সর্ব্বভূতেভ্যো বর্জ্জয়িত্বা[৩] তু[৪] মানুষান্ ॥ ৩৩ ॥
ততো দত্তবরস্যৈবং তস্য[৫] নান্যত্র মানুষাৎ।
ভয়াদ্[৬] ভয়মতশ্চৈনং গত্বা মানুষতাং জহি[৭] ॥ ৩৪ ॥
স হি দেবর্ষিগন্ধর্ব্বাংস্তপঃসিদ্ধাংশ্চ[৮] মানুষান্।
বরদানবলোন্মত্তো[৯] বাধতে রাক্ষসাধমঃ ॥ ৩৫ ॥

৩৪। লো-টী। বধাদ্ভয়মতশ্চৈনং গত্বা মানুষতাং জহি। মানুষাদন্যত্র যো বধো মৃত্যুঃ তস্মাদ্ভয়ং নাস্তি। 'নাশোঽত্র মানুষাৎ' 'বধোপায়মি'তি চ পাঠঃ। অতো মানুষতাং বধোপায়ং গত্বা এনং রাবণম্।

[আদিকাণ্ডে চতুর্দ্দশঃ সর্গঃ ॥]

৩২। টিপ্পনী। প্রপিতামহঃ ব্রহ্মা

হে শত্রুবিমর্দ্দনকারিন্, সেই রাবণ দীর্ঘকাল ব্যাপিয়া অত্যুগ্র তপস্যা করিয়াছিল, সেই তপস্যায় ইহার উপর প্রপিতামহ এই ব্রহ্মা পরিতুষ্ট হইয়াছিলেন ॥ ৩২ ॥

অনন্তর তুষ্ট হইয়া পূর্ব্বকালে বরদ ভগবান্ ব্রহ্মা মানুষ ভিন্ন কোন প্রাণী হইতে [তোমার] ভয় [থাকিবে] না, ইহাকে [এই বর] প্রদান করেন ॥ ৩৩ ॥

[যেহেতু] তাহাকে এইরূপ বর দেওয়া হইয়াছিল অতএব সেই রাবণের মানুষ হইতে উৎপন্ন ভয় ভিন্ন অন্য কোন ভয় নাই, অতএব [তুমি] মনুষ্যরূপে জন্মগ্রহণ করিয়া এই রাবণকে বধ কর ॥ ৩৪ ॥

১। চ—'যেনায়ং'। ২। ঘ—'বরদো হৃষ্টঃ প্রদদৌ'। ৩। ঘ—'চ'। ৪। অতঃ পরম্ জ-পুস্তকে—'তস্মাত্তস্য বধো দীপ্তো মানুষেষু স্থরদ্বিষঃ।' ব-পুস্তকে—'এবমস্মাদ্বরঃ প্রাপ্তঃ স রাক্ষসপতিঃ প্রভো।' ঝ-পুস্তক-টিপ্পন্যাং—'তস্মাত্তস্য বধো দৃষ্টো মানুষেভ্যঃ স্থরদ্বিষঃ।' ইত্যধিকঃ। ৫। জ—'তত্র'। ৬। গ—'বধোপায়-', লোঃ, ক-ঘ-চ-জ-ঝ-ছটিপ্পন্যাঞ্চ—'-বধান্তর-'। ৭। গ—৩-ইদমর্দ্ধং নাস্তি। ৮। ঝ—-র্ষীন্ 'সিদ্ধাংশ্চ মানুষাংস্তথা'। ৯। ক—'দানাদ-', গ—'-বলোন্মত্তো', ঝ—'-মদোন্মত্তো'।

যজ্ঞহা ব্রহ্মহা চৈব ব্রহ্মদ্বিট্[1] পুরুষাদকঃ।
অবধ্যো বরদানেন রাবণো লোককণ্টকঃ ॥ ৩৬ ॥
তেনাক্রান্তা নৃপতয়ঃ সরথাঃ সহকুঞ্জরাঃ।
হতা বিপ্রদ্রুতাশ্চান্যে[2] প্রাদ্রবন্ত দিশো দশ ॥ ৩৭ ॥
ভক্ষিতা ঋষয়শ্চৈব তথৈবাপ্‌সরসাং গণাঃ।
দৃপ্তঃ[3] সপ্ত সদা লোকান্ ক্রীড়ন্নিব স বাধতে ॥ ৩৮ ॥
তস্মাদস্য[4] বধো দৃষ্টো মানুষেভ্যঃ পরন্তপ।
অবজ্ঞাতাঃ পুরা তেন বরদানেন মানবাঃ ॥ ৩৯ ॥

৩৬। টিপ্পনী। পুরুষাদকঃ—পুরুষাণাং নরাণাম্ আদকঃ ভক্ষকঃ। 'পুরুষস্ত্বাত্মনি নরে পুন্নাগে চ' ইতি হৈমঃ। বরদানেন ব্রহ্মপ্রদত্তেন বরেণেত্যর্থঃ। অবধ্যঃ মনুষ্যেতরেষামিত্যর্থঃ।

বরদানরূপ বলে উন্মত্ত রাক্ষসাধম সেই রাবণ দেবর্ষি, গন্ধর্ব্ব, এবং তপঃসিদ্ধ মানুষগণকে পীড়াপ্রদান করিতেছে ॥ ৩৫ ॥

যজ্ঞনাশকারী, ব্রহ্মঘাতী, ব্রহ্মদ্বেষী, নরভোজী, লোককণ্টক রাবণ [এই] বরদানে [মানুষ ভিন্ন অন্যের] অবধ্য ॥ ৩৬ ॥

নৃপতিগণ সেই রাবণ কর্ত্তৃক আক্রান্ত হইয়া রথ ও হস্তিসহ বিনষ্ট হইতেছেন, এবং অন্যে [যাহাঁরা বিনষ্ট হইতেছেন না, তাঁহারাও] উপদ্রুত হইয়া দশ দিকে পলায়ন করিতেছেন ॥ ৩৭ ॥

সেই গর্ব্বিত রাবণ ঋষি ও অপ্‌সরোগণকে ভক্ষণ করিতেছে, এবং ক্রীড়া করিতে করিতেই যেন সর্ব্বদা সপ্ত লোকের পীড়া প্রদান করিতেছে ॥ ৩৮ ॥

হে পরন্তপ, সেই রাবণ পূর্ব্বে বরদানহেতু মানবগণকে অবজ্ঞা করিয়াছে, অতএব মানুষ হইতেই তাহার বিনাশ দর্শন করিতেছি ॥ ৩৯ ॥

১। ছ—'-বিট্'। ২। ঙ—'-চ্যুতা'। ৩। ঘ—'দৃপ্তো মত্তঃ'। ৪। গ-ঘ-চ-ছ-জ-ঝ—'-বসা'।

[১]তমুদ্ধতং রাবণমুগ্রতেজসং
[২]প্রবৃদ্ধদর্পং ত্রিদশেশ্বরদ্বিষম্ ।
বিরাবণং সর্ব্বতপস্বিকণ্টকং
মনুষ্যতামেত্য নিহন্তুমর্হসি ॥ ৪০ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে আদিকাণ্ডে চতুর্দ্দশঃ সর্গঃ ॥ ১৪ ॥

৪০। টিপ্পনী। সর্ব্বেষাং তপস্বিনাং কণ্টকং শক্রম্। 'ক্ষুদ্রে শত্রৌ চ কণ্টকঃ।' ইতি বৈজয়ন্তী।

উদ্ধত উগ্রতেজাঃ প্রবৃদ্ধদর্প ইন্দ্রের দ্বেষকারী, বিশেষভাবে [জগতের] উপদ্রবকারী, তাপসগণের কণ্টকস্বরূপ সেই রাবণকে মানুষজন্ম গ্রহণ করিয়া বিনাশ করা তোমার কর্ত্তব্য ॥ ৪০ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের আদিকাণ্ডে চতুর্দ্দশ সর্গ সমাপ্ত ॥

১। 'উর্জ্জিতবলং', গ-ঘ-ঙ-চ-ছ-ঝ—'তমুদ্ধতং'। ২। ঙ—'প্রবৃদ্ধকন্দর্প-' (?)।

পঞ্চদশঃ সর্গঃ

ইত্যুক্তো ভগবান্ দেবৈর্ব্বিষ্ণুর্লোকনমস্কৃতঃ[১]।
পিতরং রোচয়ামাস ততো দশরথং নৃপম্ ॥ ১ ॥
স চাপ্যপুত্রো নৃপতিস্তস্মিন্ কালে মহামনাঃ।
অযজৎ পুত্রিয়ামিষ্টিং[২] পুত্রেপ্সুররিসূদনঃ[৩][৪] ॥ ২ ॥
তত্রাস্য যজমানস্য পাবকাদদ্ভুতপ্রভম্[৫]।
প্রাদুর্ভূতং[৬] মহদ্ ভূতং প্রদীপ্তানলসন্নিভম্ ॥ ৩ ॥

২। লো-টী। তস্মিন্ কালে প্রাগেব বিষ্ণুমযজৎ। অস্মিন্ কাল ইতি সর্ব্বজ্ঞপাঠঃ।
৩। লো-টী। তত্র তস্মিন্ কালে পুত্রীয়েষ্ট্যা যজমানস্য পাবকাদদ্ভুতদ্যুতেঃ প্রকাশাৎ সমুদ্ভূতম্ অগ্নিরেব মূর্ত্তিমান্ দোর্ভ্যাং পাত্রীং পরিগৃহ্য উদ্ভূতমুত্থিতমিতি চতুষ্টয়েনান্বয়ঃ।

। টিপ্পনী। পিতরং রোচয়ামাস দশরথং পিতৃরূপেণাঙ্গীকর্ত্তুং মতিং চকারেত্যর্থঃ। কথং দশরথং পিতৃত্বেনাঙ্গীচকারেতি ভূতভাবনো ভগবান্ স্বয়মেব বিশদীকুর্ব্বন্ স্বস্য বৈদেহ্যাশ্চ জন্মপ্রকারমাহাধ্যাত্মরামায়ণে। তথাচ—'কশ্যপস্য বরো দত্তস্তপসা তোষিতেন মে। যাচিতঃ পুত্রভাবায় তথেত্যঙ্গীকৃতং ময়া॥ স ইদানীং দশরথো ভূত্বা তিষ্ঠতি ভূতলে। তস্যাহং পুত্রতামেত্য কৌশল্যায়াং শুভোদয়ে॥ চতুর্ধাত্মানমেবাহং সৃজামীতরয়োঃ পৃথক্। যোগমায়াপি সীতেতি জনকস্য গৃহে তদা॥ উৎপৎস্যতে ময়া সার্দ্ধং সর্ব্বং সম্পাদয়াম্যহম্॥' (১।২।২৭—৩০।)

২। টিপ্পনী। তস্মিন্ কালে ভগবদবতিতীর্ষাকালে। তিঃ। পুত্রিয়াং পুত্রপ্রাকট্যহেতুভূতাম্। পুত্রেপ্সুঃ পুত্রপ্রাকট্যকামঃ। শিরোঃ। পুত্রিয়ামিত্যত্র হ্রস্ব আর্ষঃ। গোঃ রাঃ।

দেবগণকর্ত্তৃক লোকপূজিত ভগবান্ বিষ্ণু এই প্রকার কথিত হইয়া তাহার পর রাজা দশরথকে পিতৃত্বে বরণ করিবার সঙ্কল্প করিলেন ॥ ১ ॥

শত্রুবিমর্দ্দনকারী মহামনা সেই পুত্রহীন নৃপতিও সেই সময়ে পুত্রলাভের ইচ্ছা করিয়া পুত্রীয় যজ্ঞ করিয়াছিলেন ॥ ২ ॥

১। গ-ঘ-ঙ-চ-ছ-ঝ—'পিতামহঃ'। ২। গ-ঘ-ঙ-চ-ছ-জ-ঝ—'বাজিমেধেন'। ৩। ঘ—'পুত্রেপ্সুররিন্দমঃ'। ৪। গ-ঙ-চ-ছ-জ-ঝ—'মর্দনঃ', ৫। গ-ঘ ঙ-চ-ছ-জ-ঝ—'-দ্যুতিম্'। অতঃ পরং গ ঙ ছ-পুস্তকেষু 'দিবাকরবদর্চ্চিষ্মদ্ নিরীক্ষং সুরৈরপি'। ইত্যধিকঃ। ৬। ঘ-চ-ছ-জ-ঝ—'উদ্ভূতং স্ম', গ-ঙ-'উজ্জৃতং স্ম'।

কৃষ্ণাজিনধরং কৃষ্ণং হরিচ্ছ্মশ্রুজটাধরম্ ।
পদ্মরক্তান্তনয়নং মেঘদুন্দুভিনিস্বনম্ ॥ ৪ ॥
শুভলক্ষণসম্পন্নং দিব্যাভরণভূষিতম্ ।
শৈলশৃঙ্গসমুৎসেধং সিংহোদরকটীক্ষণম্ [১] ॥ ৫ ॥

৪। লো-টী। পদ্মরক্তান্তনয়নং রক্তপদ্মস্বরূপনয়নম্। অন্তঃ স্বরূপে।

৫। লো-টী। সমুৎসেধঃ উচ্ছ্রায়ঃ।

৩। টিপ্পনী। শ্লোকচতুষ্টয়মেকান্বয়ম্। ততঃ পুত্রেষ্ট্যাং সমাপ্তায়াম্। পাশ্চাত্ত্যাস্তু ইতঃ পূর্ব্বং 'স কৃত্বা নিশ্চয়ং বিষ্ণুরামন্ত্র্য চ পিতামহম্। অন্তর্ধানং গতো দেবৈঃ পূজ্যমানো মহর্ষিভিঃ ॥' ইতি শ্লোকমধিকং পঠন্তি। অস্মিন্ শ্লোকেঽপি তত্রাস্যেত্যত্র 'ততো বৈ' ইতি পাঠৈস্তৈরঙ্গীক্রিয়তে। ততো বিষ্ণোরন্তর্দ্ধানাৎ পরম্। যজমানস্যেতি বর্ত্তমান-নির্দ্দেশেন দ্রব্যত্যাগকাল এব প্রাদুর্ভাবঃ সূচিতঃ। পাবকাৎ আহবনীয়াৎ। ভূতং পুরুষবিশেষঃ। গোঃ রাঃ। অন্তর্দ্ধানানন্তরমিত্যর্থঃ। অন্তর্দ্ধায় ভগবানেব স্বতেজঃ-সম্ভৃতপায়সমাদায় হুতাগ্নেঃ সকাশাৎ প্রাদুর্ভবতি স্ম। নহ্যন্যস্য ভগবত্তেজোধারণে শক্তিরস্তি। তদেবাহ—মহদ্ভূতমিতি। 'একো বিষ্ণুর্ম্মহদ্ভূতমিত্যুক্তেঃ।' ভূতং প্রাণী। তিঃ। পাশ্চাত্ত্যপুস্তকসম্মতাত্রেয়ং বিষ্ণোরন্তর্ধানকথা অধ্যাত্মরামায়ণকৃতাপি স্বীকৃতা। তথা চ—'ইত্যুক্ত্বান্তর্দ্দধে বিষ্ণুর্ব্রহ্মা দেবানথাব্রবীৎ' (১।১।২—৩।)। ক্ষেমেন্দ্রঃ পুনর্ব্বঙ্গীয়পাঠমেবাঙ্গী-চকারেতি প্রতীয়তে। তথা চ রামায়ণমঞ্জর্য্যাম্—'পুত্রেষ্ট্যাং পরিপূর্ণায়াং রাজ্ঞো দশরথস্য চ। উদতিষ্ঠন্মহদ্ভূতং পাবকাৎ কৃষ্ণপিঙ্গলম্ ॥' (১।৭০—৭১।)

৪। টিপ্পনী। কৃষ্ণং কৃষ্ণবর্ণম্। পদ্মরক্তান্তনয়নম্—পদ্মং রক্তপদ্মমিতি যাবৎ। তদ্বৎ রক্তৌ অন্তৌ প্রান্তভাগৌ যয়োস্তথাভূতে নয়নে যস্য তম্। যদ্বা—পদ্মবদ্ রক্তে অন্তে রমণীয়ে চ নয়নে যস্য সঃ। 'মৃতাববসিতে রম্যে সমাপ্তাবন্ত ইষ্যত' ইতি শব্দার্ণবঃ।

সেই যজ্ঞস্থলে যখন ইনি (দশরথ) যজ্ঞ করিতেছিলেন তখন, প্রদীপ্ত অগ্নিতুল্য অদ্ভুত তেজঃসম্পন্ন অতিপ্রকাণ্ড এক পুরুষ অগ্নি হইতে প্রাদুর্ভূত হইলেন ॥ ৩ ॥

[সেই পুরুষ] কৃষ্ণাজিনধারী, কৃষ্ণবর্ণ, হরিদ্বর্ণ শ্মশ্রু ও জটাধারী। তাঁহার নয়নপ্রান্ত [রক্ত] পদ্মের ন্যায় রক্তবর্ণ। তাঁহার শব্দ মেঘ এবং দুন্দুভির শব্দের ন্যায় ॥ ৪ ॥

১। অস্মাচ্ছ্লোকাৎ পরং ঙ-পুস্তকে—'দিবাকরমিবার্চ্চিষ্মদ্দুর্নিরীক্ষং সুরৈরপি। আবহন্নমরীং পাত্রীং বিধূমাঙ্গারবর্চ্চসম্ ॥' ইত্যধিকঃ।

কাঞ্চনীং পিহিতাং দোর্ভ্যাং পরিগৃহ্যাদ্ভুতোপমাম্।
দিব্যপায়সসম্পূর্ণাং পাত্রীং পত্নীমিব প্রিয়াম্॥ ৬॥
তদৃষ্যশৃঙ্গং প্রোবাচ ভূতমুৎপন্নমদ্ভুতম্।
প্রাজাপত্যং বিদ্ধি মাং ত্বং ভূতমভ্যাগতং দ্বিজ॥ ৭॥

৭। লো-টী। প্রাজাপত্যং পুত্রোৎপত্তিসম্পাদকম্

শব্দার্ণবং প্রমাণীকৃত্য মল্লিনাথেন মেঘদূতে (১।২৩) তথা শিশুপালবধে (৪।৪০)। অন্তশব্দস্য তাদৃশার্থপরতাঙ্গীকৃতা।

৫। টিপ্পনী। দিব্যাভরণভূষিতং প্রাকৃতবিলক্ষণভূষণভূষিতম্। শিরোঃ। শৈলশৃঙ্গসমুৎসেধং শৈলশৃঙ্গস্য সমুৎসেধ ইব সমুৎসেধো যস্য তম্। 'উৎসেধঃ কায় উন্নতিঃ'। ইত্যমরঃ। সমুৎসেধঃ উচ্ছ্রায়ঃ। তিঃ। শৈলস্য পর্ব্বতস্য শৃঙ্গবৎ সমুৎসেধম্ উন্নতম্। শিরোঃ।

৬। টিপ্পনী। দোর্ভ্যাং বাহুভ্যাং পিহিতামাচ্ছাদিতাং কাঞ্চনীং কাঞ্চননির্ম্মিতাম্। পাত্র্যাঃ স্ত্রীলিঙ্গত্বেন পত্নীসাম্যম্। গোঃ রাঃ। পাত্রীং পরিগৃহ্য প্রাদুর্ভূতমিতি পূর্ব্বেণান্বয়ঃ।

৭। টিপ্পনী। 'ঋষ্যশৃঙ্গং প্রোবাচ' ইত্যত্র 'সমবেক্ষ্যাব্রবীদ্বাক্যমিদং দশরথং নৃপম্। প্রাজাপত্যং নরং বিদ্ধি মামিহাভ্যাগতং নৃপ॥' ইতি পঠিত্বা পাশ্চাত্ত্যা রাজানমেবাব্রবীদিত্যাহুঃ। প্রাজাপত্যং প্রজাপতিনা প্রেষিতম্। তিঃ। প্রাজাপত্যং প্রজাপতেরাগতম্। গোঃ রাঃ। অভ্যাগতং প্রাপ্তম্। শিরোঃ। অধ্যাত্ম-রামায়ণে পুনঃ প্রজাপতিঃ স্বয়মেবাগত ইত্যুক্তম্। তথা চ—'শ্রদ্ধয়া হূয়মানেঽগ্নৌ তপ্তজাম্বূনদপ্রভঃ। পায়সং স্বর্ণপাত্রস্থং গৃহীত্বোবাচ হব্যবাট্॥' 'ইত্যুক্ত্বা পায়সং দত্ত্বা রাজ্ঞে সোঽন্তর্দ্দধেঽনলঃ।' (১।৩।১০—১১।)

[তিনি] শুভলক্ষণসম্পন্ন, দিব্য আভরণে ভূষিত, পর্ব্বতশৃঙ্গের ন্যায় সমুন্নত। [তাঁহার] উদর, কটি এবং নেত্র সিংহের ন্যায়॥ ৫॥

[তিনি] অদ্ভুতোপম, দিব্য পায়সপূর্ণ, হস্তদ্বারা আচ্ছাদিত, পত্নীর ন্যায় প্রিয় কাঞ্চননির্ম্মিত একটী পাত্র গ্রহণ করিয়া [আবির্ভূত হইলেন]॥ ৬॥

আবির্ভূত সেই অদ্ভুত পুরুষ ঋষ্যশৃঙ্গকে বলিলেন, হে দ্বিজ! আমাকে তুমি প্রাজাপত্য (প্রজাপতিপ্রেরিত) পুরুষ বলিয়া জানিবে॥ ৭॥

১। জ—'-নাপি-'। ২। ঙ—'পীড়িতাং'। ৩। জ—'প্রতি-'। ৪। ঙ—'-সম্পন্নাং'। ৫। ছ—'প্রিয়ম্'। ৬। ঘ-ঙ-চ-ছ—'তমৃষ্য-'। ৭। ক-চ-ঝ—'ভব্য-'।

ইমাং পাত্রীং ময়া দত্তাং প্রাপ্য রাজ্ঞে প্রযচ্ছ[1] বৈ[2]।
ইদং দশরথার্থায় নির্দ্দিষ্টং পায়সং ময়া[3]।
পুত্রীয়ং ধর্ম্মপত্নীনাং প্রাশ্যমেতৎ প্রযচ্ছতু ॥ ৮ ॥
তমুবাচ ততো ধীমানৃষ্যশৃঙ্গো দ্বিজর্ষভঃ।
প্রযচ্ছ রাজ্ঞে পাত্রীং[4] ত্বং স্বয়মেবাদ্ভুতামিতি ॥ ৯ ॥
ঋষ্যশৃঙ্গবচঃ শ্রুত্বা প্রাজাপত্যো[5] মহাদ্যুতিঃ[6]।
প্রোবাচেক্ষ্বাকুদায়াদং পরয়া স্বরসম্পদা ॥ ১০ ॥
প্রীতস্তেঽহং মহারাজ সর্ব্বামৃতরসোদ্ভবম্।
প্রযচ্ছামি গৃহাণ ত্বমিক্ষ্বাকুকুলনন্দন ॥ ১১ ॥

৯। টিপ্পনী। পাশ্চাত্ত্যপুস্তকেষু ঋষ্যশৃঙ্গস্যেদং বাক্যং নাস্তি। রামায়ণমঞ্জরীধৃত-শ্লোকেন ঋষ্যশৃঙ্গস্যেয়মুক্তিস্তথা 'তদ্ ঋষ্যশৃঙ্গং প্রোবাচ' ইত্যুক্তিরপি সমর্থিতা। তথা চ তত্র—'প্রাজাপত্যঃ স পুরুষো মুনের্ব্বাক্যান্নৃপায় তৎ। পুত্রীয়পায়সং পাত্রং প্রতিপাদ্য তিরোদধে ॥' (১।৩২।)। 'ইত্যুক্ত্বা পায়সং দত্ত্বা রাজ্ঞে সোঽন্তর্দধেঽনলঃ।' ইত্যধ্যাত্ম-রামায়ণবচনেনাপি পাশ্চাত্ত্যপাঠ এব সমর্থিতঃ।

১০। টিপ্পনী। ইক্ষ্বাকুদায়াদম্—ইক্ষ্বাকোস্তদ্বংশস্য দায়াদঃ সুতস্তং দশরথম্। 'দায়াদৌ সুতবান্ধবৌ' ইত্যমরঃ। পরয়া স্বরসম্পদা পরয়া শ্রেষ্ঠয়া স্বরসম্পদা স্বরোৎকর্ষেণ অত্যুৎকৃষ্টেন স্বরেণেত্যর্থঃ।

১১। টিপ্পনী। সর্ব্বামৃতরসোদ্ভবম্—সর্ব্বস্মাৎ অমৃতরসাৎ উদ্ভবো যস্য তৎ।

মৎপ্রদত্ত এই পাত্র গ্রহণ করিয়া রাজাকে প্রদান কর। আমি দশরথের নিমিত্ত এই পায়স নির্দ্দিষ্ট করিয়াছি। পুত্রপ্রদানকারী ভক্ষণীয় ইহা (পায়স) [রাজা] ধর্ম্মপত্নীগণের [হস্তে] প্রদান করুন ॥ ৮ ॥

অনন্তর দ্বিজশ্রেষ্ঠ ধীমান্ ঋষ্যশৃঙ্গ তাঁহাকে (সেই পুরুষকে) বলিলেন, তুমি নিজেই অদ্ভুত পাত্র রাজাকে প্রদান কর ॥ ৯ ॥

ঋষ্যশৃঙ্গের বাক্য শ্রবণ করিয়া অমিতদ্যুতি প্রাজাপত্য (প্রজাপতি

১। ঘ-ঙ—'প্রযচ্ছত'। ২। গ-ছ-ঝ—'চ', চ—'তু'। ৩। গ-ঘ-ঙ-চ-ছ-জ-ঝ—পুস্তকেষু—অস্যোদমর্দ্ধং নবমশ্লোকস্য পূর্ব্বার্দ্ধমপি নাস্তি। ৪। জ—'পাত্রীং রাজ্ঞে'। ৫। গ-ঙ—'প্রাজাপত্যা'। ৬। চ—'মহীপতিঃ', গ-ঘ-ঙ-ছ-জ-ঝ—'মহামতিঃ'।

প্রতিগৃহ্য চ তাং[১] রাজা শিরসা প্রণতোঽব্রবীৎ।
ভগবন্ কিমনেনাহং করবাণীতি বৈ তদা[২] ॥ ১২ ॥
তমব্রবীত্ততো ভূয়ঃ[৩] প্রাজাপত্যস্তদা[৪] নৃপম্।
স্বিষ্টস্য তে নরপতে ব্যুষ্টিরেষা ময়োদ্যতা ॥ ১৩ ॥
ইদন্তু[৫] নরশার্দ্দূল পায়সং দেবনির্ম্মিতম্।
প্রজাকরং গৃহাণ ত্বং ধন্যমারোগ্যবর্দ্ধনম্[৬] ॥ ১৪ ॥

১৩। লো-টী। ব্যুষ্টিঃ ফলম্। উদ্যতা আনীতা।

১৪। লো-টী। পায়সং পরমান্নম্। 'পায়সস্তু ক্লীবপুংসোঃ শ্রীবাসপরমান্নয়ো'রিতি কোষঃ।

যদ্বা সর্ব্বম্ অমৃতং ঘৃতং যজ্ঞহবিঃ তদেব রসঃ স উদ্ভবো যস্যা তৎ। 'অমৃতং যজ্ঞশেষে স্যাৎ পীযূষে সলিলে ঘৃতে।' ইতি কোষঃ।

১৩। টিপ্পনী। স্বিষ্টস্য সম্যক্‌স্থিতস্য যজ্ঞস্য ব্যুষ্টিঃ ফলম্। যদ্বা সু শোভনম্ ইষ্টং যাগো যস্য তস্য। 'ইষ্টং যাগে চ দানে চ ব্যাপ্তিতেঽপি প্রযুজ্যতে' ইত্যজয়ঃ। যথাবিধি যাগং কৃতবত ইত্যর্থঃ। এষা ব্যুষ্টিঃ সমৃদ্ধিঃ পুত্রজনকত্বেন তদ্রূপেত্যর্থঃ। 'ব্যুষ্টিঃ ফলে সমৃদ্ধৌ চ' ইত্যমরঃ।

প্রেরিত) পুরুষ অতি উৎকৃষ্ট স্বরে ইক্ষ্বাকুবংশের সন্তান দশরথকে বলিলেন—॥ ১০ ॥

হে ইক্ষ্বাকুকুলনন্দন মহারাজ, আমি তোমার প্রতি প্রসন্ন হইয়া সকল অমৃত রসোৎপন্ন [পায়স] প্রদান করিতেছি, তুমি গ্রহণকর ॥ ১১ ॥

তখন রাজা [অবনত] মস্তকে প্রণত হইয়া সেই পাত্রী গ্রহণপূর্ব্বক 'হে ভগবন্, আমি ইহাদ্বারা কি করিব' এই কথা বলিলেন ॥ ১২ ॥

তদনন্তর সেই সময়ে প্রাজাপত্য (প্রজাপতিপ্রেরিত) পুরুষ পুনর্ব্বার রাজাকে বলিলেন, হে নরপতে, সুচারুরূপে অনুষ্ঠিত তোমার যজ্ঞের এই ফল আমি [তোমাকে] প্রদান করিতেছি ॥ ১৩ ॥

১। গ-ঘ-ঙ—'তত্র'। ২। ঙ—'তথা'। ৩। ক—'ভূপঃ', গ-ঙ-ছ—'ভূয়ঃ'। ৪। গ-ঙ-ছ-ঝ—'-বৃতো'। ৫। চ-ঝ—'ইদন্তং'। ৬। গ-ঙ-ছ—'বর্দ্ধন'।

প্রযচ্ছ ধর্ম্মপত্নীভ্যঃ প্রাশ্নীতেতি[১] নরাধিপ।
তাভ্যস্ত্বং প্রাপ্স্যসে প্রীতিং যদর্থস্তেঽয়মুদ্যমঃ[২] ॥ ১৫ ॥
বাঢ়মিত্যেব[৩] নৃপতিস্তদ্ বচঃ প্রতিপূজ্য[৪] চ[৫]।
অব্রবীত্তন্মহদ্ ভূতং শ্রেষ্ঠমাত্মহিতং[৬] বচঃ ॥ ১৬ ॥
ততস্তদদ্ভুতং ভূতং দত্ত্বা তদ্ধবিরুত্তমম্[৭]।
রাজ্ঞে দশরথায়াথ[৮] তত্রৈবান্তরধীয়ত ॥ ১৭ ॥
ততো দশরথঃ প্রাপ্য তদ্ধবির্দ্দেবনির্ম্মিতম্।
বভূব পরমপ্রীতঃ প্রাপ্য বিত্তমিবাধনঃ ॥ ১৮ ॥

১৬। লো-টী। আত্মহিতং বচঃ স্তোত্রাদিরূপম্ অব্রবীৎ।

১৬। টিপ্পনী। আত্মহিতং বচঃ অব্রবীদিত্যুক্তম্, কীদৃশং তদ্বাক্যং তদত্র নোপলভ্যতে। পাশ্চাত্ত্যানামীদৃশঃ শ্লোকো নাস্তি।

১৭। টিপ্পনী। বিত্তং প্রাপ্য স্থিতঃ অধন ইব লব্ধবিত্তো দরিদ্র ইবেত্যর্থঃ।

হে নরশ্রেষ্ঠ, সন্তানদায়ক, ধন ও আরোগ্যবর্দ্ধক, দেবনির্ম্মিত এই পায়স তুমি গ্রহণ কর ॥ ১৪ ॥

হে রাজন্, 'তোমরা ভক্ষণ কর' এই কথা বলিয়া ধর্ম্মপত্নীগণকে [ইহা] প্রদান কর। যে জন্য তোমার এই উদ্যম (যজ্ঞ), তাঁহাদের (সেই পত্নীগণের) নিকট হইতে তুমি [সেই] প্রীতি (পুত্রলাভ জন্য প্রীতি) লাভ করিবে ॥ ১৫ ॥

নৃপতি দশরথ 'তাহাই হউক' বলিয়া সেই বাক্যের অভিনন্দন পূর্ব্বক সেই শ্রেষ্ঠ পুরুষকে নিজ মঙ্গলকর শ্রেষ্ঠ বাক্য বলিলেন ॥ ১৬ ॥

অতঃপর সেই অদ্ভুত পুরুষ রাজা দশরথকে সেই উত্তম হবিঃ প্রদান করিয়া সেই স্থানেই অন্তর্হিত হইলেন ॥ ১৭ ॥

১। ঘ-জ—'প্রাশিতুং ত্বং'। ২। গ-ঘ-ঙ-ছ-ঝ—'সমু'। ৩। ক-ঙ-জ—'বং'। ৪। গ-ঘ-চ-ছ-জ—'-গৃহ্য'। ৫। ক-গ—ঘ-চ-জ-'সঃ'। ৬। জ—'প্রেষ্ঠ-'। ঝ-পুস্তকে—'শ্রেষ্ঠমি'ত্যতো 'ভূতমি'ত্যন্তোঽংশো নাস্তি। ৭। জ—'রুদ্ভুতম্'। ৮। ঘ—'-য়েতি'।

সোঽন্তঃপুরং প্রবিশ্যাথ কৌশল্যামিদমব্রবীৎ।
পুত্রীয়ং পায়সং দেবি প্রাশ্যতাং[1] হিতমাত্মনঃ ॥ ১৯ ॥
ইত্যুক্ত্বা প্রদদৌ তস্যৈ হবিষোঽর্দ্ধং নরাধিপঃ।
স্বয়মেব সমং কৃত্বা[2] ভাগং ভাগচতুষ্টয়ম্ ॥ ২০ ॥

১৯। টিপ্পনী। পুত্রীয়ং পুত্রোৎপত্তিনিমিত্তম্। গোঃ রাঃ।

২০—২২। টিপ্পনী। সমং ভাগচতুষ্টয়ং কৃত্বার্দ্ধভাগং ভাগদ্বয়মিত্যর্থঃ, কৌশল্যায়ৈ, অর্দ্ধাৎ শিষ্টাদ্ ভাগদ্বয়াদ্ অর্দ্ধং ভাগমেকং কৈকেয্যৈ। চতুর্ভাগং চতুর্থো ভাগশ্চতুর্ভাগঃ, বৃত্তিবিষয়ে সংখ্যাশব্দস্য পূরণার্থত্বাৎ। তং শিষ্টং ভাগং দ্বিধা কৃত্বা ভাগমেকং সুমিত্রায়ৈ দদৌ। ততশ্চ শিষ্টং ভাগং কস্যৈ দদামীতি অনুচিন্ত্য পুনঃ সুমিত্রায়ৈ এব দদৌ। তথাচ ঊনবিংশসর্গে—'বিষ্ণোর্ব্বীর্য্যার্দ্ধতো জজ্ঞে রামো রাজীবলোচনঃ (১। ১৯। ১৩)। তথা লক্ষ্মণশত্রুঘ্নৌ সুমিত্রাজনয়ৎ সুতৌ (১।১৯।১৪)। তাবপ্যান্তাং চতুর্ভাগৌ বিষ্ণোঃ সংপিণ্ডিতাবুভৌ। এক এব চতুর্ভাগাদপরস্মাদজায়ত॥ ভরতো নাম কৈকেয্যাঃ পুত্রঃ সত্যপরাক্রমঃ। (১।১৯।১৫—১৭) এতেন বিষ্ণোর্ব্বীর্য্যরূপস্য পায়সস্যার্দ্ধাংশভক্ষণেন কৌশল্যাতো রামঃ, অর্দ্ধাদর্দ্ধস্য চতুর্ভাগৈকভাগলক্ষণস্য ভক্ষণেন কৈকেয্যা ভরতঃ, শিষ্টার্দ্ধস্য চতুর্ভাগৈকভাগস্য অর্দ্ধভক্ষণেন সুমিত্রায়া লক্ষ্মণঃ, অপরার্দ্ধভক্ষণেন চ শত্রুঘ্নঃ সমুদপদ্যত ইতি নির্গলিতোঽর্থঃ।

অত্রায়ং পাশ্চাত্ত্যানাং পাঠঃ—'কৌশল্যায়ৈ নরপতিঃ পায়সার্দ্ধং দদৌ তদা। অর্দ্ধাদর্দ্ধং দদৌ চাপি সুমিত্রায়ৈ নরাধিপঃ॥ কৈকেয্যৈ চাবশিষ্টার্দ্ধং দদৌ পুত্রার্থকারণাৎ। প্রদদৌ চাবশিষ্টার্দ্ধং পায়সস্যামৃতোপমম্। অনুচিন্ত্য সুমিত্রায়ৈ পুনরেব মহীপতিঃ॥' অত্র গোবিন্দরাজঃ—অথ রাজ্ঞঃ পত্নীভ্যো বিভজ্য পায়সপ্রদানমাহ ত্রিভিঃ। পায়সসার্দ্ধং পায়সার্দ্ধম্। দদৌ জ্যেষ্ঠপত্নীত্বাদিতি ভাবঃ। অর্দ্ধাৎ পৃথক্‌কৃতমর্দ্ধং সুমিত্রায়ৈ দ্বিতীয়মহিষ্যৈ

অনন্তর রাজা দশরথ দেবনির্ম্মিত সেই হবি লাভ করিয়া লব্ধবিত্ত দরিদ্রের ন্যায় পরম আনন্দিত হইলেন ॥ ১৮ ॥

অনন্তর তিনি অন্তঃপুরে প্রবেশ করিয়া কৌশল্যাকে এই কথা বলিলেন,—হে দেবি, নিজের হিতকর, পুত্রপ্রদ এই হবি ভক্ষণ কর ॥ ১৯ ॥

ইহা বলিয়া নরাধিপ দশরথ, হবিঃ (প্রাজাপত্য পুরুষপ্রদত্ত পায়স) সমান চারিভাগে বিভক্ত করিয়া তাহার অর্দ্ধ (অর্থাৎ দুইভাগ) তাঁহাকে (কৌশল্যাকে) প্রদান করিলেন ॥ ২০ ॥

১। ক-জ—'প্রাশেদং', চ-'প্রাশনং', ঘ-ছ-ঝ—'প্রাশীহি'। ২। গ-ঘ-ঙ-ছ-জ-ঝ—'-বতাং বরঃ'।

অর্দ্ধাদর্দ্ধং দদৌ চাপি কৈকেয্যৈ স নরাধিপঃ।
চতুর্ভাগং দ্বিধা কৃত্বা সুমিত্রায়ৈ দদৌ তদা ॥ ২১ ॥
প্রদদৌ চাবশিষ্টন্তৎ[1] পায়সং দেবনির্ম্মিতম্।
অনুচিন্ত্য সুমিত্রায়ৈ পুনরেব নরাধিপঃ ॥ ২২ ॥

২১-২২। লো-টী। চতুর্ভাগং চতুর্থভাগম্। দদাবেকং সুমিত্রায়ৈ। যচ্চাপ্যবশিষ্টং চতুর্থং ষষ্ঠাংশস্যার্দ্ধং তদপ্যনুচিন্ত্য পরামৃশ্য পুনরপি তস্যৈ দদৌ।

দদৌ চতুর্থাংশমিত্যর্থঃ। অথ শিষ্টস্য পায়সস্যার্দ্ধমবশিষ্টার্দ্ধম্, অষ্টমাংশমিত্যর্থঃ। কৈকেয্যৈ তৃতীয়মহিষ্যৈ দদৌ।...অনুচিন্ত্য কৈকেয্যপেক্ষয়া সুমিত্রায়া অধিকাংশভাক্‌ত্বং ভবেদিতি বিচার্য্যেত্যর্থঃ। তত্রাপি হি কৈকেয্যৈ দানে কৈকেয়ীসুমিত্রয়োঃ সমানাংশঃ স্যাত্তন্ন যুক্তম্। অন্যথা জ্যেষ্ঠাকনিষ্ঠাবৈষম্যং ন স্যাৎ। কৈকেয়ী হি কনিষ্ঠা। 'ন তেঽম্বা মধ্যমা তাত গর্হিতব্যা কথঞ্চন' ইতীতরপত্ন্যপেক্ষয়া মধ্যমাত্বমুক্তম্। বল্লভায়ামপি কৈকেয্যাং সম্ভোগ-বিষয়ে পক্ষপাতো ন তু ধর্ম্ম্যসংবিভাগে। অতো বহুমানায় জ্যৈষ্ঠ্যক্রমাদ্ ভাগতারতম্যং কৃতম্। ততোঽনেন ভাগেন রামো বিষ্ণোরর্দ্ধাংশঃ, লক্ষ্মণঃ পাদাংশঃ, ভরতশত্রুঘ্নৌ পাদস্যার্দ্ধাংশৌ।

রামানুজোঽপ্যেবমাহ—অর্দ্ধশব্দোঽত্র সমবিভাগবাচী। অর্দ্ধাদর্দ্ধং তুরীয়াংশমিত্যর্থঃ। অবশিষ্টার্দ্ধম্ অবশিষ্টস্য চতুর্থাংশস্যার্দ্ধমষ্টমাংশমিত্যর্থঃ। পুনরবশিষ্টাংশমষ্টমাংশম্। অনু-চিন্ত্যেতি—কৈকেয্যপেক্ষয়া জ্যেষ্ঠত্বং কৌশল্যাপেক্ষয়া কনিষ্ঠত্বঞ্চ সুমিত্রায়া বিচার্য্য পাদোনার্দ্ধাংশদানং তস্যৈ। কনিষ্ঠত্বাচ্চ কৈকেয্যৈ অষ্টমাংশদানম্। বল্লভায়াং সম্ভোগকর্ম্মণি পক্ষপাতঃ, ন ধর্ম্ম্যবিভাগকর্ম্মণি। এবঞ্চ ভরতশত্রুঘ্নৌ পাদস্যার্দ্ধমর্দ্ধমিত্যাহুঃ।

অপরে তু—রামভরতৌ প্রত্যেকং ত্র্যংশৌ লক্ষ্মণশত্রুঘ্নৌ চাষ্টমাংশৌ। তথাহি—কৌশল্যায়ৈ দত্তার্দ্ধস্য অর্দ্ধাদর্দ্ধং চতুর্থাংশরূপং সুমিত্রায়ৈ দত্তবান্ কৌশল্যয়া দাপিতবানিত্যর্থঃ। এবং কৈকেয্যৈ কৌশল্যাদত্তার্দ্ধাবশিষ্টমর্দ্ধং দদৌ। ততঃ কৌশল্যাদত্তাবশিষ্টস্য কৈকেয্যৈ দত্তস্য যদর্দ্ধং তদর্দ্ধং বিচার্য্য পুনরপি সুমিত্রায়ৈ দদৌ। তয়া দাপয়ামাসেত্যর্থঃ। অত্রার্দ্ধপদা-বৃত্তির্বোধ্যা। তদুক্তং কালিদাসেন—'স তেজো বৈষ্ণবং পত্ন্যোর্বিভেজে চরুসংজ্ঞিতম্।

(অবশিষ্ট) অর্দ্ধ হইতে নরাধিপ দশরথ অর্দ্ধ কৈকেয়ীকে দান করিলেন। তখন অবশিষ্ট চতুর্থভাগ দুইভাগে বিভক্ত করিয়া [একভাগ] সুমিত্রাকে দিলেন ॥ ২১ ॥

পরে চিন্তা করিয়া নরাধিপ দশরথ দেবনির্ম্মিত অবশিষ্ট সেই পায়স পুনরায় সুমিত্রাকেই দিলেন ॥ ২২ ॥

১। খ—'তৎ'।

দ্যাবাপৃথিব্যোঃ প্রত্যগ্রমহর্পতিরিবাতপম্ (রঘৌ ১০—৫৪)॥ অর্চ্চিতা তস্য কৌশল্যা প্রিয়া কেকয়বংশজা। অতঃ সম্ভাবিতাং তাভ্যাং সুমিত্রামৈচ্ছদীশ্বরঃ॥ তে বহুজ্ঞস্য চিত্তজ্ঞে পত্ন্যৌ পত্যুর্মহীক্ষিতঃ। চরোরর্দ্ধার্দ্ধভাগাভ্যাং তামযোজয়তামুভে॥ সা হি প্রণয়বত্যাসীৎ সপত্ন্যোরুভয়োরপি॥' (১০—৫৫—৫৭)। ইতি অর্দ্ধার্দ্ধভাগাভ্যামিত্যস্য স্বস্বলব্ধাংশ-সম্বন্ধ্যর্দ্ধার্দ্ধভাগাভ্যামিত্যর্থঃ। পৃথগিতি বিভজ্যেতি শেষঃ। কতকস্যাপি এবং রীতিরেব সম্মতা ইত্যাহুঃ।

অথাত্র মল্লিনাথস্যাভিমতম্—'অয়ঞ্চ বিভাগো ন রামায়ণসংবাদী। তত্র চরোরর্দ্ধং কৌশল্যায়ৈ, অবশিষ্টার্দ্ধং কৈকেয্যৈ, শিষ্টং পুনঃ সুমিত্রায়া ইত্যভিধানাৎ। কিন্তু পুরাণান্তরসংবাদো দ্রষ্টব্যঃ।' ইতি।

পুরাণান্তরেঽস্মাভির্দৃশ্যতে, যথা—'তে পিণ্ডপ্রাশনে কালে সুমিত্রায়ৈ মহীপতেঃ। পিণ্ডাভ্যামল্পমল্পন্তু স্বভগিন্যৈ প্রযচ্ছতঃ॥' ইতি নৃসিংহপুরাণবচনম্ 'বশিষ্ঠবৃন্দশৃঙ্গাভ্যামনুজ্ঞাতো দদৌ হবিঃ। কৌশল্যায়ৈ স কৈকেয্যৈ অর্দ্ধমর্দ্ধং প্রযত্নতঃ॥ ততঃ সুমিত্রা সংপ্রাপ্তা জগৃধ্নুঃ পৈতৃকং চরুম্। কৌশল্যা তু স্বভাগার্দ্ধং দদৌ তস্যৈ মুদান্বিতা। কৈকেয়ী চ স্বভাগার্দ্ধং দদৌ প্রীতিসমন্বিতা (৪।১০—১২)॥ ইত্যাদি-পদ্মপুরাণীয়বচনম্।

ক্ষেমেন্দ্রেণ বঙ্গীয়পাঠমনুসরতোক্তম্—'ততোঽর্দ্ধং প্রাপ কৌশল্যা চতুর্ভাগঞ্চ কৈকয়ী। চতুর্ভাগং সুমিত্রা চ স্বয়ং তেন দ্বিধাকৃতম্॥'

এবং পায়সবিভাগে মতানামনেকশ এব বিভিন্নতা পরিলক্ষ্যতে ইতি যদ্যপি দুষ্করমিব সমাধানম্, তথাপি মল্লিনাথক্ষেমেন্দ্রাদিভিঃ সমর্থিতত্বাদ্ বঙ্গীয়পাঠসম্মতপায়সবিভাগ এব সমীচীনতয়া মন্যতে।

শ্রীরামোত্তরতাপনীয়ে তু দৃশ্যতে—'অকারাক্ষরসম্ভূতঃ সৌমিত্রির্বিশ্বভাবনঃ। উকারাক্ষরসম্ভূতঃ শত্রুঘ্নস্তৈজসাত্মকঃ॥ প্রজ্ঞাত্মকস্তু ভরতো মকারাক্ষরসম্ভবঃ। অর্দ্ধমাত্রাত্মকো রামো ব্রহ্মানন্দৈকবিগ্রহঃ॥' অস্যার্থঃ—রামঃ অর্দ্ধমাত্রাত্মকো ব্রহ্মস্বরূপস্য প্রণবস্য অর্দ্ধাংশতঃ, ভরতো মকারাক্ষরঃ প্রণবস্য চতুর্থাংশঃ তস্মাৎ, সৌমিত্রির্লক্ষ্মণঃ অকারাক্ষরঃ প্রণবস্যৈক-চতুর্থাংশতঃ, শত্রুঘ্ন উকারাক্ষরঃ প্রণবস্যাপরচতুর্থাংশতঃ সম্ভূতঃ।

অথ পাশ্চাত্ত্যপাঠানামপি বক্ষ্যমাণরীত্যা ব্যাখ্যা ক্রিয়তে চেৎ কা তদা হানিঃ। নরপতিঃ কৌশল্যায়ৈ পায়সস্যার্দ্ধং দদৌ। অর্দ্ধাৎ অর্দ্ধং চতুর্ভাগৈকভাগং দ্বিধা কৃত্বা ভাগমেকং সুমিত্রায়ৈ দদৌ। অবশিষ্টার্দ্ধং তৃতীয়ভাগমিত্যর্থঃ, কৈকেয্যৈ দদৌ। অনুচিন্ত্য পশ্চাৎ চতুর্ভাগৈকভাগস্যাপরং ভাগং পুনরপি সুমিত্রায়ৈ দদৌ।

এবঞ্চেৎ বক্ষ্যমাণপাশ্চাত্ত্যশ্লোকৈরপি সুসঙ্গতিঃ স্যাৎ। তথা চ—'কৌশল্যাজনয়দ্রামং দিব্যলক্ষণসংযুতম্। বিষ্ণোরর্দ্ধং মহাভাগং পুত্রমিক্ষ্বাকুনন্দনম্॥ ভরতো নাম কৈকেয্যাং জজ্ঞে সত্যপরাক্রমঃ। সাক্ষাদ্বিষ্ণোশ্চতুর্ভাগঃ সর্ব্বৈঃ সমুদিতো গুণৈঃ। অথ লক্ষ্মণশত্রুঘ্নৌ সুমিত্রাজনয়ৎ সুতৌ। বীরৌ সর্ব্বাস্ত্রকুশলৌ বিষ্ণোরর্দ্ধসমন্বিতৌ॥' (১।১৮।১০-১১-১৩-১৪।)

ততো হবিঃ প্রাশ্য তদুত্তমং স্ত্রিয়ঃ
স্বয়ং নৃপেণ প্রতিপাদিতং মুদা।[১]
হুতাশনাদিত্যসমানতেজসঃ
ক্রমেণ গর্ভানুপলেভিরে শুভান্[২] ॥ ২৩ ॥

যদ্যপ্যত্রাপি রামানুজেন বহুকষ্টকল্পনয়া কল্পিতমর্থান্তরম্, তথাপি সহজেন পথা অর্দ্ধাদ্ রামঃ অর্দ্ধস্যার্দ্ধাদ্ ভরতঃ, অর্দ্ধস্যাপরার্দ্ধাদ্ লক্ষ্মণশত্রুঘ্নৌ ইত্যেবার্থশ্চেৎ স্বীকুর্য্যস্তদা বঙ্গীয়-পাঠেনাপ্যেকবাক্যতাং কর্ত্তুং শক্নুমঃ। কিন্ত্বত্রাতীব বিরাগঃ সংলক্ষ্যতে রামানুজপাদস্য। বঙ্গীয়পাঠমুদ্ধৃত্য তেনোক্তম্—'ইতি দৃশ্যমানঃ পাঠঃ স তু অসাম্প্রদায়িক এব, তত্তদ্দত্তভাগজন্যস্য তত্তৎপুত্রৈকবাক্যতৌচিত্যোন। 'অপরে তু' ব্যাখ্যৈবাত্র জ্যায়সী পাঠান্তরে ব্যাখ্যান্তরে চ লক্ষ্মণরাময়োরেব ভরতশত্রুঘ্নয়োরেবৈকবাক্যতায়াং বীজালাভঃ। উক্তঞ্চ পাদ্মে—'যুগং বভূবতুস্তত্র সুস্নিগ্ধৌ রামলক্ষ্মণৌ। তথা ভরতশত্রুঘ্নৌ পায়সাংশবশাৎ স্বতঃ॥' ইতি দিক্।

অথাপরঃ পক্ষঃ শিরোমণেঃ। তথাচ—নরপতিরমৃতোপমং পায়সার্দ্ধং পায়সস্যার্দ্ধমংশং মহাভাগমিতি রামবিশেষণাৎ জ্যেষ্ঠপত্নীত্বাচ্চ কঞ্চিদধিকমংশং পুত্রার্থকারণাৎ কৌশল্যায়ৈ দদৌ। ততোঽনুচিন্ত্য অপ্রকটিতসাকেতে একঃ সুমিত্রাপুত্রঃ কৌশল্যাপুত্রানুযায়ী, দ্বিতীয়ঃ সুমিত্রাপুত্রঃ কৈকেয়ীপুত্রানুযায়ীতি বিচার্য্যৈব অর্দ্ধাৎ কৌশল্যাভাগতোঽর্দ্ধং নরাধিপঃ সুমিত্রায়ৈ দদৌ কৌশল্যয়া দাপয়ামাস ইত্যর্থঃ। অন্তর্ভাবিতণিজর্থঃ। কৌশল্যাভাগাদবশিষ্ট-ভাগমর্দ্ধং কৃত্বা সুমিত্রায়ৈ দদাবিত্যর্থস্তু ন যুক্তঃ। অত্রাবশিষ্টপদাভাবাদুত্তরত্রাবশিষ্টপদস্য বিদ্যমানত্বাচ্চ যুক্তিতো রামানুযায়িত্বাপত্তেশ্চ। ততোঽবশিষ্টার্দ্ধমবশিষ্টমর্দ্ধং কৌশল্যাভাগতঃ কিঞ্চিন্ন্যূনাংশং কৈকেয্যৈ মহীপতির্দ্দদৌ দাপয়ামাসেত্যর্থঃ। পুনরেব পুনরপি এবোঽপ্যর্থে। অবশিষ্টার্দ্ধম্ অবশিষ্টস্য দত্তকৈকেয়ীভাগস্যার্দ্ধমংশং সুমিত্রায়ৈ প্রদদৌ কৈকেয্যা প্রদাপয়া-মাসেত্যর্থঃ।' অয়ং ভাবঃ—পায়সেঽষ্টাবংশাঃ কৃতাঃ। তত্র পঞ্চমাংশং কৌশল্যায়ৈ দত্তবান্। কৌশল্যাভাগতঃ সার্দ্ধমেকমংশং সুমিত্রায়ৈ দাপয়ামাস। কৌশল্যাভাগতঃ উর্ব্বরিতাং-স্ত্রীনংশান্ কৈকেয্যৈ দাপয়ামাস। কৈকেয়ীভাগাৎ সার্দ্ধমেকমংশং সুমিত্রায়ৈ দাপয়ামাসেতি। সার্দ্ধত্রীনংশানেকীকৃত্য কৌশল্যা বুভুজে। তদেব রামপ্রাদুর্ভাবে নিমিত্তীভূতম্। সার্দ্ধমেকং স্বাংশমেকীকৃত্য কেকয়ী বুভুজে তদেব ভরতপ্রাদুর্ভাবে নিমিত্তীভূতম্। কৌশল্যাদত্তস্যার্দ্ধমংশ-মেকীকৃত্য সুমিত্রা পূর্ব্বং বুভুজে। তদেব লক্ষ্মণপ্রাদুর্ভাবে নিমিত্তীভূতম্। ভরতলক্ষ্মণপ্রাদুর্ভাব-নিমিত্তীভূতপায়সয়োঃ সমত্বেঽপি রামোদ্দেশ্যকভাগাংশপ্রভাবাল্লক্ষ্মণেঽধিকপ্রভাবপ্রতীতিঃ।

২৩। টিপ্পনী। হবিরত্র প্রাজাপত্যপুরুষপ্রদত্তং পায়সম্। ব্যক্তমুক্তং পাশ্চাত্ত্যৈঃ

১। ঙ—'পুমান্'। ২। ॥—'শুদ্ধা'। •

ততঃ স রাজা সমুপেত্য তাঃ স্ত্রিয়ঃ
প্ররূঢ়গর্ভাঃ পরিতুষ্টমানসঃ।
বভূব হৃষ্টঃ[১] সুকৃতী যথা দিবং
সমীক্ষ্য যোগপ্রসৃতেন চেতসা[২] ॥ ২৪ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে আদিকাণ্ডে পঞ্চদশঃ সর্গঃ ॥ ১৫

২৪। লো-টী।, সুকৃতী যোগী। যোগপ্রসৃতেন যোগেন প্রাপ্তেন তেজসা প্রভাবেণ। চেতসেতি পাঠে যোগযুক্তেন চেতসা।

[আদিকাণ্ডে পঞ্চদশঃ সর্গঃ ১৫ ॥]

—'ততস্ত তাঃ প্রাশ্য তদুত্তমস্ত্রিয়ো মহীপতেরুত্তমপায়সং পৃথক্' ইত্যাদিক্রমেণ। পায়সস্য উত্তমত্বং চ তস্য বিষ্ণুতেজঃসম্ভৃতত্বাৎ। হুতাশনাদিত্যশব্দৌ তত্তত্তেজঃপরৌ। গোঃ রাঃ। হুতাশনাদিত্যসমানতেজস ইতি গর্ভাণাং স্ত্রীণাঞ্চ তন্ত্রেণ বিশেষণম্। তিঃ।

অনন্তর [কৌশল্যাপ্রভৃতি] স্ত্রীগণ স্বয়ং রাজা দশরথ কর্তৃক হর্ষের সহিত প্রদত্ত সেই উত্তম হবি ভক্ষণ করিয়া ক্রমে অগ্নি ও সূর্য্যতুল্য তেজঃসম্পন্ন কল্যাণকর গর্ভ প্রাপ্ত হইলেন ॥ ২৩ ॥

অনন্তর সন্তুষ্টচিত্ত রাজা দশরথ প্রবৃদ্ধগর্ভ স্ত্রীগণের নিকট উপস্থিত হইয়া সুকৃতী যেমন যোগবিস্ফারিত চিত্তে স্বর্গ দর্শন করিয়া আনন্দিত হয়েন, সেইরূপ আনন্দিত হইলেন ॥ ২৪ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের আদিকাণ্ডে পঞ্চদশ সর্গ সমাপ্ত ॥

১। গ-ঙ-ঝ—'তুষ্টঃ'। ২। ঙ—'তেজসা'।

ষোড়শঃ সর্গঃ

সমাপ্তেঽথ ক্রতৌ তস্মিন্[১] বাজিমেধে মহাদ্ভুতে।
হবির্ভাগানবাপ্যেষ্টান্ জগ্মুর্দেবা যথাগতম্[২] ॥ ১ ॥

ঋষয়শ্চ মহাত্মানঃ প্রতিজগ্মুঃ সুপূজিতাঃ[৩]।
রাজানশ্চৈব যে তত্র ক্রতাবাসন্ সমাগতাঃ ॥ ২ ॥

তদানীং তাননুজ্ঞাতুং[৪] সর্ব্বানেব প্রচক্রমে।
প্রীতিযুক্তেন মনসা রাজা দশরথস্তদা ॥ ৩ ॥

স্বং স্বং রাষ্ট্রং যথাকামং গচ্ছন্তু মনুজাধিপাঃ।
প্রীতোঽহমস্মি ভদ্রং বঃ স্বস্তি প্রাপ্নুত মা চিরম্ ॥ ৪ ॥

৪। লো-টী। স্বস্তি প্রাপ্নুত মা চিরং মা চিরেণ মা বিলম্বেন।

১। টিপ্পনী। যথাগতম্ আগতক্রমম্ অনতিক্রম্য জগ্মুঃ স্বস্বস্থানং প্রাপুঃ। শিরোঃ। বাজিমেধে ক্রতৌ পুত্রেষ্টিসহিতে ইতি শেষঃ। ইষ্টান্ ঈপ্সিতান্ বাঞ্ছিতানিতি যাবৎ। 'ইষ্টং যাগে চ দানে চ বাঞ্ছিতেঽপি প্রযুজ্যতে' ইত্যজয়ঃ।

২। টিপ্পনী। সুপূজিতাঃ প্রাপ্তাতিথিসৎকারাঃ।

৩। টিপ্পনী। তান্ ক্রতৌ সমুপস্থিতান্ সর্ব্বানেব অনুজ্ঞাতুং স্বস্বাবাসগমনায়াদেষ্টুং প্রচক্রমে।

৪। টিপ্পনী। বঃ ভদ্রং মঙ্গলং ভবতু, স্বস্তি ক্ষেমং প্রাপ্নুত, মা চিরম্ অচিরমেব কল্যাণমধিগচ্ছত।

অনন্তর অত্যদ্ভুত অশ্বমেধ যজ্ঞ সমাপ্ত হইলে দেবগণ অভিলষিত হবির্ভাগ প্রাপ্ত হইয়া যেই ভাবে আসিয়াছিলেন, সেই ভাবেই গমন করিলেন ॥ ১ ॥

মহামনা ঋষিগণও সম্যগ্ভাবে পূজিত হইয়া প্রতিগমন করিলেন। যে সকল রাজা যজ্ঞে সমাগত হইয়াছিলেন তাঁহাদের সকলকেই তখন রাজা দশরথ প্রীতচিত্তে [প্রতিগমনের] অনুমতি প্রদান করিবার উপক্রম করিলেন ॥ ২-৩ ॥

১। ঙ—'তু'। ২। গ—'মহাক্রতৌ', ঘ-চ-ছ-জ-'যথাক্রমম্'। ৩। ক-খ-ঙ—'যথাক্রমম্'। ৪। ঘ—'-জ্ঞাং', ঙ-ঝ-'-জ্ঞাতুম্'।

সর্ব্বে ভবন্তঃ পশ্যন্তু কার্য্যং বিষয়রক্ষণম্[1] ।
ভ্রষ্টো হি বিষয়াদ্রাজা[2] মৃতকল্পঃ প্রদৃশ্যতে ॥ ৫ ॥
তস্মাৎ স্ববিষয়ে রক্ষা কর্ত্তব্যা ভূতিমিচ্ছতা ।
যজ্ঞৈর্নাবাপ্যতে স্বর্গো[3] রক্ষণাৎ প্রাপ্যতে যথা ॥ ৬ ॥
যথা হি পুরুষঃ কুর্য্যাচ্ছরীরে যত্নমুত্তমম্ ।
বসনাদ্যৈরুপায়ৈস্তু[4] তথা রাজ্যে[5] নরাধিপঃ ॥ ৭ ॥

৫। টিপ্পনী। বিষয়স্য রাজ্যস্য রক্ষণমেব কার্য্যং পশ্যন্তু। বিষয়াদ্ রাজ্যাদপালনাদি-দোষেণ ভ্রষ্টশ্চ্যুতো রাজা মৃতকল্পঃ মৃতোপম ইত্যর্থঃ।

৬। টিপ্পনী। ভূতিং সম্পদং 'ভূতির্ভস্মনি সম্পদি' ইত্যমরঃ। রক্ষণাৎ রাজ্যাদি-পালনাৎ যথা অনায়াসেন স্বর্গঃ প্রাপ্যতে যজ্ঞৈরশ্বমেধাদিভির্ন তথা। এতেন কর্ত্তব্যকার্য্য-পালনস্য প্রাধান্যং বিবক্ষিতম্।

৭। টিপ্পনী। বসনাদ্যৈর্যথা তথা উপায়ৈঃ সামদানভেদদণ্ডৈঃ। 'ভেদদণ্ডসামদান-মিত্যুপায়চতুষ্টয়ম্' ইত্যমরঃ।

[রাজা দশরথ বলিলেন] হে নরাধিপগণ ! [আপনারা] ইচ্ছানুসারে নিজ নিজ রাজ্যে গমন করুন। আমি প্রীত হইয়াছি। আপনাদের মঙ্গল হউক। [আপনারা] অচিরে কল্যাণ লাভ করুন ॥ ৪ ॥

আপনারা সকলে দেশরক্ষারূপ কার্য্য দর্শন করুন। রাজা [অপালনাদিদোষে] রাজ্য হইতে ভ্রষ্ট হইলে মৃতের ন্যায় পরিদৃষ্ট হয়েন ॥ ৫ ॥

অতএব ঐশ্বর্য্যাভিলাষী [রাজার] নিজের বিষয়ে [প্রজার] রক্ষণ কর্ত্তব্য। রক্ষণ (ধর্ম্মানুসারে প্রজাপালনাদি) হইতে যেরূপ [সহজে] স্বর্গ লাভ করা যায়, যজ্ঞদ্বারা সেরূপ পারা যায় না ॥ ৬ ॥

পুরুষ বস্ত্রাদিদ্বারা যেমন শরীরে প্রকৃষ্ট যত্ন করিবে, রাজাও সেইরূপ সাম, দান, ভেদ ও দণ্ড এই উপায়চতুষ্টয়দ্বারা রাজ্যে যত্ন করিবেন ॥ ৭ ॥

১। গ-ঙ—'লক্ষণম্'। ২। ক-গ-জ—'বিজয়া'। ৩। ছ—'যজ্ঞো'। ৪। গ-ঙ—'-শ্চ'। ৫। ঙ—'রাষ্ট্রে-'।

অনাগতবিধানঞ্চ কর্ত্তব্যং বিষয়ে নৃপৈঃ।
আগমশ্চাপি কর্ত্তব্যস্তথা[১] দোষো ন জায়তে॥ ৮ ॥
এবং সমাদিশদ্রাজ্ঞো[২] রাজা[৩] শ্রুত্বা[৪] চ তং নৃপাঃ[৫]।
অন্যোঽন্যং সংবিদং কৃত্বা প্রযাতাঃ সর্ব্বতো দিশঃ॥ ৯ ॥
সমাপ্তদীক্ষানিয়মঃ পত্নীগণসমন্বিতঃ।
সংপ্রহৃষ্টমনা ভূত্বা রাজা দশরথস্তদা[৬]॥ ১০ ॥

৮। লো-টী। অনাগতবিধানম্ অনাগতস্যাপি যুদ্ধাদের্বিধানং যুদ্ধসামগ্রীবিধানম্। আগমো ধনাগমঃ।

৯। লো-টী। সংবিদং সম্ভাষণম্।

[আদিকাণ্ডে ষোড়শঃ সর্গঃ॥ ১৬॥]

৮। টিপ্পনী। অনাগতবিধানঞ্চ—অনাগতানাং যুদ্ধাদীনাং বিষয়াণাং বিধানম্। তথা সতি দোষোঽপরাধো ন জায়তে।

৯। টিপ্পনী। রাজা রাজ্ঞ এবং সমাদিশৎ। তম্ আদেশমিত্যর্থঃ। অন্যোঽন্যং পরস্পরং সংবিদং সম্ভাষণং কৃত্বা। 'সংবিৎ সম্ভাষণে জ্ঞানে সংগ্রামে নাম্নি তোষণে' ইতি কোষঃ।

১০। টিপ্পনী। সমাপ্তদীক্ষানিয়মঃ—দীক্ষা যজ্ঞদীক্ষা, সমাপ্তা অবসিতা দীক্ষানিয়মা দীক্ষিতানুষ্ঠেয়ভূমিশয়নাদিরূপা যস্য সঃ।

রাজগণের [পক্ষে] রাজ্যে অনাগত বিষয়সমূহের [যুদ্ধাদির] বিধান ও অর্থাগম করা কর্ত্তব্য, তাহা হইলে দোষ জন্মে না॥ ৮॥

রাজা দশরথ রাজগণকে এইরূপ আদেশ করিলেন। রাজগণ সেই আদেশ শ্রবণ করিয়া পরস্পর সম্ভাষণপূর্ব্বক চতুর্দ্দিকে প্রস্থান করিলেন॥ ৯॥

তৎপরে রাজগণ প্রতিগমন করিলে দীক্ষার নিয়মসমূহ সমাপন করিয়া অতিহৃষ্টচিত্ত হইয়া শ্রীমান্ রাজা দশরথ শ্রেষ্ঠ দ্বিজগণকে অগ্রে করিয়া

১। ঘ—'তদা'। ২। ঘ—'-রাজা'। ৩। ঘ—'রাজ্ঞঃ'। ৪। ঙ—'বচো'। ৫। ঘ—'নৃপাৎ'। ৬। ছ-ঝ—'-স্তথা'।

গতেষু পার্থিবেন্দ্রেষু সভৃত্যবলবাহনঃ[1] ।

প্রবিবেশ পুরীং শ্রীমান্ পুরস্কৃত্য দ্বিজোত্তমান্[2] ॥ ১১ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে আদিকাণ্ডে ষোড়শঃ সর্গঃ ॥ ১৬ ॥ *

১১। টিপ্পনী। দ্বিজোত্তমান্ বশিষ্ঠাদীন্

পত্নীগণ, ভৃত্য, সৈন্য ও বাহনাদির সহিত পুরী (অযোধ্যাতে) প্রবেশ করিলেন ॥ ১০-১১ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের আদিকাণ্ডে ষোড়শ সর্গ সমাপ্ত ॥

১। ঙ—'সম-', খ-'সমগ্রবল', ক-'-সভ্য'। ২। গ-ঘ-ঙ—'দ্বিজর্ষভান্'।

*গ-ঙ-পুস্তকয়োরত্র সর্গসমাপ্তির্ন দৃশ্যতে।

সপ্তদশঃ সর্গঃ *

ততঃ কালস্য মহত[১] ঋষ্যশৃঙ্গঃ সুপূজিতঃ[২]।
প্রযযৌ শান্তয়া সার্দ্ধং ব্রাহ্মণৈশ্চ কৃতাত্মভিঃ[৩] ॥ ১ ॥
অন্বীয়মানো রাজ্ঞা বৈ সানুযাত্রেণ ধীমতা।
বশিষ্ঠেন চ ধীরেণ তথা পৌরজনেন চ ॥ ২ ॥
যানেন মহতা[৪] শান্তা কম্বলাবততেন[৫] হ[৫]।
গোভিঃ শ্বেতৈশ্চ যুক্তেন প্রেষ্যবর্গান্বিতেন চ ॥ ৩ ॥
সংগৃহ্য রত্নং[৬] সুবহু মণিরত্নমজাবিকম্[৭]।
বিবিধৈশ্চাপ্যলঙ্কারৈর্ভূষিতা শ্রীরিবাপরা ॥ ৪ ॥

১। লো-টী। কালস্য মহতঃ মহতি কালে সতি।
২। লো-টী। সানুযাত্রেণ সসৈন্যেন।
৩। লো-টী। কম্বলাবততেন কম্বলেন সমন্ততো ব্যাপ্তেন।
৪। লো-টী। রত্নং মাণিক্যাদি। মণিরূপং স্বর্ণমণ্যাদি।

১। টিপ্পনী। মহতঃ কালস্য মহতি কালে অতীতে ইত্যর্থঃ। কৃতাত্মভিঃ কৃতো বশীকৃত আত্মা চিত্তং যৈস্তৈঃ।
২। টিপ্পনী। অন্বীয়মানঃ অনুগম্যমানঃ। সানুযাত্রেণ ভৃত্যবর্গসহিতেন। শিরোঃ।
৩। টিপ্পনী। প্রেষ্যা নিযোজ্যা ভৃত্যাদয়ঃ।

অনন্তর অনেক কাল অতীত হইলে সম্যক্‌প্রকারে অর্চ্চিত ঋষ্যশৃঙ্গ শান্তা এবং জিতচিত্ত ব্রাহ্মণগণের সহিত গমন করিলেন ॥ ১ ॥

ধীমান্ সানুচর রাজা দশরথ, ধীর বশিষ্ঠ ও পৌরজন তাঁহার অনুগমন করিলেন ॥ ২ ॥

রমণীশ্রেষ্ঠা শান্তা বিবিধ অলঙ্কারে ভূষিতা হইয়া শ্বেতবর্ণ গোগণযুক্ত,

---

১। ঘ—'কালেন মহতা'। ২। ঝ—'সমুৎসুকঃ'। ৩। ঘ—'স্তু'। ৪। ঞ—'বসনেন চ', গ-বরণেন চ'। ৫। ছ-ঝ—'চ'। ৬। ক-ঙ—'ধনং'। ৭। গ-ঘ—'-গজাবিকম্', ছ-গজাদিকম্'।

---

* ঙপুস্তকে অয়ং সর্গ এব ন দৃশ্যতে।

মুদা পরময়োপেতা প্রযযৌ বরবর্ণিনী।

ভর্ত্তারমনু সংরক্তা পৌলোমীব পুরন্দরম্ ॥ ৫ ॥

উষিত্বা[1] সুখবাসং সা সর্ব্বকামৈঃ সুপূজিতা[2]।

লালিতা[3] জ্ঞাতিভিশ্চাপি তথা স্ত্রীভিশ্চ সর্ব্বশঃ ॥ ৬ ॥

শ্রাবিতা[4] বনবাসং চ ভর্ত্রা[5] সাথ শুভাননা[6]।

তমেব মন্যতে সাধু তথাপি সুখিতা[7] সতী ॥ ৭ ॥

সান্তঃপুরো নৃপশ্চাপি সোঽন্বগচ্ছন্মহাব্রতম্।

ঋষিপুত্রং মহাভাগং শান্তাঞ্চৈবাত্মজাং শুভাম্ ॥ ৮ ॥

৬। লো-টী। জ্ঞাতিভির্বন্ধুভিঃ।

৬। টিপ্পনী। জ্ঞাতিভিরাত্মীয়ৈঃ স্বজনৈর্ব্বা। 'আত্মীয়ঃ স্বজনো বন্ধুরাপ্তো জ্ঞাতিশ্চ বান্ধবঃ' ইতি হলায়ুধঃ। উষিত্বা সুখবাসং সেত্যাদি। উষিত্বা স্থিতেত্যন্বয়ঃ।

৭। টিপ্পনী। ভর্ত্রা সহেতি শেষঃ।

৮। টিপ্পনী। মহাব্রতম্—মহদ্ ব্রতং তপশ্চর্য্যা সংযমো বা যস্য তম্।

দাসদাসীগণসমন্বিত, কম্বলাবৃত মহাযানে বহু মণি, রত্ন, ছাগ, মেষ প্রভৃতি সঙ্গে লইয়া দ্বিতীয়া লক্ষ্মীর ন্যায় পরম আনন্দে গমন করিতে লাগিলেন। পৌলোমী (ইন্দ্র-পত্নী) যেমন ইন্দ্রে অনুরক্তা, শান্তাও সেইরূপ ভর্ত্তাতে অনুরক্তা ছিলেন ॥ ৩-৫ ॥

সুন্দরমুখশ্রীসম্পন্না শান্তা [যদিও] সুখে বাস করিতেছিলেন এবং সমস্ত কাম্য বস্তুদ্বারা অর্চ্চিত হইয়া আত্মীয়গণ ও [পুর-] স্ত্রীগণের দ্বারা সর্ব্বপ্রকার আদরে প্রতিপালিত হইতেছিলেন, তথাপি ভর্ত্তার সঙ্গে বনবাস [করিতে যাইতে হইবে, ইহা তাঁহাকে] শোনান হইলে তিনি আনন্দিত হইয়া তাহাই ভাল বলিয়া মনে করিলেন ॥ ৬-৭ ॥

অন্তঃপুরবাসিগণের সহিত সেই রাজা দশরথও মহাসংযমী মহাভাগ্য ঋষিপুত্র ঋষ্যশৃঙ্গের এবং মঙ্গলময়ী আত্মজা শান্তার অনুগমন করিলেন ॥ ৮ ॥

১। ছ-গ—'-বাসা', '-সংবাসঃ'। ২। গ-ঝ—'প্র-'। ৩। ঘ—'নন্দিতা'। ৪। ঝ—'ভদ্রা'। ৫। চ-জ—'সহ'। ৬। ঝ—'বরাননা'। ৭। চ—'সুখিনী'।

ঋষিপুত্রস্য বচনাত্ততো বাসে প্রকল্পিতে[1]।
সুখবাসাঃ[2] স্ম গচ্ছন্তি সর্ব্বকামৈঃ সুপূজিতাঃ ॥ ৯ ॥
ততোঽভিগম্য রাজানমৃষিপুত্রঃ প্রতাপবান্।
সমনুজ্ঞাপয়ামাস[3] নিবর্ত্তস্ব[4] নৃপেতি তম্ ॥ ১০ ॥
ঋষিপুত্রবচঃ শ্রুত্বা রাজা সান্তঃপুরস্তদা।
উচ্চৈঃ প্ররুদিতস্তত্র বচনঞ্চেদমব্রবীৎ ॥ ১১ ॥
কৌশল্যাঞ্চ সুমিত্রাঞ্চ কৈকেয়ীঞ্চ যশস্বিনীম্।
সর্ব্বাঃ সুদৃষ্টাং[5] কুরুত শান্তাং দুর্লভদর্শনাম্ ॥ ১২ ॥
তত আলিঙ্গ্য তাঃ সর্ব্বাঃ[6] শান্তাং বাষ্পাবিলেক্ষণাঃ[7]।
ঊচুঃ স্বস্ত্যয়নান্যস্য সভার্য্যস্য দ্বিজস্য তাঃ ॥ ১৩ ॥

৯। লো-টী। বসত্যস্মিন্নিতি বাসো গৃহম্। প্রকল্পিতে স্বীয়ে। সুখবাসাঃ অযোধ্যা-সুখবাসিনঃ। গচ্ছন্তি স্ম জগ্মুঃ, রাজ্ঞা সুপূজিতাঃ।

৯। টিপ্পনী। সুখেন বাসোঽবস্থানং যেষাং তে। গচ্ছন্তি স্ম অন্বগচ্ছন্নিত্যর্থঃ।
১৩। টিপ্পনী। বাষ্পেণ আবিলে ঈক্ষণে যাসাং তাঃ।

অনন্তর ঋষিপুত্র ঋষ্যশৃঙ্গের বাক্যে বাসভবন প্রস্তুত হইলে [তথায়] সকলে সুখে বাস করিয়া এবং সকল কাম্যবস্তু দ্বারা অর্চ্চিত হইয়া অনুগমন করিতে লাগিলেন ॥ ৯ ॥

অতঃপর প্রতাপশালী ঋষিপুত্র ঋষ্যশৃঙ্গ রাজার নিকটে আসিয়া হে নৃপ, আপনি প্রতিনিবৃত্ত হউন তাঁহাকে এই অনুজ্ঞা করিলেন ॥ ১০ ॥

ঋষিপুত্রের বাক্য শ্রবণ করিয়া সেইস্থানে অন্তঃপুরবাসিগণের সহিত রাজা দশরথ উচ্চকণ্ঠে রোদন করিতে করিতে কৌশল্যা, সুমিত্রা এবং যশস্বিনী কৈকেয়ীকে এই বাক্য বলিলেন—(তোমরা) সকলে দুর্লভদর্শন শান্তাকে ভাল করিয়া দেখিয়া লও ॥ ১১-১২ ॥

১। ঝ—'হৃতাশ্বে'। ২। চ—'তদেবাশ্বং', জ—'শীলমশ্বং'। ৩। গ-ঙ—'সদা'। ৪। জ—'-মহাঘোরং', গ-ঘ ঙ-ঝ—'মহদ্ধেতৎ'। ৫। ঙ-ছ—'তদ্যথা'। ৬। গ-ঙ—'সপদি'।

অনাগতিং[1] রাক্ষসানাং পশ্যামীহ মহাক্রতৌ।
নাগানাঞ্চাপি[2] যজ্ঞোঽয়ং রক্ষ্যতে হি মহর্ষিভিঃ ॥ ১২ ॥
কেনাপি তু[3] স দেবেন হৃতোঽশ্বো নাগরূপিণা।
অমর্ষতা[4]চ্ছিদ্রমেতদ্দৃষ্ট্বা দীক্ষামুপাগতম্ ॥ ১৩ ॥
যোঽসৌ রসাতলগতো যদি বান্তর্জ্জলে[5] স্থিতঃ।
তং হত্বা নয়তাশ্বং মে পুত্রকা ভদ্রমস্তু বঃ ॥ ১৪

১২। লো-টী। অনাগতিমনাগমনম্।

১৩। লো-টী। দীক্ষাপমুগতং মাং দৃষ্ট্বা এতদ্ যজনমচ্ছিদ্রং যথা ভবতি তথা অমর্ষতা অসহমানেন।

১২। টিপ্পনী। ইহ মহাক্রতৌ—রাক্ষসানাম্ অনাগতিং গমনাভাবং পশ্যামি রাক্ষসা অত্রাগন্তুং শক্নুয়ুরিতি নাবগচ্ছামীত্যর্থঃ। দৃশিরত্র জ্ঞানসামান্যবচনঃ।

১৩। টিপ্পনী। দীক্ষামুপাগতং দৃষ্ট্বা মামিতি শেষঃ। অমর্ষতেত্যাদি। অচ্ছিদ্রং বিঘ্নরহিতম্ এতদ্ যজ্ঞকর্ম্মামর্ষতা অসহমানেন।

১৪। টিপ্পনী। অন্তর্জ্জলে জলমধ্যে।

এই মহাযজ্ঞে রাক্ষস কিংবা নাগগণ প্রবেশ করিতে পারে [বলিয়া] মনে করি না, [কারণ] মহর্ষিগণ কর্তৃক এই যজ্ঞ রক্ষিত হইতেছে ॥ ১২ ॥

আমাকে যজ্ঞে দীক্ষিত [এবং] এই যজ্ঞ বিঘ্নহীন দেখিয়া অসহিষ্ণু কোনও দেবতা নাগরূপ ধারণপূর্ব্বক সেই অশ্ব অপহরণ করিয়াছে [বলিয়া বোধ হইতেছে] ॥ ১৩ ॥

পুত্রগণ, যে [অশ্বাপহারক] সে রসাতল-গত হউক অথবা জলমধ্যে অবস্থিত হউক, তাহাকে বধ করিয়া আমার [যজ্ঞীয়] অশ্ব আনয়ন কর। তোমাদের মঙ্গল হউক ॥ ১৪ ॥

১। গ—'-গতং'। ২। ক—'চ'। ৩। ঙ—'চ', গ—'হি', চ—'হি চ'। ৪। চ—'অমর্ষিণা'।
৫। ক—'-র্জ্জলং'।

সমুদ্রমালিনীং কৃৎস্নাং পৃথিবীমনুমার্গত[1]।
প্রোৎখনন্তঃ[2] প্রযত্নেন যাবত্তুরগদর্শনম্ ॥ ১৫ ॥
একৈকং[3] যোজনং ভূমেনির্ভিন্দন্তো[4]ঽনুগচ্ছত।
অস্ম কমশ্বহর্ত্তারং মার্গমাণা মমাজ্ঞয়া ॥ ১৬ ॥
দীক্ষিতঃ[5] পৌত্রসহিতঃ সোপাধ্যায়গণস্ত্বহম্।
ইহ স্থাস্যামি ভদ্রং বো যাবত্তুরগদর্শনম্ ॥ ১৭ ॥

১৫। টিপ্পনী। সমুদ্রমালিনীং সমুদ্রপরিবেষ্টিতাম্। সমুদ্র এব মালা আবরণমস্যা ইতি সমুদ্রমালিনী। শিরোঃ। পৃথিবীমনুমার্গত পৃথিবীং ব্যাপ্যান্বিষ্যত।

১৬। টিপ্পনী। একৈকং যোজনং প্রথমমেকং যোজনং বিচিত্য পশ্চাদ্ যোজনান্তরমিতি ক্রমেণ। যদ্বা একম্ একং যোজনমিতি ক্রমেণ। গোঃ রাঃ। নির্ভিন্দন্তঃ খনন্তঃ। অনুগচ্ছত প্রবিশত ভূতলমিতি শেষঃ।

১৭। টিপ্পনী। স্বস্য তুরগানুগমনময়ুক্তমিত্যাহ—দীক্ষিত ইত্যাদি। তস্য প্রবাসনিষেধাৎ পৌত্রস্য বালকত্বাচ্চেতি ভাবঃ। তিঃ। যজ্ঞক্ষেত্রেঽপি সম্ভাব্যমানবিপন্নিবারণার্থমপেক্ষিতত্বেন পৌত্রস্যাপ্রেষণম্। বস্তুতস্তু মুনিবরপ্রভাবাদরিষ্টনেমিদুহিতৃপুত্রাণাং ষষ্টিসহস্রাণাং নাশাবশ্যম্ভাবাদংশুমতো বংশকর্তৃত্বেন জীবিতনিরপেক্ষে ব্যতিকরে নিয়োজনমনুচিতমিতি সগরস্য হৃদয়মাসীৎ।

তোমরা যে পর্য্যন্ত [যজ্ঞীয়] অশ্ব দেখিতে [না] পাও [সে পর্য্যন্ত] প্রযত্নসহকারে খনন করিতে করিতে সমুদ্রবেষ্টিতা সমস্ত পৃথিবী অনুসন্ধান কর ॥ ১৫ ॥

আমার আদেশে তোমরা আমাদের অশ্বহর্ত্তার অনুসন্ধান করিতে করিতে এক এক যোজন ভূমি খনন করিয়া [ভূতলে] প্রবেশ কর ॥ ১৬ ॥

আমি দীক্ষিত, যে পর্য্যন্ত অশ্ব দেখিতে না পাইব [সে পর্য্যন্ত] আমি পৌত্র [অংশুমান্] এবং ঋত্বিগ্গণের সহিত এইস্থানে (যজ্ঞভূমিতে) অবস্থান করিব। তোমাদের মঙ্গল হউক ॥ ১৭ ॥

১। গ-চ-ঝ—'গচ্ছত', ঙ—'গচ্ছতা,' ছ—'-গচ্ছতঃ', ঞ—'-গচ্ছথঃ'। ২। ঞ—'মার্গা'
৩। চ—'কো'। ৪। ঘ—'বিভিন্দন্তো', ঙ—'নির্ভিন্নন্তো', চ—'-নিভিন্দন্নমু'। ৫। ঙ-ছ-ঞ—'ক্ষুদ্র'।

অসমাপ্তক্রতুস্তাবদ্ ভবিষ্যামীহ[1] পুত্রকাঃ।
যুষ্মাভি[2]র্যাবদশ্বো মে ন প্রত্যাহ্রিয়তে[3] পুনঃ ॥ ১৮ ॥
ইত্যুক্তা হৃষ্টমনসঃ পিত্রা[4]থ সগরেণ তে।
বিভিদুর্ব্বসুধাং রাম পিতুর্ব্বচনকারিণঃ ॥ ১৯ ॥
যোজনায়ামবিস্তার[5]মেকৈকো ধরণীতলম্[6]।
বিভিদুঃ পুরুষব্যাঘ্রা বজ্রসারভুজৈর্ব্বলাৎ[7] ॥ ২০ ॥
কুদ্দালৈঃ পরিঘৈঃ শূলৈর্ম্মুষলৈঃ[8] শক্তিভিস্তথা।
ভিদ্যমানা বসুমতী তৈরার্ত্তেব ননাদ সা ॥ ২১ ॥

২০। লো-টী। যোজনমায়ামো দৈর্ঘ্যং বিস্তারশ্চ যস্য তদ্ধরণীতলম্। যোজনা-যামেত্যাদি ক্রিয়াবিশেষণঞ্চেতি। একৈকো বিভিন্নঃ। বজ্রবৎ সারো বলং যেষাং তে ভুজা যেষাং তে।

১৮। টিপ্পনী। প্রত্যাহ্রিয়তে প্রত্যানীয়তে। পুনরিতি বাক্যালঙ্কারে।

২০। টিপ্পনী। যোজনায়ামবিস্তারং যোজনে আয়ামবিস্তারৌ যস্য তৎ। আয়ামো দৈর্ঘ্যম্, বিস্তারো বিশালতা। বজ্রসারভুজৈঃ বজ্রতুল্যদৃঢ়বাহুভিঃ। বলাদ্ বলমাশ্রিত্য।

হে পুত্রগণ, যে পর্য্যন্ত তোমরা আমার [যজ্ঞীয়] অশ্ব ফিরাইয়া না আনিবে সে পর্য্যন্ত যজ্ঞ সমাপ্ত না হওয়ায় আমি এই স্থানে থাকিব ॥ ১৮ ॥

রাম, পিতা সগর [পুত্রগণকে] ইহা বলিলে পর, সেই পিতৃনিদেশবর্ত্তী পুত্রগণ হৃষ্টচিত্ত হইয়া পৃথিবী খনন করিতে প্রবৃত্ত হইলেন ॥ ১৯ ॥

নরশার্দ্দূল সগরতনয়গণ প্রত্যেকে বজ্রসদৃশ দৃঢ় বাহুদ্বারা বলপ্রয়োগে দৈর্ঘ্যে ও প্রস্থে এক [এক] যোজন ভূমি খনন করিতে লাগিলেন। তাঁহারা কুদ্দাল, পরিঘ, শূল, মুষল এবং শক্তি [অস্ত্রের] দ্বারা পৃথিবী বিদারিত করিতে থাকিলে পৃথিবী আর্ত্তা রমণীর ন্যায় চীৎকার করিতে লাগিলেন ॥ ২০-২১ ॥

১। ঘ-ঙ—'শ্চাহং'। ২। ঝ—'অস্মাভি-'। ৩। ঘ ঙ—'ক্রিয়তে'। ৪। গ-ঙ—'তু'। ৫। গ-জ-ঝ—'-মেকৈকে'। ৬। ঙ—ইদমর্দ্ধং নাস্তি। ৭। গ-ঘ-ঙ-ছ—'-জৈঃ ক্রমাৎ', ঝ—'ভুজাবলাৎ'। ৮। ঝ—'-দা'।

নাগানাং বধ্যমানানাং[1] সর্পাণাঞ্চ মহৌজসাম্।
রক্ষসামসুরাণাঞ্চ বভূবার্ত্তস্বনো মহান্॥ ২২ ॥
ষষ্টিং[2] হি যোজনানাং তে সহস্রাণি মহৌজসঃ।
ধরণ্যা[3] বিভিদুঃ ক্রুদ্ধাঃ সর্ব্বে যাবদ্রসাতলম্॥ ২৩ ॥
এবং পর্ব্বতসম্বাধং জম্বুদ্বীপং নৃপাত্মজ।
খনন্তস্তে নৃপসুতাঃ সর্ব্বতঃ পরিবভ্রমুঃ॥ ২৪ ॥
ততো দেবাঃ সগন্ধর্ব্বা মহোরগগণাস্তথা।
সম্ভ্রান্তমনসঃ সর্ব্বে পিতামহমুপাদ্রবন্॥ ২৫ ॥

২৩। লো-টী। মহৌজসঃ সগরপুত্রাঃ।

২৪। লো-টী। পর্ব্বতাঃ সম্বাধা রোধনরূপা যস্য তম্। 'সম্বাধো রোধনে ক্ষেপে' ইতি বিশ্বঃ।

২২। টিপ্পনী। নাগানাং হস্তিনাম্। বধ্যমানানাং হন্যমানানাম্।

২৩। টিপ্পনী। যাবদ্ রসাতলমিত্যনেন পৃথিবীং বিদার্য্য সগরপুত্রা রসাতলোপরিভাগপর্য্যন্তং জগ্মুরিতি বোদ্ধব্যম্। রসাতলবিদারণমুত্তরসর্গে।

২৪। টিপ্পনী। পর্ব্বতসম্বাধং পর্ব্বতনিবিড়ম্। তিঃ। পর্ব্বতসঙ্কুলম্। শিরোঃ। সর্ব্বতঃ খনন্তঃ পরিবভ্রমুরিত্যন্বয়ঃ।

২৫। টিপ্পনী। সম্ভ্রান্তমনসো ব্যাকুলচিত্তাঃ।

[পৃথিবীখননে] হত [আহত] মহাবল হস্তী, সর্প, রাক্ষস এবং অসুরসমূহের দারুণ আর্ত্তনাদ [উপস্থিত] হইল॥ ২২ ॥

মহাতেজঃসম্পন্ন সগরপুত্রগণ সকলে ক্রুদ্ধ হইয়া রসাতল পর্য্যন্ত ষষ্টিসহস্রযোজন ভূমি খনন করিলেন॥ ২৩ ॥

হে রাজকুমার, পর্ব্বতসঙ্কুল জম্বুদ্বীপ খনন করিতে করিতে সেই রাজপুত্রগণ চতুর্দ্দিকে ভ্রমণ করিতে লাগিলেন॥ ২৪ ॥

অনন্তর সমস্ত গন্ধর্ব্বগণের সহিত দেবতাগণ ও মহোরগগণ ব্যাকুলচিত্ত হইয়া পিতামহের নিকট দ্রুতগতিতে গমন করিলেন॥ ২৫ ॥

১। ঝ—'যুধ্য-'। ২। ঙ—'ষষ্টিঞ্চ'। ৩। ক-ঘ—'ধরণীং'।

তেঽভিবাদ্য মহাত্মানং সম্ভ্রান্তমনসঃ সুরাঃ।
অব্রুবন্ পরমত্রস্তাঃ[1] পিতামহমিদং বচঃ ॥ ২৬ ॥
ভগবন্ পৃথিবী সর্ব্বা খন্যতে সগরাত্মজৈঃ।
খনদ্‌ভিশ্চৈব তৈর্ব্র[2]হ্মন্ ম[3]হাসত্ত্ববধঃ কৃতঃ ॥ ২৭ ॥
অ[4]য়ং স যজ্ঞহা ব্রহ্মন্নেনাশ্বোঽপহা[5]রিতঃ।
ইতি তে সর্ব্বভূতানি নিঘ্নন্তি সগরাত্মজাঃ ॥ ২৮ ॥
এ[6]তচ্ছ্রুত্বা মহাবীর্য্য সমাধিং কর্ত্তুমর্হসি।
যাবত্ত্বৎপ্রাণনঃ সর্ব্বানহিংসন্ত্যশ্বসারিণঃ ॥ ২৯ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে আদিকাণ্ডে একচত্বারিংশঃ সর্গঃ ॥ ৪১ ॥

২৮। লো-টী। অপবাহিতঃ নীতঃ। অপহারিত ইতি পাঠে স্বার্থে অণ্।
২৯। লো-টী। হে মহাবীর্য্য মহাপ্রভাব। সমাধিং নিবারণায় সমাধানম্। মহাপ্রাণাং বা। [আদিকাণ্ডে একচত্বারিংশঃ সর্গঃ ॥ ৪১ ॥]

২৭। টিপ্পনী কৃতঃ ক্রিয়তে 'বহবশ্চ মহাত্মানো হন্যন্তে তলবাসিনঃ' ইত্যাদি পাশ্চাত্যাঃ।
২৯। টিপ্পনী। সমাধিং মনঃসংযোগম্। ত্বৎপ্রাণিনঃ ত্বৎসৃষ্টান্ প্রাণিনঃ।

ব্যাকুলচিত্ত ও পরমভীত সেই দেবগণ উদারাত্মা পিতামহকে নমস্কার করিয়া [তাঁহাকে] এই কথা বলিলেন—ভগবন্, সগরপুত্রগণ সমস্ত পৃথিবী খনন করিতেছে। হে ব্রহ্মন্, খনন করিতে করিতেই তাহারা বৃহৎকায় প্রাণিসমূহও নিধন করিতেছে ॥ ২৬-২৭ ॥

হে ব্রহ্মন্, এই সেই যজ্ঞবিঘ্নকারী, এই ব্যক্তি [-ই] অশ্ব অপহরণ করিয়াছে, এই বলিয়া সেই সগরপুত্রগণ সমস্ত প্রাণী বিনাশ করিতেছে ॥ ২৮ ॥

হে মহাবীর্য্য, ইহা শুনিয়া আপনি অশ্বানুসন্ধানে প্রবৃত্ত সগরপুত্রগণ যে পর্য্যন্ত আপনার সৃষ্ট প্রাণিসমূহ বধ না করিতেছে, [সেই সময়ের মধ্যে এই বিষয়ে] মনঃসংযোগ করুন ॥ ২৯ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের আদিকাণ্ডে একচত্বারিংশ সর্গ সমাপ্ত ॥

১। গ-ঝ—পুস্তকয়োরনন্তরং 'সপর্ব্বতবনা দেব সসরিদ্দ্বীপসঙ্কুলা' ইত্যধিকঃ। ২। ক-গ-ঙ-জ—'তে ব্রহ্মন্'। ৩। গ চ-ছ—'মহান্-'। ৪। ক-ঘ-ঝ—'-ঞ্চ যজ্ঞহাস্মাকম-'। ৫। গ—'-বাহিতঃ'। ৬। গ-ঘ-ঙ-চ ছ-জ—পুস্তকেষু ন দৃশ্যতেঽয়ং শ্লোকঃ।

দ্বিচত্বারিংশঃ সর্গঃ

ইতি তেষাং বচঃ শ্রুত্বা দেবানাং প্রপিতামহঃ ।
প্রত্যুবাচ ভয়োদ্‌বিগ্নান্ সর্ব্বদেবানিদং[১] বচঃ ॥ ১ ॥
বিভর্ত্তি যো জগৎ কৃৎস্নং যস্যোৎপত্তির্ন[২] বিদ্যতে ।
তেনাশ্বো বাসুদেবেন কপিলেনাপবাহিতঃ ॥ ২ ॥
পৃথিব্যাশ্চৈব[৩] ভেদোঽয়ং দৃষ্টস্তেনেতি মে মতিঃ ।
সগরস্য চ পুত্রাণাং বিনাশোঽমিততেজসাম্ ॥ ৩ ॥
পিতামহবচঃ শ্রুত্বা[৪] ততস্তে ত্রিদিবালয়াঃ[৫] ।
দেবর্ষিপিতৃগন্ধর্ব্বাঃ প্রতিজগ্মুর্যথাগতম্[৬] ॥ ৪ ॥

৩। লো-টী। তেন কপিলেন। পৃথিব্যা ভেদো বিদারণম্।

[আদিকাণ্ডে দ্বিচত্বারিংশঃ সর্গঃ ॥ ৪২ ॥]

২। টিপ্পনী। বাসুদেবেন কপিলেন কপিলরূপধারিণা বাসুদেবেনেত্যর্থঃ। 'কাপিলং রূপমাস্থায় ধারয়ত্যনিশং ধরামি'ত্যাদি পাশ্চাত্যরামায়ণে। ১।৪০।৩) স্পষ্টম্। অপবাহিতঃ স্থানান্তরং নীতঃ।

৩। টিপ্পনী। তেন দৃষ্টঃ জ্ঞানচক্ষুষেতি ভাবঃ। বিনাশো ভাবী বিনাশঃ।

৪। টিপ্পনী। ত্রিদিবালয়াঃ স্বর্গনিবাসিনঃ।

সেই দেবতাদিগের ঈদৃশ বাক্য শ্রবণ করিয়া প্রপিতামহ (ব্রহ্মা) ভয়োদ্বিগ্ন [সেই] সকল দেবতাকে প্রত্যুত্তরে এই কথা বলিলেন—॥ ১ ॥

যিনি সমুদায় জগৎ ধারণ করিতেছেন, যাঁহার উৎপত্তি নাই, সেই কপিলরূপধারী বাসুদেব অশ্ব স্থানান্তরিত করিয়াছেন ॥ ২ ॥

আমার ধারণা যে, এই পৃথিবীবিদারণ [ব্যাপার] এবং অমিতপরাক্রম সগরপুত্রগণের [ভাবী] বিনাশ তিনি [জ্ঞানদৃষ্টিতে] প্রত্যক্ষ করিতেছেন ॥ ৩ ॥

১। জ—'দেবান্ সর্ব্বান্'। ২। গ-ঘ-ঙ-চ-ছ-জ—'-পত্তিং ন বিদ্মহে'। ৩। ঙ—'-স্তেনৈব'। ৪। গ-ঙ—'-ত্ত্বা-স্তু'। ৫। গ-ঘ-ঙ-ছ—ত্রিদশালয়াঃ'। ৬। গ ঙ—'-ম্মন্'।

সগরস্য চ পুত্রাণাং প্রাদুরাসীন্মহৌজসাম্[১]।
খনতাং পৃথিবীং শব্দো বজ্রাশনিসমস্বনঃ ॥ ৫ ॥
তে ভিত্ত্বা পৃথিবীং সর্ব্বাং[২] কৃত্বা চাপি[৩] প্রদক্ষিণম্।
উপেত্য সাগরাঃ সর্ব্বে পিতরং বাক্যমব্রুবন্ ॥ ৬ ॥
পরিক্রান্তা[৪] মহী সর্ব্বা মহদ্[৫] বিশসনং কৃতম্।
যাদোগণমহাগ্রাহদৈত্যদানবরক্ষসাম্ ॥ ৭ ॥

৫। টিপ্পনী। বজ্রাশনিসমস্বনঃ বজ্রাশনিশব্দৌ সমার্থকৌ। সমার্থানাং শব্দানাং সহপ্রয়োগো রামায়ণে বহুষু স্থলেষু দৃশ্যতে। বজ্রাশনিঃ প্রস্তরবর্ষোল্কাবিশেষঃ। প্রস্তর-বর্ষিত্বাদেব ততোঽপি শব্দঃ সম্ভবত্যুৎপত্তিকঃ।

৬। টিপ্পনী। সাগরাঃ সগরপুত্রাঃ।

৭। টিপ্পনী। পরিক্রান্তা প্রদক্ষিণীকৃতা। শিরোঃ। যাদোগণস্য যাদসাং জলজন্তূনাং গণস্তস্য। 'যাদাংসি জলজন্তবঃ' ইত্যমরঃ। মহাগ্রাহাণাং বিশালকায়ানাম্ অবহারাণাং হাঙ্গর ইতি প্রসিদ্ধানাম্। 'গ্রাহোঽবহার' ইত্যমরঃ। গোবলীবর্দ্দন্যায়েন যাদোগ্রাহয়োর্ভেদঃ সমাধেয়ঃ। দৈত্যদানবরক্ষসাং বিশসনং মারণং কৃতং সংসাধিতম্। 'বিশসনং মারণং প্রতিঘাতনমি'ত্যমরঃ।

অনন্তর পিতামহের বাক্য শ্রবণ করিয়া সেই ত্রিদিববাসী দেবগণ, ঋষিগণ, পিতৃগণ ও গন্ধর্ব্বগণ যেভাবে আসিয়াছিলেন [সেইভাবেই] প্রতিগমন করিলেন ॥ ৪ ॥

[এদিকে] মহাবলশালী সগরপুত্রগণের পৃথিবীখননকালে বজ্রনির্ঘোষ-সদৃশ শব্দ আবির্ভূত হইল ॥ ৫ ॥

সেই সকল সগরপুত্র, সমস্ত পৃথিবী বিদারণ করিয়া এবং [সমস্ত পৃথিবী] প্রদক্ষিণ করিয়া পিতার নিকট আসিয়া [এই] কথা বলিল— ॥ ৬ ॥

আমরা সমস্ত পৃথিবী প্রদক্ষিণ করিয়াছি। বিশালকায় গ্রাহ (হাঙ্গর) সমূহের, এবং [অন্যান্য] জলজন্তুসমূহের, দৈত্য দানব ও রাক্ষসসমূহের ভীষণ হত্যা [-কাণ্ড সংসাধন] করিয়াছি ॥ ৭ ॥

১। ঙ—'জসঃ'। ২। ঝ—'কৃৎস্নাং'। ৩। গ ছ-ঝ—'চাভি-'। ৪। চ—'-ভ্রান্তা'। ৫। ঙ—'মহদ্ধি শাসনং'।

ন চাপশ্যাম[১] তং রাজন্ যজ্ঞবিঘ্নকরং[২] তব।

কিং কুর্ম্মহে পুনস্তাত বিনিশ্চিত্য প্রশাধি নঃ ॥ ৮ ॥

তেষামেতদ্ বচঃ শ্রুত্বা পুত্রাণাং সগরস্তদা[৩]।

নিশ্চিত্যোবাচ সর্ব্বাংস্তান্ পুনঃ[৪] পুত্রানিদং বচঃ ॥ ৯ ॥

ভূয়ো মৃগয়তাশ্বং[৫] মে বিভিদ্যেদং রসাতলম্।

অশ্বহর্ত্তারমাসাদ্য কৃতার্থাঃ সংনিবর্ত্তত[৬] ॥ ১০ ॥

পিতুরেতদ্ বচঃ শ্রুত্বা সগরস্যাত্মসম্ভবাঃ।

সর্ব্বতঃ[৭] ষষ্টিসাহস্রা[৮] রসাতলমুপাদ্রবন্ ॥ ১১ ॥

৮। টিপ্পনী। বিনিশ্চিত্য সম্যঙ্ নিরূপ্য।

১০। টিপ্পনী। 'অশ্বহর্ত্তারমাসাদ্য কৃতার্থাশ্চ নিবর্ত্ততে'তি পাশ্চাত্যাঃ। (১৪০।১১)। কৃতার্থাশ্চ কৃতার্থাশ্চেত্তদা নিবর্ত্তত নিবর্ত্তধ্বমিত্যর্থে আর্ষমেতৎ। অন্যথা ন নিবৃত্তিরিত্যর্থঃ। তিঃ। অশ্বহর্ত্তারমাসাদ্য প্রাপ্যৈব কৃতার্থাঃ সাধিতপ্রয়োজনাঃ সন্তো যূয়ং নিবর্ত্তত। শিরোঃ।

১১। টিপ্পনী। সর্ব্বতঃ সর্ব্বাভ্যো দিগ্ভ্যঃ।

হে রাজন্, [আমরা] আপনার সেই যজ্ঞবিঘ্নকারীকে [কোথাও] দেখিতে পাই নাই। পিতঃ, আমরা পুনর্ব্বার কি করিব [তাহা] নিরূপণ করিয়া আমাদিগকে আদেশ করুন ॥ ৮ ॥

তখন সগর, পুত্রগণের এই বাক্য শ্রবণ করিয়া [সম্যক্] নিরূপণপূর্ব্বক সেই সকল পুত্রগণকে পুনর্ব্বার এই কথা বলিলেন—॥ ৯ ॥

তোমরা রসাতল ভেদ করিয়া পুনর্ব্বার আমার অশ্ব অন্বেষণ কর। অশ্বাপহারককে প্রাপ্ত হইলে কৃতকৃত্য হইয়া তোমরা প্রত্যাগমন করিবে ॥ ১০ ॥

সগরের ষষ্টিসহস্র পুত্রগণ পিতার এই বাক্য শ্রবণ করিয়া সকল দিক্ হইতে রসাতলাভিমুখে ধাবিত হইল ॥ ১১ ॥

১। ছ—'ন চ পশ্যামি', গ-ঙ-ঝ—'ন চ পশ্যাম'। ২। জ—'যদি'। ৩। ঙ—'স্তথা'। ৪। জ—'পুনরি-'। ৫। গ-ঘ-ঙ-ছ-জ—'-তাশ্বস্তং'। ৬। গ-ঙ-ছ-ঝ—'সন্নাবর্ত্তত'। ৭। গ-ঘ-ঙ-ছ—'সাগরাঃ'। ৮। ঝ—'সাহস্রং'।

পুনঃ খনন্তস্তে[1] তত্র দদৃশুঃ পর্ব্বতোপমম্ ।
দিশো[2] গজং বিরূপাক্ষং ধারয়ন্তমিমাং মহীম্ ॥ ১২ ॥
শিরসা নরশার্দ্দূল সশৈলবনকাননাম্ ।
নানাজনপদাকীর্ণাং নানাপত্তনশোভিতাম্[3] ॥ ১৩ ॥
যদা চ পর্ব্বণি গজঃ খেদাচ্চালয়তে[4] শিরঃ ।
সপর্ব্বতবনা রাম তদেয়ং চলতি ক্ষমা ॥ ১৪ ॥
তং[5] তে প্রদক্ষিণং কৃত্বা দিশো[6] গজমরিন্দম ।
মন্যমানা[7] দিশাং পালং দক্ষিণাং বিভিদুর্দ্দিশম্ ॥ ১৫ ॥

১৩। টিপ্পনী। সশৈলবনকাননাম্—শৈলৈঃ পর্ব্বতৈঃ বনৈরুপভোগ্যবৃক্ষৈরুপবনৈরিতি যাবৎ। কাননৈর্দুর্গমতরারণ্যৈশ্চ যুক্তাম্। পত্তনং নগরম্। 'পত্তনং স্যাদধিষ্ঠানং নিগমঃ পুটভেদনমি'তি হলায়ুধঃ।

১৪। টিপ্পনী। যদা পর্ব্বণি যস্মিন্ কালে যস্মিন্ ক্ষণে। 'তিথিভেদে ক্ষণে পর্ব্ব' ইত্যমরঃ। তিঃ। ক্ষমা পৃথিবী।

১৫। টিপ্পনী। তং দিশো গজং দিশাং পালং মন্যমানাস্তং প্রদক্ষিণীকৃত্যেত্যন্বয়ঃ।

হে নরশার্দ্দূল, তাহারা পুনর্ব্বার খনন করিতে করিতে সেই স্থানে (খনিতপ্রদেশে) দেখিতে পাইল—পর্ব্বততুল্য [বৃহৎকায়] বিরূপাক্ষ নামক দিগ্‌গজ মস্তকদ্বারা নানা জনপদসঙ্কুল এবং নানা নগরপরিশোভিত এই মহীমণ্ডল, পর্ব্বত [উপ-] বন ও কাননসমূহের সহিত ধারণ করিতেছেন ॥ ১২-১৩ ॥

রাম, এই গজ যে সময়ে ক্লান্তিবশতঃ মস্তক সঞ্চালন করেন, তখন পর্ব্বত ও বনসমেত এই পৃথিবী কম্পিতা হয়েন ॥ ১৪ ॥

হে শত্রুদমন, সেই দিগ্‌গজকে দিক্‌পাল মনে করিয়া [তাঁহাকে] প্রদক্ষিণকরত সগরপুত্রগণ [সেই স্থান হইতে বিনিবৃত্ত হইয়া] দক্ষিণ দিক্ খনন করিতে আরম্ভ করিল ॥ ১৫ ॥

১। ঙ—'খনন্তে তে'। ২। ঝ—'দিশাং'। ৩। জ—'শোভনাম্'। ৪। ঙ—'ষ্টালয়তে'। ৫। জ—'তে তু', ঝ—'তে তং'। ৬। গ-ঘ-ছ—'দিশাং'। ৭। গ—'-মানং'।

দক্ষিণস্যামপি পুনর্দ্দদৃশুস্তে[১] গজোত্তমম্।
মহাপদ্মং মহাত্মানং[২] তিষ্ঠন্তং[৩] মন্দরোপমম্ ॥ ১৬ ॥

তঞ্চ দৃষ্ট্বা[৪] মহাকায়ং বিস্ময়ং পরমং যযুঃ।
কৃত্বা তমপি নাগেন্দ্রং প্রদক্ষিণমরিন্দম।
সগরস্যাত্মজা রাম পশ্চিমাং বিভিদুর্দ্দিশম্[৫] ॥ ১৭ ॥

পশ্চিমায়ামপি দিশি কৈলাসশিখরোপমম্।
আশাগজং সৌমনসং দদৃশুস্তে মহাবলম্ ॥ ১৮ ॥

তং তে প্রদক্ষিণং কৃত্বা পৃষ্ট্বা চানাময়ং ততঃ।
প্রোৎখনন্তো যযুর্ব্বীরা[৬] দিশং হৈমবতীমপি ॥ ১৯ ॥

১৬। টিপ্পনী। মহাত্মানং পূজ্যস্বরূপং মহাকায়ং বা।

১৭। টিপ্পনী। বিস্ময়ং পরমং যযুরদ্ভুতরূপদর্শনাদিতি ভাবঃ। পশ্চিমাং দিশং তদ্দিগ ভূমিম্। শিরোঃ।

১৮। টিপ্পনী। সৌমনসমিত্যত্র সুমনসমিতি রামায়ণমঞ্জর্য্যাম্ (১।২৪০)।

১৯। টিপ্পনী। অনাময়ং কুশলম্। হৈমবতীং দিশং হিমবৎসম্বন্ধিনীমুত্তরাং দিশম্।

তাহারা দক্ষিণদিকেও পুনর্ব্বার [খনন করিতে করিতে] দেখিতে পাইল—মন্দরপর্ব্বতসদৃশ মহাকায় গজশ্রেষ্ঠ মহাপদ্ম অবস্থিত রহিয়াছেন ॥ ১৬ ॥

সেই মহাকায় [গজরাজকে] দেখিয়া [সগরতনয়গণ] অতীব বিস্ময়াবিষ্ট হইল। হে শত্রুদমন রাম, সগরের পুত্রগণ সেই গজরাজকেও প্রদক্ষিণ করিয়া পশ্চিমদিক্ খনন করিতে লাগিল ॥ ১৭ ॥

পশ্চিমদিকেও তাহারা কৈলাসশিখরসন্নিভ মহাপরাক্রম সৌমনস [-নামক] দিগ্‌গজকে দেখিতে পাইল ॥ ১৮ ॥

সেই বীরগণ তাহাকে প্রদক্ষিণ করিয়া এবং [তাঁহার] কুশল

১। গ ঙ—'দিশি দদৃ-'। ২। ঙ-চ—'মহাত্মানং মহাপদ্মং'। ৩। চ- 'ভিন্দন্তম্'। ৪। ক—তং দৃষ্ট্বা তু'। ৫। জ—'বিভিদুঃ পশ্চিমাং দিশম্'। ৬। গ-ঙ—হয়মুর্ব্বীঞ্চ'।

উত্তরস্যামপি তু[১] তে দদৃশুর্হিমপাণ্ডুরম্[২]।
ভদ্রং ভদ্রেণ বপুষা[৩] ধারয়ন্তমিমাং মহীম্ ॥ ২০ ॥
তমপ্যালভ্য তে সর্ব্বে কৃত্বা চাভিপ্রদক্ষিণম্।
সহিতাঃ পুনরেবেদং বিভিদুর্দ্ধরণীতলম্ ॥ ২১ ॥
প্রাগুত্তরাং দিশং গত্বা[৪] ততস্তে সগরাত্মজাঃ।
অমর্ষবশমাপন্নাশ্চখ্নুরেব[৫] ধরামিমাম্ ॥ ২২ ॥
তত্রাথ প্রোৎখনন্তস্তে ক্ষৌণীমপি সমন্ততঃ।
দদৃশুঃ কপিলং নাম দেবং নারায়ণং প্রভুম্।
হয়ঞ্চ তস্য দেবস্য চরন্তমবিদূরতঃ[৬] ॥ ২৩ ॥

২০। টিপ্পনী। হিমপাণ্ডুরং হিমবচ্ছুভ্রশরীরম্। ভদ্রং তন্নামকং দিগ্‌গজম্। ভদ্রেণ কল্যাণযুক্তেনেতি শিরোমণিঃ, শোভনেনেতি গোবিন্দরাজঃ।

২১। টিপ্পনী। আলভ্য স্পৃষ্ট্বা। 'আলম্ভঃ স্পর্শহিংসয়ো'রিতি কোষাৎ।

২২। টিপ্পনী। প্রাগুত্তরাম্ ঐশানীম্। অমর্ষবশমাপন্নাঃ ক্রোধাভিভূতাঃ সন্ত ইত্যর্থঃ।

২৩। টিপ্পনী। তত্র ঐশান্যাং দিশি। কপিলং কপিলরূপধারিণম্। নামেতি প্রসিদ্ধৌ। কপিলং কপিলাবতারম্। চরন্তং তৃণানি ভক্ষয়ন্তমিতি চ গোবিন্দরাজঃ।

জিজ্ঞাসা করিয়া তৎপরে [ভূমি] খনন করিতে করিতে উত্তর দিকে গমন করিল ॥ ১৯ ॥

উত্তরদিকেও তাহারা দেখিতে পাইল—হিমশুভ্র ভদ্র [-নামক দিগ্‌গজ], রমণীয় শরীরদ্বারা এই মহীমণ্ডল ধারণ করিতেছেন ॥ ২০ ॥

তাহারা সকলে তাঁহাকেও স্পর্শ এবং প্রদক্ষিণকরত সমবেত হইয়া পুনর্ব্বারও এই ধরণীতল খনন করিতে লাগিল ॥ ২১ ॥

অনন্তর সেই সগরপুত্রগণ ক্রোধের বশবর্ত্তী হইয়া উত্তরপূর্ব্বদিকে গমনপূর্ব্বক এই ধরাতল খনন করিতেই লাগিল ॥ ২২ ॥

১। চ—'চ', গ-ছ—'তথা'। ২। ঙ-ছ-ঝ—'-পাণ্ডরম্'। ৩। গ-ঙ—'মনসা'। ৪। ঙ—'কৃত্বা'। ৫। গ—'মর্ষী', ঙ—'অমী'। ৬। ক—'বিচরন্তমদূ-'।

১ ২
তং তে হয়হরং মত্বা ক্রোধপর্য্যাকুলেক্ষণাঃ।
৩
অভ্যধাবন্ সুসংক্রুদ্ধাস্তিষ্ঠ তিষ্ঠেতি চাব্রুবন্ ॥ ২৪ ॥
৪ ৫
ততস্তেনাপ্রমেয়েণ তেঽপধ্যাতা মহাত্মনা।
৬
ভস্মরাশীকৃতাঃ সর্ব্বে সমেতাঃ সগরাত্মজাঃ ॥ ২৫ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে আদিকাণ্ডে দ্বিচত্বারিংশঃ সর্গঃ ॥ ৪২ ॥

২৪। টিপ্পনী। সুসংক্রুদ্ধা অতিক্রোধং প্রাপ্তা অতএব ক্রোধপর্য্যাকুলেক্ষণাঃ ক্রোধেন পর্য্যাকুলানি বিভ্রান্তানি ঈক্ষণানি যেষাং তে। তিষ্ঠ তিষ্ঠেতি চাব্রুবন্ স্বস্থতয়া স্থিতে একাকিন্যপি তস্মিন্ দৃষ্টে সর্ব্বেষাং তিষ্ঠ তিষ্ঠেত্যুক্ত্যা তেষাং ভ্রমঃ সূচিতস্তেন চ কপিলস্য তেজোঽতিশয়ঃ সূচিত ইতি শিরোমণিঃ।

২৫। টিপ্পনী। অপ্রমেয়েণাপ্রমেয়শক্তিনা, অপধ্যাতাঃ কৃতনেত্রাগ্নিসংযোগাঃ ধ্যা শব্দাগ্নিসংযোগয়োরিত্যস্মাৎ। কপিলদৃষ্ট্যা ভস্মীভূতাঃ সগরপুত্রা ইতি রামায়ণমঞ্জর্য্যামপি (১।২৪২)। ভাগবতে তু [৯।৮।৯-১১] ভগবদবতারে কপিলে তমোময়স্য কোপস্যাশক্য-সম্ভাবনত্বাত্তে স্বশরীরাগ্নিনৈব দগ্ধা ইতি। অপধ্যাতেতি সত্কারপাঠপক্ষে মনসাভিশপ্তা ইত্যর্থঃ। মহাত্মনা মহান্ আত্মা লোকহিতায় প্রযত্নো যস্য তেন। ভস্মীভূতানাং সগরপুত্রাণাং সমুদ্ধরণার্থং গঙ্গাবতরণং ভবিষ্যতি তেন চ লোকানাং মহানুপকারো ভবিষ্যতীত্যনেন ধ্বনিতম্। বক্ষ্যতি চ 'বধোঽয়ং লোকসম্মতঃ' ইতি (১।৪৩।১৭)।

অনন্তর তথায়ও চতুর্দ্দিকে ভূমি খনন করিতে করিতে তাহারা নিগ্রহানুগ্রহসমর্থ কপিলরূপী দেব [-শ্রেষ্ঠ] নারায়ণকে এবং সেই দেবতার [-ই] অনতিদূরে বিচরণকারী [যজ্ঞীয়] অশ্বকে দেখিতে পাইল ॥ ২৩ ॥

তাঁহাকেই অশ্বাপহারী মনে করিয়া মহাক্রোধাবিষ্ট [অতএব] ক্রোধবিভ্রান্তলোচন সগরপুত্রগণ [তাঁহার দিকে] ধাবিত হইল এবং 'তিষ্ঠ তিষ্ঠ' (দাঁড়াও দাঁড়াও) এই কথা বলিতে লাগিল ॥ ২৪ ॥

অতঃপর অসীমতেজঃসম্পন্ন [লোকহিতে] মহাপ্রযত্নশীল কপিল [নেত্রাগ্নিদ্বারা] সমবেত সগরপুত্রগণের সকলকেই দগ্ধ করিয়া ভস্মস্তূপে পরিণত করিলেন ॥ ২৫ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের আদিকাণ্ডে দ্বিচত্বারিংশ সর্গ সমাপ্ত ॥

১। ঘ-ঙ-ঝ—'তে তং'। ২। গ ঙ—'যজ্ঞহয়ং', চ-ঝ—'যজ্ঞ-'। ৩। গ ঙ—ধাবন্ত "তং ক্রু-'। ৪। ঙ—'প্রস্থ'। ৫। গ-ব-ঙ-চ-জ-ঝ—'তেঽপধ্যাতা', চ—'তেজোধ্মাতা'। ৬। ঙ—'সমস্তাঃ'।

ত্রিচত্বারিংশঃ সর্গঃ

পুত্রাংশ্চিরগতান্[১] মত্বা সগরো রঘুনন্দন।
নপ্তারমব্রবীদ্ বাক্যং দীপ্যমানং স্বতেজসা ॥ ১ ॥
'পিতৃন্ গচ্ছ ত্বমন্বেষ্টুং যেন চাশ্বোঽপবাহিতঃ।
অন্তর্ভূমিনিবাসীনি সন্তি সত্ত্বান্যনেকশঃ ॥ ২ ॥
তেষাং প্রতিবিধানার্থং গৃহীত্বা ব্রজ কার্ম্মুকম্।
তানাসাদ্য[২] পিতৃংস্তাত হত্বা বিঘ্নকরঞ্চ মে ॥ ৩ ॥
কৃতার্থঃ সন্নিবর্ত্তেথা[৩] যজ্ঞাদুত্তারয়স্ব মাম্।
শূরোঽসি[৪] কৃতবিদ্যশ্চ পূর্ব্বৈস্তুল্যপরাক্রমঃ[৫] ॥ ৪ ॥

১। টিপ্পনী। চিরগতান্ অপ্রত্যাগচ্ছত ইতি শেষঃ। তিঃ। চিরগতান্ অশ্বান্বেষণার্থং বহুকালতো দেশান্তরং প্রাপ্তান্। শিরোঃ। নপ্তারং পৌত্রম্।

২। টিপ্পনী। পিতৃন্ কনিষ্ঠপিতৃন্ পিতৃব্যানিত্যর্থঃ। যেন চ অশ্বোঽপবাহিতঃ দেশান্তরং প্রাপিতস্তমপ্যন্বেষ্টুং গচ্ছেত্যর্থঃ। অন্তর্ভূমিনিবাসীনি ভূম্যন্তর্ব্বর্ত্তীনি।

৪। টিপ্পনী। কৃতার্থো নিষ্পাদিতপ্রয়োজনঃ প্রাপ্তাশ্বক ইত্যর্থঃ। যজ্ঞাদুত্তারয়স্ব মাং মদ্‌যজ্ঞং সমাপ্তিং নয়েত্যর্থঃ। কৃতবিদ্যঃ অস্ত্রশাস্ত্রাদ্যভিজ্ঞঃ।

হে রঘুনন্দন, বহুকাল অতীত হইল পুত্রগণ [অশ্বানুসন্ধানে] গমন করিয়াছে [কিন্তু প্রত্যাগমন করিতেছে না], সগর [ইহা] চিন্তা করিয়া স্বীয়তেজে দীপ্তিশালী পৌত্রকে [এই] কথা বলিলেন—॥ ১ ॥

[তোমার] পিতৃব্যগণকে এবং যে অশ্ব অপসারিত করিয়াছে [তাহাকে] অন্বেষণ করিবার জন্য গমন কর। পৃথিবীর অভ্যন্তরপ্রদেশে বহুবিধ প্রাণী বাস করে, তাহাদের [সম্ভাবিত আক্রমণ-] প্রতিকারের নিমিত্ত শরাসন গ্রহণপূর্ব্বক যাত্রা কর। বৎস, তুমি সেই পিতৃব্যগণকে প্রাপ্ত হইয়া এবং আমার

১। ৪—'শ্রুত্বা'। ২। জ—'সমাসাদ্য'। ৩। জ—'মথা-'। ৪। ক-গ-ঙ-চ—'শূরোঽপি'।
৫। অতঃ পরং গ-ঙ-জ-ঝ—পুস্তকেষু 'শীঘ্রমাযাহি ভদ্রস্তে যথা ধর্ম্মো ন লুপ্যতে'। ইত্যধিকঃ, ঙ-পুস্তকে অধিকার্দ্ধমিদং ধর্ম্মেণ ইতি পাঠপরিবর্ত্তনেন বর্ত্ততে।

এবমুক্তোঽংশুমান্ রাম সগরেণ মহাত্মনা।
ধনুরাদায় খড়্গঞ্চ যযৌ ত্বরিতবিক্রমঃ[১] ॥ ৫ ॥
তমেব পিতৃভির্যাতং পন্থানমনুসঞ্চরন্।
যযৌ বেগেন মহতা পিতৄনন্বেষ্টু[২]মঞ্জসা ॥ ৬ ॥
বীক্ষমাণো বিশসনং[৩] তৈঃ কৃতং যক্ষরক্ষসাম্।
সোঽবৈক্ষত বিরূপাক্ষমাশাগজমবস্থিতম্[৪] ॥ ৭ ॥
স তং প্রদক্ষিণং কৃত্বা পৃষ্ট্বা[৫] চানাময়ং ততঃ।
পিতৄংস্তান্ পরিপপ্রচ্ছ হয়হর্ত্তারমেব চ ॥ ৮ ॥

৫। টিপ্পনী। ত্বরিতবিক্রমস্ত্বরিতপদক্ষেপঃ শীঘ্রগতিরিত্যর্থঃ।
৬। টিপ্পনী। অনুসঞ্চরন্ অনুসরন্। অঞ্জসা অবিলম্বিতম্।
৭। টিপ্পনী। যক্ষরক্ষসাং বিশসনং নিহননং নিহতান্ যক্ষরাক্ষসানিত্যর্থঃ।
৮। টিপ্পনী। পিতৄংস্তানিত্যাদি। কুত্র মে পিতরঃ, কঃ কুত্র চ হয়হর্ত্তেতি পরিপপ্রচ্ছ।

[যজ্ঞ-] বিঘ্নকারককে বিনাশপূর্ব্বক কৃতকৃত্য হইয়া প্রত্যাবর্ত্তন করিবে। তুমি [এই] যজ্ঞ হইতে আমাকে উত্তীর্ণ কর। তুমি বীর, কৃতবিদ্য এবং পূর্ব্বপুরুষগণের ন্যায় পরাক্রমবিশিষ্ট ॥ ২-৪ ॥

রাম, মহাত্মা সগরকর্ত্তৃক এইরূপে কথিত হইয়া অংশুমান্ ধনুঃ এবং খড়্গ গ্রহণকরত দ্রুতপদক্ষেপে গমন করিলেন ॥ ৫ ॥

পিতৃব্যগণ যে পথে গমন করিয়াছিলেন, সেই পথই অনুসরণ করিয়া অংশুমান্ পিতৃব্যদিগকে অন্বেষণ করিবার জন্য তৎক্ষণাৎ মহাবেগে প্রস্থান করিলেন ॥ ৬ ॥

সেই সগরপুত্রগণকর্ত্তৃক অনুষ্ঠিত যক্ষ ও রাক্ষসসমূহের নিধনব্যাপার অর্থাৎ তৎকর্ত্তৃক নিহত যক্ষ ও রাক্ষসগণের মৃতদেহ দেখিতে দেখিতে তিনি (অংশুমান্) দিগ্গজ বিরূপাক্ষকে অবস্থিত দেখিতে পাইলেন ॥ ৭ ॥

১। ঝ—'মানসঃ'। ২। গ ঘ ঙ ছ-ঝ—'পিতৄংস্তান্ দ্রষ্টু-'। ৩। গ—'বিনশনম্'। ৪। ক-গ-ঝ—'-মিব-'। ৫। ঙ—'স্পৃষ্ট্বা'।

আশাগজোঽপি তচ্ছ্রুত্বা পৃচ্ছতোঽংশুমতো বচঃ

তমুবাচ[1] কৃতার্থস্ত্বমেষ্যসীত্যভিতঃ স্থিতম্[2] ॥ ৯ ॥

ইতি তস্য বচঃ শ্রুত্বা[3] সর্ব্বানেব হি দিগ্‌গজান্[4]।

যথাক্রমং যথান্যায়ং প্রষ্টুং সমুপচক্রমে ॥ ১০ ॥

এতদেব[5] চ তৈরুক্তো গজৈরাশুপরাক্রমঃ[6]।

পূজিতঃ সহয়শ্চৈব গন্তাসীত্যংশুমানপি ॥ ১১ ॥

তেষাস্তু[7] বচনং শ্রুত্বা জগাম লঘুবিক্রমঃ।

ভস্মরাশীকৃতা যত্র পিতরস্তস্য সাগরাঃ ॥ ১২ ॥

৯। টিপ্পনী। কৃতার্থঃ অশ্বপ্রাপ্ত্যা। অভিতঃ স্থিতং সম্মুখবর্ত্তিনম্।

১০। টিপ্পনী। যথাক্রমং ক্রমমনতিক্রম্য যেন ক্রমেণ দিগ্‌গজাঃ সগরপুত্রৈর্দৃষ্টাস্তমেব ক্রমমনুসৃত্যেত্যর্থঃ। যথান্যায়ং যথোচিতং যেন ন্যায়েন মান্যাঃ প্রষ্টব্যাস্তমনুল্লঙ্ঘ্যেত্যর্থঃ। প্রষ্টুং সমুপচক্রমে সমারব্ধবান্ এতেনাংশুমতো বিনয়শালিত্বং প্রকটিতম্।

১১। টিপ্পনী। আশুপরাক্রমঃ সতি প্রয়োজনে ক্ষিপ্রমেব পরাক্রমপ্রকাশনশীলঃ।

তিনি তাঁহাকে প্রদক্ষিণ করিয়া এবং কুশলপ্রশ্ন করিয়া [তাঁহার] সেই পিতৃব্যগণের এবং অশ্বাপহারীর বিষয় জিজ্ঞাসা করিলেন ॥ ৮ ॥

দিগ্‌গজও জিজ্ঞাসু অংশুমানের সেই কথা শুনিয়া সম্মুখস্থিত অংশুমান্‌কে বলিলেন—[যাও] তুমি কৃতকার্য্য হইয়া প্রত্যাগমন করিবে ॥ ৯ ॥

তাঁহার এই বাক্য শ্রবণ করিয়া [অংশুমান্] সমস্ত দিগ্‌গজকেই 'যথাক্রমে (যে ক্রমে সগরপুত্রগণ তাঁহাদিগকে দেখিতে পাইয়াছিলেন সেই ক্রম অনুসরণ করিয়া) এবং যথান্যায়ে (গুরুজনকে জিজ্ঞাসা করিবার রীতি উল্লঙ্ঘন না করিয়া) জিজ্ঞাসা করিতে আরম্ভ করিলেন ॥ ১০ ॥

'তুমি সংকৃত হইয়া অশ্বের সহিত প্রত্যাগমন করিবে'—ক্ষিপ্রপরাক্রম অংশুমানকেও সেই গজসমূহ ইহা বলিয়াছিলেন ॥ ১১ ॥

তাঁহাদের বাক্য শ্রবণ করিয়া [অংশুমান্] যে স্থানে তাঁহার

১। ঝ—'কৃতার্থস্ত্বমেষ্যসীত্যেবমুবাচেত্যভিতঃ স্থিতঃ'। ২। ঘ-ঙ—'স্থিতঃ'। ৩। ঘ-পুস্তকে দশমশ্লোকস্য সর্ব্বানেবেত্যারভ্য দ্বাদশশ্লোকস্য তদ্বচঃ শ্রুত্বেত্যংশো নাস্তি। ৪। গ—দিশাং গজান্', ঝ—'দিশো গজান্'। ৫। ঝ—'এবমেব'। ৬। চ—'জগামাশু'। ৭। ঙ-চ-ছ-জ-ঝ—'তেষাং স বচনং'।

স দুঃখবশমাপন্নঃ সুতোঽথ হ্যসমঞ্জসঃ।
চুক্রোশার্ত্তস্বরং দৃষ্ট্বা ভস্মরাশীন্ কৃতান্ পিতৄন্ ॥ ১৩ ॥

অপশ্যত্তু[১] রগং তঞ্চ চরন্তমবিদূরতঃ।
তদা পর্ব্বণি নাগেন হৃতং বেলাবনে স্থিতম্ ॥ ১৪ ॥

স তেষাং রাজপুত্রাণাং কর্ত্তুকামো জলক্রিয়াম্।
সলিলার্থী মহাতেজা নাপশ্যৎ সলিলং ক্বচিৎ ॥ ১৫ ॥

পাতয়ংশ্চাভিতো দৃষ্টিং ততস্তত্র দদর্শ হ।
পিতৄণাং মাতুলং[২] রাম সুপর্ণং পতগোত্তমম্ ॥ ১৬ ॥

১৪। টিপ্পনী। তদা পর্ব্বণি তস্মিন্ কালে সগরসত্রসময়ে ইত্যর্থঃ। কপিলস্যা-বিদূরতশ্চরন্তং নাগহৃতমশ্বমংশুমান্ বেলাবনে স্থিতং দদর্শেত্যন্বয়ঃ। বেলাবনে নিস্তোয়সমুদ্রস্য তীরস্থবনে।

১৫। টিপ্পনী। জলক্রিয়াং পিতৃভ্য উদকদানং তর্পণমিতি যাবৎ।

১৬। টিপ্পনী। পিতৄণাং সগরপুত্রাণাম। মাতুলং সুপর্ণং, সুপর্ণভগিনী সগরপুত্রাণাং মাতা সুমতিরিতি প্রাগুক্তত্বাৎ।

পিতৃব্য সগরপুত্রগণ ভস্মরাশিতে পরিণত হইয়াছিলেন [সেই স্থানে] ক্ষিপ্রগতিতে গমন করিলেন ॥ ১২ ॥

অতঃপর অসমঞ্জার সেই পুত্র (অংশুমান্) পিতৃব্যদিগকে ভস্মরাশিতে পরিণত দেখিলেন [এবং] দুঃখাভিভূত হইয়া আর্ত্তস্বরে চীৎকার করিতে লাগিলেন ॥ ১৩ ॥

সেই সময়ে (সগরের যজ্ঞসময়ে) নাগকর্ত্তৃক হৃত [কপিলের] অনতিদূরে [নির্জ্জল সমুদ্রের] তীরবর্ত্তী অরণ্যে বর্ত্তমান সেই অশ্বকে তিনি বিচরণ করিতে দেখিলেন ॥ ১৪ ॥

মহাপরাক্রম অংশুমান্ সেই রাজপুত্রগণের (সগরপুত্রগণের) তর্পণ করিবার অভিপ্রায়ে জলার্থী হইয়া কোথাও জল দেখিতে পাইলেন না ॥ ১৫ ॥

রাম, তদনন্তর তিনি চতুর্দ্দিকে দৃষ্টিপাত করিয়া সেই স্থানে [তাঁহার] পিতৃব্যগণের মাতুল পতগশ্রেষ্ঠ সুপর্ণকে (গরুড়কে) দেখিতে পাইলেন ॥ ১৬ ॥

১। খ-ছ—'তন্ত'। ২। ঝ—'মাতুলো'।

স চৈনমব্রবীদ্ বাক্যং বৈনতেয়ো মহাবলঃ।
মা শুচঃ পুরুষব্যাঘ্র বধোঽয়ং লোকসম্মতঃ ॥ ১৭ ॥
কপিলেনাপ্রমেয়েণ দগ্ধা হ্যেতে[১] মহাবলাঃ।
নার্হসে[২] সলিলং বীর দাতুমেভ্যস্ত্বমন্যতঃ ॥ ১৮ ॥
গঙ্গা হিমবতো জ্যেষ্ঠা দুহিতা সরিতাং বরা।
ভস্মরাশীকৃতানেতান্ প্লাবয়েল্লোকপাবনী[৩] ॥ ১৯ ॥
যাবৎ ক্লিন্নমিদং ভস্ম গঙ্গয়া লোককান্তয়া।
ষষ্টিরেষাং ভবিতা তাত স্বর্গমেষ্যন্তি বৈ তদা ॥ ২০ ॥

১৭। টিপ্পনী। লোকসম্মতঃ লোকহিতঃ এতন্মূলকতয়া সর্ব্বলোকহিতগঙ্গায়া ভূলোকেঽবতারণাৎ। তিঃ। লোকানামূর্দ্ধাধোমধ্যবর্ত্তিভুবনানাং সম্মতঃ। শিরোঃ।

১৮। টিপ্পনী। অপ্রমেয়েণ অসীমতেজঃসম্পন্নেনেত্যর্থঃ। নার্হসে নার্হসি, আত্মনেপদমার্ষম্। অন্যতো গঙ্গায়া অন্যতঃ।

১৯। টিপ্পনী। প্লাবয়েদিতি প্রার্থনায়াং লিঙ্।

২০। টিপ্পনী। লোককান্তয়া সর্ব্বজনানাং বাঞ্ছিতয়া। ক্লিন্নং সিক্তম্।

সেই মহাবল বিনতানন্দন (গরুড়) তাঁহাকে [এই] কথা বলিলেন—হে পুরুষশ্রেষ্ঠ, শোক করিও না, [তোমার পিতৃব্যগণের] ঈদৃশ বিনাশ [ত্রি-] লোকের হিতকর [-ই] হইয়াছে ॥ ১৭ ॥

অসীমতেজঃসম্পন্ন কপিলকর্ত্তৃক এই মহাবল সগরপুত্রগণ দগ্ধ হইয়াছে। হে বীর, [গঙ্গাভিন্ন] অন্য কোনও স্থান হইতে ইহাদিগকে জলদান করা তোমার উচিত নহে ॥ ১৮ ॥

হিমালয়ের জ্যেষ্ঠা কন্যা নদীশ্রেষ্ঠা লোকপাবনী গঙ্গা ভস্মরাশিতে পরিণত এই সগরপুত্রগণকে প্লাবিত করুন [ইহা আমি ইচ্ছা করি] ॥ ১৯ ॥

বৎস, [ত্রি-] লোকবাঞ্ছিতা গঙ্গাদ্বারা যখন ইহাদের এই ভস্ম [-রাশি] সিক্ত হইবে, তখন ইহারা স্বর্গে গমন করিবে ॥ ২০ ॥

১। ঘ—'স্বেতে'। ২। ঘ-ছ—'সলিলং নার্হসে বীর দাতুমেষাং ত্বমন্যথা', জ—'সলিলং নার্হসে বীর দাতুমেষাং নরোত্তম', গ-ঙ-ছ—'সলিলং নার্হসে বীর দাতুমেষাং ত্বমন্যতঃ'। ৩। চ ছ—'পাবয়ে-'।

গঙ্গামানয় ভদ্রন্তে দেবলোকান্মহীতলম্[১] ।
ক্রিয়তাং যদি শক্নোষি গঙ্গায়া অবতারণম্ ॥ ২১ ॥
গচ্ছাশ্বমেতমাদায়[২] পুনরেব যথাগতম্ ।
যজ্ঞং পৈতামহং বীর নির্ব্বর্ত্তয়িতুমর্হসি[৩] ॥ ২২ ॥
সুপর্ণবচনং শ্রুত্বা বীর্য্যবানংশুমানথ[৪][৫] ।
ত্বরিতো হয়মাদায় যজ্ঞমায়ান্মহাযশাঃ ॥ ২৩ ॥
স রাজানং সমাসাদ্য[৬] দীক্ষিতং রঘুনন্দন ।
তস্মৈ নিবেদয়ামাস সুপর্ণবচনং তদা[৭] ॥ ২৪ ॥
তচ্ছ্রুত্বা ব্যথিতো রাজা ঘোরমংশুমতো বচঃ ।
যজ্ঞং সমাপয়ামাস নাতিহৃষ্টমনা ইব ॥ ২৫ ॥

২৩। টিপ্পনী। যজ্ঞং যজ্ঞভূমিম্।
২৫। টিপ্পনী। নাতিহৃষ্টমনা অনতিপ্রীতমানসঃ। ইব বাক্যালঙ্কারে

যদি সমর্থ হও গঙ্গার অবতারণ কর। দেবলোক হইতে মহীতলে গঙ্গা আনয়ন কর। তোমার মঙ্গল হউক ॥ ২১ ॥

[আপাততঃ] তুমি এই অশ্ব গ্রহণ করিয়া যেই পথে আসিয়াছ [সেই পথে] প্রত্যাবর্ত্তন কর। হে বীর, পিতামহের যজ্ঞ সুসম্পন্ন করা তোমার কর্ত্তব্য ॥ ২২ ॥

মহাযশস্বী বীর্য্যশালী অংশুমান্ গরুড়ের বাক্য শ্রবণ করিয়া তদনন্তর অশ্ব গ্রহণপূর্ব্বক ত্বরান্বিত হইয়া যজ্ঞভূমিতে আগমন করিলেন ॥ ২৩ ॥

হে রঘুনন্দন, তখন তিনি দীক্ষিত রাজা সগরের নিকট উপস্থিত হইয়া তাঁহাকে গরুড়বাক্য নিবেদন করিলেন ॥ ২৪ ॥

অংশুমানের [মুখে] সেই দারুণ বচন শ্রবণ করিয়া রাজা [সগর] ব্যথিত হইলেন এবং অনতিপ্রফুল্ল হৃদয়েই যজ্ঞ সমাপন করিলেন ॥ ২৫ ॥

১। ঙ—'-তলে'। ২। চ-জ—'-শ্বং ত্বং সমাদায়', গ—'-মেন-'। ৩। ঙ—'নিবারয়িতু-'।
৪। গ-ঙ—'অংশুমান্ বীর্য্যবানথ'। ৫। জ—'-মাংস্তথা'। ৬। চ—'সমাদায়'। ৭। গ-ঘ—'তথা'।

স্বপুরঞ্চ যযৌ ধীমানিষ্টযজ্ঞো মহীপতিঃ।
গঙ্গায়াশ্চাগমে রাজা নাধ্যগচ্ছৎ স নিশ্চয়ম্ ॥ ২৬ ॥
অগত্বা নিশ্চয়ং চাপি যুযুজে কালধর্ম্মণা।
ত্রিংশদ্ বর্ষসহস্রাণি পালয়িত্বা মহীমিমাম্ ॥ ২৭ ॥[1]

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে আদিকাণ্ডে ত্রিচত্বারিংশঃ সর্গঃ ॥ ৪৩ ॥

২৬। টিপ্পনী। ইষ্টযজ্ঞঃ সমনুষ্ঠিতযাগঃ। আগমে অবতারণে।

২৭। টিপ্পনী। যুযুজে কালধর্ম্মণা—কালধর্ম্মণা মৃত্যুনা। কালকবলং গত ইত্যর্থঃ। কালধর্ম্মণা ইত্যত্র অনিচ্ ছান্দসঃ।

ধীমান্ মহীপতি [সগর] যজ্ঞ সমাপন করিয়া নিজ পুরীতে প্রবেশ করিলেন। কিন্তু গঙ্গার অবতারণবিষয়ে অর্থাৎ কি উপায়ে গঙ্গাকে ভূতলে আনয়ন করিবেন, তদ্বিষয়ে স্থিরসিদ্ধান্তে উপনীত হইতে পারিলেন না ॥ ২৬ ॥

[কোনরূপ] উপায় নির্দ্ধারণ করিতে না পারিয়াই রাজা [সগর] ত্রিংশৎসহস্রবৎসর এই পৃথিবী পালন করিয়া কালগ্রাসে পতিত হইলেন ॥ ২৭ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের আদিকাণ্ডে ত্রিচত্বারিংশ সর্গ সমাপ্ত ॥

১। গ-ঙ-ঝ—পুস্তকেষু 'জগাম ত্রিদিবং রাজা জিতং যেনৈব কর্ম্মণা। কৃত্বা নৃপৈকৈকচ্ছত্রমংশুমন্তং মহাবলম্ ॥' ইত্যধিকঃ শ্লোক উপলভ্যতে।

চতুশ্চত্বারিংশঃ সর্গঃ

ততঃ প্রকৃতয়ো রাম সগরে স্বর্গতে নৃপে।
ধার্ম্মিকং রোচয়ামাসুরংশুমন্তং নরাধিপম্ ॥ ১ ॥
স রাজা সুমহানাসীদংশুমান্ রঘুনন্দন।
তস্য পুত্রঃ সমভবদ্দিলীপ ইতি বিশ্রুতঃ ॥ ২ ॥
তস্মিন্ রাজ্যং সমাবেশ্য[১] দিলীপেঽথাংশুমানপি।
হিমবচ্ছিখরে রাম তপস্তেপে মহাযশাঃ[২] ॥ ৩ ॥
গঙ্গাবতারণং[৩] পুণ্যং চিকীর্ষুরমরদ্যুতিঃ।
অনবাপ্যৈব[৪] তং কামং স বৈ নৃপতিসত্তমঃ ॥ ৪ ॥

১। টিপ্পনী। প্রকৃতয়োঽমাত্যাঃ 'প্রকৃতিঃ সহজে যোনাবমাত্যে পরমাত্মনি' ইতি বিশ্বঃ। অংশুমন্তং নরাধিপং রোচয়ামাসুরংশুমন্তমভিষেক্তুমৈচ্ছন্নিত্যর্থঃ। 'কালধর্ম্মং গতে রাম সগরে প্রকৃতীজনাঃ। রাজানং রোচয়ামাসু'রিত্যাদি পাশ্চাত্ত্যাঃ (১।৪২।১)। প্রকৃতীজনাঃ অমাত্যবর্গা রোচয়ামাসুঃ ন্যায়প্রাপ্তত্বাদৈচ্ছন্। দীর্ঘশ্চ ছান্দস ইতি—রামানুজ-গোবিন্দরাজৌ। প্রকৃতীজনাঃ সর্ব্বাঃ প্রজা রাজানং রোচয়ামাসু রাজত্বেনেযুরিতি শিরোমণিঃ।

৩। টিপ্পনী। সমাবেশ্য সংস্থাপ্য। তপস্তেপে ভূলোকে গঙ্গাবতারণায়েতি শেষঃ।

রাম, অনন্তর রাজা সগর স্বর্গলোকে গমন করিলে প্রকৃতিবর্গ ধার্ম্মিক অংশুমান্‌কে রাজপদে অভিষিক্ত করিতে ইচ্ছা করিলেন ॥ ১ ॥

রঘুনন্দন, সেই রাজা অংশুমান্ অতি মহান্ ছিলেন। দিলীপ নামে বিখ্যাত তাঁহার [একটী] পুত্র জন্মগ্রহণ করিয়াছিল ॥ ২ ॥

রাম, অনন্তর দেবপ্রভ, মহাযশা অংশুমান্‌ও পবিত্র গঙ্গাবতারণ করিবার অভিলাষী হইয়া সেই দিলীপের উপর রাজ্যভার অর্পণপূর্ব্বক হিমালয়ের শিখরে তপস্যা করিতে আরম্ভ করিলেন। অসীমতেজঃসম্পন্ন নৃপতিশ্রেষ্ঠ মহামনাঃ

১। জ—'-রোপ্য'। ২। গ—'-তপাঃ'। ৩। গ-ঘ—'-তরণঃ'। ৪। ঙ—পুনরপ্যেব'

দ্বাত্রিংশতং সহস্রাণি বর্ষাণামমিতদ্যুতিঃ।
তপস্তপ্ত্বা মহাঘোরং স্বর্গং লেভে মহামনাঃ ॥ ৫
দিলীপোঽপি মহাতেজা যজ্ঞৈর্ব্বহুভিরীজিবান্[২]।
বিংশতিং[৩] বৈ সহস্রাণি বর্ষাণাং গামপালয়ৎ ॥ ৬
নিশ্চয়ঞ্চাপ্যগত্বৈব গঙ্গাবতরণে ততঃ।
ব্যাধিনা নরশার্দ্দূল কালস্য বশমীযিবান্ ॥ ৭ ॥
ইন্দ্রলোকং গতো রাজা সোঽর্জ্জিতং[৫] পুণ্যকর্ম্মণা
রাজ্যং ভগীরথে পুত্রে নিঃক্ষিপ্য পুরুষর্ষভঃ[৬] ॥ ৮

৫ টিপ্পনী। স্বর্গং লেভে ন তু গঙ্গাম্ গোঃ রাঃ।

৬। টিপ্পনী। ঈজিবান্ ইষ্টবান্। বিংশতিং বৈ সহস্রাণীত্যত্র ত্রিংশদ্বর্ষসহস্রাণীতি পাশ্চাত্ত্যাঃ (১।৪২।৮)। রামায়ণমঞ্জরীপাঠস্ত (১।২৪৯) বঙ্গীয়পাঠানুগত এব।

৭। টিপ্পনী। ব্যাধিনা পিতৃণামুদ্ধরণালাভজন্যদুঃখজেন। তিঃ। কালস্য বশং মরণমুপেযিবান্ প্রাপ।

অংশুমান্ [তাঁহার-] সেই কাম্য বস্তু প্রাপ্ত না হইয়াই দ্বাত্রিংশৎ-সহস্র বৎসর অতি কঠোর তপস্যা করিয়া স্বর্গলাভ করিলেন ॥ ৩-৫ ॥

মহাতেজা দিলীপও বহু যজ্ঞের অনুষ্ঠান করিয়াছিলেন [এবং] বিংশতি-সহস্র বৎসর পৃথিবী পালন করিয়াছিলেন ॥ ৬ ॥

হে নরশার্দ্দূল, গঙ্গাবতরণ বিষয়ে [কোনরূপ] স্থির সিদ্ধান্তে উপনীত হইতে না পারিয়াই পুরুষশ্রেষ্ঠ রাজা দিলীপ, পুত্র ভগীরথের উপর রাজ্যভার অর্পণ করিয়া ব্যাধিবশতঃ কালকবলে নিপতিত হয়েন [এবং স্বীয়] পুণ্যকর্ম্মার্জ্জিত ইন্দ্রলোকে গমন করেন ॥ ৭-৮ ॥

১। গ-ঘ-চ-চ-ছ-জ—'-মমর-'। ২। অতঃ পরং গ-ঝ-পুস্তকয়োঃ 'শ্রুত্বা পৈতামহং বচঃ। দুঃখোপহতয়া বুদ্ধ্যা নাধ্যগচ্ছৎ স নিশ্চয়ম্ ॥ কথং গঙ্গাবতরণং কথং তেষাং জলক্রিয়া। তারয়েঽহং কথং বন্ধূনিতি চিন্তাপরোঽভবৎ ॥ তস্য চিন্তয়তো নিত্যং ধর্ম্মেণ বিকৃতাত্মনঃ। পুত্রো ভগীরথো নাম যজ্ঞে পরমধার্ম্মিকঃ ॥ ততঃ সোঽপি মহাতেজাঃ' ইত্যধিকঃ। ৩। ছ—ত্রিংশচ্চৈব', গ-ঙ—'বিংশচ্চাপি'। ৪। গ-ঙ—'চাপি'। ৫। জ—'স্বার্জ্জিতং', ছ—'সোঽচ্চিতং'। ৬। চ-ছ—'-র্ষভে'।

ভগীরথোঽথ রাজাভূদ্ধার্ম্মিকো রঘুনন্দন ।

অনপত্যঃ সদা কাঙ্ক্ষন্[1] সদৃশীমাত্মনঃ প্রজাম্ ॥ ৯ ॥

স[2] তপো মহদাতস্থে[3] গোকর্ণেঽনুপমদ্যুতিঃ ।

ঊর্দ্ধবাহুঃ পঞ্চতপা গ্রীষ্মে ভূত্বা যতব্রতঃ ॥ ১০ ॥

জলশায়ী চ হেমন্তে বর্ষাস্বভ্রাবকাশিকঃ ।

শীর্ণপর্ণকৃতাহারো যতাত্মা যত[4]মৈথুনঃ ॥ ১১ ॥

৯। টিপ্পনী। অনপত্যঃ অতএব আত্মনঃ সদৃশীং প্রজাং কাঙ্ক্ষন্নভূদিত্যন্বয়ঃ।

১০। টিপ্পনী। আতস্থে অন্বতিষ্ঠৎ। গোকর্ণে গোকর্ণাভিধেয়মহাদেবসমীপে ইতি শিরোমণিঃ। হিমবৎপাদবিশেষে ইতি শিরোমণিবামানুজৌ। পঞ্চতপাঃ চতুর্ষু পার্শ্বেষগ্নয় উপরি সূর্য্যশ্চ তেষাং মধ্যে তপো যস্য স পঞ্চতপাঃ। গোঃ রাঃ। পঞ্চাগ্নিসাধ্যং তপো যস্য স ইতি মল্লিনাথঃ (মাঘঃ ২।৫)। পঞ্চভিরাত্মানং তাপয়েৎ চতসৃষু দিক্ষু অগ্নীন্ সন্নিধাপ্য মধ্যে তিষ্ঠেৎ উপরিষ্টাদাদিত্যতাপং সেবেতেতি মেধাতিথিঃ (মনুঃ ৬।২৩)। চতুর্দ্দিক্‌স্থ-বহ্নিচতুষ্টয়েন সূর্য্যেণ চেতি পঞ্চভিস্তাপনাৎ পঞ্চতপা ইতি সর্ব্বজ্ঞনারায়ণঃ (মনুঃ ৬।২৩)। অভ্রাবকাশিকঃ অভ্রেষু বর্ষৎসু অবকাশেনানাবরণতয়া চরতীত্যভ্রাবকাশিক ইতি রাঘবানন্দঃ (মনু ৬।২৩)। বর্ষাস্বভ্রাবকাশমাশ্রয়েৎ যত্র দেশে দেবো বর্ষতি তত্র ছত্রাদ্যাবরণরহিত-স্তিষ্ঠেদিত্যর্থঃ। ঋতুত্রয়সংবৎসরাবলম্বেনায়ং সাংবৎসরিক এব নিয়ম ইতি কুল্লূকঃ (মনুঃ ৬।২৩)। গ্রীষ্মাদিপদানি চতুর্মাসর্ত্তুপরাণীতি সর্ব্বজ্ঞনারায়ণঃ।

হে রঘুনন্দন, রাজ্যলাভের পর, ধর্ম্মপরায়ণ নিঃসন্তান রাজা ভগীরথ সর্ব্বদা নিজের উপযুক্ত সন্তান কামনা করিতেছিলেন] ॥ ৯ ॥

অনুপমতেজঃসম্পন্ন ভগীরথ [সন্তানলাভকামনায় এবং ভূতলে গঙ্গাকে আনয়ন করিবার উদ্দেশে] গোকর্ণে (তন্নামক হিমালয়ের পাদে) সংযতাহার, সংযতচিত্ত এবং স্ত্রীসঙ্গরহিত হইয়া উগ্র তপস্যায় রত হইলেন। তিনি গ্রীষ্মকালে ঊর্দ্ধবাহু হইয়া [চতুর্দ্দিকে অগ্নি এবং ঊর্দ্ধে সূর্য্য এই] পঞ্চাগ্নির মধ্যে [অবস্থানপূর্ব্বক] নিজকে সন্তাপিত করিতেন। হেমন্তে (শীতকালে) জলমগ্ন হইয়া, বর্ষাকালে অভ্রাবকাশী হইয়া (অর্থাৎ বর্ষণসময়ে

১। ঙ—'-কাঙ্ক্ষৎ'। ২। চ—'সন্তপো'। ৩। জ—'-দাহার'। ৪। ঘ-ঙ-ছ-জ—'জিত-'।

তস্য বর্ষসহস্রান্তে তপসোগ্রেণ তোষিতঃ।
আজগামাশ্রমং[১] ব্রহ্মা প্রজানাং প্রভুরীশ্বরঃ ॥ ১২ ॥
বৃতঃ সুরগণৈঃ শ্রীমান্ বিমানবরমাস্থিতঃ।
স এনমাভাষ্য তদা তপ্যমানং তপোঽব্রবীৎ[২] ॥ ১৩ ॥
ভগীরথ মহাভাগ প্রীতস্তেঽহং নরেশ্বর।
গৃহাণ ত্বং বরং[৩] মত্তঃ কাঙ্ক্ষিতং পৃথিবীপতে ॥ ১৪ ॥
তমুবাচ ততো দৃষ্ট্বা ব্রহ্মাণং স্বয়মাগতম্[৪]।
ভগীরথো মহাতেজাঃ কৃতাঞ্জলিরিদং বচঃ ॥ ১৫ ॥
যদি মে ভগবান্ প্রীতো যদ্যস্তি তপসো[৫] বলম্।
ততঃ সগরপুত্রাস্তে মত্তঃ সলিলমাপ্নুয়ুঃ ॥ ১৬ ॥

১৩। টিপ্পনী। আভাষ্য আহূয়।
১৪। টিপ্পনী। মহাভাগ হে পরমভাগ্যবিশিষ্ট।
১৫। টিপ্পনী। মহাতেজাস্তপঃকৃতনিরবধিকতেজাঃ। তিঃ।
১৬। টিপ্পনী। ভগবান ষডৈশ্বর্য্যসম্পন্নো ভবান্। যদ্যস্তি তপসো বলমিত্যসন্দিগ্ধে

অনাবৃতস্থলে গাত্রাবরণব্যতিরেকে দণ্ডায়মান হইয়া) এবং [সকল ঋতুতেই বৃক্ষ-] পতিত পত্র আহার করিয়া থাকিতেন ॥ ১০-১১ ॥

[এইরূপে] সহস্র বৎসর অতীত হইলে তাঁহার উগ্র তপস্যায় পরিতুষ্ট শ্রীমান্ প্রজাপতি ভগবান্ ব্রহ্মা দেবগণপরিবৃত হইয়া উত্তম বিমানে আরোহণ-পূর্ব্বক [তাঁহার] আশ্রমে আগমন করিলেন। তিনি তখন তপোনিরত এই ভগীরথকে সম্বোধন করিয়া বলিলেন—॥ ১২-১৩ ॥

হে নরেশ্বর মহাভাগ ভগীরথ, তোমার প্রতি আমি সন্তুষ্ট হইয়াছি। হে মহীপাল, তুমি আমার নিকট হইতে অভিলষিত বর গ্রহণ কর ॥ ১৪ ॥

অতঃপর মহাতেজঃসম্পন্ন ভগীরথ, ব্রহ্মা নিজেই আগমন করিয়াছেন দেখিয়া কৃতাঞ্জলিপুটে তাঁহাকে এই কথা বলিলেন—॥ ১৫ ॥

১। গ ঙ—'জিত-'। ২। ছ—'ঽভোহ-'। ৩। গ-ঘ-ঙ চ-ছ—'বরমস্মত্তঃ'। ৪। জ—'সমুপস্থিতম্'। ৫। চ—'তপসঃ ফলম্'।

গঙ্গাজলপ্লুতে তস্মিন্ [1] দেহভস্মনি পাবিতাঃ।
গচ্ছেয়ুরমলাঃ স্বর্গং সর্ব্বে নঃ প্রপিতামহাঃ ॥ ১৭ ॥

ইয়ঞ্চ সন্ততির্দ্দেব নাবসাদং [2] কথঞ্চন।
ইক্ষ্বাকূণাং কুলে গচ্ছেদেষ মেঽস্ত্বপরো [3] বরঃ ॥ ১৮ ॥

ইত্যুক্তবাক্যং রাজানং সর্ব্বলোকপিতামহঃ।
প্রত্যুবাচ শুভাং বাণীং মধুরাক্ষরভূষিতাম্ ॥ ১৯ ॥

সন্দিগ্ধবচনং বেদাশ্চেৎ প্রমাণং স্যারিতিবৎ। সলিলং স্পর্শমাত্রেণ স্বর্গতিসাধনং সলিলম্। তিঃ।

১৭। টিপ্পনী। পাবিতাঃ পবিত্রীকৃতাঃ। অমলা নিষ্পাপাঃ সন্তঃ।

১৮। টিপ্পনী। ইয়ং মাং যাবৎ প্রবর্ত্তমানা সন্ততিরবিচ্ছেদঃ পারম্পর্য্যমিত্যর্থঃ। অবসাদং ন গচ্ছেদ্ নাশং ন প্রাপ্নুয়াৎ। এষ মেঽস্ত্বপরো বর ইত্যত্র এষ মেঽস্তু বরঃ পর ইতি পাশ্চাত্ত্যাঃ (১।৪২।২০)। পরো দ্বিতীয় ইতি রামানুজশিরোমণী।

১৯। টিপ্পনী। শুভাং শুভহেতুম্। গোঃ রাঃ।

ষড়ৈশ্বর্য্যসম্পন্ন আপনি যদি আমার প্রতি প্রীত হইয়া থাকেন, যদি [আমার] তপোবল থাকে, তাহা হইলে সেই সগরপুত্রগণ আমা হইতে জলপ্রাপ্ত হউন অর্থাৎ যাহাতে তাঁহারা আমার হস্তে জলপ্রাপ্ত হয়েন, তাহার বিধান করুন ॥ ১৬ ॥

[আমার প্রপিতামহগণের] সেই দেহভস্ম গঙ্গাজলপ্লাবিত হইলে আমার প্রপিতামহগণ সকলে পাপমুক্ত [অতএব] পবিত্র হইয়া স্বর্গে গমন করিবেন ॥ ১৭ ॥

হে দেব, ইক্ষ্বাকুবংশে এই পারম্পর্য্য (ধারা) যেন কোনও প্রকার ক্ষুণ্ণ না হয়, ইহা আমার অপর বর হউক ॥ ১৮ ॥

রাজা [ভগীরথ] ইহা বলিলে, সর্ব্বলোকপিতামহ [তাঁহাকে] প্রত্যুত্তরে মধুরাক্ষরভূষিত মঙ্গলকর [এই] বাক্য বলিলেন—॥ ১৯ ॥

১। ঙ—'ষে বৈ'। ২। চ—'ন চ্ছিদ্যেত'। ৩। ক-জ—'মে প্রবরো', চ—'স্তু বরোঽ'

তপোধন মহাভাগ ভগীরথ মহারথ।
এবং ভবত্ববিচ্ছিন্নমিক্ষ্বাকুকুলমব্যয়ম্[1] ॥ ২০ ॥
ইয়ন্তু গঙ্গা সরিত্বাং প্রবরা স্বর্গতিশ্চ্যুতা[2][3]।
দারয়েৎ পৃথিবীং কৃৎস্নাং নিপতন্তী মহৌঘিনী ॥ ২১ ॥
তদস্যা ধারণে রাজঞ্জিবো দেবঃ প্রসাদ্যতাম্[4][5]।
গঙ্গায়াঃ পতনং ব্যক্তং ভূমিঃ সোঢ়ুং ন শক্ষ্যতি[6] ॥ ২২ ॥
তস্যা ধারয়িতারঞ্চ নান্যং পশ্যামি শঙ্করাৎ।
বেগং সুদুঃসহং লোকে তস্মাত্তং ত্বং প্রসাদয় ॥ ২৩ ॥

২০। টিপ্পনী। এবং ত্বদিচ্ছানুসারতঃ।
২১। টিপ্পনী। মহৌঘিনী মহাবেগবতী।
২২। টিপ্পনী। প্রসাদ্যতাং প্রসন্নঃ ক্রিয়তাম্। ব্যক্তং নিশ্চিতম্।

হে তপোধন মহাভাগ মহারথ ভগীরথ, তোমার প্রার্থনানুসারে ইক্ষ্বাকুকুল অবিচ্ছিন্ন [এবং] অক্ষয় হউক ॥ ২০ ॥

কিন্তু এই সরিৎপ্রবরা মহাবেগবতী গঙ্গা [যদি] স্বর্গ হইতে বিচ্যুত হইয়া [পৃথিবীতে] পতিত হয়েন, [তবে তিনি] সমস্ত পৃথিবী বিদারিত করিবেন ॥ ২১ ॥

অতএব ইহার ধারণের জন্য দেব [-দেব] শিবকে প্রসন্ন কর। হে রাজন্, গঙ্গার পতন [-বেগ] নিশ্চয়ই পৃথিবী সহ্য করিতে সমর্থ হইবেন না ॥ ২২ ॥

গঙ্গার সুদুঃসহ বেগ ধারণ করিতে পারে, [ত্রি-] লোকে শঙ্কর ভিন্ন অন্য কোন ব্যক্তিকে [এইরূপ] দেখিতে পাইতেছি না। এই হেতু তুমি তাঁহাকে প্রসন্ন কর ॥ ২৩ ॥

১। গ-ঘ-ঙ-ছ—'-সম্ভবম্'। ২। গ-ঙ—'-বিচ্যুতা'। ৩। অতঃ পরং চ-পুস্তকে 'যা সা দেবনদী গঙ্গা শুদ্ধা হিমবতশ্চ্যুতা'। ইত্যধিকঃ। ৪। ঝ—'প্রসেব্যতাম্'। ৫। চ-পুস্তকে 'গঙ্গাস্তু প্রচ্যুতাং রাজন্ স মূর্দ্ধ্না ধারয়িষ্যতি। নাস্যস্তস্মাচ্ছিবাদস্যাঃ শক্তো বেগং হি দুঃসহম্ ॥ সোঢ়ুং নিপতমানায়াস্তস্মাত্তং ত্বং প্রসাদয় ॥ ইত্যধিকঃ। ৬। গ-ঙ—'শক্যতে'।

১
তমেবমুক্ত্বা রাজানং ভগবান্ প্রপিতামহঃ।
২ ৩
আভাষ্য চ মহীং গন্তুং গঙ্গাং স ত্রিদিবং যযৌ ॥ ২৪ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে আদিকাণ্ডে চতুশ্চত্বারিংশঃ সর্গঃ ॥ ৪৪ ॥

২৪। টিপ্পনী। গঙ্গাং মহীং গন্তুমাভাষ্য আকাশগাং গঙ্গাং মহীগমনায়োক্ত্বেত্যর্থঃ। গঙ্গায়াস্তদাকাশগত্বমুত্তরসর্গতঃ প্রতীয়তে। 'তমেবমুক্ত্বা রাজানং গঙ্গাং চাভাষ্য লোককৃৎ' ইতি পাশ্চাত্ত্যাঃ (১।৪২২৫)। গঙ্গামাভাষ্য রাজানং যথাকালমনুগৃহাণেত্যুক্ত্বেতি রামানুজ-গোবিন্দরাজৌ। সমানকর্ত্তৃকত্বশাস্ত্রস্য প্রায়িকত্বাদ্ ব্রহ্মকর্ম্ম কর্ত্তুং ভবন্তমহং বৃণে ইত্যাদিবদ্ গন্তুমাভাষ্যেতি কর্ত্তৃভেদেঽপি তুমুন্ সমর্থনীয়ঃ।

ভগবান্ প্রপিতামহ (ব্রহ্মা) রাজা ভগীরথকে এইরূপ বলিয়া এবং [আকাশগামিনী] গঙ্গাকে মহীতলে অবতরণ করিবার জন্য অনুরোধ করিয়া দেবলোকে গমন করিলেন ॥ ২৪ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের আদিকাণ্ডে চতুশ্চত্বারিংশ সর্গ সমাপ্ত ॥

১। চ—'স এব-'। ২। ক-গ ঙ-চ-ছ-ঝ—'নেতুং'। ৩। চ-পুস্তকে অস্যার্দ্ধস্য স্থানে 'আভাষ্য চ মহীপালং ভগবাংস্ত্রিদিবং যযৌ' ইতি পাঠঃ।

পঞ্চচত্বারিংশঃ সর্গঃ

প্রজাপতৌ গতে তস্মিন্নঙ্গুষ্ঠাগ্রনিপীড়িতম্।[১][২][৩]
কৃত্বা মহীতলং রাজা সংবৎসরমুপাবসৎ ॥ ১ ॥[৪][৫]

ঊর্দ্ধবাহুর্নিরালম্বো বায়ুভক্ষো নিরাশ্রয়ঃ।[৬]
অচলঃ স্থাণুবৎ স্থিত্বা রাত্রিন্দিবমতন্দ্রিতঃ ॥ ২ ॥[৭]

অথ সংবৎসরে পূর্ণে সর্ব্বদেবনমস্কৃতঃ।[৮]
উমাপতিঃ পশুপতির্ভগীরথমভাষত ॥ ৩ ॥

প্রীতস্তেঽহং নরশ্রেষ্ঠ করিষ্যামি প্রিয়ং মহৎ।[৯]
পতন্তীং ধারয়িষ্যামি দিবস্ত্রিপথগাং নদীম্ ॥ ৪ ॥[১০]

১। টিপ্পনী। অঙ্গুষ্ঠাগ্রনিপীড়িতম্। অঙ্গুষ্ঠমাত্রাশ্রিতম্। উপাবসৎ সংযতঃ সন্ সমতিষ্ঠত।

২। টিপ্পনী। বায়ুং ভক্ষয়তীতি বায়ুভক্ষঃ। অতন্দ্রিতোঽবহিতঃ সন্।

সেই পিতামহ ব্রহ্মা গমন করিবার পর, রাজা [ভগীরথ] অঙ্গুষ্ঠাগ্রদ্বারা মহীতল নিপীড়িত করিয়া অর্থাৎ অঙ্গুষ্ঠের উপর সমস্ত শরীরভার স্থাপন করিয়া, ঊর্দ্ধবাহু, অবলম্বহীন নিরাশ্রয় ও বায়ুভক্ষ্য হইয়া দিবারাত্রি অবহিত-চিত্তে স্থাণুর ন্যায় অচলভাবে দণ্ডায়মান থাকিয়া এক বৎসর সংযত হইয়া রহিলেন ॥ ১-২ ॥

পরে সংবৎসর পূর্ণ হইলে, সর্ব্বদেবপূজিত উমাপতি মহাদেব ভগীরথকে বলিলেন—॥ ৩ ॥

হে নরশ্রেষ্ঠ, তোমার প্রতি আমি প্রীত হইয়াছি। [আমি তোমার]

১। ঝ—'-পতি'। ২। গ-ঘ-ছ—'-গ্র-প্র-', ঝ—'-গ্রে প্র-'। ৩। ঙ—'-তং'। ৪। ঙ—'ভূত্বা'। ৫। চ—'-বিশৎ'। ৬। চ—'-রনালম্বো'। ৭। গ—'স্থিরো'। ৮। গ-ঘ-ঙ-ছ—'-হতীতে'। ৯। জ—'মহৎ প্রিয়ং'। ১০। জ—'দেবীং ত্রি-', গ-ঙ—'দিবস্ত্রিপথগামিনীম্'।

তেতো হিমবতঃ শৃঙ্গমধিরুহ্য মহেশ্বরঃ।

নিপতেত্যব্রবীদ্ গঙ্গামাভাষ্যাকাশগাং তদা[১] ॥ ৫ ॥

জটাকলাপং বিপুলং বিনিকীর্য্য সমন্ততঃ।

বহুযোজনবিস্তীর্ণং[২] শৈলকন্দরসন্নিভম্ ॥ ৬ ॥

তস্মিন্ পপাত গগনাদ্ গঙ্গা দেবনদী চ্যুতা।

বেগেন মহতা রাম শিরস্যমিততেজসঃ ॥ ৭ ॥

তত্র সংবৎসরং পূর্ণং বভ্রাম পরিমোহিতা।

গঙ্গা শিরসি দেবস্য নিঃসৃতা[৩] বেগবাহিনী ॥ ৮ ॥

ততঃ প্রসাদয়ামাস পুনরেব ভগীরথঃ।

গঙ্গায়াঃ পরিমোক্ষার্থং[৪] মহাদেবমুমাপতিম্ ॥ ৯ ॥

৬। টিপ্পনী। শৈলকন্দরসন্নিভং পর্ব্বতগহ্বরসদৃশম্।

৮। টিপ্পনী। পরিমোহিতা বিভ্রান্তচিত্তা।

মহৎ প্রিয়কার্য্য সাধন করিব। ত্রিপথগামিনী নদী (গঙ্গা) যখন দেবলোক হইতে [ভূলোকে] পতিত হইবেন, আমি [তাঁহাকে] ধারণ করিব ॥ ৪ ॥

অতঃপর মহেশ্বর হিমালয়ের শৃঙ্গে অধিরোহণ করিয়া, বহুযোজনবিস্তীর্ণ পর্ব্বতগুহাসদৃশ বিপুল জটাকলাপ চতুর্দ্দিকে বিকীর্ণকরত আকাশগামিনী গঙ্গাকে সম্বোধনপূর্ব্বক 'তুমি নিপতিতা হও' ইহা বলিলেন ॥ ৫-৬ ॥

রাম, দেবনদী গঙ্গা আকাশ হইতে পতিত হইয়া অসীমতেজঃসম্পন্ন মহাদেবের সেই মস্তকে মহাবেগে পতিত হইলেন ॥ ৭ ॥

আকাশনির্গতা বেগপ্রবাহিণী গঙ্গা, [দেব-] দেবের সেই মস্তকে পূর্ণ সংবৎসরকাল হতবুদ্ধি হইয়া ভ্রমণ করিলেন ॥ ৮ ॥

অতঃপর ভগীরথ গঙ্গাকে মুক্ত করিবার জন্য, পুনর্ব্বার উমাপতি মহাদেবকে প্রসন্ন করিতে লাগিলেন ॥ ৯ ॥

১। ক-ঝ—'নদীম্'। ২। চ-ছ-ঝ—'বিস্তারং'। ৩। ক-ঙ-ঝ—'বিসৃতা'। ৪। ঙ—'মোহার্থং'।

তস্যাথ বচনাদ্ গঙ্গামুৎসসর্জ্জ ভগার্দ্দনঃ।[১]

জটামেকাং সমাক্ষিপ্য[২] স্রোতঃ সংজনয়ন্[৩] স্বয়ম্ ॥ ১০ ॥

স্রোতসা তেন সুস্রাব গঙ্গা ত্রিপথগামিনী।

[৪]পাবয়ন্তী জগদ্ রাম পুণ্যা দেবনদী শুভা ॥ ১১ ॥

[৫]তাঞ্চ সিদ্ধাঃ সর্ষিগণাঃ শিরসা জগৃহুস্তদা[৬]।

[৭]সেন্দ্রৈঃ সুরগণৈঃ সার্দ্ধং পূজয়ন্তো মহানদীম্[৮] ॥ ১২ ॥

ততো দেবর্ষিগন্ধর্ব্বা যক্ষাঃ সিদ্ধগণাস্তথা।

বিমানৈর্ব্বিবিধৈ রাম হয়ৈর্গজবরৈস্তথা[৯] ॥ ১৩ ॥

১০। টিপ্পনী। ভগার্দ্দনঃ কামঘ্নঃ শিব ইত্যর্থঃ। সমাক্ষিপ্য নিক্ষিপ্য। সংজনয়ন্ সমুৎপাদয়ন্। বিন্দুসরোনামানং হিমবৎস্থিতব্রহ্মনির্ম্মিতসরোবিশেষং প্রতি বিসৃজ্যমানায়াং গঙ্গায়াং তত্র সপ্ত স্রোতাংসি জজ্ঞিরে ইতি পাশ্চাত্ত্যরামায়ণে (১।৪৩।১১)। শিবো জটাং নিষ্পীড্য জাহ্নবীং তত্যাজেতি রামায়ণমঞ্জর্য্যাম্ (১।২৬৪)।

১১। টিপ্পনী। সুস্রাব প্রবাহিতাভূৎ।

১৩। টিপ্পনী। বিমানৈর্হয়ৈর্গজবরৈরিত্যেতেষাং চরন্ত ইতি শেষঃ।

অতঃপর তাঁহার [প্রসন্নতা-জনক] বাক্যে মহাদেব একটী জটা নিক্ষেপ করিয়া নিজেই স্রোতঃ উৎপাদনপূর্ব্বক গঙ্গাকে মুক্ত করিলেন ॥ ১০ ॥

রাম, ত্রিপথগামিনী মঙ্গলময়ী পুণ্যা দেবনদী গঙ্গা জগৎ পবিত্র করিতে করিতে সেই স্রোতঃপথে প্রবাহিতা হইলেন ॥ ১১ ॥

ঋষিবৃন্দের সহিত সিদ্ধগণ ইন্দ্রসমেত দেবসমূহের সঙ্গে সেই মহানদীকে পূজা করিয়া [তাঁহাকে] মস্তকদ্বারা গ্রহণ করিলেন ॥ ১২ ॥

রাম, অতঃপর দেবর্ষি, গন্ধর্ব্ব, যক্ষ ও সিদ্ধগণ বিবিধ বিমানে

১। ক-জ—'তদা হরঃ'। ২। ঘ-ঙ—'স্রোতসং'। ৩। চ—'-য়ংস্তদা'। ৪। গ-চ-জ—'প্লাবয়ন্তী'। ৫। ঘ-ছ—'তাং প্রক্রান্তামৃষি-', ঙ—ঝ—'তাং প্রসৃতামৃষি-,' গ-জ—'তাং প্রচ্যুতাং মুনি-'। ৬। ঘ-ছ—'স্তথা', কপুস্তকে ইদমর্দ্ধং নাস্তি। ৭। গ-জ—'সেন্দ্রাঃ'। ৮। ক-পুস্তকে অয়ং শ্লোকো নাস্তি। ৯। জ—'স্তদা'।

পরিপ্লবগতাশ্চাপি[১] দেবতাস্তত্র বিষ্ঠিতাঃ[২] ।
স্বয়ঞ্চানুজগামৈনাং ব্রহ্মা লোকপিতামহঃ ॥ ১৪ ॥
তদদ্‌ভুততমং লোকে গঙ্গাপতনমুত্তমম্ ।
দিদৃক্ষবো দেবগণাঃ সমীয়ুরমিতৌজসঃ ॥ ১৫ ॥
সম্পতদ্‌ভিঃ সুরগণৈস্তেষাঞ্চাভরণৌজসা[৩] ।
শতাদিত্যমিবাসীত্ত[৪] গগনং গততোয়দম্ ॥ ১৬ ॥

১৪। টিপ্পনী। পরিপ্লবো জলযানভেদঃ শিবিকাদির্ব্বা। পাশ্চাত্ত্যরামায়ণে পরিপ্লব ইত্যত্র পারিপ্লব ইতি পাঠঃ। পরিপ্লব-পারিপ্লবশব্দৌ সমার্থকাবেব। পারিপ্লবগতাঃ সম্ভ্রমং গতাঃ সম্ভ্রমং প্রাপ্তা ইত্যর্থ ইত্যেকে। পারিপ্লবো যানভেদঃ শিবিকাদিরূপঃ শিবিকাদিযানস্থা ইত্যর্থ ইত্যন্যে। তিঃ। বিষ্ঠিতাঃ সংহিতাঃ। শিরোঃ। বিষ্ঠিতা বিশেষেণ স্থিতাঃ। গোঃ রাঃ।

১৫। টিপ্পনী। অদ্ভুততমমত্যন্তবিলক্ষণমত এব উত্তমং সর্ব্বশ্রেষ্ঠম্। কিঞ্চ উত্তম-মুৎকর্ষেণ দর্শনকাঙ্ক্ষোৎপাদকং তৎ প্রসিদ্ধম্। সমীয়ুঃ স্বস্ববাহনেভ্য উত্তীর্য্য গঙ্গাসমীপং প্রাপুঃ। শিরোঃ।

১৬। টিপ্পনী। সম্পতদ্ভিঃ সুরগণৈঃ তেষামাভরণৌজসা চ গততোয়দং গগনং শতাদিত্যমিবাসীদিত্যন্বয়ঃ। সংপতদ্ভিঃ সুরগণৈর্দ্রুতমাগচ্ছদ্ভির্দেববৃন্দৈঃ দেববৃন্দানাং দ্রুতাগমনেনেতি যাবৎ। গততোয়দং গতস্তোয়দো মেঘো যস্মাদীদৃশং সৎ। অত্র মেঘাপগমে দেবানাং গমনবেগোঽপি হেতুরিতি বোধ্যম্।

অশ্বে, শ্রেষ্ঠ মাতঙ্গে এবং দেবগণ শিবিকায় আরোহণ করিয়া সেই স্থানে (গঙ্গাবতরণপ্রদেশে) সুখে অবস্থান করিতে লাগিলেন। লোকপিতামহ ব্রহ্মাও স্বয়ং তাঁহার [গঙ্গার] অনুগমন করিলেন ॥ ১৩-১৪ ॥

জগতে অতি অদ্ভুত [এবং] উৎকর্ষজনক সেই গঙ্গাবতরণ [ব্যাপার] দেখিতে অভিলাষী হইয়া অমিততেজঃসম্পন্ন দেবগণ [স্বস্ব যান হইতে অবতরণপূর্ব্বক গঙ্গাসমীপে] আগমন করিলেন ॥ ১৫ ॥

দেববৃন্দের দ্রুত আগমনে এবং তাঁহাদের আভরণচ্ছটায়, মেঘপরিশূন্য গগনমণ্ডল যেন শতসূর্য্যসমন্বিত হইল ॥ ১৬ ॥

১। ঝ—'শ্চাপি'। ২। ঙ—'বেষ্টিতাঃ'। ঝ—'গচ্ছতম্'। ৪। চ—'সীত্তদ্'।

ক্বচিদ্ দ্রুততরং প্রায়াৎ কুটিলং ক্বচিদায়তম্[১]।
বিনতং[২] ক্বচিদুদ্ভূতং[৩] শনৈরপি পুনঃ ক্বচিৎ।
সলিলেনৈব সলিলং[৪] ক্বচিদভ্যাবধীৎ[৫] পুনঃ ॥ ১৭ ॥
শিশুমারোরগগণৈর্মীনৈরপি চ চঞ্চলৈঃ।
বিদ্যুদ্ভিরিব বিক্ষিপ্তৈরাকাশমভবদ্ বৃতম্ ॥ ১৮ ॥
পাণ্ডরৈঃ[৬] সলিলোৎপীড়ৈঃ কীর্য্যমাণং সহস্রধা।
শরচ্ছুভ্রমিবা[৭]ভাতি গগনং হংসসংপ্লবৈঃ[৮] ॥ ১৯ ॥

১৭। টিপ্পনী। আয়তং বিস্তৃতং যথা স্যাৎ তথা। বিনতং নিম্নমুখম্। নিম্নেন সঙ্কুচিতম্ উদ্ভূতং পাষাণস্খলনাদিনা ঊর্দ্ধমুখম্। গোঃ রাঃ। বিনতমগাধদেশে সঙ্কুচিতম্। উদ্ভূতং পাষাণাদিযোগাৎ। তিঃ। ক্বচিৎ সলিলেন সলিলম্ অভ্যাবধীদ্ অভ্যাহতং চকার।

১৮। টিপ্পনী। শিশুমারোরগগণৈঃ অম্বুকরিসর্পসমূহৈঃ। শিরোঃ। বিক্ষিপ্তৈঃ নিঃসৃতৈঃ। বিদ্যুচ্ছব্দঃ পুংলিঙ্গোঽপ্যেতৎপ্রামাণ্যাৎ। তিঃ।

১৯। টিপ্পনী। হংসসংপ্লবৈঃ হংসানাং সংপ্লবঃ সন্তরণং যেষু তৈঃ প্লবমানহংসব্যাপ্তৈরিত্যর্থঃ। সলিলোৎপীড়ৈর্জ্জলরাশিভিঃ প্রবাহৈরিতি যাবৎ। সহস্রধা সহস্রপ্রকারৈঃ কীর্য্যমাণং পরিব্যাপ্তং গগনং শরচ্ছুভ্রমিব শারদীয়শুভ্রত্ববিশিষ্টমিব আভাতি প্রতীয়তে। সলিলোৎপীড়ৈঃ ফেনৈরিতি রামানুজশিরোমণিগোবিন্দরাজাঃ। হংসসংপ্লবৈঃ হংসসঙ্কুলৈঃ। গোঃ রাঃ। হংসসংপ্লবৈঃ হংসসমূহৈঃ। তিঃ।

[গঙ্গাস্রোতঃ] কোথাও দ্রুততরভাবে, কোথাও কুটিলভাবে; [কোথাও] বিস্তৃতভাবে, কোথাও নিম্নমুখী হইয়া, কোথাও বা আবার [পাষাণাদিতে স্খলিত হওয়ায়] ঊর্দ্ধমুখী হইয়া মৃদুভাবে প্রবাহিত হইতে লাগিল; কোথাও বা জলের দ্বারাই জল প্রতিহত করিতে লাগিল ॥ ১৭ ॥

চঞ্চল শিশুমারগণের, উরগগণের এবং মীনগণের [উল্লম্ফন-] দ্বারা আকাশ যেন [ইতস্ততঃ] বিক্ষিপ্ত বিদ্যুন্মালায় সমাচ্ছন্ন হইল। সন্তরণশীল

১। ঘ-ঙ-ছ—'চায়তং ক্বচিৎ'। ২। ক গ ঙ-চ-জ—'বিততং', গ—'বিগতম্'। ৩। ঝ—'-দ্ধুতম্'। ৪। ঝ—'সলিলং সলিলেনৈব'। ৫। গ—'-দভ্যাবধাৎ', জ—'-দপ্যাবধীৎ'। ৬। ক-ঘ-চ—'পাণ্ডুরৈঃ'। ৭। ঘ-ঙ-ছ—'-দভ্র-', জ—'-চন্দ্র-'। ৮। গ-ঘ ঙ-ছ-ঝ—'-বিপ্লবৈঃ'।

মুহুরূর্দ্ধমধো[১] গত্বা পপাত ধরণীতলে।
তচ্ছঙ্করশিরোভ্রষ্টং গতং ভূমিতলং[২] পয়ঃ ॥ ২০ ॥
গ্রহাঃ সগণগন্ধর্ব্বা বসুধাতলবাসিনঃ।
নাগাশ্চ শোধয়ামাসুর্ম্মার্গমস্য[৩] মহৌজসঃ ॥ ২১ ॥
ভবাঙ্গসঙ্গতে তোয়ে পবিত্রে তত্র পূজিতে।
কৃত্বাভিষেকং তে সর্ব্বে বভূবুর্গতকল্মষাঃ[৪] ॥ ২২ ॥
শাপাৎ[৫] প্রপতিতা যে চ গগনাদ্ বসুধাতলম্।
পূতাত্মানস্ততস্তেন[৬] সলিলেন দিবং গতাঃ ॥ ২৩ ॥

২০। টিপ্পনী। শঙ্করশিরোভ্রষ্টং তৎ পয়ঃ গঙ্গাপ্রবাহঃ মুহুরূর্দ্ধম্ অধশ্চ গত্বা ধরণীতলে পৃথিব্যা উপরিভাগে পপাত পতিতুমারেভে, ততঃ ক্রমেণ ভূমিতলং গতম্।

২১। টিপ্পনী। শোধয়ামাসুস্তস্মান্মার্গাদ্ গঙ্গাপ্রবাহরোধকবস্তুজাতং দূরীচক্রুরিত্যর্থঃ।

২২। টিপ্পনী। ভবাঙ্গসঙ্গতে শঙ্করশরীরসম্পর্কযুক্তে। গতকল্মষা নিষ্পাপাঃ। গন্ধর্ব্বাদয়স্তত্তোয়ং পবিত্রমিতি পস্পৃশুরিতি পাশ্চাত্ত্যরামায়ণে (১।৪৩।২৭)।

হংসসঙ্কুল শুভ্র সলিলপ্রবাহের দ্বারা সহস্রপ্রকারে পরিব্যাপ্ত হওয়ায় গগনমণ্ডল শারদীয়শুভ্রত্ববিশিষ্ট বলিয়া প্রতীয়মান হইল। শঙ্করশিরোভ্রষ্ট সেই জল বারংবার উর্দ্ধ ও অধোগামী হইয়া ভূমিতলে পতিত হইতে লাগিল [এবং ক্রমে] ভূমিতলে অবতীর্ণ হইল ॥ ১৮-২০ ॥

গ্রহগণ, সানুচর গন্ধর্ব্বগণ এবং ভূতলচারী নাগগণ এই পবিত্র জলের (গঙ্গাপ্রবাহের) পথ শোধিত (পরিষ্কৃত) করিতে লাগিলেন ॥ ২১ ॥

শিবাঙ্গসংস্পৃষ্ট [সর্ব্বজন-] পূজিত পবিত্র সেই [গঙ্গা-] জলে তাঁহারা (গ্রহগন্ধর্ব্বাদি) সকলে স্নান করিয়া পাপমুক্ত হইলেন এবং যাঁহারা অভিশাপনিবন্ধন দেবলোক হইতে বসুধাতলে পতিত হইয়াছিলেন, [তাঁহারাও] সেই পুণ্য সলিলের দ্বারা পূতাত্মা হইয়া তৎপরে দেবলোকে গমন করিলেন ॥ ২২-২৩ ॥

১। গ-ঘ-ঙ ছ-ঝ—'পুন-'। ২। গ-ঙ—পুস্তকয়োরিদমৰ্দ্ধং নাস্তি। ৩। জ—'মস্যাঃ'। ৪ 'ধূত'। ৫। চ—'পাপাত্তু'। ৬। ক-গ-চ-ঝ—নঃ পুনস্তেন'।

জেপুর্দ্দেবর্ষয়ো জপ্যং সিদ্ধাশ্চ পরমর্ষয়ঃ।
জগুশ্চ দেবগন্ধর্ব্বা ননৃতুশ্চাপ্সরোগণাঃ।
মুনিসংঘা মুমুদিরে প্রহ্লাদং জগদাপ্তবৎ[১] ॥ ২৪ ॥

ত্রয়োঽপি লোকা মুদিতা গঙ্গাবতরণে তদা।
ভগীরথোঽপি[২] রাজর্ষির্দ্দিব্যং স্যন্দনমাস্থিতঃ ॥ ২৫ ॥

প্রায়াদগ্রে মহাতেজাস্তং গঙ্গা পৃষ্ঠতোঽন্বয়াৎ[৩]।
মহাতরঙ্গৌঘবতী প্রনৃত্যন্তীব[৪] রাঘব ॥ ২৬ ॥

স্ববেগোদ্[৫]ভ্রাগিত[৬]জলা ফেনমালাবতংসিকা[৭]।
মহাজলাবর্ত্তবতী মহাবেগপ্রবাহিণী ॥ ২৭ ॥

২৪। টিপ্পনী। জপ্যং জপনীয়ং মন্ত্রম্। সিদ্ধাস্তপঃসিদ্ধাঃ।

২৭। টিপ্পনী। স্ববেগোদ্ভ্রামিতজলা স্ববেগেনোদ্ভ্রামিতম্ উদ্ভ্রান্তীকৃতং ভৃশমালোড়িতং জলং যস্যাঃ সা। ফেনমালাবতংসিকা ফেনমালারূপশিরোভূষণধরা। জলাবর্ত্তো জলভ্রমিঃ। 'পুংস্ত্র্যুত্তংসাবতংসৌ দ্বৌ কর্ণপূরে চ শেখরে' ইতি, 'স্যাদাবর্ত্তোঽম্ভসাং ভ্রমঃ' ইতি চামরঃ।

দেবর্ষিগণ এবং [তপঃ-] সিদ্ধ মহর্ষিগণ মন্ত্র জপ করিতে লাগিলেন, দেবগণ ও গন্ধর্ব্বগণ গান করিতে লাগিলেন, অপ্সরোগণ নৃত্য করিতে লাগিল, মুনিসমূহ হর্ষপ্রকাশ করিলেন, [এবং সর্ব্ব] জগৎ আহ্লাদিত হইল ॥ ২৪ ॥

সেই সময়ে গঙ্গাবতরণ হইলে ত্রিলোকই অর্থাৎ ত্রিলোকস্থ সকলেই প্রমুদিত হইল। হে রাঘব, মহাতেজা রাজর্ষি ভগীরথও দিব্য রথারূঢ় হইয়া [অগ্রে] অগ্রে চলিলেন, উত্তাল তরঙ্গ ও ভীষণ বেগবতী গঙ্গা নৃত্য করিতে করিতেই যেন তাঁহার পশ্চাৎ পশ্চাৎ অনুসরণ করিতে লাগিলেন ॥ ২৫-২৬ ॥

গঙ্গা স্ববেগে জল আলোড়িত করিলেন, ফেনমালা তাঁহার শিরোভূষণ

১। ক-ঘ-ঙ-ছ-জ—'-বান্'। ২। ক-ঙ—'হি'। ৩। ঘ-ছ-জ-ঝ—'-ঽন্বগাৎ'। ৪। ঘ—'নৃত্যন্তীব চ'। ৫। গ-ঙ—'স্ববেগোদ্ভাষিত-'। ৬। ছ—'-ভাষিত-'। ৭। গ-ঙ— 'পদ্মমালাবতংসকা', ঘ—'মেঘমালাবতংসকা,' ঝ— 'হংসমালাবতংসকা'।

প্রযযৌ বিলসন্তীব ভগীরথরথানুগা।[১]
দেবাঃ সর্ষিগণাঃ সর্ব্বে দৈত্যদানবরাক্ষসাঃ ॥ ২৮ ॥
[২]গন্ধর্ব্বযক্ষপ্রবরাঃ সকিন্নরমহোরগাঃ।
[৩]সর্ব্বাশ্চাপ্সরসো রাম ভগীরথরথানুগাঃ ॥ ২৯ ॥
গঙ্গামন্বগমন্[৪] প্রীতাঃ সর্ব্বে জলচরাশ্চ যে।
যতো ভগীরথো রাজা[৫] ততো গঙ্গা যশস্বিনী।
জগাম নরশার্দ্দূল সর্ব্বলোকনমস্কৃতা ॥ ৩০ ॥
স গত্বা সাগরং রাজা[৬] গঙ্গয়ানুগতস্তদা।
প্রবিবেশ তলং ভূমেঃ খাতং যৎ সগরাত্মজৈঃ ॥ ৩১

২৮। টিপ্পনী। বিলসন্তীব ক্রীড়ন্তীব।

৩০। টিপ্পনী। যতো যস্মিন্ স্থানে ততস্তস্মিন্ স্থানে। সপ্তম্যাং তসিল্।

৩১। টিপ্পনী। সাগরং সগরপুত্রগণৈঃ পৃথিবীবিদারণেনোৎপন্নং খাতং তৎসমীপং গত্বা। ভূমেস্তলং পাতালম্। খাতসমীপগমনাৎ প্রাক্ গঙ্গায়া জহ্নুমুনের্যজ্ঞবাটসংপ্লাবনং

হইল, তিনি ভয়ঙ্কর জলভ্রমিসমন্বিত হইয়া মহাবেগে প্রবাহিত হইতে লাগিলেন ॥ ২৭ ॥

ক্রীড়া করিতে করিতেই যেন ভগীরথরথানুবর্ত্তিনী গঙ্গা গমন করিতে লাগিলেন। হে রাম, ঋষিগণের সহিত দেবগণ, সকল দৈত্য দানব ও রাক্ষস, শ্রেষ্ঠ গন্ধর্ব্ব ও যক্ষগণ, কিন্নরগণের সহিত মহোরগগণ এবং অপ্সরোগণ সকলে ভগীরথ-রথের অনুবর্ত্তী হইয়াছিলেন ॥ ২৮-২৯ ॥

জলচর যে সমস্ত প্রাণী, [তাহারাও] প্রীত হইয়া গঙ্গার অনুগমন করিল। হে নরশার্দ্দূল, রাজা ভগীরথ যেপথে যাইতে লাগিলেন, সর্ব্বলোক-নমস্কৃতা যশস্বিনী গঙ্গা [-ও] সেই পথে গমন করিলেন ॥ ৩০ ॥

গঙ্গাকর্ত্তৃক অনুসৃত সেই রাজা তখন সাগরসমীপে অর্থাৎ সগরপুত্রগণকর্ত্তৃক

১। ক-ঙ—'পথা-'। ২। ঘ-ঙ-ছ-ঝ—'গন্ধর্ব্বা-'। ৩। ঙ—পুস্তকে ইদমর্দ্ধং নাস্তি। ঙ-ঝ—গঙ্গা অনুগমন্'। ৫। ক—'গচ্ছেৎ'। ৬। গ-ঘ—'রাম'।

উপানীয় ততো গঙ্গাং রসাতলতলং প্রভুঃ।
তর্পয়ামাস তান্ সর্ব্বান্ ভস্মভূতান্ পিতামহান্ ॥ ৩২ ॥
অথ গঙ্গাম্ভসা তত্র[১] প্লাবিতাঃ সগরাত্মজাঃ[২]।
দিব্যমূর্ত্তিধরা ভূত্বা জগ্মুঃ স্বর্গং মুদান্বিতাঃ[৩] ॥ ৩৩ ॥
তান্ দৃষ্ট্বা প্লাবিতান্ সর্ব্বান্ পিতৄংস্তেন মহাত্মনা ॥
ভগীরথমুবাচেদং ব্রহ্মা সুরগণৈঃ সহ ॥ ৩৪ ॥
তারিতা নরশার্দ্দূল ত্বয়া পূর্ব্বপিতামহাঃ।
ষষ্টিঃ পুত্রসহস্রাণি সগরস্য মহাত্মনঃ ॥ ৩৫ ॥

ক্রুদ্ধেন তেন মুনিনা গঙ্গায়াঃ পানং দেবর্ষিভিরারাধিতেন তেন তস্যা মোচনং জাহ্নবীতি সংজ্ঞাপ্রাপ্তিশ্চেত্যেতৎ সর্ব্বমুপবর্ণিতং পাশ্চাত্ত্যরামায়ণে (১।৪৩।৩৪-৩৮)।

৩২। টিপ্পনী। তর্পয়ামাস তৃপ্তানকরোৎ প্রেতত্বমুক্তেরববশ্যম্ভাবিত্বাত্তেষাং তৃপ্তিং সম্ভাব্যেদমুক্তম্। সলিলদানরূপতর্পণন্ত তেষাং স্বর্গগমনাদূর্দ্ধং বিহিতমিতি বক্ষ্যতে। 'স্বর্গতান্ ব্রহ্মণো জ্ঞাত্বা সকলান্ সগরাত্মজান্। ক্রিয়াং তৎসলিলৈস্তেভ্যঃ কৃত্বাস্তনির্ব্বৃতো নৃপঃ' ইতি রামায়ণমঞ্জর্য্যামপি (১।১৭১)।

৩৫। তারিতাঃ প্রেতভাবান্মোচিতাঃ। গোঃ রাঃ। তারিতাঃ কপিলাপরাধজনিতশোকসাগরান্নিঃসারিতাঃ। শিরোঃ।

পৃথিবী বিদারণে উৎপন্ন খাতসমীপে উপনীত হইয়া [পরে] পাতালে প্রবেশ করিলেন ; যে পাতাল সগরপুত্রগণকর্ত্তৃক খনিত হইয়াছিল ॥ ৩১ ॥

সেইস্থানে দেবসমূহকর্ত্তৃক সম্যক্‌রূপে স্তুত বিশ্বামিত্রও তখন দেবগণের বাক্য শ্রবণ করিয়া 'আচ্ছা [তাহাই হউক],' ইহা বলিলেন ॥ ৩০ ॥

হে শত্রুদমন, অতঃপর যজ্ঞাবসানে দেবগণ এবং তপোধন মহাত্মা ঋষিগণ সকলে [-ই] যেভাবে আসিয়াছিলেন সেইভাবে [প্রতি-] গমন করিলেন ॥ ৩১ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের আদিকাণ্ডে দ্বিষষ্টিতম সর্গ সমাপ্ত॥

১। ও—'-দেবান্ ঋষিমধ্যে মহাযশাঃ'। ২। ঝ—পুস্তকে ইদমর্দ্ধমেব নাস্তি। ৩। ঝ—'মুনয়শ্চ'।

ত্রিষষ্টিতমঃ সর্গঃ

মুনীন্ প্রতিগতান্[১] দৃষ্ট্বা বিশ্বামিত্রস্তপোধনঃ।
অব্রবীন্মুনিশার্দ্দূলঃ[২] সর্ব্বাংস্তান্ বনবাসিনঃ ॥ ১ ॥
মহান্ বিমর্দ্দো বৃত্তো[৩]ঽয়ং দক্ষিণামভিতো দিশম্।
দিশমন্যামতো যামস্তপ্স্যামো যত্র বৈ তপঃ ॥ ২ ॥
পশ্চিমায়াং[৪] দিশি সুখং পুষ্করারণ্যমাশ্রিতাঃ।
বয়ং[৫] তপশ্চরিষ্যামঃ পরং তদ্ধি তপোবনম্ ॥ ৩ ॥

২। লো-টী। বিমর্দ্দ উপদ্রবঃ। অভিতো লক্ষ্যীকৃত্য।

১। টিপ্পনী। বনবাসিনঃ স্বতপোবনবাসিনঃ। গোঃ রাঃ। তান্ আত্মনস্তপঃসহচরান্। প্রতিগতান্ প্রস্থিতান্।

২। টিপ্পনী। দক্ষিণাং দিশম্ অভিতঃ সমন্তাদ্ ব্যাপ্য মহান্ বিমর্দ্দস্ত্রিশঙ্কুরূপো মহাবিঘ্নো বৃত্তঃ সংঘটিতঃ। 'মহাবিঘ্নঃ প্রবৃত্তোঽয়ং দক্ষিণামাস্থিতো দিশম্' ইতি পাশ্চাত্ত্যাঃ (১।৬১।২)। দক্ষিণাং দিশম। সমন্তাদ্ব্যাপ্যাস্থিতোঽয়ং ত্রিশঙ্কুরূপো মহাবিঘ্নোঽস্মাকং তপোনাশকত্বাৎ প্রবৃত্তস্তচ্ছায়াক্রান্তত্বাচ্চায়ং দেশোঽতঃ পরং তপোঽযোগ্য ইতি ভাবঃ। তিঃ। প্রবৃত্তঃ প্রকৃষ্টং বৃত্তং বৃত্তান্তো যস্মিন্ সোঽয়ং ত্রিশঙ্কোর্যাজনমূলকক্রোধাবেশো মহাবিঘ্নঃ দক্ষিণাং দিশমাস্থিতঃ প্রাপ্তঃ। শিরোঃ।

৩। টিপ্পনী। 'পশ্চিমায়াং বিশালায়াং পুষ্করেষু মহাত্মনঃ' ইতি পাশ্চাত্ত্যাঃ

[যজ্ঞে সমাহূত] মুনিগণ [স্ব স্ব আশ্রমাভিমুখে] প্রতিগমন করিয়াছেন দেখিয়া [যাঁহারা বিশ্বামিত্রের সহিত তপশ্চর্য্যায় রত ছিলেন] মুনিশ্রেষ্ঠ তপোধন বিশ্বামিত্র সেই সমস্ত [নিজ তপো-] বনবাসী- [মুনি-] দিগকে বলিলেন—॥ ১ ॥

দক্ষিণ দিক্ ব্যাপিয়া [ত্রিশঙ্কুরূপ] এই মহা বিঘ্ন সংঘটিত হইয়াছে। এই স্থান হইতে অন্যদিকে গমন করিব, যথায় তপস্যার অনুষ্ঠান করিতে পারিব ॥ ২ ॥

১। ঙ—'প্রত্যা-'। ২। ঙ—'-ম্বর-'। ৩। ক—'র্দ্দঃ প্রবৃত্তো'। ৪। ক-ঙ-চ—'-মস্তাং'
৫। ক-খ—'তপস্তত্র'।

এবমুক্ত্বা মহাতেজাঃ পুষ্করারণ্যমাশ্রিতঃ।
তপ উগ্রং দুরাধর্ষং তেপে মূলফলাশনঃ ॥ ৪ ॥
অথ তত্রাপি বসতো বিশ্বামিত্রস্য রাঘব।
অম্বরীষস্য রাজর্ষের্যষ্টুং মতিরজায়ত ॥ ৫ ॥
তস্য বৈ যজমানস্য নরমেধেন ভূপতে।
প্রোক্ষিতং মন্ত্রবদ্ যূপাৎ পশুমিন্দ্রো জহার তম্ ॥ ৬ ॥
নরং লক্ষণসংপূর্ণং পশুত্বে বিনিযোজিতম্।
তস্মিন্ হৃতে পশৌ বিপ্রো রাজানমিদমব্রবীৎ ॥ ৭ ॥

৫। লো-টী। বসতো বসতি সতি।

(১৬১।৩)। পুষ্করেষু তত্তীরে তপোবনেষু। তিঃ। পুষ্করেষু পুষ্করতীর্থেষু। গোঃ রাঃ। তদ্ধি তপোবনং পরম্ উৎকৃষ্টং তপশ্চরণায়েতি ভাবঃ।

৪। টিপ্পনী। দুরাধর্ষং পরাভবিতুমশক্যম্। শিরোঃ।

৬-৭। টিপ্পনী। নরমেধেন যজমানস্য ভূপতেঃ নরমেধযজ্ঞকারিণো ভূপতেরম্বরীষস্য ঋত্বিজো লক্ষণসংপূর্ণং সর্ব্বলক্ষণান্বিতং কঞ্চিন্নরং পশুত্বে বিনিযোজিতং চক্রুরিতি শেষঃ। তং মন্ত্রবৎ মন্ত্রোচ্চারণপূর্ব্বকং প্রোক্ষিতং পশুমিন্দ্রো জহারেত্যন্বয়ঃ।

আমরা পশ্চিম দিকে পুষ্করারণ্য আশ্রয় করত সুখে তপশ্চরণ করিব। কারণ সেই তপোবন উৎকৃষ্ট [তপস্যার স্থান] ॥ ৩ ॥

মহাতেজঃসম্পন্ন বিশ্বামিত্র এইরূপ বলিয়া পুষ্করারণ্য আশ্রয় করত ফলমূলভোজী হইয়া উগ্র দুর্দ্ধর্ষ তপস্যায় ব্রত হইলেন ॥ ৪ ॥

হে রাঘব, বিশ্বামিত্রের সেই স্থানেও বাস করিবার সময় রাজর্ষি অম্বরীষের যজ্ঞ করিবার ইচ্ছা হইল ॥ ৫ ॥

নরমেধযজ্ঞকারী সেই ভূপতির [যজ্ঞে ঋত্বিগ্‌গণ] সর্ব্বলক্ষণসমন্বিত একটী মানুষকে পশুত্বে বিনিযুক্ত করিয়াছিলেন। মন্ত্রপাঠপূর্ব্বক প্রোক্ষিত

১। ঘ—'তোয়-'। ২। জ—'ধীমতঃ'। ৩। ঝ—'অম্বু-'। ৪। ঝ—'-র্য্রষ্টুং'। ৫। ঘ-ছ—'-তস্যাপি'। ৬। ঘ-ছ—'সর্ব্বলক্ষণসম্পন্নং', ঝ—'নরলক্ষণসম্পন্নং', চ-জ-ছ-টীসম্মত 'নরং লক্ষণসম্পন্নং'। ৭। ঙ—'তস্মৈ'। ৮। গ-ঘ-ঙ-চ—'বিপ্রা রাজানমিদমব্রুবন্'।

পশুর্যঃ প্রোক্ষিতো রাজন্ কেনাপি স হৃতো বলাৎ।

অরক্ষিতারঞ্চ নৃপং ঘ্নন্তি দেবা নরেশ্বর ॥ ৮ ॥

প্রায়শ্চিত্তং মহদ্ধ্যেতৎ তং ত্বং পশুমুপানয়।

অন্যং বাপ্যানয় ক্রীত্বা যাবৎ কর্ম্ম প্রবর্ত্ততে ॥ ৯ ॥

৮। লো-টী। নৃপং ঘ্নন্তি দোষাঃ। দোষাঃ পশুহরণজন্যদোষাঃ। দেবা ইতি বা পাঠঃ।

৯। লো-টী। প্রায়শ্চিত্তং মহদ্ধ্যেতৎ এব মহান্ দোষঃ।

৭। টিপ্পনী। বিপ্রঃ পুরোহিত ইতি শিরোমণি-রামানুজ-গোবিন্দরাজাঃ।

৯। টিপ্পনী। তং পশুং ত্বমুপানয় প্রত্যানয়। হি যত এতৎ পশুপ্রত্যানয়নং তব মহৎ প্রায়শ্চিত্তং পাপশোধকম্ 'প্রায়ঃ পাপমিতি প্রোক্তং চিত্তং তচ্ছোধনং ভবেদি'ত্যনুশাসনাৎ। তবানবধানেন পশুনাশরূপং পাপং সঞ্জাতম্ অস্মিন্ তদানয়নে পুনস্তচ্ছান্তিরিত্যাশয়ঃ। এতৎ পশুনাশরূপং মহৎ প্রায়শ্চিত্তং মহতঃ প্রায়শ্চিত্তস্য কারণম্। তিঃ। ক্রীত্বা পশুপ্রতিনিধিত্বেনেতি শেষঃ। যাবৎ কর্ম্ম প্রবর্ত্ততে প্রবর্ত্তিষ্যতে 'যাবৎপুরা নিপাতয়োঃ' ইতি লট্। গোঃ রাঃ। যাবৎ কর্ম্ম প্রবর্ত্ততে তাবদেব নরং পশুং শীঘ্রমানয়স্ব। শিরোঃ। কর্ম্ম গুণীভূতং কর্ম্মান্তরম্।

[যূপবদ্ধ] সেই পশুকে ইন্দ্র যূপ হইতে হরণ করিলেন। সেই পশু হৃত হইলে বিপ্র (পুরোহিত) রাজাকে ইহা বলিলেন—॥ ৬-৭ ॥

হে রাজন্, যে পশু প্রোক্ষিত হইয়াছিল, তাহা কোনও ব্যক্তি বলপূর্ব্বক অপহরণ করিয়াছে। হে নরেশ্বর, যে রাজা [প্রজা, যজ্ঞীয় পশুপ্রভৃতি], রক্ষা করেন না, দেবগণ তাঁহাকে বিনাশ করেন ॥ ৮ ॥

যে পর্য্যন্ত [যজ্ঞাঙ্গ অন্য] কর্ম্ম চলিতে থাকিবে [সেই সময়ের মধ্যে] তুমি সেই পশু প্রত্যানয়ন কর অথবা অন্য একটী পশু ক্রয় করিয়া আনয়ন কর। কারণ, ইহাই তোমার মহা প্রায়শ্চিত্ত ॥ ৯ ॥

১। ঙ—'স কেনাপি'। ২। ঙ-চ—'-রং নৃপতিং', ঝ—'-রং রাজানং'। ৩। গ-চ—'দোষা'। ৪। ঙ—'-ন্ন্ব'। ৫। ষ '-চ্চৈতৎ', ঝ—'-ধ্যেতৎ কৃত্বা'। ৬। ঙ—'পশুং সমা-'।

উপাধ্যায়বচঃ শ্রুত্বা স রাজা বহুশস্তদা।[1]
অন্বেষ্টুং পশুমারেভে পুরুষং লক্ষণান্বিতম্ ॥ ১০ ॥
দেশাঞ্জনপদাংশ্চৈব[2] নগরাণি বনানি চ।
আশ্রমাংশ্চ[3] তথা পুণ্যান্ প্রাবিশদ্[4] বৈ মহামনাঃ ॥ ১১ ॥
অন্বেষমাণঃ[6] সোঽপশ্যদৃচীকং নাম রাঘব।[5]
বহুপুত্রং[7] দরিদ্রঞ্চ দ্বিজং গৃহনিবাসিনম্ ॥ ১২ ॥

১০। টিপ্পনী। উপাধ্যায়বচঃ পুরোহিতবাক্যম্। বহুশঃ বহুভিঃ প্রকারৈঃ।

১১। টিপ্পনী। প্রাবিশৎ পশ্বন্বেষণকামনয়েতি বোধ্যম্।

১২। টিপ্পনী। গৃহনিবাসিনং গার্হস্থ্যধর্ম্মে বর্ত্তমানম্। 'স পুত্রসহিতং তাত সভার্য্যং রঘুনন্দন। ভৃগুতুঙ্গে সমাসীনমৃচীকং সন্দদর্শ হ ॥' ইতি পাশ্চাত্ত্যাঃ (১।৬১।১১)। ভৃগুতুঙ্গং পর্ব্বতশৃঙ্গবিশেষঃ। তিঃ। 'স তপোবনমাসাদ্য ভৃগুতুঙ্গে স্থিতং মুনিম্। ঋচীকং সসুতং ভার্য্যাসমং শান্তং ব্যলোকয়ৎ ॥' ইতি রামায়ণমঞ্জর্য্যাম্ (১।৪২৬)।

তখন পুরোহিতের বাক্য শ্রবণ করিয়া সেই রাজা পশুরূপে [বিনিযুক্ত করিবার নিমিত্ত] লক্ষণান্বিত [কোন] পুরুষ বহুপ্রকারে অন্বেষণ করিতে আরম্ভ করিলেন ॥ ১০ ॥

মহামনা রাজা, নানা দেশ, নানা জনপদ, নানা নগর, নানা বন এবং নানা পুণ্য আশ্রমে [পশু অন্বেষণমানসে] প্রবেশ করিলেন ॥ ১১ ॥

হে রাঘব, অন্বেষণ করিতে করিতে তিনি বহুপুত্রশালী ও দরিদ্র ঋচীকনামক [এক] গৃহস্থ ব্রাহ্মণকে দেখিতে পাইলেন ॥ ১২ ॥

১। ঙ—'ঘরিত-', ঝ 'নাহব-'। ২। ঝ-'চ সর্ব্বশঃ'। ৩। ঝ—'প্রদেশাংশ্চ'। ৪। গ—'আবিশন্', গ-ঙ-চ-ছ—'প্রাবিশন্ বৈ', ঝ—'প্রদেশান্'। ৫। ঝ—'-যশাঃ,"'। ৬। চ—'অভিক্রমাণঃ'। ৭। ঝ—'-প্রজম্'।

অভিগম্যাম্বরীষস্তং বিপ্রং বচনমব্রবীৎ।
তপঃস্বাধ্যায়নিরতং পৃষ্ট্বা কুশলমাদিতঃ ॥ ১৩ ॥
গবাং শতসহস্রেণ সুতমেকং প্রয়চ্ছ মে।
নরমেধে মহাযজ্ঞে পশ্বর্থং ভো দ্বিজোত্তম ॥ ১৪ ॥
বহুপুত্রো দরিদ্রশ্চ বৃদ্ধশ্চাসি দ্বিজোত্তম।
যদি তে রোচতে ব্রহ্মন্ সুতমেকং পরিত্যজ ॥ ১৫ ॥
বহবোঽনুসৃতা দেশা ন লেভে যজ্ঞিয়ং পশুম্।
দাতুমর্হসি মূল্যেন সুতমেকং দ্বিজোত্তম।
পশোরর্থে কৃতার্থঃ স্যামহং কাশ্যপ সুব্রত ॥ ১৬ ॥

১৬। লো-টী। অনুসৃতা গতাঃ। বিচিতা ইতি পাঠে অন্বিষ্টাঃ।

[আদিকাণ্ডে ত্রিষষ্টিতমঃ সর্গঃ ॥ ৬৩ ॥]

১৩। টিপ্পনী। তপশ্চ স্বাধ্যায়ো বেদপাঠশ্চ তয়োর্নিরতম্। আদিতঃ আদাবেব, সপ্তম্যাং তসিল্।

১৪। টিপ্পনী। পশ্বর্থং পশুত্বে বিনিয়োজনার্থম্।

১৬। টিপ্পনী। হে দ্বিজোত্তম, পশোরর্থে যাগপশুকরণায় একং সুতং দাতুমর্হসীত্যন্বয়ঃ। হে সুব্রত কাশ্যপ, যদি দাস্যসি তদা কৃতার্থঃ কৃতপ্রয়োজনঃ স্যামিত্যর্থঃ।

অম্বরীষ, তপস্যা ও বেদপাঠনিরত সেই ব্রাহ্মণের সমীপে গমনপূর্ব্বক প্রথমেই কুশল প্রশ্ন করিয়া [তাঁহাকে] এই বাক্য বলিলেন— ॥ ১৩ ॥

হে দ্বিজশ্রেষ্ঠ, নরমেধ মহাযজ্ঞে পশুরূপে বিনিযুক্ত করিবার নিমিত্ত শত সহস্র (লক্ষ) ধেনুর বিনিময়ে [আপনার] একটী পুত্র আমাকে প্রদান করুন ॥ ১৪ ॥

হে দ্বিজশ্রেষ্ঠ, আপনি বহুপুত্রশালী দরিদ্র এবং বৃদ্ধ। হে ব্রহ্মন্, যদি আপনার অভিরুচি হয়, একটী পুত্র প্রদান করুন ॥ ১৫ ॥

আমি বহুদেশে গমন করিয়াছি [কিন্তু কোথাও] যজ্ঞীয় পশু [করিবার

১। ঝ—'-মূ-'। ২। ঝ—'-মেব চ'। ৩। ঙ—'পুত্র-'। ৪। ক ঙ—'পশ্বর্থে চ', চ—'পশ্বর্থায়'। ৫। চ—'নরম্'।

ইত্যুক্তোঽথাম্বরীষেণ ঋচীকো রঘুনন্দন।
ন বিক্রেষ্যাম্যহং পুত্রং জ্যেষ্ঠমিত্যব্রবীদ্ বচঃ ॥ ১৭ ॥

ঋচীকবচনং শ্রুত্বা মাতা তেষাং যশস্বিনী।
উবাচর্চ্চিকপুত্রাণাং তং রাজানমিদং বচঃ ॥ ১৮ ॥

অবিক্রেয়ং সুতং জ্যেষ্ঠং ভগবানাহ কাশ্যপঃ[২]।
মমাপ্যেবং[৩] কনীয়াংসং সুতং[৪] বিদ্ধি পরং[৫] প্রিয়ম্ ॥ ১৯ ॥

পিতৄণাং বল্লভা[৬] জ্যেষ্ঠাঃ প্রায়েণ হি সুতা নৃপ।
মাতৄণাঞ্চ[৭] কনীয়াংসস্তস্মাদ্রক্ষ্যৌ হি তৌ[৮] নৃপ ॥ ২০ ॥

১৭। টিপ্পনী। জ্যেষ্ঠং পুত্রং ন বিক্রেষ্যামি, তস্মিন্ কুলস্য প্রতিষ্ঠিতত্বাদিতি ভাবঃ।

১৯। টিপ্পনী। কনীয়াংসং সুতং শুনকনামানমিতি পাশ্চাত্ত্যরামায়ণে (১।৬১।২৮)।

উপযুক্ত মনুষ্য] প্রাপ্ত হই নাই। হে দ্বিজশ্রেষ্ঠ, পশুরূপে বিনিযুক্ত করিবার জন্য [উপযুক্ত] মূল্যে আমাকে একটী পুত্র প্রদান করুন। হে সুব্রত কাশ্যপ, [আপনি ইহা করিলে] আমি কৃতার্থ হইতে পারি ॥ ১৬ ॥

হে রঘুনন্দন, অম্বরীষকর্ত্তৃক ইহা কথিত হইয়া তদনন্তর 'আমি জ্যেষ্ঠপুত্রকে বিক্রয় করিব না'—ঋচীক এই বাক্য বলিলেন ॥ ১৭ ॥

ঋচীকের বাক্য শ্রবণ করিয়া সেই ঋচীকপুত্রগণের যশস্বিনী মাতা সেই রাজাকে এই বাক্য বলিলেন— ॥ ১৮ ॥

ভগবান্ কাশ্যপ জ্যেষ্ঠপুত্রকে বিক্রয়ের অযোগ্য বলিয়াছেন। এইরূপ কনিষ্ঠপুত্রকে আমারও পরম প্রিয় বলিয়া জানুন ॥ ১৯ ॥

হে রাজন্, জ্যেষ্ঠপুত্র প্রায়ই পিতার এবং কনিষ্ঠ [পুত্র] মাতার প্রিয় হইয়া থাকে, অতএব তাহারা [সর্ব্বতোভাবে] রক্ষণীয় ॥ ২০ ॥

১। ঝ—'-সু-'। ২। ঙ—'কশ্যপঃ'। ৩। ঙ-জ—'-প্যেকং'। ৪। গ—'রাজন্ বিদ্ধি সুতং' জ—'রাজন্ বিদ্ধি প্রিয়ং সুতম্', চ—'ন শুল্ক্যং বিদ্ধি সুপ্রিয়ম্'। ৫। ঙ—'সুতং প্রিয়ম্'। ৬। ঝ—'দুর্লভা'। ৭। জ—'মাতৄণাং হি'। ৮। গ—'মে সুতৌ'।

উক্তবাক্যে মুনৌ তস্মিন্ মুনিপত্ন্যাং তথৈব চ।
শুনঃশেফ ইদং তত্র মধ্যমো বাক্যমব্রবীৎ ॥ ২১ ॥
জ্যেষ্ঠঃ পিতুরবিক্রেয়ঃ কনীয়ান্ মাতুরেব চ।
বিক্রীতং[১] মধ্যমং মন্যে রাজন্নাশু নয়স্ব মাম্ ॥ ২২ ॥
গবাং শতসহস্রেণ শুনঃশেফং[২] ততো নৃপঃ।
গৃহীত্বা পরমপ্রীতো জগাম রঘুনন্দন ॥ ২৩ ॥
রথমারোপ্য তং রাম শুনঃশেফং ত্বরান্বিতঃ।
আজগাম ততো যজ্ঞং সমাপয়িতুমাত্মনঃ[৩] ॥ ২৪ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে আদিকাণ্ডে ত্রিষষ্টিতমঃ সর্গঃ ॥ ৬৩ ॥

২১। টিপ্পনী। তস্মিন্ মুনৌ উক্তবাক্যে সতি মুনিপত্ন্যাং চ উক্তবাক্যায়াং সত্যামিত্যর্থঃ। তত্র তেষু পুত্রেষু মধ্যমঃ শুনঃশেফ ইদং বক্ষ্যমাণং বাক্যমব্রবীৎ।

২২। টিপ্পনী। মধ্যমং বিক্রীতং বিক্রেয়ত্বেন সম্মতং মন্যে অর্থাদিতি শেষঃ।

২৩। টিপ্পনী। জগাম গন্তুমুপচক্রমে।

২৪। টিপ্পনী। যজ্ঞং সমাপয়িতুম্ আজগাম স্বরাজ্যমিতি শেষঃ।

সেই মুনি এবং মুনিপত্নী [এই] বাক্য বলিলে তাহাদের (পুত্রগণের) মধ্যম শুনঃশেফ এই বাক্য বলিলেন—॥ ২১ ॥

জ্যেষ্ঠ পিতার এবং কনিষ্ঠ মাতার অবিক্রেয়, [অতএব] মধ্যমকে [-ই] আমি বিক্রীত বলিয়া মনে করি। হে রাজন্, শীঘ্র আমাকে লইয়া চলুন ॥ ২২ ॥

হে রঘুনন্দন, অতঃপর পরমপ্রীত রাজা [অম্বরীষ] লক্ষ ধেনুর বিনিময়ে শুনঃশেফকে গ্রহণ করিয়া [প্রতি-] গমনের উপক্রম করিলেন ॥ ২৩ ॥

রাম, শুনঃশেফকে রথে আরোহণ করাইয়া ত্বরান্বিত [রাজা অম্বরীষ] তদনন্তর স্বীয় যজ্ঞ সমাপন করিবার নিমিত্ত প্রত্যাগমন করিলেন ॥ ২৪ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের আদিকাণ্ডে ত্রিষষ্টিতম সর্গ সমাপ্ত ॥

১। ঙ—'বিক্রেয়ং,' ঝ—'বিক্রেতুং'। ২। ঘ-ছ—'তদা'। ৩। ক-চ—'-মাগতঃ'।

চতুঃষষ্টিতমঃ সর্গঃ

শুনঃশেফং তমাদায়[১] স রাজা শ্রান্তবাহনঃ ।
ব্যশ্রমৎ পুষ্করে তীর্থে[২] মধ্যাহ্নে[৩] রঘুনন্দন ॥ ১ ॥
তস্য বিশ্রাম্যতস্তত্র[৪] শুনঃশেফো মহামতিঃ ।
পুষ্করং[৫] শ্রেষ্ঠমাগম্য[৬] বিশ্বামিত্রং দদর্শ হ ॥ ২ ॥
স দীর্ণহৃদয়ো দীনো বিক্রয়েণ শ্রমেণ চ ।
জগাম শিরসা পাদৌ মুনের্ব্বাক্যমুবাচ হ ॥ ৩ ॥
ন মেঽস্তি মাতা ন পিতা ন সুহৃন্ন চ বান্ধবাঃ ।
ত্রাতুমর্হসি মাং ত্যক্তং বন্ধুভিঃ শরণাগতম্[৭] ॥ ৪ ॥

২। টিপ্পনী। তস্য বিশ্রাম্যতস্তস্মিন্ বিশ্রাম্যতি সতীত্যর্থঃ। অনাদরে ষষ্ঠীতি শিরোমণিঃ।

৩। টিপ্পনী। দীনঃ কাতরঃ। শ্রমেণ অধ্বশ্রমেণ। শ্রমেণ চ বিক্রয়েণ চেতি দীর্ণহৃদয়ত্বে দীনত্বে চ হেতুঃ।

৪। টিপ্পনী। ন মেঽস্তি মাতেত্যাদি। অরক্ষকত্বাদসংপ্রায়া মাতা পিতা সুহৃদো বান্ধবাশ্চেত্যর্থঃ।

হে রঘুনন্দন, সেই রাজা সেই শুনঃশেফকে গ্রহণ করিয়া [গমন করিতে করিতে] বাহনসমূহ শ্রান্ত হওয়ায় মধ্যাহ্নে পুষ্করতীর্থে বিশ্রাম করিলেন ॥ ১ ॥

তিনি সেই স্থানে বিশ্রাম করিতেছেন, এমন সময় মহামতি শুনঃশেফ শ্রেষ্ঠ পুষ্করতীর্থে আগমন করিয়া বিশ্বামিত্রকে দেখিতে পাইলেন ॥ ২ ॥

[জনক জননীকর্ত্তৃক] বিক্রয়-নিবন্ধন এবং শ্রমে কাতর, বিদীর্ণ হৃদয় শুনঃশেফ মস্তকদ্বারা মুনির চরণে প্রণিপাত করিলেন এবং [এই] কথা বলিলেন— ॥ ৩ ॥

আমার মাতা নাই, পিতা নাই, সুহৃৎ নাই এবং বান্ধব নাই। বন্ধুগণকর্ত্তৃক পরিত্যক্ত শরণাগত আমাকে আপনি রক্ষা করুন ॥ ৪ ॥

১। ঙ—'তমানীয়'। ২। ছ—'তীরে'। ৩। গ-ঘ-ছ-জ—'মধ্যমে'। ৪। ক-ঘ-ঝ—'বিশ্রমত-ছ—'বিশ্রাম্যতস্তস্মি', । ৫। ঙ—'আসীনং পুষ্করে তীর্থে'। ৬। ঘ—'জ্যেষ্ঠ-,' গ—'তীর্থমাসাদ্য'। ৭। অতঃ পরং জ-ঝ-পুস্তকয়োঃ 'ত্রাতা ত্বং হি মুনিশ্রেষ্ঠ পিতেব মম সুব্রত' ইত্যধিকঃ'।

রাজা চ কৃতকার্য্যঃ স্যাদ্ জীবিবয়ং চাপ্যহং যথা ।
ভবতো বীর্য্যমাশ্রিত্য তথা ত্বং কর্ত্তুমর্হসি ॥ ৫ ॥
নাথো মে ত্বমনাথস্য ভব ভব্যেন চেতসা ।
পিতেব পুত্রং কৃপণং ত্রাতুমর্হসি মাং মুনে ॥ ৬ ॥
তস্যৈতদ্ বচনং শ্রুত্বা বিশ্বামিত্রস্তপোধনঃ ।
সান্ত্বয়িত্বা শুনঃশেফং স্বান্ পুত্রানিদমব্রবীৎ ॥ ৭ ॥
যৎকৃতে পিতরঃ পুত্রানিচ্ছন্তি গুণবত্তরান্ ।
দুর্গসন্তরণার্থায় তস্য কালোঽয়মাগতঃ ॥ ৮ ॥

৬। লো-টী। অনাথস্য মম ত্বমেব নাথঃ।

৫। টিপ্পনী। অর্থদানেন রাজ্ঞা ক্রীতোঽহং রাজকার্য্যসিদ্ধিমন্তরা স্বরক্ষাং ন যাচ ইত্যাহ—রাজা ১ কৃতকার্য্য ইত্যাদি।

৬। টিপ্পনী। ভব্যেন প্রসন্নেন। তিঃ। ভব্যেন মঙ্গলপ্রদেন। শিরোঃ। নাথ আশ্রয়ো রক্ষক ইতি যাবৎ। পিতা কৃপণং দুর্গতং পুত্রমিব ত্বং মাং ত্রাতুমর্হসীত্যর্থঃ।

৮। টিপ্পনী। যৎকৃতে যস্য প্রয়োজনস্য কৃতে যৎপ্রয়োজনায়। কৃত ইতি তাদর্থ্যেঽব্যয়ম্। গোঃ রাঃ। যৎকৃতে যৎপ্রয়োজনায় পিতরো গুণবত্তরান্ পুত্রানিচ্ছন্তি, দুর্গসন্তরণার্থায় পারলৌকিক-সঙ্কটাৎ পরিত্রাণায় তস্য তৎপ্রয়োজনসাধনস্যায়ং কাল আগত ইত্যন্বয়ঃ।

আপনার [তপো-] বল আশ্রয় করত এই রাজা যাহাতে কৃতকার্য্য হয়েন এবং আমিও জীবিত থাকিতে পারি, আপনি কৃপা করিয়া তাহা করুন ॥ ৫ ॥

আপনি প্রসন্ন মনে নিরাশ্রয় আমার আশ্রয় হউন। হে মুনে, পিতা যেরূপ দুর্গত পুত্রকে রক্ষা করেন, আপনি [-ও] সেইরূপ আমাকে রক্ষা করুন ॥ ৬ ॥

তাঁহার (শুনঃশেফের) এই বাক্য শ্রবণ করত তপোধন বিশ্বামিত্র শুনঃ-শেফকে সান্ত্বনা প্রদান করিয়া নিজ পুত্রগণকে ইহা বলিলেন—[২] ॥ ৭ ॥

যে প্রয়োজনে জনকগণ অতি গুণবান্ পুত্র কামনা করেন, [তোমাদিগকে

১। অতঃ পরং ঙ পুস্তকে 'স্বর্গলোকমুপাশ্নীয়াস্তব সৌম্য নিদর্শনাৎ'। ২। ঙ—'চক্ষুষা'।

অয়ং মুনিসুতো বালো মত্তঃ শরণমিচ্ছতি।
তস্য জীবিতদানেন প্রিয়ং মে কর্ত্তুমর্হথ ॥ ৯ ॥
সর্ব্বে সুকৃতকল্যাণাঃ সর্ব্বে সুচরিতব্রতাঃ।
তে যূয়ং মন্নিয়োগেন মোক্ষয়ধ্বং মুনেঃ সুতম্[১] ॥ ১০ ॥
অধ্বরাগ্নেঃ সমিদ্ধস্য গত্বা তৃপ্তিং প্রয়চ্ছত।
মোক্ষয়ধ্বমিমঞ্চৈব পশুত্বান্মম শাসনাৎ ॥ ১১ ॥
শরণং মামনুপ্রাপ্তমৃচীকস্য মুনেঃ সুতম্।
স্যাদবিঘ্নং যথা তস্য রাজর্ষেঃ ক্রিয়তাং তথা ॥ ১২ ॥

১০। লো-টী। সুকৃতকল্যাণাঃ সুষ্ঠু কৃতং কল্যাণং যৈস্তে।

৯। টিপ্পনী। শরণম্ আত্মনো রক্ষাম্।

১০। টিপ্পনী। সুচরিতব্রতাঃ সুষ্ঠু চরিতানি আচরিতানি ব্রতানি ব্রহ্মচর্য্যাদিনিয়মা যৈস্তে।

১১। টিপ্পনী। গত্বা যজ্ঞস্থানমিতি শেষঃ। সমিদ্ধস্য প্রজ্বলিতস্য অধ্বরাগ্নের্যজ্ঞাগ্নেস্তৃপ্তিং প্রয়চ্ছত পশুভূতাঃ সন্ত ইতি শেষঃ। 'পশুভূতা নরেন্দ্রস্য তৃপ্তিমগ্নেঃ প্রয়চ্ছত' ইতি পাশ্চাত্ত্যাঃ (১।৬২।১১)। প্রয়চ্ছতেতি বহুবচনেন যুষ্মাসু যঃ কশ্চন ভবত্বিতি সূচ্যতে। গোঃ রাঃ।

১২। টিপ্পনী। অবিঘ্নং বিঘ্নাভাবঃ।

এবং আমাকে পারলৌকিক] সঙ্কট হইতে ত্রাণ করিবার নিমিত্ত, তাহার (সেই প্রয়োজন সিদ্ধির) এই সময় উপস্থিত হইয়াছে ॥ ৮ ॥

এই বালক মুনিপুত্র আমা হইতে আশ্রয় [পাইবার] ইচ্ছা করিতেছে। তাহার জীবনদান করিয়া আমার প্রিয়কার্য্য সাধন করা তোমাদের কর্ত্তব্য ॥ ৯ ॥

[তোমরা] সকলে হিতকর কার্য্যসমূহ সুন্দররূপে সম্পাদন করিয়াছ, [এবং] সকলে [-ই] সম্যক্‌রূপে ব্রতসমূহের অনুষ্ঠান করিয়াছ, সেই তোমরা আমার আদেশে মুনির পুত্রকে মুক্ত কর ॥ ১০ ॥

তোমরা [যে-কেহ যজ্ঞস্থলে] গমন করিয়া [যজ্ঞীয় পশুরূপে] প্রদীপ্ত যজ্ঞাগ্নির তৃপ্তি বিধান কর এবং আমার আজ্ঞায় আমার শরণাপন্ন এই ঋচীক মুনির পুত্রকে পশুত্ব হইতে মুক্ত কর [এবং] যাহাতে সেই রাজর্ষির (অম্বরীষের) বিঘ্ন-রাহিত্য হয়, তাহা কর ॥ ১১—১২ ॥

১। চ—'মহামুনিম্'।

ইতি পিত্রানুশিষ্টাস্তে মধুস্যন্দাদয়[1]স্ততঃ।
সাভিমানমিদং বাক্যমূচুঃ পিতরমপ্রিয়ম্ ॥ ১৩ ॥
কথমাত্মসুতান্[2] হিত্বা ত্রাতা[3] পরসুতানসি।
ভগবন্[4] কার্য্যমেতত্তে স্বমাংসস্যেব[5] ভক্ষণম্ ॥ ১৪ ॥
ইতি তেষাং বচঃ শ্রুত্বা পুত্রাণাং মুনিরপ্রিয়ম্।
ক্রোধসংরক্তনয়নঃ পুত্রাংস্তানশপত্তদা ॥ ১৫ ॥

১৩। টিপ্পনী। মধুস্যন্দাদয় ইত্যত্র মধুচ্ছন্দেতি রামানুজঃ মধুস্যন্দেতি গোবিন্দরাজঃ। সাভিমানং সাহঙ্কারম্। তিঃ।

১৪। টিপ্পনী। আত্মসুতান্ হিত্বা পরিত্যজ্য মৃত্যুং প্রাপয্যেত্যর্থঃ, কথং পরসুতান্ ত্রাতা তেষাং রক্ষকোঽসি। স্বমাংসস্যেব ভক্ষণং—স্বেচ্ছয়া স্বপুত্রাণাং যমসমীপে প্রেষণরূপং যত্তে কর্ম্ম তন্নিজমাংসভোজনমিবেত্যর্থঃ। ‘অকার্য্যমিব পশ্যামঃ শ্বমাংসমিব ভোজনে’ ইতি পাশ্চাত্ত্যপাঠঃ ‘১।৬২।১৪)। ভোজনে প্রাপ্তপায়সাদিভোজ্যে পতিতং শ্বমাংসমিব অকার্য্যং কার্য্যধ্বংসমেব পশ্যামঃ। যথা অগ্নিহোত্রিণা ভোজ্যে পায়সাদৌ পতিতং শ্বমাংসং ভোজনরূপকার্য্যমাত্রধ্বংসকং তথা রক্ষণীয়স্বসুতরক্ষাসময়ে প্রাপ্তৈষান্যসুতরক্ষা অবশ্যকর্ত্তব্য-স্বসুতরক্ষামাত্রবিঘাতিকেত্যর্থঃ। এক ইবশব্দ এবার্থে। কিঞ্চ ভোজনে যজ্ঞপায়সাদৌ প্রাপ্তে সতি শ্বমাংসং শ্বমাংসভোজনং যথা অকার্য্যং বৈদিকৈর্ন কর্ত্তব্যং তথা প্রাপ্তস্বসুতরক্ষণে তদ্বিরোধ্যন্যসুতরক্ষণমকার্য্যং ন কর্ত্তব্যমিতি বয়ং পশ্যামঃ। এতেনাবিবেকত এবাস্য রক্ষায়াং ভবৎপ্রবৃত্তিরিতি স্বনিশ্চয়ঃ সূচিতঃ। শিরোঃ। ভোজনে ভোজ্যে প্রাপ্তে তৎপরিত্যাগেন শ্বমাংসভক্ষণমিবাকার্য্যমিত্যর্থঃ। গোঃ রাঃ।

১৫। টিপ্পনী। অশপদ্ বক্ষ্যমাণপ্রকারেণ।

পিতার দ্বারা এইরূপ আদিষ্ট হইয়া তদনন্তর মধুস্যন্দ প্রভৃতি [পুত্রগণ] অভিমানের সহিত পিতাকে এই অপ্রিয় বাক্য বলিল—॥ ১৩ ॥

নিজ পুত্রগণকে পরিত্যাগ করিয়া কি রূপে আপনি পরপুত্রকে রক্ষা করিতেছেন? হে ভগবন্, আপনার এই কার্য্য নিজ মাংস ভক্ষণের ন্যায় হইতেছে ॥ ১৪ ॥

সেই পুত্রগণের এই অপ্রিয় বাক্য শ্রবণ করিয়া তখন ক্রোধে আরক্ত নয়ন মুনি সেই পুত্রদিগকে [এই] অভিশাপ প্রদান করিলেন—॥ ১৫ ॥

১। ঘ-ঙ-ঝ—‘স্যন্দাদয়স্তথা,’ ছ—‘-চ্ছন্দাদয়স্তথা’। ২। ঙ—‘সুতং’। ৩। গ-ড-ছ—‘ত্যক্ত্বা’। ৪। জ—‘স্যেব কার্য্যন্তে’। ৫। ঘ-চ—‘-স্য চ’।

নিঃসাধ্বসমিদং বাক্যং ধর্ম্মাদভিহিতং বহিঃ।

যস্মাৎ স্বমাংসমুদ্দিষ্টং যুষ্মাভিরবমন্য মাম্॥ ১৬ ॥

স্বমাংসবৃত্তয়স্তস্মাদ্ বাশিষ্ঠা ইব জাতিতঃ।

পতিতা বর্ষসহস্রং কুৎসিতা বিচরিষ্যথ ॥ ১৭ ॥

ইতি শাপাগ্নিনা দগ্ধ্বা পুত্রান্ স্বান্ কুশিকাত্মজঃ।

শুনঃশেফমুবাচেদং বচনং পরিসান্ত্বয়ন্ ॥ ১৮ ॥

১৭। লো-টী। সহস্রং বর্ষাণাং সহস্রং ব্যাপ্য।

[আদিকাণ্ডে চতুঃষষ্টিতমঃ স্বর্গঃ ॥ ৬৪ ॥]

১৬। নিঃসাধ্বসং ভয়রহিতম্। 'ভীতিভীঃ সাধ্বসং ভয়ম্' ইত্যমরঃ। ধর্ম্মাদ্ বহির্বাক্যং পিতৃবাক্যাতিক্রমেণোচ্চারণাদ্ ধর্ম্মবিগর্হিতং বাক্যমিত্যর্থঃ। 'ধর্ম্মাদপি বিগর্হিতম্' ইতি পাশ্চাত্ত্যাঃ (১।৬২।১৬)। যতো মদ্বাক্যমতিক্রম্য প্রোক্তমুচ্চারিতম্ অত এব ধর্ম্মাদপি বিগর্হিতং প্রচ্যুতম্। শিরোঃ। স্বমাংসমুদ্দিষ্টং দৃষ্টান্ততয়া স্বমাংসম্ উল্লিখিতম্। যস্মাদিতি পদমুভয়-বাক্যান্বয়ি। অবমন্য অবজ্ঞায়।

১৭। টিপ্পনী। স্বমাংসবৃত্তয় ইত্যত্র শ্বমাংসভোজিন ইতি পাশ্চাত্ত্যাঃ (১।৬২।১৭)। [দন্ত্যাদিপাঠস্য কীদৃশোঽর্থঃ সম্ভবী তৎ প্রাক্ প্রদর্শিতম্]। জাতিতঃ পতিতা জাতিভ্রষ্টা ইত্যর্থঃ। কুৎসিতা বিচরিষ্যথ পৃথিব্যামিতি শেষঃ। পৃথিব্যামনুবৎস্যথ ইতি পাশ্চাত্ত্যাঃ (১।৬২।১৭)।

১৮। টিপ্পনী। শুনঃশেফং পরিসান্ত্বয়ন্ ইদং বচনম্ উবাচেত্যন্বয়ঃ।

তোমরা যে আমাকে অবজ্ঞা করিয়া নির্ভয় চিত্তে এই ধর্ম্মবিগর্হিত বাক্য বলিয়াছ [এবং] স্বমাংস [ভক্ষণের দৃষ্টান্ত] উল্লেখ করিয়াছ, সেইজন্য তোমরা বশিষ্ঠ তনয়গণের ন্যায় স্বমাংসভোজী [?] জাতিভ্রষ্ট এবং কুৎসিতাকার হইয়া বর্ষসহস্র [পৃথিবীতে] বিচরণ করিবে ॥ ১৬—১৭ ॥

কুশিকতনয় [বিশ্বামিত্র] এই শাপরূপ অগ্নিদ্বারা স্বীয় পুত্রগণকে দগ্ধ করিয়া শুনঃশেফকে সান্ত্বনাপূর্ব্বক এই বাক্য বলিলেন—॥ ১৮ ॥

১। জ—'ভবন্তিঃ'। ২। ঝ—'বৃত্তিত-'। ৩। ক-চ—'জাতিষু'। ৪। ঘ-ছ—'গতাঃ সহস্রং বর্ষাণাং', ঝ—'পতিতাঃ সহস্রং বর্ষাণাং,' চ 'পতিতাব্দসহস্রন্তু', জ 'যূয়ং সহস্রং বর্ষাণাং'। ৫। গ,ঙ—'বর্ষসাহস্রং'। ৬। চ—'পুত্রাংস্তান্'।

যদা পশুত্বে পুত্র ত্বং প্রোক্ষিতঃ স্যাস্তদা জপেঃ।
ইমং মন্ত্রং ময়া প্রোক্তমিন্দ্রাভিষ্টবসংযুতম্ ॥ ১৯ ॥
জপন্তমেনং মন্ত্রং ত্বাং মোক্ষয়িষ্যতি বাসবঃ।
পশুত্বাদস্য চাবিঘ্নং ভবিষ্যতি মহীপতেঃ ॥ ২০ ॥
শুনঃশেফোঽথ তং মন্ত্রমধীত্য ত্বরিতস্তদা।
উপেত্য হৃষ্টো রাজানমম্বরীষমভাষত ॥ ২১ ॥
এহি রাজন্নিতঃ শীঘ্রং নয় মাং যজ্ঞমাত্মনঃ।
পশুং মাং মন্ত্রতঃ প্রোক্ষ্য দীক্ষামেতাং সমাপয় ॥ ২২ ॥

১৯। টিপ্পনী। যদা পশুত্বে প্রোক্ষিতঃ স্যাঃ পশুত্বে বিনিযুক্তঃ সন্ যদা প্রোক্ষিতো ভবেরিত্যর্থঃ। ইন্দ্রাভিষ্টবসংযুতম্ ইন্দ্রস্তুতিসহিতম্। 'অপি গীর্ণবর্ণিতাভিষ্টুতেড়িতানি স্তুত্যর্থানি' ইত্যমরঃ।

২১। টিপ্পনী। অধীত্য অভ্যস্য।

২২। টিপ্পনী। পশুং মাং মন্ত্রতঃ প্রোক্ষ্য মন্ত্রোচ্চারণপুরঃসরং মাং পশুত্বেন প্রোক্ষ্যেত্যর্থঃ। দীক্ষাং যজ্ঞদীক্ষাং সমাপয় যজ্ঞং সমাপ্তিং নয়েত্যর্থঃ।

হে বৎস, যখন তুমি পশুত্বে [বিনিযুক্ত হইয়া] প্রোক্ষিত হইবে, তখন তুমি ইন্দ্রস্তবসমন্বিত মৎপ্রোক্ত এই মন্ত্র জপ করিবে ॥ ১৯ ॥

এই মন্ত্র জপ করিতে থাকিলে ইন্দ্র তোমাকে পশুত্ব হইতে মুক্ত করিয়া দিবেন এবং এই রাজারও [কোনরূপ] বিঘ্ন হইবে না ॥ ২০ ॥

অনন্তর শুনঃশেফ সেই মন্ত্র অভ্যাস করত ত্বরাযুক্ত [ও] হৃষ্ট হইয়া রাজা অম্বরীষের নিকট গমনপূর্ব্বক [তাঁহাকে] বলিলেন—॥ ২১ ॥

হে রাজন্, আসুন, শীঘ্র আমাকে এই স্থান হইতে আপনার যজ্ঞে লইয়া চলুন [এবং] আমাকে মন্ত্রোচ্চারণ পূর্ব্বক পশুরূপে প্রোক্ষিত করিয়া [আপনার] এই [যজ্ঞ-] দীক্ষা সমাপন করুন ॥ ২২ ॥

১। ক-চ-ছ 'যথা'। ২। চ 'জপ'। ৩। ঝ '-দিস্তব'। ৪। চ '-মেতন্মন্ত্রং', ঝ-মেনমৈন্দ্রং'। ৫। ঙ 'মন্ত্রং তদধীত্য'। ৬। ঘ-ছ—'পূং পশুং'। ৭। গ—'মেনাং'।

তদ্ বাক্যমৃষিপুত্রস্য শ্রুত্বা হর্ষসমন্বিতঃ।
জগাম নৃপতিঃ শ্রীমান্ স্বমেব[1] যজনং তদা ॥ ২৩ ॥
সদস্যা[2]নুমতং[3] সোঽথ পবিত্রং কৃতলক্ষণম্।
শুনঃশেফং পশুং যূপে নিবব[4]ন্ধানুমন্ত্রিত[5]ম্ ॥ ২৪ ॥
স বদ্ধ ঋগ্[6]ভিস্তুষ্টাব[7] দেবেন্দ্রং হরিবাহনম্।
ভাগার্থিনমনুপ্রাপ্তং স্বরেণোচ্চৈর্ব্বি[8]নাদয়ন্ ॥ ২৫ ॥
তস্মৈ প্রীতঃ সহস্রাক্ষস্তদা প্রাদাদভীপ্সিতম্।
আয়ুরিষ্টং যশশ্চাগ্র্যং শুনঃশেফায় রাঘব ॥ ২৬ ॥

২৩। টিপ্পনী। যজনং যজ্ঞভূমিম্।

২৪। টিপ্পনী। সদস্যানুমতং সদস্যসম্মতম্। কৃতলক্ষণং কৃতং সম্পাদিতং লক্ষণং যাগযোগ্যপশুচিহ্নং যস্মিংস্তম্। 'পবিত্রকৃতলক্ষণম্' ইতি পাশ্চাত্ত্যাঃ (১।৬২।২৪)। পবিত্রৈর্দর্ভরজ্জুভিঃ কৃতপশুত্বজ্ঞাপনম্। তিঃ। পবিত্রৈর্দর্ভরজ্জুভিঃ কৃতং সম্পাদিতং লক্ষণং যাগযোগ্যপশুচিহ্নং যস্মিংস্তম্। শিরোঃ। অনুমন্ত্রিতং মন্ত্রৈঃ সংস্কৃতম্।

২৫। টিপ্পনী। হরিবাহনম্ ইন্দ্রম্। ইন্দ্রাশ্বা অপি হরয় ইত্যভিধীয়ন্তে। ভাগার্থিনং যজ্ঞভাগার্থিনমত এবানুপ্রাপ্তং যজ্ঞভূমাবাগতম্। উচ্চৈঃস্বরেণ বিনাদয়ন্ চীৎকারং কুর্ব্বন্।

২৬। টিপ্পনী। অভীপ্সিতম্ অভিলাষবিষয়ীভূতং বস্তু বন্ধমোক্ষমিতি যাবৎ। অগ্র্যং শ্রেষ্ঠম্।

ঋষিপুত্রের সেই বাক্য শ্রবণ করিয়া হর্ষসমন্বিত শ্রীমান্ নৃপতি [অম্বরীষ] তখন স্বীয় যজ্ঞভূমিতেই গমন করিলেন ॥ ২৩ ॥

অনন্তর তিনি সদস্যগণের অনুমোদিত, পবিত্র ও [যাগযোগ্য পশুচিহ্নে] চিহ্নিত শুনঃশেফকে মন্ত্রপূত করিয়া পশুরূপে যূপে বন্ধন করিলেন ॥ ২৪ ॥

শুনঃশেফ [ঋত্বিগ্‌বর্গকর্ত্তৃক যূপে] বদ্ধ হইয়া [যজ্ঞ-] ভাগগ্রহণার্থী [অতএব যজ্ঞে] সমুপস্থিত দেবরাজ ইন্দ্রকে উচ্চৈঃস্বরে চীৎকার করিয়া ঋক্-সমূহের দ্বারা স্তব করিতে লাগিলেন ॥ ২৫ ॥

হে রাঘব, তখন ইন্দ্র প্রীত হইয়া সেই শুনঃশেফকে [তাঁহার] ঈপ্সিত [বন্ধনমুক্তি], অভিলষিত পরমায়ু এবং উত্তম যশঃ প্রদান করিলেন ॥ ২৬ ॥

১। ছ '-দেব-'। ২। ঘ 'তদস্যা-'। ৩। চ '-তঃ'। ৪। ঘ 'ববন্ধ মুনিমন্ত্রিতম্'। ৫। ঙ '-তঃ'। ৬। ঘ 'ঋত্বিগ্‌ভিঃ'। ৭। চ 'ত্বথেন্দ্রং'। ৮। ঙ-ঝ '-র্নি-'।

স চ রাজা[১] ক্রতুফলং তদবাপ[২] যথেপ্সিতম্ ।
ধর্ম্মং যশঃ শ্রিয়ঞ্চাগ্র্যাং সহস্রাক্ষপ্রসাদতঃ ॥ ২৭ ॥

বিশ্বামিত্রোঽপি ধর্ম্মাত্মা চচারোগ্রং মহত্তপঃ[৩] ।
পুষ্করেষ্বেব বর্ষাণাং সহস্রং নিয়তব্রতঃ ॥ ২৮ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে আদিকাণ্ডে চতুঃষষ্টিতমঃ সর্গঃ ॥ ৬৪ ॥

২৭। টিপ্পনী। তৎ ক্রতুফলং নরমেধযজ্ঞফলম্। যদ্যপি বহ্বৃচব্রাহ্মণে "হরিশ্চন্দ্রো হ বৈধস ঐক্ষ্বাকো রাজা" ইত্যাদিনা হরিশ্চন্দ্রযজ্ঞে শুনঃশেপস্য অজীগর্ত্তিসুতস্য পশুত্বং প্রাজাপত্যাদিস্তুত্যা চ মোক্ষঃ শ্রূয়তে তথাপ্যম্বরীষবিষয়মপ্যেতৎ। এতৎপ্রামাণ্যাত্তন্মূলকশ্রুতিশ্চাপ্যন্বেষ্যেতি বহবঃ। কেচিত্তু, হরিশ্চন্দ্রপদং সাদৃশ্যাদম্বরীষ এব প্রযুক্তম্। অজীগর্ত্তিপদং চ ঋচীকে প্রযুক্তং শ্রুতাবস্মাদেবোপবৃংহণাদিত্যাহুঃ। ননু "হরিশ্চন্দ্রো বৈধস ঐক্ষ্বাকো রাজপুত্র আস" ইত্যাদি বহ্বৃচব্রাহ্মণোক্তেতিহাসবিরুদ্ধোঽয়ং কথমুপপদ্যত ইতি চেৎ অম্বরীষস্যৈব হরিশ্চন্দ্র ইতি সংজ্ঞান্তরমিত্যবিরোধস্য নেয়ত্বাৎ। গোঃ রাঃ।

২৮ টিপ্পনী। । নিয়তব্রতঃ সংযতাচারঃ সন।

সেই রাজা- [অম্বরীষ-] ও ইন্দ্রের প্রসাদে যথাভিলষিত সেই যজ্ঞফল, ধর্ম্ম, যশ ও অনুত্তম সমৃদ্ধি প্রাপ্ত হইলেন ॥ ২৭ ॥

ধর্ম্মাত্মা বিশ্বামিত্রও সংযতাচার হইয়া পুষ্করতীর্থেই সহস্র বৎসর উগ্র উত্তম তপস্যার অনুষ্ঠান করিলেন ॥ ২৮ ॥

মহর্ষি বাল্মীকি প্রণীত আদিকাব্য রামায়ণের আদিকাণ্ডে চতুঃষষ্টিতম সর্গ সমাপ্ত

১। চ—'তু,' ঘ—'রাজা তু'। ২। ছ—'তদাবাপ'? ৩। ঙ—'মহাতপঃ'।

পঞ্চষষ্টিতমঃ সর্গঃ

পূর্ণে বর্ষসহস্রে[১] তু ব্রতস্নাতং[২] মহামুনিম্।
অভ্যাগচ্ছন্[৩] সুরা[৪] রাম তত্তপোবলবিস্মিতাঃ[৫] ॥ ১ ॥
তত্রৈনমব্রবীদ্[৬] ব্রহ্মা পুনঃ সুরুচিরং[৭] বচঃ।
ঋষিস্ত্বমসি[৮] ভদ্রং তে নিবর্ত্ত তপসোঽধুনা ॥ ২ ॥
ইত্যুক্ত্বা[৯]নন্তরং ব্রহ্মা জগামাশু যথাগতম্।
বিশ্বামিত্রোঽপি তচ্ছ্রুত্বা চচারৈব[১০] পুনস্তপঃ ॥ ৩ ॥

১। টিপ্পনী। ব্রতস্নাতং সমাপ্তব্রতম্। তিঃ। ব্রতস্নাতং ব্রতান্তস্নানবিশিষ্টম্। শিরোঃ। ব্রতস্নাতং ব্রতান্তে স্নাতং সমাপ্তপুরশ্চরণমিতি যাবৎ। গোঃ রাঃ।

২। টিপ্পনী। সুরুচিরম্ অতিরমণীয়ম্। ঋষিস্ত্বমসি অত্র রাজশব্দানুপাদানেন ক্ষত্রজাতিবিশ্লেষঃ সূচিতঃ। তিঃ। ঋষিস্ত্বমসি পূর্ব্বতপসা রাজর্ষিরসি ইদানীম্ ঋষিরেবাসি, অনেন রাজপদাপ্রয়োগেণ ক্ষত্রিয়ত্ববিশ্লেষঃ কিয়ান্ কৃত ইতি গম্যতে। গোঃ রাঃ। নিবর্ত্তেত্যার্ষমনাত্মনেপদম্।

৩। টিপ্পনী। চচারৈব পুনস্তপঃ। এতেন তদভিলষিতসিদ্ধির্ন জাতেতি ধ্বনিতম্।

রাম, সহস্র বৎসর পূর্ণ হইলে তাঁহার (বিশ্বামিত্রের) তপোবলে বিস্মিত হইয়া দেবগণ [সেই] ব্রত [উদ্‌যাপনার্থ] স্নাত মহামুনির নিকট আগমন করিলেন ॥ ১ ॥

সেই স্থানে ব্রহ্মা পুনর্ব্বার তাঁহাকে [এই] সুমধুর বাক্য বলিলেন ;—তুমি [তপস্যাদ্বারা এক্ষণে] ঋষি হইয়াছ, তোমার মঙ্গল হউক, অধুনা তুমি তপস্যা হইতে নিবৃত্ত হও ॥ ২ ॥

ইহা বলিয়া তদনন্তর ব্রহ্মা যেভাবে আসিয়াছিলেন, অবিলম্বে সেই ভাবেই প্রস্থান করিলেন। বিশ্বামিত্রও তাহা শুনিয়া পুনর্ব্বার তপস্যা করিতে লাগিলেন ॥ ৩ ॥

১। গ-ঙ-চ '-হণ'। ২। গ '-স্নানং' চ 'ব্রতান্তে মুনিসত্তমম্'। ৩। ঘ 'অভ্যাগচ্ছৎ', চ-ছ-জ 'অভ্যাগচ্ছন'। ৪। জ 'সুরাঃ সর্ব্বে'। ৫। ক-গ—'তপোবলসমাহিতাঃ', ঘ-ছ 'তপোবলসমাহিতম্', জ 'তপোবলসমাশ্রিতম্', ঝ 'তপোবলসমন্বিতাঃ'। ৬। ক-ঙ-চ 'তত্রৈব-'। ৭। ঝ 'স'। ৮। ঙ '-শ্রেষ্ঠো মুনে ত্বং হি', গ' শ্রেষ্ঠমতো নত্বং', জ '-পুত্রমতো নত্বং', ছ 'শ্রেষ্ঠো মতো নত্বং'। ৯। ঙ 'বচনং'। ১০। জ 'চচার বিপুলং তপঃ', ঘ-ছ '-চচারৈবং'।

তত্র চৈনং তপস্যন্তং কালস্য মহতস্তপঃ।
আজগামাপ্সরা রাম তং প্রলোভয়িতুং রহঃ ॥ ৪ ॥
মেনকানাম সুশ্রোণী বিশ্বামিত্রাশ্রমং প্রতি।
পুষ্করে সা সুচার্ব্বঙ্গী স্নাতুং সমুপচক্রমে ॥ ৫ ॥
তাং দদর্শাদ্ভুতাকারাং মেনকাং কুশিকাত্মজঃ।
রূপেণাপ্রতিমাং রাম শ্রিয়ং মূর্ত্তিমতীমিব ॥ ৬ ॥
তাং দৃষ্ট্বা চারুসর্ব্বাঙ্গীং মেনকাং নির্জ্জনে বনে।
জলপ্রক্লিন্নবসনাং মনোহরতরাকৃতিম্।
কন্দর্পবশগোঽভ্যেত্য মুনির্ব্বচনমব্রবীৎ ॥ ৭ ॥

৪। লো-টী। তপস্যন্তং তপঃ কুর্ব্বন্তম্।

৫। টিপ্পনী। অপ্সরা ইত্যার্ষম্। তিঃ। অপ্সরঃশব্দ একবচনান্তোঽপ্যস্তি। গোঃ রাঃ। অপ্সরঃশব্দস্যৈকত্বং ত্বেতৎপ্রায়োনির্দ্দেশাদেব সাধু। শিরোঃ। সা দেবপ্রেষিতেতি সিদ্ধম্। গোঃ রাঃ। কালস্য মহতঃ মহতি কালে ব্যতিক্রান্তে ইত্যর্থঃ।

৬। টিপ্পনী। অদ্ভুতাকারাম্ অদ্ভুতঃ অলোকসামান্য আকারো লাবণ্যাদি যস্যাস্তাম্। মূর্ত্তিমতীং শরীরধারিণীং শ্রিয়ম্ ঐশ্বর্য্যাধিষ্ঠাত্রীং দেবীমিব তাং মেনকাং দদর্শ।

৭। টিপ্পনী। জলপ্রক্লিন্নবসনাং জলসিক্তবস্ত্রাম্। অভ্যেত্য অপ্সরঃসমীপমাগত্য।

রাম, সেইস্থানে তিনি তপস্যা করিতে থাকিলে বহুকাল পরে মেনকা নামে সুন্দর-নিতম্বশালিনী [দেবগণপ্রেরিতা] অপ্সরা তাঁহাকে (বিশ্বামিত্রকে) নির্জ্জনে প্রলোভিত করিবার জন্য বিশ্বামিত্রাশ্রমের দিকে আসিয়া উপস্থিত হইল। অসামান্যসৌন্দর্য্যবতী সেই মেনকা পুষ্করতীর্থে স্নান করিতে আরম্ভ করিল ॥ ৪—৫ ॥

রাম, অসামান্য-লাবণ্যবতী রূপে অনুপমা মূর্ত্তিমতী শ্রীর ন্যায় সেই মেনকাকে বিশ্বামিত্র দর্শন করিলেন ॥ ৬ ॥

নির্জ্জন বনে জলসিক্তবসনা অতিমনোহরাকৃতি সেই সর্ব্বাঙ্গসুন্দরী মেনকাকে দর্শন করত কামবশীভূত মুনি [তাহার নিকট] উপস্থিত হইয়া [এই]

১। ঙ 'তপসা'। ২। চ—ইদমর্দ্ধং নাস্তি। ৩। চ '-সয়ো রাম'। ৪। ঝ 'সা লোভয়িতুং'।

কা ত্বং কস্য কুতো বেদং[1] বনং ভদ্রেঽভ্যুপাগতা।
এহি[2] বিশ্রম্যতাং ভীরু! মমাশ্রমপদে শুভে ॥ ৮ ॥
মেনকা তদ্বচঃ শ্রুত্বা বিশ্বামিত্রমভাষত।
অপ্সরা মেনকানাম ত্বৎপ্রীত্যাহমুপাগতা।
রোচতে যদি তে ব্রহ্মন্[3] ভজমানাং ভজস্ব মাম্ ॥ ৯ ॥
ইতি[4] তাং রুচিরং[5] বাক্যং ভাষমাণামনিন্দিতাম্।
পাণৌ গৃহীত্বা ভগবানাশ্রমং প্রবিবেশ হ ॥ ১০ ॥
তয়া চ সহ বর্ষাণি পঞ্চ পঞ্চ চ রাঘব।
বিশ্বামিত্রস্য রমতঃ[6] ক্ষণবদ্[7] ব্যতিচক্রমুঃ ॥ ১১ ॥

১১। লো-টী। পঞ্চ পঞ্চ দশেতি সর্ব্বজ্ঞঃ। পঞ্চ পঞ্চ পঞ্চবিংশতির্ব্বা।

৮। টিপ্পনী। কস্য কন্যেতি শেষঃ। শুভে সুরম্যে মমাশ্রমপদে।

৯। টিপ্পনী। ত্বৎপ্রীত্যা ত্বৎপ্রীতিহেতুনা।

১১। টিপ্পনী। পঞ্চ পঞ্চ চ বর্ষাণি দশ বর্ষাণীতার্থঃ। রমতঃ রমমাণস্য পরস্মৈপদমার্ষম্।

বাক্য বলিলেন ;—হে ভদ্রে, তুমি কে, কাহার কন্যা, কেনই বা এই বনে আগমন করিয়াছ? হে ভীরু, আইস, আমার সুরম্য আশ্রম স্থানে বিশ্রাম কর ॥ ৭—৮ ॥

মেনকা সেই বাক্য শ্রবণ করিয়া বিশ্বামিত্রকে বলিল ;—আমি মেনকা নামে অপ্সরা, আপনার প্রীতির জন্য আমি উপস্থিত হইয়াছি, হে ব্রহ্মন্, যদি আপনার অভিরুচি হয়, তাহা হইলে [আপনার প্রতি] অনুরাগবতী আমাকে গ্রহণ করুন ॥ ৯ ॥

অনিন্দিতা সেই মেনকা এই মধুর বাক্য বলিলে ভগবান্ [বিশ্বামিত্র তাহার] হস্তধারণ করিয়া আশ্রমে প্রবেশ করিলেন ॥ ১০ ॥

হে রাঘব, তাহার সহিত রতিক্রীড়া করিতে করিতে বিশ্বামিত্রের দশবৎসর [কাল] ক্ষণকালের ন্যায় অতিবাহিত হইল ॥ ১১ ॥

১। চ 'কুতশ্চেদং'। ২। ঙ 'ব্রূহি'। ৩। গ 'রাজন্'। ৪। গ 'জগাদেদং তদা'। ৫। দ '-রাং'। ৬। 'চরতঃ'। ৭। ঝ '-ন্নাতি'।

হৃতবিজ্ঞানবুদ্ধির্হি তয়া মুনিরসৌ তদা।
তানি বর্ষাণ্যতীতানি বুবোধৈকমহর্যথা ॥ ১২ ॥
অথ কালে গতে তস্মিন্ বুদ্ধ্যা বুদ্ধাত্মবিক্রিয়াম্।
জগাদৈতত্তদা বাক্যং বিশ্বামিত্রস্তপোধনঃ ॥ ১৩ ॥
সামর্ষস্তচ্চ মে জ্ঞানং তৎ তপঃ স চ নিশ্চয়ঃ।
নষ্টান্যেকপদে চেহ সর্ব্বথা কিমপি স্ত্রিয়ঃ ॥ ১৪ ॥

১৪। লো-টী। অমর্ষো বিজাতীয়ক্রোধঃ। তচ্চ কিমপি মে জ্ঞানং তচ্চ কিমপি মে তপঃ। কিমপীত্যস্য ব্যবহিতেনান্বয়ঃ। স চ নিশ্চয়ো ধর্ম্মে শ্রদ্ধাতিশয়ঃ। ইহ অস্যাং স্ত্রিয়াম্। একপদে একস্থানে সর্ব্বাণ্যেব নষ্টানি। 'কিমপি স্ত্রিয়' ইতি পাঠে কিংশব্দোঽব্যয়ঃ। একপদে ইহ স্ত্রীস্থানে নষ্টানি অতোঽস্মনীয়তে স্ত্রিয়ঃ কিমপি কাপি দেবমায়েত্যর্থঃ।

১২। টিপ্পনী। হৃতে বিজ্ঞানং শাস্ত্রজ্ঞানং বুদ্ধিশ্চ যস্য সঃ। 'মোক্ষে ধীর্জ্ঞানমন্যত্র বিজ্ঞানং শিল্পশাস্ত্রয়োরি'ত্যমরঃ। তান্যতীতানি বর্ষাণি দশ বর্ষাণীত্যর্থঃ একমহর্যথা একদিবসমিব বুবোধ, পরস্মৈপদমার্ষম্। এতচ্চ বিশ্বামিত্রস্য প্রাকৃতজনস্যেব সুখমগ্নত্বাদিতি বোধ্যম।

১৩-১৪। টিপ্পনী। আত্মবিক্রিয়াম আত্মনোঽবস্থাবৈপরীত্যম্। তপোধনো বিশ্বামিত্রঃ সামর্ষঃ দেবান্ প্রতি ক্রোধবিশিষ্টঃ সন্ এতদ্বাক্যং জগাদেত্যন্বয়ঃ। 'বুদ্ধির্মনেঃ সমুৎপন্না সামর্ষা রঘুনন্দন' ইতি পাশ্চাত্ত্যাঃ (১।৬৩।১০)। সামর্ষা দেবেষ্। তিঃ। নিশ্চয়ো নিঃসংশয়ং জ্ঞানম 'সমৌ নির্ণয়নিশ্চয়ৌ' ইত্যমরঃ। একপদে অকস্মাৎ। ইহ অস্যাং স্ত্রিয়াং নিমিত্তভূতায়ামিতি শেষঃ। সর্ব্বথা সর্ব্বপ্রকারেণৈব স্ত্রিয়ঃ কিমপ্যনির্ব্বচনীয়ং বস্তিত্যর্থঃ।

তখন সেই মেনকাকর্ত্তৃক [বিশ্বামিত্রের শাস্ত্র-] জ্ঞান ও বুদ্ধি অপহৃত হওয়ায় এই মুনি সেই অতীত বর্ষসমূহ এক দিবসের ন্যায় জ্ঞান করিয়াছিলেন ॥১২॥

অনন্তর সেই [দশবৎসর] কাল অতীত হইলে তপোধন বিশ্বামিত্র বুদ্ধিবলে স্বীয় বিকৃতি বুঝিতে পারিয়া [দেবগণের প্রতি] ক্রোধান্বিত হইয়া তখন এই বাক্য বলিলেন ;—আমার সেই জ্ঞান, সেই তপস্যা, সেই সন্দেহ-রহিত বুদ্ধি

১। গ 'কৃত-'। ২। জ '-বয়স্তদা', ঝ '-বয়ঃ সদা'। ৩। গ 'বুদ্ধা চাত্মনি'। ৪। গ '-দেদং', ঙ 'দেদং ততো', ঘ-ঝ '-দেবং'। ৫। ঘ 'সোঽমর্ষস্তচ্চ বিজ্ঞান°', ঙ-ছ-জ-ঝ 'সোঽমর্ষ'। ৬। 'তু'। ৭। ক-ঙ-চ-জ 'নেহ'। ৮। ঝ '-য়াম্'।

অনয়া লোভয়িত্বা মাং তপোঽপহরণং কৃতম্ ।
ইন্দ্রপ্রিয়ং[1] চিকীর্ষন্ত্যা[2] তস্মাদেনাং ত্যজাম্যহম্ ॥ ১৫ ॥
ততস্তাং মধুরৈর্ব্বাক্যৈর্ব্বিসৃজ্য কুশিকাত্মজঃ ।
পুষ্করাণি পরিত্যজ্য জগামোত্তরপর্ব্বতম্ ॥ ১৬ ॥
নৈষ্ঠিকীং বুদ্ধিমাস্থায় জেতুং কামমমর্ষিতঃ ।
কৌশিকীতীরমাসাদ্য তপস্তেপে সুদারুণম্ ॥ ১৭ ॥
সহস্রমপরং[3] রাম বর্ষাণামমিতদ্যুতিঃ[4] ।
চচার দুশ্চরং তেন দেবা ভয়সমন্বিতাঃ ॥ ১৮ ॥

১৬। টিপ্পনী। মধুরৈর্বাক্যৈঃ ভব ন কশ্চন দোস ইত্যাদিভিঃ। স্বদোষবুদ্ধ্যা শাপাপ্রদানমিতি বোধ্যম্। উত্তরপর্ব্বতং হিমবন্তম্। গোঃ রাঃ।

১৭। টিপ্পনী। নৈষ্ঠিকীম অতিদৃঢ়াম্। শিরোঃ। নৈষ্ঠিকীং কামস্যাপাকরণং সংকল্প্যা-ত্মাৎকটব্রহ্মচর্য্যাবিষয়াং বুদ্ধিং দৃঢ়নিশ্চয়ম্। তিঃ। অমর্ষিত ঈপ্সিতপ্রতিঘাতেনাসহিষ্ণুঃ।

১৮। টিপ্পনী। চচার দুশ্চরং তপ ইতি শেষঃ।

[**সমস্তই**] এই স্ত্রীলোকের নিমিত্ত হঠাৎ বিনষ্ট হইয়া গেল। স্ত্রীলোক সর্ব্ব-প্রকারে [-ই এক] অদ্ভুত বস্তু ॥ ১৩—১৪ ॥

ইন্দ্রের প্রিয় কার্য্য করিতে ইচ্ছা করিয়া এই মেনকা আমাকে প্রলুব্ধ করত [আমার] তপস্যা অপহরণ করিয়াছে। অতএব আমি ইহাকে পরিত্যাগ করিব ॥ ১৫ ॥

অতঃপর বিশ্বামিত্র তাহাকে মধুর বচনে বিদায় দিয়া পুষ্করতীর্থ পরিত্যাগ-পূর্ব্বক উত্তর পর্ব্বতে (হিমালয়ে) গমন করিলেন ॥ ১৬ ॥

[ঈপ্সিত-প্রতিঘাতে] অসহিষ্ণু বিশ্বামিত্র কাম জয় করিবার নিমিত্ত [ব্রহ্ম-চর্য্যবিষয়ে] অবিচলিত বুদ্ধি অবলম্বন করিয়া সুদারুণ তপস্যার অনুষ্ঠান করিতে লাগিলেন ॥ ১৭ ॥

রাম, অসীমতেজঃসম্পন্ন বিশ্বামিত্র আরও সহস্র বৎসর ব্যাপিয়া দুশ্চর তপস্যার অনুষ্ঠান করিলেন। তাহাতে ঋষিসঙ্ঘের এবং ইন্দ্রের সহিত ভীতিসমন্বিত

১। গ '-দেবতাং'। ২। জ 'মতি-'। ৩। জ '-স্রং পরমং'। ৪। ঝ '-মমর-'।

সমেত্য মন্ত্রয়ামাসুঃ সর্ষিসংঘাঃ সবাসবাঃ।
[1]মহর্ষিশব্দং লভতাং সাধ্বয়ং কুশিকাত্মজঃ ॥ ১৯ ॥
[2]মা চ নস্তপসোগ্রেণ তাপয়ত্যেবমু[3]দ্যতঃ।
নিবর্ত্ত্যতাময়ং ব্রহ্মংস্তপসোঽগ্র্যাদিতি প্রভো ॥ ২০ ॥
দেবানাং নিশ্চয়ং শ্রুত্বা ব্রহ্মা লোকপিতামহঃ।
অব্রবীদভিগ[4]ম্যৈবং বিশ্বামিত্রং তপোনিধিম্ ॥ ২১ ॥
মহর্ষে বিনিবর্ত্তস্ব তপসঃ কুশিকাত্মজ।
মহত্ত্বমৃষিমু[5]খ্যানাং দদামি তব সুব্রত ॥ ২২ ॥

২০। লো-টী। নোঽস্মান্ স মা তাপয়েৎ।

১৯-২০। টিপ্পনী। সাধু নির্ব্বিবাদং যথা স্যাত্তথা। মা চেত্যাদি। এবম্ অনেন প্রকারেণ দৃঢ়সঙ্কল্পং যথা স্যাত্তথেত্যর্থঃ, উদ্যতো দুশ্চরতপস্যায়ামিতি শেষঃ। বিশ্বামিত্র উগ্রেণ তপসা মা চ নস্তাপয়তি যথা অস্মান্ন সন্তাপয়েৎ তদর্থং হে ব্রহ্মন্, হে প্রভো, অয়মস্মাৎ অগ্র্যাৎ অতিকঠোরাদ্ ব্রাহ্মণ্যপ্রাপকাদিত্যর্থঃ, তপসো নিবর্ত্ত্যতামিত্যন্বয়ঃ।

২১। টিপ্পনী। নিশ্চয়ং বিশ্বামিত্রায় মহর্ষিত্বং দেয়মিতি সিদ্ধান্তম্।

২২। টিপ্পনী। ঋষিমুখ্যানাম্ শ্রেষ্ঠানাম্ ঋষীণাং যন্মহত্ত্বং তৎ তব তুভ্যং দদামি।

দেবগণ [পরস্পর] মিলিত হইয়া মন্ত্রণা করিলেন [এবং ব্রহ্মাকে বলিলেন]— এই কুশিকাত্মজ বিশ্বামিত্র নির্ব্বিবাদে মহর্ষি শব্দ লাভ করুন ॥ ১৮—১৯ ॥

হে ব্রহ্মন্, হে প্রভো, এইরূপে [দুশ্চর তপস্যায়] উদ্যত [এই বিশ্বামিত্র] আমাদিগকে উগ্র তপস্যা দ্বারা সন্তপ্ত না করেন, এই জন্য ইহাকে [এই] উৎকৃষ্ট তপস্যা হইতে নিবৃত্ত করুন ॥ ২০ ॥

লোকপিতামহ ব্রহ্মা দেবগণের সিদ্ধান্ত শ্রবণ করিয়া বিশ্বামিত্রের সমীপে আগমন করত [তাঁহাকে] এইরূপ বলিলেন—॥ ২১ ॥

হে মহর্ষে বিশ্বামিত্র, তপস্যা হইতে বিনিবৃত্ত হও। হে সুব্রত, আমি তোমাকে শ্রেষ্ঠ ঋষিগণের মহত্ত্ব প্রদান করিতেছি ॥ ২২ ॥

১। গ 'ব্রহ্মর্ষি', ঝ 'মহাশব্দস্তু'। ২। ছ 'যাবন্ন 'তপ-', ঝ 'স চ'। ৩। ঙ—'-য়েদেব'। ৪। ঙ '-মৈানং', চ '-মোদং'। ৫। ছ-জ '-নি'।

ব্রহ্মণস্তদ্বচঃ[১] শ্রুত্বা বিশ্বামিত্রস্তপোধনঃ।
প্রাঞ্জলিঃ প্রণতো বাক্যং প্রত্যুবাচ পিতামহম্ ॥ ২৩ ॥
ব্রহ্মর্ষিশব্দং ভগবন্ দুর্ল্লভং তপসার্জ্জিতম্।
লভেয়ং ত্বৎপ্রসাদেন যদি মেঽস্তি তপশ্চিতম্ ॥ ২৪ ॥
তমুবাচ ততো ব্রহ্মা ন তাবত্ত্বং জিতেন্দ্রিয়ঃ।
কামক্রোধাবনির্জ্জিত্য কথং ব্রহ্মত্বমিচ্ছসি ॥ ২৫ ॥
জয়েন্দ্রিয়াণি[২] তাবত্ত্বং কামক্রোধৌ চ কৌশিক।
ততঃ পরং[৩] ত্বং ব্রহ্মত্বং সমবাপ্স্যসি দুর্ল্লভম্ ॥ ২৬ ॥

২৪। লো-টী। চিতং সঞ্চিতম্।

২৬। লো-টী। জিতেন্দ্রিয়ো ন যাবত্ত্বম্—যাবদ্ যদা ইন্দ্রিয়াণি কামক্রোধৌ চ জিত্বা স্থাস্যসীতি শেষঃ।

২৪। টিপ্পনী। যদি মে তপশ্চিতং সঞ্চিতমস্তি তদা তত্তপসা অর্জ্জিতং ব্রহ্মর্ষিশব্দং লভেয়ং লব্ধুং প্রার্থয়ে। সঞ্চিতং তপো ব্রহ্মর্ষিত্বলাভায় পর্য্যাপ্তং পরং ত্বদনুজ্ঞানেন বিনা ব্রহ্মর্ষিশব্দো ন প্রখ্যাতিং যাতীত্যনুজ্ঞানার্থং ত্বামভ্যর্থয় ইতি বিশ্বামিত্রস্য হৃদয়ম্।

তপোধন বিশ্বামিত্র [পিতামহ] ব্রহ্মার সেই বাক্য শ্রবণ করত প্রণত হইয়া কৃতাঞ্জলিপুটে পিতামহকে প্রত্যুত্তরে [এই] বাক্য বলিলেন— ॥ ২৩ ॥

হে ভগবন্, যদি আমার তপস্যা সঞ্চিত থাকে, তাহা হইলে আপনার প্রসাদে [সেই] তপস্যা দ্বারা অর্জ্জিত দুর্ল্লভ ব্রহ্মর্ষিশব্দ লাভ করিবার প্রার্থনা করি (অর্থাৎ আমার তপস্যা ব্রহ্মর্ষিত্ব লাভের পক্ষে পর্য্যাপ্ত, আপনি সেই ব্রহ্মর্ষিত্ব অনুমোদন করুন) ॥ ২৪ ॥

ব্রহ্মা তাঁহাকে বলিলেন :—তুমি জিতেন্দ্রিয় নহ। কাম ক্রোধ জয় না করিয়া কিরূপে ব্রহ্মত্ব ইচ্ছা কর? হে কৌশিক, তুমি ইন্দ্রিয় এবং কাম ক্রোধ জয় কর, তাহার পরে তুমি দুর্ল্লভ ব্রহ্মত্ব লাভ করিবে ॥ ২৫—২৬ ॥

১। ক-ছ-ঝ '-স্য বচঃ'। ২। গ 'জিতেন্দ্রিয়াণি যাবত্ত্বং', ঙ 'জিতেন্দ্রিয়াণি', ঝ 'জিতেন্দ্রিয়ো ন যাবত্ত্বং' ৩— 'পরত্বং'।

ইত্যুক্ত্বা প্রযযৌ ব্রহ্মা পুনরেব যথাগতম্ ।
বিশ্বামিত্রোঽপি তত্রৈব তেপে ঘোরতরং তপঃ ॥ ২৭ ॥
ঊর্দ্ধবাহুর্নিরালম্ব একপাদাগ্রবিষ্ঠিতঃ[১] ।
বায়ুভক্ষ্যঃ স্থিতঃ স্থান একস্মিন্ স্থাণুবৎ স্থিরঃ[২] ॥ ২৮ ॥
ঘর্ম্মে পঞ্চতপা ভূত্বা বর্ষাস্বভ্রাবকাশিকঃ
শিশিরে জলশায়ী চ ভূত্বা তেপে মহত্তপঃ ॥ ২৯ ॥
এবং বর্ষশতং ঘোরং[৩] সাগ্রং তপ উপাসতঃ[৪] ।
সমস্তা[৫] দিবি কাকুৎস্থ দেবা ভয়মুপাগমন্[৬] ॥ ৩০ ॥

২৮। টিপ্পনী। একপাদস্য অগ্রেণাগ্রভাগেণ বিষ্ঠিতো বিশেষেণ স্থিত একপাদাঙ্গুষ্ঠমাত্রেণ ভূমিং নিপীড্য স্থিত ইত্যর্থঃ।

২৯। টিপ্পনী। পঞ্চতপা অভ্রাবকাশিক ইত্যাদয়ঃ প্রাগ্ ব্যাখ্যাতাঃ (১।৬৬।১০ ১১) ।

৩০। টিপ্পনী। সাগ্রম উৎকর্ষযুক্তম্ ।

ইহা বলিয়া ব্রহ্মা যে ভাবে আসিয়াছিলেন পুনরায় সেই ভাবেই গমন করিলেন। বিশ্বামিত্রও সেই স্থানেই আরও কঠোর তপস্যায় রত হইলেন ॥ ২৭ ॥

তিনি ঊর্দ্ধবাহু [ও] নিরবলম্বন হইয়া, এক পায়ের অগ্রভাগ (অর্থাৎ অঙ্গুষ্ঠ) দ্বারা দণ্ডায়মান থাকিয়া [এবং] বায়ুভক্ষ হইয়া এক স্থানে স্থাণুর ন্যায় স্থিরভাবে অবস্থান করিতে লাগিলেন ॥ ২৮ ॥

তিনি গ্রীষ্মকালে [চতুর্দ্দিকে অগ্নি এবং ঊর্দ্ধে সূর্য্য এই] পঞ্চাগ্নির মধ্যে [অবস্থান পূর্ব্বক] নিজেকে সন্তাপিত করিয়া, বর্ষাকালে অভ্রাবকাশী হইয়া (অর্থাৎ বর্ষণসময়ে অনাবৃতস্থলে গাত্রাবরণ ব্যতিরেকে দণ্ডায়মান হইয়া) এবং শীতকালে জলমধ্যস্থিত হইয়া কঠোর তপস্যা করিতে লাগিলেন ॥ ২৯ ॥

হে কাকুৎস্থ, বিশ্বামিত্র এইরূপে শতবৎসর কঠোর ও উৎকৃষ্ট তপস্যা করিলে স্বর্গে সমস্ত দেবগণ ভীত হইয়া পড়িলেন ॥ ৩০ ॥

১। গ-ঘ-ঙ চ 'পাদপ্রতি'। ২। ঘ-ছ-জ 'স্থিতঃ'। ৩। চ 'সাগ্রং ঘোরমাতিষ্ঠত্তপঃ', জ 'সাগ্রং ঘোরং তপ উপাসতে'। ৪। ঝ '—সতে'। ৫। ঘ 'স্তাদিবি'। ৬। ক-ছ-জ '—বিশন' ।

১
সম্ভ্রমং পরমাস্থায় ততঃ শক্রঃ সুরাধিপঃ।
চিন্তয়িত্বা তপোবিঘ্নমুপায়ং রঘুনন্দন ॥ ৩১ ॥
আহূয়াপ্সরসং রম্ভাং মরুদ্গণবৃতঃ প্রভুঃ।
উবাচাত্মহিতং বাক্যমহিতং কৌশিকস্য চ ॥ ৩২ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে আদিকাণ্ডে পঞ্চষষ্টিতমঃ সর্গঃ ॥ ৬৫ ॥

৩১। লো-টী। সম্ভ্রমং সাধ্বসম্ আস্থায় আশ্রিত্য।

॥ আদিকাণ্ডে পঞ্চষষ্টিতমঃ সর্গঃ ॥ ৬৫ ॥

৩১। টিপ্পনী। তপোবিঘ্নমিতি তপসো বিঘ্নো যস্মাদিত্যুপায়বিশেষণম্।

৩২। টিপ্পনী। আত্মহিতম্ আত্মা ইন্দ্রঃ। তিঃ। অহিতং কৌশিকস্য চেত্যনেন তদ্বিষয়বৈরনির্যাতনার্থঞ্চ রম্ভাপ্রেরণমিত্যপি গম্যতে। গোঃ রাঃ।

হে রঘুনন্দন, অনন্তর মরুদ্গণে পরিবৃত প্রভাবশালী দেবরাজ ইন্দ্র নিরতিশয় সম্ভ্রমযুক্ত হইয়া তপোবিঘ্নকর উপায় চিন্তা করত রম্ভানাম্নী অপ্সরাকে আহ্বান পূর্ব্বক নিজের হিতকর এবং বিশ্বামিত্রের অহিতকর [এই] বাক্য বলিলেন—॥ ৩১—৩২ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদি কাব্য রামায়ণের আদিকাণ্ডে পঞ্চষষ্টিতম সর্গ সমাপ্ত ॥

১। ঙ 'এবং সম্ভ্রম-'

ষট্‌ষষ্টিতমঃ সর্গঃ

সুরকার্য্যমিদং রম্ভে কর্ত্তুমর্হসি ভাবিনি[১]।
লোভয়স্ব তপস্যন্তং কৌশিকং রূপসম্পদা ॥ ১ ॥
এবমুক্তা ততো রম্ভা সহস্রাক্ষেণ ধীমতা।
প্রাঞ্জলিঃ [২]পরমোদ্‌বিগ্না প্রত্যুবাচ সুরাধিপম্ ॥ ২ ॥
কোপনশ্চ তপস্বী চ [৩]বিশ্বামিত্রঃ শচীপতে।
স কোপং নিয়তং দেব মযু্যৎস্রক্ষ্যতি কোপিতঃ ॥ ৩ ॥
তস্মা[৪]ত্ত্বং মে সুরপতে প্রসাদং কর্ত্তুমর্হসি।
[৫]নাস্য সাদয়িতব্যানি [৬]তেজাংসি চ তপাংসি চ ॥ ৪ ॥

৪। লো-টী। নাস্য সাদয়িতব্যানি তপাংসি তপতাং বরঃ। সাদয়িতব্যানি নাশয়িতব্যানি যতঃ স তপতাং বরঃ। নির্ব্বিসর্গপাঠে ইন্দ্রসম্বোধনম্।

১। টিপ্পনী। হে ভাবিনি হে সুরূপে!
৩। টিপ্পনী। উৎস্রক্ষ্যতি ত্যক্ষ্যতি।

হে সুরূপে, হে রম্ভে, এই দেবকার্য্য তোমাকে করিতে হইবে। তুমি তপোনিরত বিশ্বামিত্রকে [তোমার] সৌন্দর্য্যসম্পদে প্রলোভিত কর ॥ ১ ॥

ধীমান্ সহস্রাক্ষ-কর্ত্তৃক এইরূপে উক্ত হইয়া রম্ভা তদনন্তর অতি উদ্বিগ্ন-হৃদয়ে কৃতাঞ্জলিপুটে দেবরাজকে প্রত্যুত্তরে বলিল—॥ ২ ॥

হে শচীপতে, বিশ্বামিত্র তপস্বী এবং কোপনস্বভাব। হে দেব, তাঁহাকে কুপিত করিলে নিশ্চয়ই তিনি আমার উপর কোপ ত্যাগ করিবেন ॥ ৩ ॥

হে সুরপতে, সেই হেতু আপনি আমার প্রতি অনুগ্রহ করুন। ইহার তপস্যা এবং তেজ আমি নাশ করিতে পারিব না ॥ ৪ ॥

১। ইতঃ পূর্ব্বং সর্গারম্ভে ঝ-পুস্তকে—'বরারোহে গুণৈঃ সর্ব্বৈরপ্সরোভির্বিশিষ্যতে'। ইত্যধিকম্। ২। ঝ 'প্রণতা ভূত্বা'। ৩। জ '-ত্রো মহামুনিঃ'। ৪। ঝ 'ন্মে ত্বং'। ৫। চ '-নাস্যাংসঃ', ঘ-ছ 'তেন্নসাদয়িতব্যানি তপাংসি তপসাং বর'। ৬। গ-ঙ-ক ঝ 'তপাংসি তপতাং বরঃ'।

তামুবাচ ততঃ শক্রো বেপমানাং কৃতাঞ্জলিম্[১]।

ত্বং রম্ভে কুরু মা ভৈষীঃ[৩] প্রিয়ং মে প্রিয়ভাষিণি[২] ॥ ৫ ॥

কোকিলো[৩] হৃদয়গ্রাহী কালে কুসুমিত[৪]দ্রুমে।

অহং কন্দর্পসহিতঃ স্থাস্যে তব সমীপতঃ ॥ ৬ ॥

মনোহরন্তু[৫] রম্ভোরু কৃত্বা রূপমথাদ্ভুতম্।

তমৃষিং রুচিরাপাঙ্গি গচ্ছ লোভয়িতুং বনে ॥ ৭ ॥

ইত্যুক্তা দেবরাজেন রম্ভা সুরুচিরাননা।

কৃত্বা রূপং মনোহারি[৬] বিশ্বামিত্রমলোভয়ৎ ॥ ৮ ॥

৬। টিপ্পনী। অহং কুসুমিতদ্রুমে পুষ্পিতবৃক্ষে কালে বসন্তকালে সমাগতে সতীত্যর্থঃ। হৃদয়গ্রাহী কোকিলো ভূত্বেতি শেষঃ, স্থাস্যে স্থাস্যামি আত্মনেপদমার্ষম্। 'কোকিলো হৃদয়গ্রাহী মাধবে রুচিরদ্রুমে' ইতি পাশ্চাত্ত্যপাঠঃ (১।৬৪।৬)।

৭। টিপ্পনী। হে রম্ভোরু, রম্ভে কদলীস্তম্ভাবিবোরূ যস্যাঃ সা রম্ভোরূঃ স্ত্রী। 'উরূত্তরপদাদৌপম্যে' ইত্যূঙ্প্রত্যয়ঃ। নদীত্বাদ্ হ্রস্বঃ। হে রুচিরাপাঙ্গি হে মধুরকটাক্ষসমন্বিতে।

অনন্তর ইন্দ্র কম্পমানা কৃতাঞ্জলি সেই রম্ভাকে বলিলেন—হে প্রিয়ভাষিণি রম্ভে, তুমি ভয় করিও না, আমার প্রিয়কার্য্য সংসাধন কর ॥ ৫ ॥

পুষ্পিতবৃক্ষসমন্বিত [বসন্ত] কালে আমি মনোরম কোকিলরূপ ধারণপূর্ব্বক কন্দর্পের সহিত তোমার নিকটে অবস্থান করিব ॥ ৬ ॥

হে রম্ভোরু, হে মধুরকটাক্ষসমন্বিতে, তুমি অনন্তর মনোহর অদ্ভুত রূপ ধারণ করিয়া সেই ঋষিকে প্রলোভিত করিবার জন্য বনে গমন কর ॥ ৭ ॥

সুচারুবদনা রম্ভা দেবরাজকর্ত্তৃক এইরূপ উক্ত হইয়া মনোহর রূপ ধারণপূর্ব্বক বিশ্বামিত্রকে প্রলোভিত করিতে প্রবৃত্ত হইল ॥ ৮ ॥

১। গ 'রম্ভে ত্বং'। ২। ঘ 'প্রিয়ভাবিনি', জ—'চারুভাষিণি'। ৩। ঋ '—লা'। ৪। গ—'মিতে দ্রুমে' ৫। ঙ '—স্তুং'। ৬। ক-ঘ- '-হরং'।

ইন্দ্রোঽপি কোকিলো ভূত্বা কন্দর্পসহিতস্তদা।
বল্গুবাগভিতস্তস্যাস্তস্থৌ[১] রাম বিলোভয়ন্[২] ॥ ৯ ॥
কোকিলস্য বচঃ শ্রুত্বা বল্গু ব্যাহরতো বনে।
রম্ভাগীতস্বরৈশ্চৈব[৩] মধুরং সুমনোহরম্ ॥ ১০ ॥
মারুতঞ্চ সুখস্পর্শং দিব্যগন্ধাধিবাসিতম্[৪]।
আয়ান্তং[৫] সমভিপ্রেক্ষ্য কামিনাং মদবর্দ্ধনম্[৬] ॥ ১১ ॥
সহসা[৭] হৃতচিত্তাত্মা মদনেন মহামুনিঃ[৮]।
গীতস্বনেনানুসৃত্য[৯] রম্ভাং দৃষ্ট্বা মনোহরাম্ ॥ ১২ ॥

১২। লো-টী। হৃতচিত্তাত্মা আত্মা মনঃ। অনুসৃত্য তত্র গত্বা।

৯। টিপ্পনী। বল্গুবাগ্ মধুরস্বরঃ। তস্যা অভিতস্তস্যাঃ সমীপে। তস্যা ইত্যত্র দ্বিতীয়া-প্রাপ্তৌ ষষ্ঠী বৈবক্ষিকী। বিলোভয়ন্ বিলোভয়িতুম্।

১০। টিপ্পনী। বচো রবম্। বল্গু মনোহরং যথা স্যাত্তথা ব্যাহরতঃ কূজতঃ।

১১। টিপ্পনী। দিব্যগন্ধাধিবাসিতং দিব্যগন্ধেন অধিবাসিতং সুগন্ধীকৃতম্।

১২। টিপ্পনী। গীতস্বনেন গীতশব্দেন অনুসৃত্য গত্বা গীতপ্রবৃত্তিস্থানমিতি শেষঃ। রম্ভাঞ্চ দৃষ্ট্বা মহামুনির্বিশ্বামিত্রো মদনেন হৃতচিত্তো হৃতাত্মা হৃতধৈর্য্যশ্চ।

রাম, ইন্দ্রও তখন মধুরস্বর কোকিল হইয়া [বিশ্বামিত্রকে] প্রলোভিত করিবার জন্য কন্দর্পের সহিত রম্ভার সন্নিহিত প্রদেশে অবস্থান করিতে লাগিলেন ॥ ৯ ॥

বনে মধুর কূজনকারী কোকিলের রব এবং রম্ভার মধুর ও অতিমনোহারী গীতস্বর শ্রবণ করিয়া, দিব্যগন্ধে সুগন্ধীকৃত, সুখস্পর্শ, কামীদিগের মদবর্দ্ধক [মন্দ] বায়ু প্রবাহিত হইতেছে দেখিয়া [এবং] গীতশব্দে [সেইস্থানে] গমন করত মনোহারিণী রম্ভাকে দর্শন করিয়া মহামুনি কন্দর্পকর্ত্তৃক সহসা হৃতচিত্ত ও হৃতধৈর্য্য হইলেন ॥ ১০—১২ ॥

১। গ-ঙ 'স্তস্য তস্থৌ'। ২। চ 'বিলোকয়ন্', ঝ 'প্রলোভয়ন্'। ৩। গ 'স্বন-'। ৪। গ-ঘ 'পুষ্পাদি'। ৫। ৫-জ '-ন্তং'। ৬। ঝ 'মোহ'। ৭। ঝ '-সান্নিত-'। ৮। গ 'পবনেন মহাত্মনা'। ৯। ঘ-ঙ-চ '-নানুসৃত্যো', চ 'চানুসৃত্য', জ '-নানুভূতো'।

শব্দেনাপহৃতস্তেন রম্ভাসন্দর্শনেন চ।
স্মৃত্বা[১] চাত্র তপোভ্রংশং মুনিঃ শঙ্কামুপাগমৎ ॥ ১৩ ॥
সহস্রাক্ষস্য তৎ কর্ম্ম দৃষ্ট্বা[২]থ ধ্যানচক্ষুষা।
রম্ভাং কোপসমাবিষ্ট ইদং বচনমব্রবীৎ ॥ ১৪ ॥
যস্মাল্লোভয়সে রম্ভে মামাত্মগুণসম্পদা।
তস্মাচ্ছিলাময়ী[৩] ভূত্বা স্থাস্যসী[৪]হ তপোবনে ॥ ১৫ ॥
বর্ষাণামযুতং পূর্ণং মচ্ছাপকলুষীকৃতা।
ব্রাহ্মণস্তু তপঃসিদ্ধ উদ্ধর্ত্তা তে ভবিষ্যতি ॥ ১৬ ॥

১৩। টিপ্পনী। তেন শব্দেন রম্ভাসন্দর্শনেন চ অপহৃত আকৃষ্টচিত্তো মুনিঃ অত্র অস্মিন্নেব পুষ্করে তীর্থে তপোভ্রংশং তপসশ্চ্যুতিং স্মৃত্বা অত্রৈব তপশ্চ্যুতিরভূদিতি স্মৃত্বেত্যর্থঃ, শঙ্কাং পুনরপি মে তপোভ্রংশো ভবেদিতি ভয়মুপাগমৎ।

১৪। টিপ্পনী। তদ্ রম্ভাপ্রেষণাদি কর্ম্ম সহস্রাক্ষস্য ইতি ধ্যানচক্ষুষা দৃষ্ট্বা কোপসমাবিষ্টো মুনিঃ রম্ভাম্ ইদং বক্ষ্যমাণং বচনং শাপরূপম অব্রবীৎ। এতেন রম্ভাবিয়োগে ইন্দ্রস্যাপ্যতিদুঃখং ভবিষ্যতীতি হেতুর্ধ্বনিতস্তেন রম্ভায়া ইন্দ্রপ্রাণপ্রিয়াত্বং ব্যক্তমিতি শিরোমণিঃ।

১৫। টিপ্পনী। আত্মগুণসম্পদা স্বীয়রূপযৌবনাদিগুণবাহুল্যেন।

১৬। টিপ্পনী। যদ্যপি স্বামিনিয়োগতঃ প্রবৃত্তায়া রম্ভায়াঃ শাপদানমনুচিতম্, ইন্দ্র এব তদ্দানমুচিতম্, তথাপি ক্রোধাবেশেন যুক্তাযুক্তবিবেকাভাবোঽত এব পশ্চাদ্বিবেকং লব্ধ্বা তামনুগৃহ্ণাতি —ব্রাহ্মণ ইতি বশিষ্ঠ ইত্যর্থ ইতি কতকঃ। এতেন কানাদপি ক্রোধো দুর্জ্জয় ইতি সূচিতম। তিঃ। মচ্ছাপকলুষীকৃতা মম শাপেন কলুষীকৃতা মালিন্যমাপ্তা পাপাচরণফলং প্রাপিতেতি যাবৎ।

সেই শব্দে এবং রম্ভাসন্দর্শনে আকৃষ্ট [-হৃদয়] মুনি এইস্থানে [-ই] তপোভ্রংশ [হইয়াছিল ইহা] স্মরণ করিয়া শঙ্কিত হইলেন ॥ ১৩ ॥

অতঃপর সেই কার্য্য ইন্দ্রের, ধ্যানচক্ষুতে [ইহা] দেখিতে পাইয়া কোপাবিষ্ট [বিশ্বামিত্র] রম্ভাকে এই বাক্য বলিলেন—॥ ১৪ ॥

হে রম্ভে, স্বীয় [রূপ-যৌবনাদি] গুণসম্পদে যেহেতু তুমি আমাকে প্রলোভিত করিতেছ, সেইজন্য আমার শাপে মালিন্যগ্রস্তা তুমি, পূর্ণ অযুত

১। জ '-স্মতপসো', ঘ-ছ '-চাস্যতপোভঙ্গং'। ২। গ-ছ 'চ'। ৩। গ-ঘ-ঙ-ছ-জ 'চৈছেলময়ী', চ 'চৈছীলময়ী'। ৪। ঘ 'সি ত্বং'।

রম্ভাং শৈলময়ীং কৃত্বা বিশ্বামিত্রো[1] মহামুনিঃ।
সন্তাপমগমত্তীব্রং[2] ক্রোধস্য বশমাগতঃ ॥ ১৭

দৃষ্ট্বা তথা কৃতাং[3] রম্ভাং সদ্যঃ শৈলময়ীং রুষা।
কন্দর্পসহিতঞ্চৈব দৃষ্ট্বা[4] তত্র[5] পুরন্দরম্ ॥ ১৮ ॥

তপসোঽপহারং[6] পুনঃ কৃতং দৃষ্ট্বা তথাত্মনঃ।
অজিতেন্দ্রিয়োঽস্মীতি ভৃশং জগর্হাত্মানমাত্মনা ॥ ১৯ ॥

অথ হৈমবতীং পুণ্যাং[7] দিশং ত্যক্ত্বা মহামুনিঃ।
পূর্ব্বাং দিশমুপাগম্য তপস্তপ্তুং প্রচক্রমে ॥ ২০ ॥

১৮। লো-টী। কন্দর্পসহিতঞ্চৈব নষ্টং তত্র পুরন্দরম্—নষ্টমদর্শনং জাতং দৃষ্ট্বা।

১৭। টিপ্পনী। সন্তাপং তপোধ্বংসাৎ পশ্চাত্তাপম্।
১৮। টিপ্পনী। তথা তেন রূপেণ শাপদ্বারেণেত্যর্থঃ, শৈলময়ীং কৃতাং শিলাত্বমাপাদিতাম্।
১৯। টিপ্পনী। অপহারম্ অপহরণম্। জগর্হ নিনিন্দ।
২০। টিপ্পনী। হৈমবতীং দিশং হিমবৎসম্বন্ধিনীম্ উত্তরাং দিশমিত্যর্থঃ।

(দশসহস্র) বৎসর পাষাণময়ী হইয়া এই তপোবনে অবস্থান করিবে। [কোনও] তপঃসিদ্ধ ব্রাহ্মণ তোমার উদ্ধারকর্ত্তা হইবেন ॥ ১৫—১৬ ॥

ক্রোধবশবর্ত্তী মহামুনি বিশ্বামিত্র রম্ভাকে পাষাণময়ী করিয়া তীব্র অনুতাপ প্রাপ্ত হইলেন ॥ ১৭ ॥

ক্রোধে সেইভাবে [অভিশাপদ্বারা] রম্ভাকে তৎক্ষণাৎ পাষাণময়ী করা হইয়াছে দেখিয়া, কন্দর্পসহিত ইন্দ্রকে সেইস্থানে দেখিয়া এবং পুনরায় স্বীয় তপস্যার অপহরণ করা হইয়াছে দেখিয়া 'আমি সাতিশয় অজিতেন্দ্রিয়' ইহা বলিয়া নিজেই নিজেকে নিন্দা করিতে লাগিলেন ॥ ১৮—১৯ ॥

অনন্তর মহামুনি [বিশ্বামিত্র] পবিত্র উত্তর দিক্ পরিত্যাগপূর্ব্বক পূর্ব্বদিকে গমন করিয়া তপস্যা করিতে প্রবৃত্ত হইলেন ॥ ২০ ॥

১। ঙ '-ত্রস্ততো-'। ২। ঝ-পুস্তক ইত্যারভ্য বিংশশ্লোকস্য পূর্ব্বার্দ্ধং যাবন্নাস্তি। ৩। ঘ-ছ 'গতাং'। ৪। গ-ণ-ঙ-চ ছ-জ 'নষ্টং'। ৫। গ 'বুদ্ধা'। ৬। ঘ-ছ-জ 'তপোঽপহারঞ্চ,' চ 'স্বপাপহারঞ্চ'। ৭। গ ঘ-ছ-জ 'রম্যাং' চ 'রাম'।

মৌনং বর্ষসহস্রস্তু কৃত্বা স[1] কৃতনিশ্চয়ঃ।
বজ্রস্থানমুপাশ্রিত্য[2] তস্থৌ গিরিরিবাচলঃ ॥ ২১ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে আদিকাণ্ডে ষট্ষষ্টিতমঃ সর্গঃ ॥ ৬৬ ॥

২১। গো-টী। বজ্রস্থানং বজ্রাখ্যং স্থানম্।

[আদি কাণ্ডে ষট্ষষ্টিতমঃ সর্গঃ ॥ ৬৬ ॥]

২১। টিপ্পনী। বজ্রস্থানং বজ্রাখ্যং স্থানং বজ্রাখ্যপর্ব্বতবিশেষস্য দর্য্যাদিং বা।

কৃতসঙ্কল্প সেই বিশ্বামিত্র বজ্রনামক স্থান আশ্রয় করত সহস্র বৎসর মৌন অবলম্বনপূর্ব্বক পর্ব্বতের ন্যায় অচল হইয়া অবস্থান করিতে লাগিলেন ॥ ২১ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের আদিকাণ্ডে ষট্ষষ্টিতম সর্গ সমাপ্ত ॥

১। ঙ 'মন্'। ২। ঙ ছ-'বদ্র-', ঙ 'বদ্র-স্থানং সমাশ্রিত্য'

সপ্তষষ্টিতমঃ সর্গঃ

স্থাণুভূতে স্থিতে তস্মিন্ মুনৌ মৌনব্রতান্বিতে।
আবেষ্টুং নান্তরং কামো ন ক্রোধো দদৃশে মুনেঃ ॥ ১ ॥
অক্রোধনমকামঞ্চ তং দৃষ্ট্বা শান্তচেতসম্।
তপসোগ্রেণ সংসিদ্ধিং পরাং গতমরিন্দম ॥ ২ ॥
সম্ভ্রান্তমনসো ভীতা ব্রহ্মাণং তপসাং নিধিম্।
ঊচুরভ্যেত্য বিবুধাঃ সর্ব্বে শক্রপুরোগমাঃ ॥ ৩ ॥
উপায়ৈর্ব্বহুভির্ব্রহ্মন্ বিশ্বামিত্রস্তপোধনঃ।
ক্রোধিতো লোভিতশ্চৈব তপসা চ বিবর্দ্ধিতঃ।

১। লো-টী। অন্তরম্ অবকাশঃ।

৪। লো-টী। ক্রোধং লোভং কারিতোঽপি স চ তানাতক্রম্য বিবর্দ্ধিতঃ।

১। টিপ্পনী। কামো বা ক্রোধো বা অস্য মুনেরন্তরম্ অন্তরাত্মনি মনসীতি যাবৎ, 'ছিদ্রান্তর্যাবিনাবহিরবসরমধ্যেঽন্তরাত্মনি চ' ইত্যমরঃ। আবেষ্টুং প্রবেষ্টুং ন দদৃশে কেনাপীতি শেষঃ। অসমানকর্ত্তৃকত্বং কথঞ্চিৎ সোঢ়ব্যম্। যদ্বা কামঃ ক্রোধো বা আবেষ্টুং মন ইতি শেষঃ, অন্তরম অবকাশং ন দদৃশে দদর্শেত্যর্থঃ। আত্মনেপদমার্ষম। 'বিঘ্নৈবহুভিরাধর্ত্তুং ক্রোধো নান্তরমাবিশৎ' ইতি পাশ্চাত্যাঃ (১।৬৫।১)। অন্তরম্ অবকাশং নাবিশৎ। গোঃ রাঃ।

২। উগ্রেণ তপসা পরাম্ উৎকৃষ্টাং সংসিদ্ধিং গতং প্রাপ্তং তং দৃষ্ট্বা বিবুধা দেবাঃ সম্ভ্রান্তমনসো ব্যাকুলচিত্তাঃ সন্ত ইত্যন্বয়ঃ।

সেই মৌনব্রতযুক্ত সেই মুনি স্থাণুর ন্যায় [অচলভাবে] অবস্থিত হইলে মুনির অন্তরে কাম কিংবা ক্রোধকে প্রবেশ করিতে দেখা গেল না ॥ ১ ॥

হে শত্রুদমন, কাম ও ক্রোধশূন্য শান্তচিত্ত সেই মুনিকে উগ্রতপস্যা দ্বারা উৎকৃষ্ট সিদ্ধিলাভ করিতে দেখিয়া ইন্দ্রপ্রমুখ সমস্ত দেবগণ ব্যাকুলচিত্ত ও ভীত হইয়া তপোনিধি ব্রহ্মার নিকটে আগমনপূর্ব্বক [তাঁহাকে] বলিলেন,—॥ ২—৩ ॥

১। ঝ 'ক্রোধং'। ২। ঙ '-বিন্দত'। ৩। ঙ 'ভূত্বা'। ৪। ক চ-ঝ '-পসো'। ৫। ঙ ইদমর্দ্ধং নাস্তি। ৬। গ-ঘ-ছ-ঝ—'বিবিধৈ-'। ৭। জ '-র্বিপ্রা,' ক-গ-ঘ-ঙ-ছ-ঝ 'র্বিপ্রো'। ৮। ক-ঙ 'নিধিঃ'। ৯। ঙ 'লোভিতঃ ক্রোধিত-'।

ন চাস্য[১] বৃজিনং[২] কিঞ্চিদ্ দৃশ্যতে স্বল্পমপ্যথ ॥ ৪ ॥
ন[৩] দীয়তে যদি তস্মৈ মনসো যদভীপ্সিতম্[৪] ।
বিনাশয়তি[৫] লোকাংস্ত্রীং[৬]স্তেজসা সচরাচরান্[৭] ॥ ৫ ॥

ব্যাকুলাশ্চ দিশঃ সর্ব্বা ন চ সূর্য্যঃ প্রকাশতে ।
সাগরাঃ ক্ষুভিতাঃ সর্ব্বে বিদীর্য্যন্তে[৮] চ পর্ব্বতাঃ ।
কম্পতে[৯] পৃথিবী চৈব বায়ুর্ব্বাতি ভৃশাকুলঃ[১০] ॥ ৬ ॥

৫। লো-টী। বিনাশয়তি বিনাশয়িষ্যতি।

৬। লো-টী। বিদীর্য্যন্তে কর্ম্মকর্ত্তৃপ্রত্যয়ঃ।

৪। টিপ্পনী। তত্তদ্বিষয়ৈর্লোভিতঃ ক্রোধিতোঽপি নির্ব্বিঘ্নমেব ক্রোধলোভৌ বিজিত্য তপসাভিবর্দ্ধিত ইত্যন্বয়ঃ। 'তপসা চাভিবর্দ্ধতে' ইতি পাশ্চাত্ত্যাঃ। লোভিতঃ ক্রোধিতশ্চ মহামুনির্বিশ্বামিত্রস্তপসা স্বতপঃপ্রভাবেণৈব অভিবর্দ্ধতে এব, লোভাদয়স্তস্মিন্ন জাতা ইত্যর্থঃ। শিরোঃ। বৃজিনং পাপং 'বৃজিনং দুরিতং দুষ্কৃতমি'তি হলায়ুধঃ। বৃজিনমল্পমপি কামক্রোধরূপম্। তিঃ। বৃজিনমস্মৎকৃতবিঘ্নজনিতদুঃখম্। শিরোঃ।

৫। টিপ্পনী। বিনাশয়তি বিনাশয়িতা। শিরোঃ। সচরাচরান্ স্থাবরজঙ্গমাত্মকান্।

৬। টিপ্পনী। ভৃশাকুলঃ অত্যন্তাকুলতাবিশিষ্টঃ। শিরোঃ।

হে ব্রহ্মন্ বহু উপায়ে তপোধন বিশ্বামিত্রকে কুপিত ও প্রলোভিত করা হইয়াছে [কিন্তু লোভ ও ক্রোধ পরিত্যাগপূর্ব্বক] তিনি তপস্যাদ্বারা পরিবর্দ্ধিতই হইতেছেন এবং ইঁহার অল্পমাত্রও কোন পাপ দেখা যাইতেছে না ॥ ৪ ॥

[এক্ষণে সেই মুনির] যাহা মনের অভিলষিত তাহা যদি তাঁহাকে প্রদান না করা হয়, তাহা হইলে স্থাবরজঙ্গমাত্মক লোকত্রয় তিনি [স্বীয়] তেজে বিনষ্ট করিবেন ॥ ৫ ॥

সমস্ত দিক্ ব্যাকুলিত হইতেছে এবং সূর্য্য প্রকাশিত হইতেছেন না। সমস্ত সাগর ক্ষুভিত এবং পর্ব্বতসমূহ বিদীর্ণ হইতেছে। পৃথিবী কম্পিত হইতেছে এবং বায়ু অতি চঞ্চল হইয়া প্রবাহিত হইতেছে ॥ ৬ ॥

১। ছ 'অস্য', ঘ-ঙ 'ত্বস্য', চ 'অত্র'। ২। খ 'কশ্চিৎ', চ 'দেব', ছ-ঝ 'কৈশ্চিৎ'। ৩। চ 'যথা ন দীয়তে'। ৪। গ-জ-পুস্তকয়োরিমং শ্লোকমারভ্য সপ্তমশ্লোকপর্য্যন্তং নাস্তি। ৫। চ 'নাশয়িষ্য-'। ৬। চ '-ল্লেষ বৈ'। ৭। ঝ 'চরাঃ'। ৮। চ 'শ্চৈব ব্যদীর্য্যন্ত'। ৯। চ 'প্রকম্পতে চ পৃথিবী'। ১০। অতঃ পরং চ পুস্তকে 'ব্রাহ্মং বিনা ন ভজতে নাস্তিকো জায়তে নরঃ। ত্রৈলোক্যমপি সংমূঢ়ং প্রতিক্ষোভিতমানসম্ ॥' ইত্যধিকঃ।

বুদ্ধিং ন কুরুতে যাবদেষ[1] প্রতপতাং বরঃ।
দেবরাজ্যপরিপ্রাপ্তৌ[2] লভতাং তাবদীপ্সিতম্[3] ॥ ৭ ॥

ততঃ সর্ব্বে সুরগণাঃ[4] পিতামহপুরঃসরাঃ।
বিশ্বামিত্রমুপাগম্য বাক্যমূচুরিদং তদা ॥ ৮ ॥

ব্রহ্মর্ষে বিনিবর্ত্তস্ব তপসোঽগ্র্যাদতঃ[5] পরম্।
ব্রহ্মর্ষিত্বমনুপ্রাপ্তস্তপসা হ্যসি দুর্লভম্ ॥ ৯ ॥

প্রীতঃ স্বচ্ছন্দমরণং দদামি[6] তব চেপ্সিতম্।
